বাওলার তন্ত্র

পাঁচকড়ি বন্দ্যোপাথ্যায়

ৰম্পাদ্না : বিহালেন্দ্ৰ চন্দ্ৰহৰ্তী

বেকল পাবালপার্স প্রাইভেট লিখিটেড ১৪, বহিব চ্যাটার্ম ক্রীট, ক্লিকাডাশণ্ড পথ প্ৰথম প্ৰকাশ: আখিন ১৩৪৯

প্রকাশক: গ্লন্থ বন্ধ বেলল পাবলিশার্স প্রাঃ লিমিটেড ১৪, বঙ্কিম চ্যাটার্জী স্লীট কলিকাডা-৭০০ •৭৩

মূক্রক:
শ্রীশিশির কুমার সরকার
শ্রামা প্রেস
২০/বি, ভূবন সরকার লেন
ক্রিকাডা-৭০০ ০০৭

क्षकः व्यन्तन गारेषि

স্তীপত্র

পৃষ্ঠা	বিষয়				
3	ডন্নের স্ ষ্টিভন্ধ (প্রবাহিণী, আ ষা ঢ় ১৩২২)				
>6	ভ্ৰের দেহত্ত্ব (প্রবাহিণী, আবাঢ় ১৩২২)				
२७	काम ও मनन (প্রবাহিনী, জৈচি ১৩২২)				
80	পঞ্ম'কার (প্রবাহিণী, আব্ঢ় :৩২২)				
6.0	মানদ পুলা (প্রবাহিণী, চৈত্র ১৩২১)				
(>	ভৱে মৃতিপুলা (প্রবাহিণী, জৈষ্ঠ ১৩২২)				
18	িশিব ও শক্তি (প্রবাহিণী, ফাল্কন ১৩২•)				
64	শ্ৰীশ্ৰীহূৰ্গোৎদৰ (নারায়ণ, কাভিক ১৩২২)				
>>0	শিবরাত্রি (প্রবাহিণী, ফান্তন ১৩২১)				
775	ভদ্রের ঐতিহাসিক মৃঙ্গ্য (প্রবাহিণী, জ্যৈষ্ঠ ১৩২২)				
75F	वांडमार एक (अंतर्गति रेतमार १७३३)				

ভুমিকা

বাঙালী মাত্রেই শাক্ত অথবা বৈক্ষব। বৈক্ষব ধর্মের বীদ্ধ শাক্ত ধর্মে বা তদ্ধাচারে। শুধু তাই নর ভারতীয় ধর্ম সাধনার মূল কাণ্ড তদ্ধ নির্ভর। বাঙালীর জীবনধারার পরিক্রমার পথেই তদ্ধের উদ্ভব। তদ্ধ প্রধান অঞ্চল বলতে বোঝায় অঙ্ক, বন্ধ, কলিঙ্ক, প্রাগজ্যোতিষপুর। বৌদ্ধ তদ্ধের আবির্ভাব বন্দের চক্রদ্বীপে আজ যা বাধরগঞ্জ নামে পরিচিত। তদ্ধ সম্পর্কে বাঙালীর ধারণা শুধু অঞ্চদ্ধের নয়, তদ্ধ অসামাজিক এবং পঞ্চ ম-কার সাধনার মাধ্যমে ব্যভিচারের মাধ্যম। সত্য কথা এই তদ্ধ সম্পর্কে এসব ধারণা অক্তানতা-প্রস্থতার পথ ধরে গড়ে উঠেছে।

বর্তমান বাঙালীর ধারণায় তম্ব জটিল অনাচারণীয় ধর্ম। এনব ধারণা
যাদের মধ্যে প্রদার লাভ করেছে তাদের কাছে তম্ব একমাত্র ভৈরব ভৈরবীর
শুস্থাচারের ধর্ম। তারা ঝোঁজ রাথেন না তম্ব হাজার ত্য়ারের প্রসাদ।
ভৈরব ভৈরবী সাধনা তার নির্ধারিত একটি প্রকোষ্ঠ মাত্র। তম্বাচার বছবিধ,
নানা শাখায় প্রশাখায় বিভক্ত। এক পথে এক একজন সাধনা করে থাকেন।
যারা ভৈরব ভৈরবী রূপে সাধনা করেন তাদের বলা হয় বীরাচারী। এসব
আচরণ স্বার পালনীয় নয়। অপচ বাঙালীর প্রচলিত ধারণায় তম্ব সাধনা
মানেই এক রক্ম যৌন ব্যভিচারের স্থযোগ। তাদের মনে আন্দেন না যে
রামক্রকদেব একাস্তই তম্বাচারী।

শুধু রামক্রক, রামপ্রসাদ, তৈলকখামী, অরবিন্দ প্রভৃতির মত সাধকের প্রসদ উত্থাপন করে বাঙালীর দক্ষে তদ্ধের কি সম্পর্ক তা স্পষ্ট করে তোলা বার না। বাঙালী মাত্রেই যে ভন্তাচারী তার ছ একটা নমুনা প্রসদক্ষমে উল্লেখ করা যেতে পারে। 'জুতো থেকে চণ্ডী পাঠ' প্রবাদ বাক্যের মধ্যেই ধরা আছে বাঙালীর প্রবহমান ধর্ম-চেতনার পরিচয়। বেদ হিন্দুদের সর্বাপেক্ষা মান্য গ্রন্থ ভ্রমত বাঙালীর কাছে কাম্য চণ্ডী। তার দেবকুলের মধ্যে বেদের কোন দেবতার অভিত্ব নেই। অবশ্য অনেক পণ্ডিত শিবকে বেদের থাপে পুরে ফেলতে চেমেছেন যা বে-থাপের নমুনা হয়ে আছে। শিব অনার্য রূপ-কল্পনার মধ্যে মানিয়ে যান। তার পূজায় ব্রাহ্মণদের কোন ভূমিকা নেই। শিব অনার্য দেবতা। বাঙালীর দেব দেবী মাত্রেই অনার্য। তার আরাধ্য

দেবতা শিব, কালী, তুর্গা, চণ্ডী, সরস্বতী তান্ত্রিক দেব দেবী। কোন কোন দেব দেবী পুরাণের নায়ক নায়িকা। পুরাণকল্পনা পরিকল্পনার পিছনে আছে বৌদ্ধ ধর্মকে পরাভূত করার প্রচেষ্টা। পুরাণের রূপকল্পনায় প্রাণ প্রতিষ্ঠা কিছ করেছে তন্ত্র। বাঙালীর মাতৃমন্ত্রে দীক্ষাতান্ত্রিক সংস্কাবের ফলশ্রুতি লাত্র। সর্বপ্রকৃতির মধ্যেই মায়ের অন্তিত্ব অমুভব তন্ত্র সাধনার পরিণাম তার অলপ্রশান, উপনয়ন, বিবাহ প্রভৃতি আচার আচরণের ধাপে ধাপে তন্ত্রের নানাবিধ আচার আচরণের পরিচয় ধরা পড়ে আচে।

বাঙলার শৈবশক্তি তম্ব সব খেকে বেশি প্রাধান্য পেয়ে এসেছে। তারফলে অনেক বাঙালীর ধারণা একমাত্র শক্তির উপাসনাই তম্ব। বস্তুত এ ধারনা ঠিক নম্ব। বাঙলা দেশেই বৈষ্ণব তম্বও প্রচলিত আছে। বাঙলার বাইরে তম্বের স্থা, গণেশ, গায়ত্রী, কুঞ্জিকা, সারিকা, বটুকভৈরব, গণেশ পর্বহংস প্রভৃতি তাম্বিক দেবতার অর্চন। প্রচলিত আছে। তবে বাঙালীর মত মৃতি পূজার ব্যাপকতা নেই। বাঙলার বাইরে সাধারণত তম্বয়েই পূজা অহ্রেটিড হয়ে থাকে।

তবে তত্ত্বের সব থেকে প্রসার বাঙলায়। জন্মহত্তে বাঙালী তত্ত্ববাদের সহজ্য সংস্থারে আবন্ধ। তত্ত্বের জন্মভূমিও বাঙলা দেশ। তত্ত্বের জন্মও লীলা ভূমি সম্পর্কে বলা হয়েছে:

> "গোড়ে প্রকাশিতা বিদ্যা, মৈথিলৈঃ প্রবলীকতা। কৃচিৎ কৃচিন্মহারাক্টে গুর্জরে প্রলয়ং গতা ।

তন্ত্র বিদ্যা পৌড়ে জন্ম হয়েছে, তার প্লাবন ঘটেছে মিথিলার, মহারাষ্ট্রে প্রভাব কিছু থাকলেও এ বিদ্যা লয় পেয়েছে গুজরাটে। বচনটি প্রাচীন হলেও কোন সময়ে রচিত তা জানা যায় না! তবে এর ভেতরে ইতিহাসের এক অধ্যায়ের পরিচয় যে আছে তাতে সন্দেহ নেই। প্রসম্বত লক্ষণীয় যে তন্ত্রের পীঠভূমি ও দাধক বাঙলায় সব থেকে বেশি। আসাম থেকে কাশ্মীর পর্যন্ত হিমালয়ের পাদদেশ ধরে তন্ত্রাচারের একটা ধারার অভিত্ব কোন কোন পণ্ডিত লক্ষ্য করেছেন। শিবের প্রাধান্য দক্ষিণ ভারতে। তন্ত্রে শক্তিহীন শিব শব। তন্ত্ব ও পীঠ স্থানগুলির অবস্থানের মধ্যে রহস্তময় ইতিহাসের এক অধ্যায় প্রচন্ত্র অবস্থায় আছে।

ষ্মবশ্য কোন কোন পণ্ডিত মনে করেন তম্ম ভারতে প্রবেশ করেছে উন্তর পশ্চিম ছ্রার থেকে। মত ও পথ বহন করে এনেছে 'মন্ত্রী' পুরোহিতরা। 'ষদী'রা আদিম পারশীক সমাজের পুরোহিত। মহেনলোনডোতে পাওয়া শিলমোহরে পারশীক পোবাকে পুরোহিতের ছবি আঁকা আছে। অনেকের মতে শিলমোহরটি তম্ন শারক।

অবশ্র তম্ম বহিরাগত তা প্রমান-সিদ্ধ আঞ্বও হয়ে ওঠে নি। তত্ত্বের ব্দর্ম গৌড়ে তার প্রচুর প্রমান আছে যার উল্লেখের প্রয়োজন এখানে নেই। তত্ত্ব বাঙলা দেশ থেকে প্রবেশ করে আসামে। তারণর বৌদ্ধদের সঙ্গে দেশের সীমা অতিক্রম করে নেপাল তিব্বত হয়ে প্রসার লাভ করে চীনে। জীবনে ডোগের স্বাভাবিক প্রবণতাকে স্বীকার করে গড়ে উঠেছে তত্ত্ব। জীবনের ধর্ম স্বীকার করে ভোগকে মোক্ষ পথে চালিত করেছে বলেই তত্ত্ব এমনভাবে প্রসার লাভ করেছে।

প্রাদৈতিহাসিক আদিম জীবন ধারায় অগ্রসর ধ্যান ধারনার ভূমিতে তত্ত্বের জন্ম। তাত্ত্বিক আচার আচরণের মধ্যে অনেক আদিম বিশাসের পরিচয় ধনায়প রূপে বেঁচে আছে। নানারপ রুত্যা (যাত্ব) বন্ধকরণ, গুল্কন, উচাটন, মারণ, নরবলী প্রভৃতি ধ্যান ধারণা আদিম সংস্কারজাত যা অবলুপ্ত হয় নি। অবশ্য এসব আচার অন্তর্ভান মাত্র তত্ত্ব নয়। আদিম সমাজে ভারত ও তৎসন্নিহিত দেশগুলিতে একই রক্ম ধ্যান ধারণার বহু পরিচয় পাওয়া গেছে। কিন্তু সে সব আচার আচরণ সমাজ জীবনের পরিবর্তনের ধারায় লুপ্ত হয়েছে, তল্বরণে আত্মপ্রকাশের হুযোগ পায় নি। তন্ত্ব বাঙলা দেশেই তল্ব রূপে আত্মপ্রকাশ করে বৃহত্তর পরিচয় প্রতিষ্ঠা প্রেছে।

বৈদিক ধর্মের সঙ্গে তন্ত্রের কোন মিল নেই, বরং বলা যায় বিপরীত মুখী পথেই তন্ত্রের গতি প্রকৃতি। তন্ত্রের উপজীব্য পুরুষ ও নারীর সন্মিলিত পূজা যা শিব শক্তি নামে পরিচিত। চক্রে পুরুষ শিব নারী শক্তি—ভৈরব ভৈরবী। সবাই সামাজিক বন্ধনহীন। ব্রাহ্মণ চণ্ডালে কোন ভেদাভেদ নেই। অবশ্র অনেক পণ্ডিত মনে করেন তন্ত্রের বীজ বেদের মধ্যেই আছে। ধর্মার্থ লাভের জন্ম ইন্দ্রিয়ভোগের নানা নমুনা বেদের মধ্যে যে নেই তা নয়। শতপথ ব্রাহ্মণে, বৃহদারণ্যক উপনিষদ প্রভৃতি গ্রন্থে জ্বী-সন্ধকে আধ্যাত্মিক রূপ দেবার চেষ্টার পরিচয় আছে। ভত্রের ষট্ চক্রের সঙ্গে কিছু কিছু মিল অথববিদের সঙ্গে আছে।

এসব লক্ষণ দেখে তন্ত্র আর্থযুক্ত বলে ভাবা নিরর্থক। আর্থদের ভারতে প্রবেশ করার পূবেই তন্ত্র ভারতবর্ধে ব্যাপক প্রদার লাভ করেছিল ভার পরিচয় প্রচুর পাওয়া গেছে। ধর্মের দৃঢ় ভিডি ছিল বলেই আগত বেদাচার সর্বভারতে নিজ রূপে নিজেকে প্রতিষ্ঠিত করতে পারে নি। আদিম উৎপাদন রহুই অবলয়ন করে নানা রকম আচার আচরণের জন্ম দিয়েছিল। তম্ম তার স্বসংস্কৃত রূপ গড়ে তোলার জন্য প্রচলিত ধ্যান ধারণার সত্যগুলি আর্থিছ করে নিয়েছে। তাই তার রূপ হয়ে উঠেছে সমৃদ্রের মত। নানা দিকের নদীর ধার। এনে তার মধ্যে নিজের পরিচয় হারিয়ে ফেলেছে।

অবশ্য বৌদ্ধ তদ্ধ বর্তমান হিন্দু তন্ত্র অপেক্ষা প্রাচীন। বেদ বিরোধী তদ্ধ প্রথম প্রতিষ্ঠা লাভ করে বৌদ্ধ ধর্মের আঞ্রয়ে। বৃদ্ধের তিরোধানের পরেই বিতর্কের পণ ধরে ছ'ভাগে ভাগ হয়ে যায় ! মহাঘানীরা আঞ্রয় করে তন্ত্র। বক্সমান হল বৌদ্ধভদ্ধের শেষ পরিণাম। অন্তমান করা যায় বৌদ্ধ তন্ত্রের আবির্তাব সাধারণ মান্ত্র্যকে আকর্ষণ করার তাগিদ থেকে। তন্ত্র আল্রয়ে বৃদ্ধের শূণ্যের নিরাকার আকারে রূপায়িত হয়ে ওঠে। নিরাকারকে সাকারে রূপায়নের পথ ধরে বাঙালীর প্রতিভা ক্মৃতি লাভ করেছিল। বহুতর দেবদেবী পরিকল্পনার পথ ধরে বাঙালীর প্রতিভা ক্মৃতি লাভ করেছিল। বহুতর দেবদেবী পরিকল্পনার পথ ধরে বাঙালীর প্রত্তিভা ক্মৃতি লাভ করেছিল। বহুতর দেবদেবী পরিকল্পনার পথ ধরে বাঙালীর প্রতিভা ক্মৃতি লাভ করেছিল। বাঙালীর শিল্প আঞ্চিক নেপাল, তিব্বত এবং দ্বীপমন্ন এশিয়ার ভূথণ্ডে প্রসার লাভ করে। এমন গৌরবমন্ন প্র্যিকা আজিত হয়েছিল বজ্রযানের প্রতিষ্ঠার ফলে। বৌদ্ধ-ধর্মের ব্যাপক প্রসারের পিছনেও ছিল এই বজ্রযান। বিখ্যাত বৌদ্ধ ভান্তিক ও হিন্দু তান্ত্রিকের বেশির ভাগই বাঙালী।

বাঙালীর সর্বপ্রাচীন সর্বপ্রেষ্ঠ চিত্রকলার যে রূপ তা বৌদ্ধ তন্ত্রের দেবদেবীর রূপ। পাল যুগের চিত্রকলা নামে সে সব চিত্রকে অভিহিত করা হয়। লোক ধারায় যে স্থান্থল জীবন ধারা ও জীবন চর্চার নমুনা আমরা দেখি তার পিছনেও দাঁড়িয়ে আছে তন্ত্র। তাই বলা যায় বাঙালীব আত্মপ্রকাশ ভাব-মণ্ডল, প্রতিভার বিকাশ, শিল্প সংস্কৃতির পাদপীঠ তন্ত্র।

বাঙালীর বাঙালিত্ব নলে একট। পরিচয় আছে যার ফলে ভারতের বৃকে
তার এক বিশিষ্ট ভূমিকা। বাঙালার শাস্ত্রসমত ইতিহাস বাঙালীয়ানার
ইতিহাস অরচিতই থেকে গেছে। বাঙালার জাতিগত একটি ভাবরূপ আছে
যা তার জাতিগত অজ্ঞান সংস্থাবের পথ শরে নির্ধারিত রূপ লাভ করেছে।
এই অজ্ঞান সংস্থার ভাবতত্ত্বরূপে নিরবছিল ধারায় ক্রমে পরিণত রূপ পেরেছে তন্ত্র আশ্রার। ইতিগাসের বিভিন্ন পর্যায়ে নানা দিক থেকে বিবিধ অভিজ্ঞতা মন্তনের মাধ্যমে বিশিষ্ট একটি রূপ দিয়েছে যা ভারতীয় জীবন ধারা ভাব ধারার চূড়ান্ত পরিণাম—ভাই বাঙালায়ানা। বাঙালীর সাধনার পথ ধরে তথ্র বিশাল সমুদ্রের মত। নানা দিক থেকে
নদীর ধারা এসে তার মধ্যে আজ্মমর্পন করে নিজের পরিচয় হারিয়ে ফেলেছে!
প্রচলিত সব মত নিজের মধ্যে ধারণ করে এমন সার্বজনীন রূপ নিয়েছে বা
আন্য কোন ধর্ম পারে নি: সংসার ত্যাগ করে তবে পরমার্থ পাওয়ার সাধনা
তা তত্র বিশাস করে না। তত্র বাত্তববাদী। বস্তুতন্ত্রকে খীকার করে তার
সক্ষে সামঞ্জন্য রেখে সাধনবিধি তৈরী করেছে। গাইস্থা জীবন বাপনের
মাধ্যমেও যে মোক্ষ লাভ করা বায় তত্রই তার প্রমান।

মান্থবের প্রতি মান্থবের শ্রদ্ধা, সমাজের সঙ্গে মান্থবের সঙ্গার্ক, পুরুষের সঙ্গে নারীর সঞ্লব্ধ জীবন বাপন করার মত অনেক বিধান আছে যা ওঞ্ উল্লেখযোগ্য নম্মান্থয় নামক প্রজাতির সঙ্গাদ।

বাঙালীর সঙ্গে তন্তের কি সম্পর্ক তা গ্রন্থযুক্ত রচনাগুলির মধ্য থেকেট পাঠক অস্থ্যান করতে পারবেন। নতুন করে বেশি কিছু বলার দ্বরুবার নেই। তবে ধেধান ধারণা, আচার আচরণ বাঙালীর মজ্জার তার সম্পর্কে বাঙালীর এমন অপ্রদ্ধা অজ্ঞতা বিস্ময়কর। তন্ত্র সম্পর্কে অপ্রদ্ধের ধারণা গড়ে ওঠার কারণ অস্থসন্ধানে আগ্রহ জাগে। তন্ত্র আচরণ-মূলক এবং গুরুম্বী। আচার ভিত্তিক ধর্ম বলে সাধক ভেদে আচার ও পূজা পদ্ধতির পরিবর্তন ঘটে। পদ্ধতির নানা রূপ রূপান্তরও আছে। আচরণগত প্রভেদের কোন কোন স্থাার আছে যা একটি অন্যাটর প্রতিক্র। কাপালিক, ক্ষণণক, বৈষ্ণ্যব্দ্র, বির, দিব্য এরকম একাধিক সম্প্রদার্যতে ভেদও আছে। তন্ত্রণান্ত গুরুগমার বলে এত রকম রূপান্তরের দরজা খুলেছে। কারণ আধার ভেদে আচরণ বিধি নির্ধারিত হয়। তাই ভন্তাচারে দীক্ষা ও অভিযেক অপরিস্থাই বিধান।

দীকার লাভ করে ইইমন্ত্র। মন্ত্র ডের দৈবশক্তিরই প্রতীক। মাস, বার, তিথি, নক্ষত্র বিচার করে তবে গুরু দীকা দান করেন। তন্ত্র দীকার জাতি বর্ণের কোন বাছবিচার নেই। বাঙালীর বেশির ভাগ পরিবারের কুলগুকু আছেন। বিংশ শতকের শেষ পাদেও প্রায় প্রতি পরিবারে এ আচরণ বিধি অবশ্য পালনীয় ছিল। অনেক ক্ষেত্রে গুরু বংশজাত বলে অনেক আনেক অবোগ্য গুরু সমাজে দীকাদান মাধ্যমে অনেক আজি ক্ষষ্টি করেছে। বিদ্যাহীন, নিয়ম নিঠাহীন গুরু তন্ত্র সাধনার অধোগতি ও অপ্যশের কারণ হয়ে আছে।

ইংরেজরা এদেশে আদার ফলে সমাজ জীবন জ্রুত পরিবর্তনের পুর

ধরেছিল। ব্রহ্মসমাজ আন্দোলন বাঙালীর স্বভাবজাত স্বাচরণগত ধর্ম বিরোধী আন্দোলন। পাজীদের আক্রমণ থেকে আত্মরকার তাগিদ থেকেই বেদও উপনিবদীয় ধ্যান ধারণার কাছে বৃদ্ধিজীবীদের বড় অংশ আত্মদর্পণ করেন। ফলে তাঁর: ওব্র বিরোধী হয়ে ওঠেন। অবশ্য রামমোহন রায় নিজে ববনীশক্তি সহযোগে ওব্র সাধনা করতেন। বেদ উপনিবদের সঙ্গে মিলিয়ে ভব্রগ্রন্থও রচনা করিয়েছিলেন।

ইংরেজী শিক্ষা বাঙালীর চেতনায় নতুন রকমের এক ক্রণ ঘটিয়েছিল।
পাক্ষাভার জ্ঞান বিজ্ঞান দিয়ে বাঙালীর আচার আচরণগুলির মৃদ্য বোঝা
সম্ভব হয় নি, অনেক আচার আচরণ কুসংস্কার বলে বভিত হয়েছিল। আচার
আচরণগুলির কর্ম ও দার্শনিক তত্ত্ব যথায়থ রূপে ব্যাখ্যা হয় নি বলে নানা সংশয়
ক্ষে করেছিল। সাধারণ জ্ঞানে তন্ত্রের কিছু আচার আচরণ আছে যা স্বসম্বত
নীতিমার্গের পরিপন্থী।

ইংরেজদের কাছ থেকে আমরা নতুন রকমের এক কচি শৃচি বোধ অর্জন করেছি যা বাঙালীর সহজ ধারার পরিপন্থী। বিভাসাগর ভার নাতনীকে 'মাগী' বলে সম্বোধন করতেন যা আমরা প্রকাশ্যে আজ উচ্চারণ করার কথা ভাবি না। ছুর্ভাগ্যজনক ব্যক্তি বার্থ সচেতনতা, সতীত্ব বোধ, শালীনতা বোধ বিবিধ রকম পরিবর্তন বাঙালীর চেতনায় সেই সময় অংশ্রয় করেছিল। বর্তমান বাঙালীর পরিশীলিত (?) কচি ইংরেজদের কাছ থেকে অভিত।

কৃষি নির্ভর সমাজে জীবনের স্বাভাবিক সভাগুলি সহজ ভাবেই থাকে!
ইন্দ্রির বৃত্তি অহরাপ, লোড, হিংসা সহজ বলে স্বীকার করে নেওয়া হয়।
আচার আচরণের নানা অহুষ্ঠানের মাধ্যমে আচরণগুলিকে শুধু পরিনীলিত
করে ভোলা হয়। তন্ত্র মাহুযের কাম ও হিংসা প্রভৃতি বৃত্তিগুলিকে নিন্দা
করেনি, স্বীকার করে নিয়ে ভাকে আত্মপোলন্ধির পথে চালিত করেছে।
মাটি থেকে বিচাত জীবন স্বাভাবিক প্রবণভাগুলিকে অপ্রদ্ধের করে ভোলে।
পরিশাম সহজ স্বাভাবিকতা হারিয়ে আচরণগুলি নেপ্ন্যচারী হয়ে ওঠে।
পোপনে ও প্রকাশ্যে নানারপ ব্যভিচার আত্মপ্রকাশ করে। মারা পরিনীলিত
কচি নিয়ে ভন্নাচারের আচরণগুলিকে নিন্দা করেন ভাদের পণ্য প্রচারের
মাধ্যম নারী দেহ। তন্ত্রে নারী মহাশক্তির আধার, ভোগের উপাদান নয়।
বাঙালী ইংরেজী শিক্ষার ক্রশ্রুতিতে যে নতুন মূল্যবোধ অর্জন করেছে ভাতে
নারীর মহিমা নারী, থে নম্ব ভোগ্য উপাদানের।

ইংরেজ শক্তি বাঙলার গ্রাম জীবনকে বিপর্যন্ত করে ফেলেছিল। শোষণে জীর্ণ বিকলাক মাহুবের আচার আচরণ বিকৃত্যুখী হয়ে ওঠার কথা। তত্ত্বের যে পরিচয় বেঁচে আছে তা একাস্কই তার বিকৃত এবং ক্ষয়িষ্ট্ রূপ। যে আচার আচরণ স্কৃত্ব চরিত্রে বেঁচে আছে তার অর্থ আর আমাদের কাছে পরিকার নয় বলে নিরর্থক মনে হয়।

বাঙালীর স্বভাবচ্যতি পাঁচকভি বন্দ্যোপাধ্যায় লক্ষ্য করেছিলেন। তাঁর মানবিকতা ছিল খাঁটি বাঙালীর। ইংরেজী শিক্ষার আতস কাঁচ চোখে লাগিয়ে বাঙালীর ধর্ম কর্ম সমাজ সংস্কৃতি বুঝবার চেটা করেননি। ইংরেজীয়ানার উন্মাদনার পথ ধরে ঐতিহ্বচ্যতি বাঙালীকে বিপর্যয়ের পথে টেনে নিয়ে চলছে তা ছিল তাঁর কাছে বেদনার। "দেশের শিক্ষিত সমাজের অনেকে পরের মুখে ঝাল খাইতেছে। আমাদের তন্ত্রোক্ত ধর্ম ও বৈক্ষবের মধ্র রসের সাধনাকে লাম্পট্যের আকর বলিয়া ইলিত করিতেছেন। কাজেই মাঝে মাঝে প্রাণের জালায় এক একটা কথা বলিতে হয়—"

পাশ্চান্ড্যের ধ্যান ধারণায় লালিত বাঙালী তখন নানা ভাবে বাঙালীর আচার আচরণের প্রতি কটুক্তি বর্ষণ করতেন। ইতিহাসের কোন কোন পর্যায় এরকম ছাতির স্বভাবচ্যুতি ঘটে। তখন স্বদেশ প্রেমিক মাত্রেই বুকে অসহায় জালা অমুভব করে থাকেন।

পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় তন্ত্ৰ নিয়ে কোন পূৰ্ণান্ধ গ্ৰন্থ রচনা করার কথা ভাবেন নি। 'মনের জালায়' তন্ত্ৰ কি তা বোঝাবার চেষ্টা করেছেন যা এধানে সংকলিত করা হয়েছে। নানা আলোচনায় তিনি তন্ত্ৰ প্রসালের অবতারণা করছেন। তাৎক্ষণিক উদ্দেশ্তে প্রবন্ধগুলি লিখিত বলে একই কথা একাধিকবার বলেছেন। একই সময় একাধিক কাগছে প্রবন্ধ লেখার ফলে এরকম ঘটেছে। এগুলো লেখকের দোষ নয়—তার লেখাগুলি একসঙ্গে করে সংকলন গ্রন্থ প্রকাশিত হবে তা বোধহয় ভাবেন নি।

ভাই এরকম লেখকের লেখা সংকলন তৈরীতে সম্পাদকের সহিষ্ণু হয়ে পুনক্ষজিকে স্বীকার করেই রচনা বাছাই করতে হয়। প্রসক্ষমে উল্লেখিত বিষয়গুলিও বাদ দেওয়ার কথা ভাবা বায় না। অবশ্য প্রসক্ষমে তন্ত্র প্রসক্ষ যে স্ব প্রবদ্ধে ঘটেছে ভা একই কথার পুনরাবৃদ্ধি বলে কোন কোন রচনা বর্জন করা হয়েছে।

বর্তমান গতিময় সমাজ থেকে তন্ত্র একেবারে লুপ্ত হরেছে তা বলা যান্ত না। বাঙালীর জীবন চর্চায় সে এমনভাবে আত্মগোপান করে আছে বে আমিরা তাকে চিনতেই পারি না। জলের মধ্যে মাছ যেমন জলের কথাই ভূলে থাকে. তেমনি বাঙালী ভূলে থাকে তন্ত্র সম্পর্কে। সচেতন ভাবে যে তন্ত্র চর্চা তার অনেকটাই অজ্ঞতা প্রস্থতার পণ ধরে যাতায়াত করে। শিল্প চর্চায় যে তন্ত্র শিল্পের প্রসার তার জন্ম অভিনবত্ব লাভের পথ ধরে। তন্ত্র অনেকে ব্যবহার করেন অভিচারমূলক অফুষ্ঠানের মাধ্যমে কিছু প্রাপ্তির আশান্ত। তার ফলে একদল চত্ত্র ব্যবসায়ীর আবির্ভাব ঘটেছে যারা তন্ত্র মাধ্যমে রহস্তময় জীবনমান্ত্রা নির্বাগ্ করে নিজের স্ববিধা করে নেয়।

তন্ত্রের বর্তমান পরিণতির সম্ভাবনা তার মধ্যেই ছিল। আদিম ক্যনশীল মাছবিছার বহু আচার আচরণ তন্ত্র আশ্রয়ে ব্রেচে থাকার স্থােগ পেয়েছে। ভারতীয় আধ্যাত্মিক ভগতের প্রাথমিক ভরে সব কাণ্ডেই আদিম বিশ্বাসকে বিশেষরূপে প্রশ্রম দিয়েছে। মন্ত্রের শক্তির প্রতি অতিরিক্ত আশ্বা এর পিছনে কাক্ত করেছে। তন্তে মন্ত্রাবশেষ গুরুত্পুর্ণ দিক

মন্ত্রের আবির্ভাব মাহুষের সমাজে কোন সময় থেকে তা বলা যার না। দৈনন্দিন জীবন স্থরক্ষিত করার তাগিদ থেকে অলৌকিক শক্তি বিকাশের মাধ্যমরূপে মন্ত্রের আবির্ভাব। পরবর্তী গুরে চিস্তার অগ্রগতির পথে আদি বিশ্বাস মন্ত্র, মূদা ও যন্ত্ররূপে আশ্রয় পেয়েছে। বেদেও ইহলোক পরনোক উভয় লোকের অভীত সাধনে মন্ত্র মাধ্যম রূপে ব্যবহৃত হয়েছে। মীমাংসকেরা মন্ত্র অশ্বীকার করতে পারেন নি, মন্ত্রের শক্তির একটি যুক্তিগ্রাহ্ণ ন্যাখ্যা দেবার চেটা করেছেন। তন্ত্রের পর শাখাতেই মন্তের গুরুক্ত শীকৃতি পেয়েছে

ফলশ্রুতিতে বছরকম জান্তি আরু ওপ্তের নামে চালাবার স্থাপে হয়েছে এবং এক শ্রেণীর মান্ত্য তা অহুসরণ করে। তার ফলে তন্ত্র সম্পর্কে অশ্রেজ্যে ধারণা লুগু আ হয়ে ক্রমেই বিহ্নত প্রতিমা হয়ে বাঙালীর বুকের উপর চেপে বদার স্থাগে পাচ্ছে।

তদ্রের বহু প্রায় অবলুগু হয়েছে ঐতিহানিক বিপর্যারে পথে। ওশ্রের লিখিত রূপ আত্মপ্রকাশ করে বৈদিক যুগের পর থেকে। তারপরে অসংখা তন্ত্র গ্রন্থ লিখিত হয়েছে এবং পরবর্তী যুগে মূল প্রস্তের পরিবর্তনও ঘটানে। হয়েছে। ভারতের প্রায় সব অংশ পেকেই স্থান।য় বা শ্থানান্তরের অক্ষরে লিখিত তন্ত্র প্রশ্বের সন্ধান পাওয়া গেছে। সব তন্ত্র প্রশ্ব সাধারণতঃ সর্বভারতীয় প্রসার লাভ করেনি। বাঙলার ডন্ত্রগ্রন্থ ভাই বাঙলার বাইরে খুব একটা পরিচিত নয়। অবশু কিছু বাঙলার তন্ত্রগ্রন্থ বাঙলার বাইরে খানীয় অক্ষরে লিখিত হয়েছিল যা আবিক্বত হয়েছে।

বাঙলা দেশে যে তান্ধিক গ্রন্থ প্রচলিত ছিল তা সংস্কৃত ভাষার রচিত।
গ্রন্থপ্রতিল লিখিত রূপ এমন ছর্বোধ্য বে অনধিকারীর পক্ষে তার রহস্ত অমুভব
করা আরাসদাধ্য কাজ। আগমবাগীশ লিখিত 'তন্মদার' গ্রন্থটি মূল্যবান
সংকলনরূপে পণ্ডিত সমাজে গৃহীত হয়েছে। কিছু তন্ধ তার মাধ্যমেও
আজকের মান্থবের কাছে সহজ্পম্য বা সহজবোধ্য হয়ে ওঠে না। সহজ সর্জ্ল
বাঙলা ভাষার মাধ্যমেই লিখিত গ্রন্থ মূল্যের রহস্ত কিছু অধিগম্য করে
ভূলতে পারে।

পাঁচকজি বন্দ্যোপাধ্যায় তাই করবার চেষ্টা করেছিলেন। তাঁর ভাষা সহজ নরল, বোঝাবার ভলী হৃদয়গ্রাস্থ। তার ফলে লিখিত প্রবন্ধগুলির মধ্য থেকে তন্ত্র এবং তত্ত্বের সভারূপ, বাঙালীর স্থীবন চর্চায় তত্ত্বের ভূমিকা সহস্কু হয়ে ওঠে।

বিমলেন্দু চক্ৰবৰ্তী

জীবনী

জন্ম: ১৮৬৩ খৃ:, মৃত্যু: ১৯২৩ খৃ:। বি, এ, পাশ করার পর কাশীতে সংস্কৃত সাহিত্য ও সাংখ্য পরীকার উত্তীর্ণ হন। প্রথম জীবনে সরকারী চাকুরী ও অধ্যাপনা করলেও, পরবর্তী জীবনে সাহিত্য চর্চাই তার কাছে প্রধান হয়ে ওঠে। বহুমতী, বহুবাণী, হিতবাদী, রক্ষালয়, সাহিত্য প্রভৃতি পত্রিকার একের পর এক প্রবদ্ধ প্রকাশ করেন। নায়ক নামে একটি পত্রিকা প্রকাশ করেছিলেন। রূপলহরী, উমা উপত্যাস রচনার সঙ্গে অমুবাদ করেছিলেন আইন-ই-আক্ররী।

ছুরহ বিষয়বস্তকে সহজ সরস ভাষায় প্রকাশ করার অসাধারণ দক্ষতা তাঁর ছিল। বাঙলার সামাজিক ইতিহাস ও তয় গবেষণা প্রবন্ধগুলি গবেষক মহলে সমানৃত। বাঙলার সামাজিক ইতিহাস, ধর্ম, আলোচনায় প্রবন্ধগুলি অপরিহার্যরূপে ব্যবহৃত হয়ে থাকে। প্রবন্ধের কোন কোন অংশ প্রবাদ বাক্যের মত গবেষকরা ব্যবহার করে থাকেন। তয়ের রহস্ত এবং তয় এমন সহজ ভাষায় আর কোন লেখক লিখতে পারেন নি।

क्रमाश्रमि 'প্रবাহিনী' ও 'नात्रायन' পত্তিকা থেকে সংগৃহীত।

তন্তের স্পষ্টিতত্ত্ব

۷

দেহতত্ত্ব না ব্ঝিতে পারিলে তল্পের স্প্রতিত্ত্ব ব্ঝা যায় না। কারণ তল্পের সিদ্ধান্ত এই যে, জীবদেহ—বিশেষতঃ মানবদেহ যে পদ্ধতি অমুসারে স্প্রত্ত্ব হয়, বিশ্বহ্রদাণ্ডও সেই একই পদ্ধতি অমুসারে উৎপন্ন হইয়া থাকে। বিশ্বস্থি এবং জীবস্থান্তির মধ্যে পদ্ধতির কোনরূপ বৈষম্য নাই। যে ক্রিয়া জীবস্থান্তির ব্যাপারে স্ক্রেভাবে হইয়া থাকে, সেই ক্রিয়া বিশ্বস্থাতে বিরাট ও বিশাল ভাবে ঘটে। উন্মেযের ক্রম ও পদ্ধতি উভ্যু পক্ষেই এক; এমন কি, এই বিশ্বদংসারে যাহা কিছু স্থান্তি ইউতেছে, সকলেরই স্থান্তির ক্রম ও পদ্ধতি একই রক্ষের। কেবল স্থান্তির কেন, নাশেরও—সংহারকার্য্যের ক্রম ও পদ্ধতি একই রক্ষের। তন্ত্রসিদ্ধান্তের এই সর্ব্বাণিষ্টুকু, এই সর্বজনীন ও সার্বভৌম ভাবটুকু হাদয়ঙ্গম করিতে না পারিলে, তন্ত্রের মহিমা উপলব্ধি করা কঠিন হইয়া পড়ে! তাই গোড়ায় ভন্তের দেহতত্ত্বের এগাটাকয়েক সিদ্ধান্ত ব্যাগ্যা করিয়াছি। এইবার স্থান্তিত্ত্বের কথা বলিব।

তদ্বের স্ষ্টেতত্বের বিষয়ে মনীষী মান্তবের বিচারপতি মিং জে, জি, উজ্রফ মহাশয় গত ৮ই জায়য়ারি তারিপে ডালচৌদি ইনষ্টিটিউট্গৃহে একটি সন্দর্ভ পাঠ করেন। হুর জন উজ্রফ ইংরেজী ভাষাতে তদ্বের স্ষ্টেতত্বের দার্শনিক অংশটুকু ব্যাগ্যা করিয়াছিলেন। তিনি দেহতত্বের দিল্লাস্তের সহিত স্ষ্টেতত্বের দিল্লাস্তের তুলনায় সমালোচনা করেন নাই। তথাপি বলিব, দার্শনিক অংশটুকু তিনি যে ভাবে সংগ্রহ করিয়া দিয়াছেন, ঠিক সেই ভাবে তম্পদিলাস্ত আছ পর্যস্ত কেহ ব্যাগ্যা করেন নাই। শুনিলাম, তাঁহার এই সন্দর্ভ বাঙ্গালায় ভাষাস্তরিত করা হইতেছে। আমরা তাহার অপেক্ষায় না থাকিয়া তাঁহার বক্তব্যের মর্মাম্বাদ করিয়া পাঠকগণকে উপটোকন দিব; সঙ্গে সঙ্গে আমাদের বক্তব্য ও বলিয়া রাখিব। তবে আগাগোড়া সকল কথা একটা সন্দর্ভে বলা চলিবে না, ধীরে-ধীরে সকল দিলাস্থই ব্যক্ত করিব।

এই বিশ্বস্টির মধ্যে অনবরত ও অবিশ্রাস্ত জন্ম মৃত্যু ঘটিতেছে, একটা

পরিবর্তনের প্রবাহ চলিভেছে। এই পরিবর্তনের প্রবাহের মধ্যে একটা অপরিবর্তনীয় বিষয়ের অমুভূতি হয়ই। নদীর জল স্রোতোমুখে অনবরত চলিয়া যাইতেছে; যে জল এই সন্মুখে আবর্তবেগে উথলিয়া উঠিয়াছিল, সে জল আর নাই, ভাসিয়া গিয়াছে; তথাপি মনে দৃঢ়ধারণা হইতেছে যে, এক नमीत जनहे तमिराजिक धार स्थान कितिएकि। शक्ना वित्रकानहे साहिन, চিরকালই গঙ্গাগর্ভ বহিয়া জল চলিয়া যাইতেছে; যে জল কাল গিয়াছে, দে জন আজ ঘাইতেছে না. তথাপি যুগে যুগে সবাই বলিয়া আসিতেছে যে— গঙ্গার জল পবিত্র, গঙ্গা পতিতপাবনী, স্বপাপসংহল্লী। আমি আছি,---শৈশবে যেমন আমি ছিলাম, যৌবনে দেই আমি বিরাজ করিয়াছি, প্রৌঢ় কালে সেই আমার আমিত্বের অফুভব হইয়াছে, এখন বার্ধক্যে সেই আমি-সেই সোপাধিক আমির সমাক্ অমুভূতি হইতেছে। অথচ ক্ষণে ক্ষণে, পলে পলে, বর্ষে বর্ষে আমার দেহের স্বাঙ্গীণ পরিবর্তন ঘটিতেছে; আকারে, প্রকারে, বর্ণে, রূপে, বৃদ্ধিতে, বিছাতে আমার পরিবর্তন ঘটয়াছে ;—তথাপি কিন্তু আমার আমিত্বের বোধটুকু আজন্ম মরণ পর্যন্ত অব্যাহতভাবে রহিয়াছে এবং থাকিবেও। এই যে নিত্য-পরিবর্তনের মধ্যে অপরিবর্তনের ভাব, এই যে এক পক্ষে অনবরত পরিবর্তন, অন্য দিকে নিতা সত্যবস্তর ছোতনা, ইহাই ক্ষিতত্ত্বের মূল কথা! কৃটছ চৈতত্ত্বের চারি দিকে মহামায়া প্রকৃতি দতীর নীলা হইতেছে। সেই কৃটস্থ চৈততা প্রমপুরুষ সচিদানন্দপ্ররূপ; তিনি অথও শ্বরূপে নিতা বিদ্যমান; তাঁহাতে পরিবর্তন নাই, ক্রিয়া নাই, বিকার নাই, বিভব নাই। তিনি অনাদি কাল চইতে আছেন এবং অনাদি কাল পর্যন্ত থাকিবেন; তাঁহাতে স্ষ্ট স্থিতি বিনাশ নাই। তিনি কেবল বিরাঞ করিতেছেন, তাঁহারই চারি দিক্ বেষ্টন করিয়া প্রকৃতিদেবী লীলা করিতেছেন। এই বিশ্বকৃষ্টি দেই মহামায়ার খেলা, ঠাহারই বিভূতি। এই কৃষ্টিলীলার মধ্যে সর্বব্যাপীরূপে নিত্য, সর্বগত, স্থাণু, অচল ও সনাতন পুরুষ বিরাজ করিতেছেন বলিয়াই, পরিবর্তনের আবর্তে একটা স্থিতির ভাব দদাই ফুটিয়া আছে। পুরুষ ও প্রাকৃতি লইয়াই স্বাষ্ট্টা পুরুষ হইতে অব্যাহত স্থিতির বোধ ফুটিয়া উঠে, প্রকৃতি কেবল নাম রূপের ছোতনার সাহায্যে পরিবর্তনের আবভ ঘটাইতেছেন। প্রকৃতির আবার ছইটা বিভাগ আছে; এক-মূলা প্রকৃতি ছিতীয়-- সৃষ্টি প্রকৃতি। মূলা প্রকৃতিই বেদান্তের মায়া এবং ভল্লে মূলভূত। অব্যক্তা। এই মূলা প্রকৃতিই স্ষ্টিকামনার, একে বছম্বের ছোতক। এই মূলা

প্রকৃতিই আতাশক্তি দনাতনী। এই মূলা প্রকৃতি হইতেই স্প্রপ্রকৃতি ফুটিয়া উঠিয়াচে। ভাই চণ্ডী বলিভেচেন,—

> 'বিক্সষ্টৌ ক্ষষ্টিরপা বং স্থিতিরপা চ পালনে। তথা সংহ্রতিরপান্তে ভগুড়োহক্স ভগুরুয়ে॥'

এই বিস্প্তির মধ্যে, অর্থাৎ এই বিশ্ববিকাশের মধ্যে তৃমিই স্প্রিস্থরপা এবং ইহার পালন ব্যাপারে তৃমিই ভিত্তিরপা, পরে এই বিশ্ববিকাশের সঙ্কোচ ও সংহরণকার্যে তৃমিই সংহাররপিনা; অতএব এই জগতের তৃমিই জগন্ময়ী দেবী! বিস্তৃষ্টি কাহাকে বলে, তাহা পূবে ব্যাইয়াছি। মনীয়ী প্রীয়ৃত রামেক্সম্পন্নর জিনেদী মহাশয়ের দেবীস্থক্তের পাখ্যার কতকাংশ উদ্ধার করিয়া বিস্তৃষ্টির ব্যাপ্যা করিয়াছি। স্কতরাং তাহার আর পুনজল্লেথ করিব না। সচ্চিদানন্দ প্রুম্বে এক আমি বছ হইবার কামনা যথন ফুটিয়া উঠে, তথনই ব্রিতে হইবে — মূলা প্রকৃতির কার্য স্থাচিত হইয়াছে। এই মূলা প্রকৃতি পুরুষে নিত্য বিভামান। যথন তিনি সম্পূচ্চ অসম্ভায় থাকেন, তথন প্রলারকাল; যথন তিনি জাগিয়া উঠেন, তথন স্বৃষ্টির পির্কাশ হয়। স্বৃষ্টির নাম ও রূপ এই মূলা প্রকৃতি হইভেই সমূভ্ত; কিন্তু স্বৃষ্টি প্রকৃতিবেই উহার স্মৃত্ত বিকাশ হয়। থাকে।

দেহত্তবের দিক্ দিয়া তব্র বলিতেছেন যে, প্রকৃতি পুরুষ সকল জীবদেহেই বিরাজ করিতেছে। পুরুষের দেহে পুংস্থের প্রাবল্য, স্থীত্ব সন্দ্র্, নারীর দেহে গ্রীত্বের প্রভাব অধিক, পুংস্থ সন্মৃত। পুরুষের মনে এক আমি বহু হুইব, এই কামনার উদ্রেক না হুইলে, জ্রীর মনে সেই বছন্তের কামনার প্রতি অফুরাগের ভাব না জাগিলে, উভয়ের সন্মেলনে নৃতন কৃষ্টি সম্ভবপর হয় না। যে পদ্ধতিক্রমে নর-নারীর সংযোগে নৃতন জীবনের কৃষ্টি হয়, সেই পদ্ধতিক্রমে পুরুষ-প্রকৃতির সংযোগে বিশ্বসংসারের উদ্ভব হুইয়াছে। পুরুষের প্রভাবে নৃতন জীনে আমিত্বের গোধ ফুটিয়া উঠে, দেহের মধ্যে যাহা কভকটা হিতিবাচক, তাহারই কৃষ্টি হয়, আর নারীর প্রভাবে দেহের নাম ও রূপ, যাহা কিছু পরিবর্তননীল, তাহারই কৃষ্টি হয়। তাই তদ্ধ অনুমান করেন যে, মেদ, মজ্জা, আছি, নথ প্রভৃতি পিতৃবীর্য্যে কৃষ্ট হয়; মাতৃরজে শোণিত, মাংস, চর্ম, কেশ প্রভৃতি উদ্ভুক্ত হুইয়া থাকে। তেমনি বিশ্বসংসারে পুরুষ-প্রকৃতির প্রেরণায় কৃষ্টির বিকাশ হয়। ক্ষির পূর্বে পুরুষ ও মূলা প্রকৃতির মধ্যে একটা স্পন্দনের ভাব অন্থভূত হয়। এই স্পন্দনের জন্মই পুরুষ-প্রকৃতির মধ্যে বিয়োগ ও মিলন ঘটে। এই মিলনের ফলে বিন্দুর কৃষ্টি বা প্রুষ, আর সেই

বিন্দুর মধ্যে স্ষ্টেপ্রকৃতির লীলা হইতে থাকে, দেই লীলার ফলেই বিশ্বস্থির বিকাশ। এই বিন্দৃতে বিলাস করিয়া মহামায়া সৃষ্টি ঘটাইয়া থাকেন বলিয়া তাঁহার নাম বিন্দুবিলাসিনী। এই স্পন্দন-তত্ত্বের সাহায্যে বৈষ্ণবদিগের রাস, দোল, ঝুলন প্রভৃতির ব্যাখ্যা করা যায়, এবং উচা চটতেই শাক্তিদিগের উমার নাচের (অর্থবাদের) গৃঢ় অর্থ বুঝা যায়। মহাকাশে যাহা স্পান্দন, নর-নারীর মধ্যে তাহা কাম ও মদনের লীলা। দেহের মধ্যে 'আমি আছি' এই व्यविकाती कानमञ्ज महास्ति वा निवित्तक (यन हरक हरक विवाक कतिराज्यक ; দেই শিব আছেন বলিয়া দেহ-প্রকৃতির নানা লীলা ক্ষণে ক্ষণে ফুটিয়া উঠিতেতে —নিতা পারবতনের মধ্যে একটা অপরিবর্তনের ভাব নির্বাতনিক্ষপ প্রদীপত্যতির মতন বিরাজ করিতেছে! তেমনই বিশ্বস্টের মধ্যে নিত্য, সর্বগত, স্থাণ্, অচল ও সনাতন শিব চক্রে চক্রে বিরাজ করিতেডেন; তিনি আছেন বলিয়া পরিবর্তনের ভীম ভৈরব আবর্তনের মধ্যে একটা সনাতন ভাবেব জ্ঞান বা বোধ যেন স্ব্যাপী হইয়া আছে। কাম ও মদনজ্ল যেমন নৃত্ন জীবের নাম ও রূপের বিকাশ হয়, তেমনই পুরুষ-প্রকৃতির মধ্যে কাম ও মদনের স্পন্দন জন্ম বিশ্ববাপী নাম এবং রূপের বিকাশ হটয়াছে! ইহাই হটল বিশ্বকৃষ্টি এবং জীবকৃষ্টির মধ্যে পদ্ধতির সমতাবিষয়ক গোটাকয়েক মোটা কথা! তম্ববিশেষে বিশ্বস্থার জন্য শিবশক্তির এবং জীবস্থার জন্ম নর-নারীর মিলনের একতা পদে পদে খুলিয়া ব্যাখ্যা করিয়া দেওয়া আছে। বাছ প্রকৃতি এবং অন্ত:প্রকৃতির মধ্যে শিবশক্তির সামঞ্জ কেমন করিয়া ঘটে, ভাহা তম্ব ব্যতীত অন্ত কোন শান্তে পাওয়া ঘাইবে না। উপনিষদ ও পুরাণে ইলিতে কণাটি নলা আছে। বলিয়া রাখা ভাল যে, তম্ত্র এই স্প্রতিত্ব যতটা ফুটাইয়া— খোলদা করিয়া বলিষাছেন, এতটা আর কোন শাস্ত্রে খুলিয়ানা বলিলেও স্ষ্টিতত্ত্বের সিদ্ধান্ত সম্বন্ধে দকল শাস্ত্রই একমত। শ্রুতির 'এক আমি বছ হইব' এই মহাকাব্যের উপর নির্ভর কবিয়া দকল শাস্ত্রই স্ষ্টিতত্ত্বের ব্যাখ্যা কেবল অধৈতবাদে পরের পর্যায়গুলিকে মায়াজন্য বলিয়া 'মিথ্যাভূত' এই ভাবে আথ্যাত করা হইয়াছে। তন্ত্র সাধনার ধর্ম, সাধনার সম্বল এই নরদেহ লইয়াই যত ব্যন্ত, ভাই সাধনার স্হায়তার উদ্দেশ্যে ভন্ন, স্ট্রিতত্ত্বে সহিত দেহতত্ত্ব মিলাইয়া বিশ্বস্থাইর প্রহেলিকা বুঝাইয়াছেন।

মূলা প্রকৃতি হইলেন আছা শক্তি; তাহা হইতেই জড প্রকৃতির উদ্ভব। এই মূলা প্রকৃতির বিকৃতিই নাম ও রূপ, নাম ও রূপ হইতে বিশ্বসৃষ্টি। নাম রূপ বেদান্তের মতে অবিভাজাত, স্নতরাং মিথা!। তম্ন বলেন,—মূলা প্রকৃতি আছা শক্তি যখন সনাতনী, তখন তম্ভব নাম ও রূপ মায়াজন্য হইলেও মিথাা বলিয়া উপেকা করিতে পারি না। মহয়াদেহ যেমন জড় প্রকৃতি হইতে শম্স্ত অনায়াজন, অতএব মিথ্যাভূত হইলেও উহারই সাহায়ে সাধনা করিয়া: পুরুষ-প্রকৃতির পরিচয় পাইয়া থাকি, তেমনি বিশ্বস্টির নাম-রূপকে অবজ্ঞা করিলে নামরূপের অতীত যিনি, তাঁহাকে বুঝিতে ধরিতে পারা ঘাইবে না। কেবল বিচারের মারা তত্তজান জন্মায় না। কথা আছে—'বিচারে পণ্ডিত, আচারে দাধু'--বিচার করিয়া, কেবল তক করিয়া দংদারকে মায়াময় দিদ্ধান্ত করিলে পাণ্ডিতোর প্রকাশ হইতে পারে বটে, পরস্ক আচারবান কর্মী না হইতে পারিলে সাধু হওয়া যায় না, সাধু না হইলে মিথ্যার মধ্যে সভ্যের অভুসন্ধান ঠিকমত করা যায় না। তত্ত বার বার বলিতেছেন,—'যৎ যৎ শাস্ত্রমধীতং তস্ত তন্ত বতং চরেৎ'—যে যে শাস্ত্র অধ্যয়ন করিয়াছ, সেই সেই **শাস্ত্রে**র অন্তক্ল ব্রতের আচরণ না করিলে পাস্থমিদ্ধান্ত ঠিকমত বুঝিতেই পারিবে না। অতএব শান্ত্রিদ্ধান্ত ঠিকমত বুঝিতে হইলে ত্রতাচরণ করিতেই হইবে। কমীর পক্ষে 'জগং মিথ্যা, ব্রহ্ম সভা' বলিলে কোন ফলোদয় হইবে না; পরিণামে হয়ত কর্মী নান্তিক হইতে পারে। এই হেতুই অনেকে বলিয়াছেন বে, 'মায়াবাদম্ অসৎশাস্ত্র প্রচ্ছরবৌদ্ধের তৎ,' অর্থাৎ মায়াবাদ অসৎ শাস্ত্র, উহা বৌদ্ধের নান্তিকা ধর্মের প্রচ্ছেল ব্যাথ্যা মাত্র। তদ্ধ বলেন, এই সংসারে যদি কিছু জ্ঞেয় থাকে, তবে দে তোমার দেহ। ঐ দেহের দাহায়ে তোমার জ্ঞানোদয় হয়, ঐ দেহের সাহায়ে তুমি জগৎ মিখ্যা ও ব্রহ্ম সভ্যা বলিয়া থাক, ঐ দেহের সাহায়ে তোমার আত্ম-অভুভৃতি হইয়া গাকে এবং সেই অহুভৃতি হইতে তমি বিশ্বাস্থার ধারণা করিতে সমর্থ হও; অতএব এই দেহটাকে বাতিল कतित्व চलित्व ना। (महत्क माग्र कतित्त्रहे दिख्वाम आमित्वहे, आमि ध তুমির থোধ হইবেই। বাস্তবিক যত দিন সাধক থাকিতে হইবে, তত দিন আমি ও তুমির ভেদ থাকিবেই। সাধনার প্রভাবে আমি ও তুমি যে এক ও অন্বিতীয়, তাহা ব্রিতে পারিব। যত দিন সাধনায় সিদ্ধি লাভ না হইতেছে, যত দিন রামপ্রসাদের মতন 'এবার কালি ভোমায় খাব, তুমি খাও কি আমি খাই মা, দুটোর একটা করে যাবো' এই ভাবটা মনে না জাগিবে, তত দিন মাও ছেলে, প্রভূও ভূত্য, পিতাও পুত্র, দথাও মিত্র, স্বামীও স্ত্রী, গুরুও শিষ্য পৃথক ও মতন্ত্র ভাবে থাকিবেই। এই পার্থক্যের ভাব ভ্রান্তিমূলক হইতে পারে, পরস্ক যত দিন আমরা দেহী, তত দিন এই ভ্রান্তির সাহায্যে জগদ্ভান্তির অপনোদন সাধন করিতেই হইবে। 'বিষশ্ত বিষমৌধধন্' এই তত্ত্বের অকুসারে ভ্রান্তির দারা ভ্রান্তির নিরসন কর্তব্য। ইহাই তদ্রের সার কথা—গোডার কথা। সেই গোড়ার কথা কহিয়া ভন্ত বলিয়াছেন যে, আমার পদ্ধতি অকুসারে কর্ম করিয়া দেখ—সাধনা করিয়া দেখ; অল্লায়াসেই ব্বিতে পারিবে, আমার সিদ্ধান্ত ঠিক কি না!

ভাবের দিক্ দিয়া মার্কণ্ডের চণ্ডী এইগানে তন্তের সহায়তঃ করিয়াছেন। তন্তের শাক্ত দাধকগণ বলেন যে. শিব ত স্থাপুসদৃশ একটা বিভ্যানতার ভোতক মাত্র, তাঁহার উপাসনা করি কোন্ হিসাপে শক্তি না থাকিলে শিব ত শব, অথচ শক্তিশ্ব্য শিব হইতেই পারেন না। অতএব শিব আছেন, মাথার উপর থাকুন, আমরা মায়ের—আজা শক্তির উপাসনা করিব। কারণ, তিনিই ত সব—তিনি মেধা, তিনি নায়া, তিনি কজ্জা, তিনি ক্ষমা, তিনি বৃদ্ধি, তিনি শ্বৃতি, তিনি বিদ্যা, তিনি ছায়া, তিনি শান্তি, তিনি ক্ষাত্তি—তাঁহাকে পূজা করিব না ত কাহার পূজা করিব প্লভা বটে যে—

'ষচ্চ কিঞ্চিং কচিচং বস্থ সদসং বাথিলাজ্মিকে। তম্ম সৰ্বস্থা শক্তিঃ স' জং কিং ভূয়সে তদা ॥'

হে অথিলাখিকে মহামায়া, এই বিশ্বসৃষ্টির মধ্যে বাহা কিছু দং বা অদং থাকুক না, দে দবই তৃমি; কাবণ, দে দকলের অন্তরালে তোমারই শক্তি থেলা করিতেছে, অতএব তোমার আবার শুব স্থাতি কি ও কেমন। তথাপি তিনি আমাদের জানের, আমাদের বাদের ত অতীত নহেন; তাই তাঁহার দাধনা করিলে শিবযুক্তি বৃঝা যাইরে, বিদেহমুক্তিও লাভ হইতে পারিবে। কারণ, স্বাইলীলা বৃথিতে হইলে তাহাকেই দ্বাতো বৃথিবার চেটা করা কর্তব্য। দপ্তশতী চণ্ডাতে দিলান্তের কথাদকল ভাবের ভাষায় স্থলর ব্যাখ্যা করা আছে। চণ্ডী বৃথিতে পারিলে এই দেহতত্ত্ব ও স্বাইতত্ব পরিষ্কার বৃথাা যায়। ভাবের সহিত অলক্ষারের ভাষ্য মিলাইয়া তল্পের বহু দিলাত চণ্ডিতে যেমন ব্যাখ্যাত আছে, এমন আর কিছুতেই নাই। এক হিদাবে সপ্তশতী চণ্ডী তল্পের দার। গীতা যেমন উপনিবদ্দকলের দার, চণ্ডীও তেমনি তল্পের ভাবের ও দিলান্তের নার। তাই এক দিন বাঙ্গালার গৃহে গৃহে প্রত্যাহ চণ্ডীপাঠ হইত; বেদের পরেই চণ্ডীকে বাঙ্গালী পূজা ও উপাদনা করিত। চণ্ডী পালগন্ধ নহে, আযাঢ়ে গল্পের পূর্ণি নহে, দেহতত্বের এবং স্বাইতত্বের দিলান্তপূর্ণ

ষ্পপূর্ব ও উপাদের গ্রন্থ। তল্পের স্প্রতিত্ব ব্ঝাইতে গেলে চণ্ডীর কথা স্বতঃই মনে পড়ে বলিয়া এইটুকু এইখানে বলিয়া রাখিলাম।

2

একটা মজার কথা এইখানে বলিব ৷ বাঁহারা পুরাণের আঠারোথানা বই প্জিয়াছেন, তাঁহারা বোধ হয় লক্ষ্য করিয়া থাকিবেন যে, প্রত্যেক পুরাণের স্ষ্টিপ্রকরণ স্বতম্ব; এক পুরাণের স্ষ্টিপ্রকরণের বিবরণ অত্য পুরাণের বর্ণনা হুইতে **অনেকটা পৃথক্!** এ পার্থকা কেন ঘটে ? স্বাষ্টি যথন হইয়াছিল বা পরে যথন আবার হইবে, তখন একই পদ্ধতি অমুদারে হইয়াছিল, একই ক্রম অন্ত্ৰারে হইবে। অধুনা কোন কোন পণ্ডিত বলিয়া থাকেন যে, অষ্টাদশ পুরাণ এক মহাধি বাদরায়ণ বেদব্যাদের রচিত ; তিনি ত্রিকালজ ঋষি, তাঁহার মন্তিকে মিথ্যার বিকাশ হইবার নহে, সদাই সভ্য প্রতিভাত হইত। তবে তাঁহার প্রত্যেক পুরাণের স্বষ্টপ্রকরণ ভিন্ন রকমের কেন ? এই প্রশ্নের উত্তর আমি তুই রকমে দিব। পুরাণকতার উল্লেখ করিতে ঘাইয়া পুরাণই বলিয়াছেন —ব্যাদাদিমুনিভি: বচিতম্- যাহা ব্যাদ প্রম্থ ম্নিদিগের রচিত, তাহাই भूरान । श्रुजताः वृत्रिएज श्रुटरात. भूतानमकल এक জ्ञात त्रिक नरह, वह्रवहनान्छ 'বাাদাদিম্নিভি:' বলাতেই স্পষ্ট বুঝাইতেছে যে, পুরাণদকলের কর্তা এক জন নহেন; বছ মুনির দারা উহা রচিত হইয়াছে; তবে পুরাণকভাদের মধ্যে ব্যাদ প্রধান। কিন্তু ব্যাদ এক জন নহেন; পুরাণ হইতেই জানিতে পারা যায় যে, আটাশ জন अधि ও মুনি ব্যাস উপাধি পাইয়াছিলেন; বাদরায়ণ বেদব্যাস তাহাদের মধ্যে একজন। ব্যাস শব্দের অর্থ ব্যাখ্যাত।-বিভাগকর্তা; যিনি শাস্ত্রের বিল্লেষণ করিয়া শাস্ত্রমর্প্রকাশ করেন, তিনিই ব্যাদ। স্থতরাং 'ব্যাসাদিমুনিভিঃ' বলাতে তিনি যে, পুরাণকর্তা বাদরায়ণ ব্যাস, তাহা व्याहेर्डि ना। वान्ताम वाम रकान धकथान। भूतान तहना कतिरमञ् করিতে পারেন, নাও করিতে পারেন। কেবল ব্যাদ শব্দ ব্যবহার করাতে विवारिक रहेरव रय, व्यक्तिंग क्रम वाम छेनाधियुक मुनिषिरंगत मर्था व्यक्तिक, অথবা দকলেই এবং আরও অত মৃনি মিলিয়া মিশিয়া এই অষ্ট দেশ পুরাণের त्रह्मा कतिशाहित्नम । आत्र धकरी कथा ভावित्य रहेत्, भूताव अधिश्री छ नटर ; विकृत्रताल व्याहरे উत्तथ कता आहि त्य, भूतान मुनिवित्रिहिछ। मुनि

এবং ঋষিতে অনেক পার্থক্য আছে। বাদরায়ণ বেদব্যাস ঋষি ছিলেন, মুনি ছিলেন না। অতএব বলা যাইতে পারে যে, বাদরায়ণ বেদব্যাদ পুরাণের রচনা করেন নাই, যে দকল মুনি ব্যাস উপাধি পাইয়াছিলেন, তাঁহাদের অনেকে এবং অন্ত মুনি পুরাণ রচনা করিয়াছিলেন। ইহা ছাড়া অষ্টাদশ হইতে এমন অনেক বচনপ্রমাণ সংগ্রহ করা যায়, যাহা হইতে ইহা স্পট্ট বুঝা যায় যে, পুরাণদকল যে এক জনের রচিত নহে, তাহা পুরাণকারেরা নিজ নিজ লিখিত পুরাণেই স্বীকার করিয়া গিয়াছেন। অধুনা বান্ধালায়, বিশেষতঃ কলিকাতায় এমন রাসভবৃদ্ধির লেখক তুই একটি আছেন, বাঁহারা জীবনে কথনও কোন পুরান উন্টাইয়া দেখেন নাই, রামায়ণ মহাভারতও আগাগোড়া পড়েন নাই, কেবল পরের মুথে ঝাল থাওয়া গোঁড়ামির উপর নির্ভর করিয়া निष्करम्त्र कार्षे विमया लिक मानु है। मातिया विनया शाक्त त्य, जहाम्म মহাপুরাণ এক বেদব্যাদেরই রচিত। ইহারা শাস্ত্রীয় বিচারপদ্ধতি জানেন না, हैरातकी हिमादिक एक विहात कतिएक भारतम मा। छैरभक्कांत व्यवहरूनांग्र ইহাদের কথা উড়াইয়া দেওয়া কর্তব্য। পরস্ক ইহাও সত্য বটে, এমনই একটা প্রবাদকথা হিন্দু সমাজের সাধারণ জনগণের মধ্যে প্রচারিত আছে বটে যে, একা বেদব্যাদই অধাদশ মহাপুরাণের রচনা করিয়াছিলেন। পুরাণধর্ম প্রচারিত হইবার পর, পুরাণসকলকে লোকদৃষ্টিতে একটু বড় করিয়া ধরিবার উদ্দেশ্যেই এইপ্রবাণটা জনকয়েক স্মার্ত পণ্ডিতে জনসাধারণের মধ্যে প্রচার कतिया मियाट्डन। वञ्चण्डः वामताय्रण (वमवागम भूताट्यत तहन। कदतन नारे, পুরাণসকল একজন ব্যাদের হারা রচিত নহে, পুরাণসকল এককালে এক যুগে বা এক সময়ে রচিত হয় নাই। যথন ভিন্ন ভিন্ন লেখক, তথন স্ঠের theory বা অমুমান ভিন্ন তির বকমেব হইবারই কথা; প্রত্যেক পুরাণের স্প্লিপ্রকরণ ভিন্ন রকমের দেখিয়া বিস্মিত হইবার কারণ দেখি না। ভিন্ন ভিন্ন যুগে ভিন্ন ভিন্ন লেখকের কাছে স্প্টপ্রকরণটা যেমন ভাবে ফুটিয়া উঠিয়াছে, তিনি তেমনই ভাবে তাহা লিথিয়াছেন। এই গেল এক রকমের উত্তর।

বিভৌয় রকমের উত্তর এই। প্রত্যেক পুরাণই এক একটা সিদ্ধান্তকথার বিশ্লেষণ করিবার উদ্দেশ্যে লিখিত। শাক্ত, বৈষ্ণব, সৌর, গাণপত্য, শৈব প্রভৃতি পঞ্চোপাসক স্প্রাণয়ের সম্প্রদায়গত মত প্রচারের জন্য এক একথানি পুরাণ আছে। আবার এই পঞ্চোপাসক সম্প্রদায়ের মধ্যে অবৈতবাদ, বৈতবাদ, ভেদাভেদবাদ প্রভৃতি বাদ অফুসারে পুরাণ ব্যাখ্যাত হইয়াছে; ফলে প্রত্যেক

পুরাণের স্ঠিপ্রকরণ এই বাদ অফুসারে ভিন্ন রকমের হইয়া গিয়াছে। আর একটি কথা আছে। বৈষ্ণব পুরাণ মাত্রেই, যথা—বিষ্ণু, গরুড়, নৃসিংহ, ক্ষাত্রপুরাণ অর্থাৎ ক্ষত্রশক্তি বিকাশের, ক্ষাত্র মহিমা প্রচারের পুরাণ। আর শৈব ও শাক্ত পুরাণে ব্রাহ্মণ্য প্রতিষ্ঠার কথাই ফুটাইয়া হোলা আছে। বৈষ্ণব পুরাণসকলে অম্বর, দৈত্য, দানব, রাক্ষ্য প্রভৃতিকে শাক্ত বা শৈব ধর্মাবলম্বী বলিয়া পরিচিত করা হইয়াছে; যেমন রাবণ, হিরণাকশিপু, কংদপ্রমুথ অস্থর मार्व्ह रेनव वा गाक, - धवर रेवकवरह्नी। भानी क्वारवत हिमारव रेनव छ শাক্ত পুরাণে বিফুভক্ত অহুর বা হুর্ব্ধ ক্ষত্রিয় রাজার উল্লেখ আছে। জয়দেবের भगन्न हरेल वाकानात लाकमाधातलत मधा প्रচातिष हरेन्ना चाह्य त्य, जगवान् দশটা অবতার গ্রহণ করিয়াছিলেন। খ্রীমন্তাগবত বলেন, খ্রীভগবানের অসংখ্য অবতার, তাহার মধ্যে প্রধান বাইশ জন। শ্রীমন্তগবতের তালিকায় সে বাইশটি অবতারের উল্লেখ নাই। আমার মনে হয়, শৈব শাক্ত এবং বৈষ্ণবের মধ্যে আপোদ করিয়া, ত্রাহ্মণ্য ও ক্ষাত্র শক্তির মধ্যে দামঞ্জু ঘটাইয়া ভগবানের দশটা অবতারের উদ্ভব সাধন হইয়াছে। দশ অবতারের মধ্যে পাঁচ জন বান্ধণ, পাচ জন ক্ষত্রিয়; মৎস্থা, বরাহ, বামন, পরশুরাম এবং কন্ধী, এই পাঁচ জন ব্রাহ্মণ, কুর্ম, নুসিংহ, শ্রীরাম, বলরাম, বৃদ্ধ, এই পাঁচ জন ক্ষত্রিয়। শৈব ও বৈষ্ণব পুরাণে নৃসিংহের জাতি লইয়া একটু বিরোধ আছে। শৈব পুরাণমতে নুসিংহ ব্রাহ্মণ এবং শিবের অবভার, বিষ্ণুপুরাণমতে নুসিংহ ক্ষত্রিয় এবং বিষ্ণুর এই আপোদ এবং বিরোধের প্রতি লক্ষ্য রাথিয়া প্রত্যেক পুরাণের স্প্রপ্রকরণ বৃঝিবার চেষ্টা করিলে প্রত্যেক পুরাণ হইতেই এক একটা নতন তত্ত্বে আবিষ্কার চইতে পারে। স্বষ্টপ্রকরণ প্রত্যেক পুরাণের স্চক বা Introductory; স্ষ্টপ্রকরণ পাঠ করিলেই কতকটা বুঝা যায় —সেই পুরাণে কোন সিদ্ধান্তের কেমন বিশ্লেষণ করা হইবে।

এই সঙ্গে আর একটা কথা মনে রাখিতে হইবে। স্প্টিতত্ব দেহতত্বের
সহিত মিলাইয়া মিশাইয়া লেখা। বিশ্বস্টি এবং মহয় বা জীবদেহস্টি যে
একই প্রকরণ অন্তদারে হইয়া থাকে, ইহা ডদ্রের দিদ্ধান্ত এবং এই দিদ্ধান্ত
সকল পুরাণই গ্রহণ করিয়াছেন। দেহতত্বের বিশেষণ যে পুরাণে যে ভাবে
করা হইয়াছে, দেই পুরাণের স্প্টিতত্ব দেই ভাবে লিখিত হইয়াছে। শিব,
কালিকা, মার্কণ্ডেয়, লিক প্রভৃতি শৈব ও শাক্ত পুরাণসকলে ডদ্রের দিদ্ধান্ত
বোল আনা অন্তদরণ করিয়া স্প্টেপ্রকরণ লেখা হইয়াছে। বৈক্ষব পুরাণসকলে

পুরা বৈতবাদের দিক্ষান্ত মাত্র করিয়া ক্ষিতত্ত্বের ব্যাখ্যা করা হইয়াছে! শৈব ও শাক্ত কথনই জীব ও শিবের পার্থক্য ঘটান না, তেমন চিস্তাও করিতে পারেন না। বৈষ্ণব, জীব ও ঈশ্বরে নিত্য পার্থক্য স্থির করিয়া রাখিয়াছেন এবং তদ্যসারে স্টিপ্রকরণের ব্যাথ্যান করিয়াছেন। বৌদ্ধ দর্শন হইতে পৌরাণিক ও তান্ত্রিক দর্শনের উল্লেষভঙ্গী যেন কতকটা বুঝা যায়; মনে হয়. ष्टिष्ठवाम (दोक मृगवाम्बर धक्टा मःस्वतः ष्यदा (दोक मृग्रवाम अभिनयम অবৈতবাদের একটা নিরীশ্বর সংস্করণ। তল্পের জীব শিবে একীকরণ বৌদ্ধ শৃত্তবাদ ও অবৈভবাদের আপোদ মাত্র। Personal God, একটা সতম্ভ ঈশবের কল্পনা ডল্লেও নাই, বৌদ্ধ দর্শনেও নাই। বৌদ্ধ শুক্তবাদকে আতিক করিতে হইলে প্রথম অবৈভবাদে আদিয়াই পড়িতে হয়। তম্ব ভাহার উপর একট রসান চড়াইয়া আত্মাকেই, জীবদেহাবচ্ছিন্ন আত্মাকেই উপাত্তে পরিণত করিয়াছেন। অতিপুরাতন তন্ত্রসকলে কেবল শক্তির সাধনাই আছে; যে শক্তির হারা জীবদেহ সঞ্চীবিত, সেই শক্তির অন্তেষণ আছে,—উপাসনা নাই, ভাবের বিকাশ নাই; অর্থাৎ কুওলিনী শক্তিকে আদক্তির দাহায়ে রূপময়ী ও ভাবময়ী করিয়া পূজা উপাসনার পদ্ধতি নাই। অপেক্ষাকৃত আধুনিক ভদ্রে দেবদেবীর মৃতির বিবরণ আছে, সেই সকল মৃতির উপর মাতৃত্ব পিতৃত্ব-প্রভৃতি আসক্তির আরোপ আছে.—দেবীকে জীব হইতে পৃথক করিয়া তাঁহার ন্থব স্থতির ব্যবস্থা আছে। এই বৈতবাদ দিকান্তপূর্ণ তন্ত্রসকলের উপর আধুনিক रिक्छव Deism वा देखतवादनत श्रागा हात्र। (य পড়ে नार्ट, अमन कथा বলিতে পারি না! রামাকুজাচার্বের পূর্বে যামুন মুনির সময় হইতে স্বতন্ত্র ঈশবের পরিকল্পনা ত্রাহ্মণপ্রমুথ বর্ণাশ্রমী সমাজের এক অংশের উপর বেশ প্রভাব বিশ্বার করিয়াজিল। রামামুজাচার্য বিষম শঙ্করছেমী, অহৈতবাদের প্রতিবাদকারী ছিলেন। বোধ হয় তিনিই এবং তাঁহার গুরু যামুন মুনি প্রথমে প্রকালভাবে শঙ্করাচার্যের সহিত বিরোধ ঘটাইয়াছিলেন। রামকুফানন্দ স্বামী রামাকুজাচার্যের জীবনকণা লিথিয়া যে পুস্তক প্রচার করিয়াছেন, সেই পুতকে যামুন মৃনির পূর্বে যে দকল ভক্ত বৈষ্ণবৃদ্ধির বর্ণনা দিয়াছেন, তাঁহাদের প্রায় সকলেই ত্রাহ্মণ ছিলেন না, বর্ণাশ্রম ধর্মের অন্তর্গত ছিলেন ना ; नवारे मृज दा व्यानिय श्रक्ष्यकाचीय श्रुक्य ছिल्लन। रेटा ट्रेट व्यक्ष्यान করা যায় যে, দাক্ষিণাত্যে যামুন মুনির পূর্বে বৈঞ্চব ধর্ম—ভক্তির ও উপাসনার ংম আধা দিড়াতির ধর্ম চিল্না; স্তাবিড়ড়াতীয় আদিম পঞ্চম জাতিসকলের

আর্যাাবর্তের ও দাক্ষিণাতোর উভয় দেশের বর্ণাশ্রমী সমাঙ্গেব ধর্ম ছিল। তবে তল্পের শাক্ত ধর্ম যে, আদিম জাতিদের মধ্যে প্রচলিত ছিল, উহাতে যে বর্ণ বৈষ্ম্য প্রকট কথনই ছিল না, এ কথাটা জোর করিয়া বলা যায়। বৌদ্ধ ধর্মের ছুইটি প্রধান শাথা ছিল-হীন্যান এবং মহাযান। হীন্যানের প্রভাব দাকিণাতোই প্রবল ছিল; মহাধান আর্ধাবর্তে ও উত্তরাধণ্ডে প্রবল ছিল। মহাযানী বৌদ্ধগণ ভদ্ধের শাক্ত ধর্মের সহিত আপোদ করিয়া কালচক্রযান, বজ্বান প্রভৃতি নানা শাখার ফৃষ্ট করেন; বাঙ্গালার ও উত্তরাথণ্ডের ও কাশ্মীরের তান্ত্রিক শক্তিধর্ম তাই অনেক ক্ষেত্রে মহাযানের ছায়া অন্তসরণ করিয়াছে। লক্ষণাচার্যের লিখিত শারদাতিলক পাঠ করিলে, সঙ্গে সঙ্গে রাঘব ভট্টের টীকা পড়িলে মনে এই ধারণাটা প্রবল হইয়া উঠে! আধুনিক তন্ত্রের সর্বাঙ্গে যে মহায়ানের লেখা গাঢ়ভাবে অভিত আছে, ইহা অস্বীকার করিবার উপায় নাই। তবে তান্ত্রিক শক্তিধর্ম যে মহাযান অপেকা বছ পুরাতন, বৌদ্ধ ধর্মের উদ্ভবের বহু পূর্বে প্রচলিত ছিল, ইহাও অনেকে স্বীকার করিয়া থাকেন। পক্ষান্তরে আধুনিক বৈঞ্ব ধর্মে, অন্ততঃ রামাকুজাচার্য্য প্রচারিত বৈষ্ণব ধর্মে বৌদ্ধ হীন্যানের বছ দিদ্ধান্ত যে খুঁজিলে পাওয়া যায়, তাহা মান্ত্রান্তের অনেক পণ্ডিতই স্বীকার করেন। দক্ষিণের শৈবদিগের মধ্যে যে হীনযানের অনেক কথা প্রচলিত আছে, বিশেষতঃ দক্ষিণামূতি শিবের উপাসনা ও হীন্যানের সাধনা যে স্পষ্ট একই রক্ষের, একই দর্শনিসিদ্ধান্তের উপর প্রতিষ্ঠিত, তাহা দক্ষিণের অভিজ্ঞ পৈব সন্ন্যাসী স্বীকার করেন। রামাত্মজাচার্য ছাড়া মাধবাচার্য, বল্লভাচার্য ও নিম্বাদিত্যের প্রচারিত বৈষ্ণব ধর্মে হীনধানের অনেক পদ্ধতি আধুনিক হিন্দু আকারে আকারিত হইয়া প্রচলিত আছে। এই হীন্যান ও মহাযানের প্রাক্ত নানা আকারে পুরাণ ও তত্ত্বে এবং আধুনিক নানা সাম্প্রদায়িক ধর্মে বেশ স্পষ্ট আছে। ভারতবর্ষের ধর্মের ইতিহাস লিখিতে হইলে, এই সকল বিষয়ের পূর্ণ আলোচনা না করিলে ঠিক ইতিহাস লেথা হইবেনা। আমাদের চারিদিকে যে সকল আচার ন্যবহার, রীতি পদ্ধতি রহিয়াছে, তাহার প্রকৃত পরিচয় পাইবার চেষ্টা করিলেট আমাদের ধর্মপদ্ধতির শৃত্বলাবদ্ধ ইতিহাস ঠিকমত পাওয়া যাইবে। পুরাণের **এই স্**ष्टिश्चकत्रन व्यार्थात्मत सक्षा चत्नक कथा, चत्नक ইতিহাস नुकान चाह्न । ধর্মভাবোরেরের এক একটা পর্যায় এক একটা পুরাণের স্ট্রপ্রকরণে আংশিক

ভাবে নিবদ্ধ আছে। সে কথার আলোচনা বর্তমান সন্দর্ভে করিবার নহে, কেবল ইন্ধিতে যতটুকু পারিলাম, ততটুকু বলিয়া রাখিলাম। মনে রাখা ভাল যে, আমরা এখনও আমাদের চিনিতে পারি নাই, আমরা যে কে ও কেমন, তাহা এখনও বুঝিতে পারি নাই, বুঝিলে এবং চিনিলে, নিজের পরিচয়-নিজেদের পিতপরিচয় যথার্থ ভাবে জানিতে পারিলে, এ সকল কথা বলিবার কোন প্রয়োজন হইত না। আমি কেবল চিনিবার পথ দেখাইবার চেষ্টা করিতেছি। মনে হয় এই পুরাণ তল্পের পথে, আধুনিক আচার্যগণের প্রচারিত নবা বৈষ্ণব ও শৈব ধর্মের পথে অগ্রসর হইলে আমরা আমাদের পূর্বপরিচয় পাইলেও পাইতে পারি। আমাদের শাক্ত ও বৈষ্ণব ধর্মে, পুরাণ এবং তত্ত্বে বৌদ্ধ ধর্মের বহু সম্পত্তি লুকান আছে বলিলে লক্ষিত হইবার হেতু দেখি না। কারণ, বৌদ্ধ ধর্মত ত আমাদের ধর্ম, জৈন ধর্মত ত আমাদেরই ধর্ম; বিদেশের নহে, ভিন্ন জাতির নহে। যাহা আমাদের, ভাহা আমাদের মধ্যেই আছে ও থাকিবে। কারণ, হিন্দু আমরা কখনও কোন সামগ্রী পরিহার করি নাই, করিবও না; আমরা যাহা পাই, তাহা নিজেদের মতন করিয়া রাখিতে চেষ্টা করি। যাহা থাকে, তাহা থাকিয়াই যায়, যাহা পিছলাইয়া পড়ে, তাহা বিশ্বতির গর্ভে একেবারেই ডুবিয়া যায়। এখন যাহা আছে, তাহার বাছাই করিতে পারিলে, আমাদের পূর্বপরিচয় আপনা আপনি ফুটিয়া উঠিবে। তদ্ভের মধ্যে এই পরিচয় লুকান আছে বলিয়াই, তছ্ত্বর্ম এক সময়ে বাঙ্গালী জাতির এবং বাঙ্গালা দেশের ধর্ম ছিল বলিয়াই এখনও তল্পের প্রভাব আমাদের সামাজিক সকল কার্যে, ত্রত নিয়মে ফুটিয়া আছে বলিয়াই ভল্লের কথা এমন ভাবে বার বার ঘুরাইয়া কিরাইয়া বলিতে হইতেছে। তন্ত্র সাধনার ধর্ম; যে জিজাত্ব সংগুরু লাভ করিয়া, যধাপদ্ধতি দীক্ষিত হইয়া জপ তপ করিতে পারিবে, সাধনার পথে অগ্রদর হটুতে পারিবে, দেই তল্পের সাধনধর্মের মহিমা বুঝিতে পারিরে। ভাষায় দে মহিমা বুঝান যায় না, প্রবন্ধ দল্ভ লিখিয়া সে মহিমার ব্যাখ্যান সম্ভবপর নহে। তাই ভদ্রের ঐতিহাসিক এবং দার্শনিক দিক্টাই ভাল করিয়া ফুটাইয়াধরিবার চেষ্টা করিতে হয়। এই জ্বাই তল্পের সকল বড় বড় সিদ্ধান্তের সহিত পুরাণের কি সম্বন্ধ, দর্শনশান্তের কতটুকু তল্পের মধ্যে আদিয়াতে অথবা ভন্তবিদ্ধান্ত দর্শনশান্তে কভটা স্থান অধিকার করিয়া বসিয়াছে, তাহাই দেখাইবার জ্ঞ অধিক প্রয়াস করিতে হয় !

এইখানে আর একটা অবাস্থর কথা বলিয়া রাখিব। দেহস্ট এবং

বিশ্বস্তি একই পদ্ধতিক্ৰমে হইয়াছে, এই সাধারণ নিদ্ধান্তটা বা generalisation বৌদ্ধ ভাম্বি হগণ কামবজ্ঞখান নাম দিয়া একটা উপাদক সম্প্রদায় গড়িয়া তুলিয়াছিলেন। যথন পাঠানগণ এ দেশে প্রথম আগমন করেন, তথন विकालाय এই मुख्यमारयुत माध्यमिर्गत द्वाय श्रीवला छिल। प्रशासाय পণ্ডিত শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় এই সম্প্রদায়ের প্রচলিত তুই চারিথানি তন্ত্রপ্রস্থা পাইয়াছেন। দে সকল গ্রন্থ সাধারণ্যে প্রকাশ করিবার যোগ্য নহে, উহা এতই কুৎদিত ক্রিয়াকাণ্ডের বর্ণনায় পূর্ণ! তাঁহাদের মত এই যে, মহয়াদেহ যেমন কামের সাহায্যে স্টুবা উৎপন্ন, বিশ্বস্থাতিও তেমনি কামের সাহাযো স্ট বা উৎপন্ন। কামে ধেমন রেড: খলন হয় এবং রজ: ও রেতের সম্মেলনে জীবের সৃষ্টি হয়, তেমনি বিশ্বসৃষ্টি শক্তিসমন্থিত শিবলিঞ্চের রেতঃখলন হইতে উৎপন্ন। এই হেতু বিশ্বস্ঞাকৈ তন্ত্ৰে বিস্মষ্ট বা discharge বলিয়াছে। অর্থাৎ কামান্ধ বিশ্ববাপী আহা হইতে এই বিশ্বসৃষ্টি একটা অলন বা বিসৃষ্টি মাতা। এই সম্প্রদায়ের ভাল্লিকগণের মত এই যে, যেমন যুবক যুবতী সদা রিরাংসায় পূর্ণ থাকে, তেমনি বিশ্বব্যাপী শিব ও শক্তি সদাই নিত্য নব স্কটির জন্ম রিরংসায় পূর্ণ। তাঁহাদের নিত্য সম্মেলনে কণে কণে বিষষ্টি হইতেছে, ফুটিতেছে, উঠিতেছে, ভূবিতেছে. শুকাইতেছে। বিশ্বস্থান রিরংদা এবং জীবদেহগত রিরংসার সামরশু ঘটাইতে পারিলেই সাধনায় সিদ্ধি লাভ করা যাইতে পারে। ইহারা ভাই দদাই কামসাধনা করিত। ইহাদের অত্যাচারের প্রভাবে জাতিটা একেবারেই নিবীর্থ হইয়া পড়িয়াছিল। সাধনার দোহাই দিয়া ইহারা নির্লজ্জভাবে সমাজের স্বাক্তে কামের প্রকট বিকাশ ঘটাইত। মন্দিরে, মঠে, দেবায়তনে, সর্বত্রই রিরংসার ছবি অঞ্চিত করিয়া রাখিত। কালাপাহাড় ইহাদের মন্দির ও দেবমুতি ভাগিতে আরম্ভ করিয়া, শেষে হিন্দুর সকল দেবমন্দিরই ভালিয়া চূর্ণ করিয়া ধূলিসাৎ করিয়াছিলেন। বিরূপাক নামের একজন হিন্দু তান্ত্রিক চৈত্তরাদেবের সমসময়ে সাধনার প্রভাবে অনেক **एन्ट्राम्योत विश्र** कां विश्रम निया हिल्लन । श्राम थहे हिल त्य. त्य त्मवाम वीत মধ্যে দৈব ভাব না থাকিত, সে দেবদেবীকে বিরূপাক্ষ সাষ্টাঙ্গে প্রণাম করিলে তাহা ফাটিয়া যাইত। তাই কথা প্রচলিত ছিল যে, 'কালাপাহাড়ের ফাট আর বিরূপাক্ষের ফাট' অর্থাৎ কালাপাহাড়ের তলোয়ারের চোট এবং বিরূপাকের বিগ্রহ ফাটাইবার প্রভাব, তুই তুনিবার্য ছিল। মোট কথা, এই বিরূপাক এই কামচক্রযানীদের বাশালা হইতে সমূলে নিমূল করিয়াছিলেন!

আমার মনে হয়, জগন্নাথের এমিন্দির এই কামচক্রযানীদের প্রভাবকালেই নিমিত হইয়াছিল। বিমলার কেত্র কামষানীদের পুণাকেত্র ছিল। মজা এই যে, ভারতবর্ষের সকল তীর্থে যেখানে শক্তির মন্দির আছে, সেইখানেই পার্ষে শিবমন্দির ভৈরবরূপে বিভ্যমান আছে। অথচ শ্রীক্ষেত্রে বিমলার ভৈরব স্বঃং জগরাথ, কোন শিব নহে। কামচক্রযানীরা বৌদ্ধ ছিল, তাহাদের শিব অবলোকিতেখর, তাহাদের ভৈরব হয়ং বৃদ্ধদেব। বৃদ্ধ, ধর্ম, সভ্য, এই তিন লইয়া জগন্নাথ, বলরাম এবং হুভদ্রা হইয়াছেন; হুতরাং বিমলার ক্লেত্রে জগন্নাথই ভৈরব। বৌদ্ধ তন্ত্রে সভ্য চক্রের স্থান অধিকার করিয়াছে। সভ্যে জাতিবিচার নাই, চক্রেও ভাতিবিচার নাই। কেবল তাহাই নহে, সজ্যে যোনিবিচার নাই, চক্রেও যোনিবিচার নাই। ইহা বিমলাক্ষেত্রে যতটা পরিষ্ফুট, এডটা অক্ত কুত্রাপি নহে। আমি এখনও সকল পুঁথি সংগ্রহ করিতে পারি নাই, দকল পু'থি দেখিতে পাই নাই, তথাপি যতটুকু পড়িয়াছি ও ভাষা হইতে জগল্লাথের শ্রীমন্দির নির্মাণ বিষয়ে একটা theory বা মভলব আঁটিতে পারিয়াছি। আমার প্রিয় হৃতদ্মনীধী শ্রীমান্রামেক্রফুলর তিবেদী তাঁহার 'বিচিত্র প্রদৃষ্ধ' নামক অপূর্ব পুন্তকে শ্রীমন্দিরের কুৎসিত ছবি লইয়া একটা theory করিয়াছেন, পাঠকগণকে তাহার পরিচয় দিয়া রাখিয়াছি। এইবার ঘণেট প্রমাণ প্রয়োগ সংগ্রহ করিতে পারিলে আমি আমার theory সাধারণের বিচারালয়ের সমূবে উপস্থাপিত করিব। এথন এইটুকু বলিয়া রাখিলে পর্যাপ্ত হউবে যে, কামযানীদের দিদ্ধান্ত অমুসরণ করিয়া বিস্কৃত্তির প্রতিমারণে শ্রীমন্দির নিমিত হইয়াছিল। বিশ্বস্ট এবং দেইস্টের সমরস্তা এই শ্রীমন্দিরেই পূর্ণতা লাভ করিয়াছে। অপ্লাল ছবির মধ্যে পুরুষ মাত্রেই কাম্যানী বৌদ্ধ সন্ন্যাসী, নারী মাত্রেই দেবদাসী অথব। ভিছুণী। মন্দিরটা আগাগোড়া ৌদ্ধ কাম্যানীদের principles বা মৃতাফুদারে নিমিত। দেশীয় ভাস্কর্য পদ্ধতির উপর স্প্রতিবের অর্থবাদ পাষাণের লেথায় ফুটান আছে। জগন্নাথের শ্রীমন্দিরে আমাদের জাতির একটা মুগের ধর্মমতের ইতিহাস ও রীতি প্রতি লুকান আছে। যে দিন ঐ মন্দিরের অবগুঠন উল্লোচিত হইবে, সেই দিন জাতির ইতিহাসকথা জানিতে পারিব।

তন্ত্রের দেহতত্ত্ব

যাহা আছে দেহভাঙে, তাহাই আছে ব্রহ্মণ্ডে অর্থাং 'ব্রহ্মণ্ডে যে গুণাঃ সন্থি তে তিইন্তি কলেবরে।' ইহাই সকল তদ্ধের দিন্ধান্ত। এই দিন্ধান্ত অবলম্বন করিয়া সকলে তদ্ধতত্বের ব্যাথা। করিয়াছেন। তদ্ধের এই ব্যাথ্য। প্রাণান্তি নানা শাস্ত্র অবলম্বন করিয়াছেন। তাই পুরাণ ও তদ্ধ, সকল শাস্ত্রের দিন্ধান্তকথা দেহতত্ব অনুসারে ব্যাথ্য। হইয়া থাকে। এই দেহতত্ব আনুসারিক ব্যাথ্যাকে অনেকে আধ্যাত্মিক ব্যাথ্যা নাম দিয়া থাকেন। মাহা থাঁটি ইতিহাস নহে, সত্য ঘটনার পুনকল্লেথ নহে, যাহা উপাথ্যান এবং আখ্যায়িকা, যাহা দিন্ধান্ত ব্যাথ্যার রোচকস্বরূপ, সে সকলেরই দেহতত্ব অনুসারে প্রশ্নোগ ও ব্যাথ্যা সম্ভবপর। এই হেতু মার্কণ্ডেয় চণ্ডী এবং শ্রীমন্তগবদ্গীতার দেহতত্ব অনুসারে ব্যাথ্যা স্থনী-সমাজে প্রচলিত আছে।

ভল্লের প্রায় সকল সাধনা ও আরাধনার তুইটা দিকৃ আছে; একটা বাহিরের বা বিশ্বভারের দিক, অপরটা ভিতরের বা দেহতত্ত্বের দিক। সকল निष्कित्र विकास्त्र पृष्टें। मेक बाह्य, धकरो बगर्छत वा वाह्य श्रक्तित मिक, অপরটা ভিতরের বা দেহগত প্রকৃতির দিক্। তুমি আত্মশক্তি বিকাশের খারা সিদ্ধিলাভ করিতে পার, অথবা বাহ্য শাক্ত আয়ত্ত করিয়া আত্মশক্তির উন্মেষ ঘটাইতে পার। সিদ্ধির ব্যাঘাত বাহিরের শক্তির ঘারা হইতে পারে, ভিতরের কাম ক্রোধ লোভাদি ঘারাও হইতে পারে। শক্তির অভিবালন। বাহিরেও যেমন হয়, ভিতরেও সেই পদ্ধতি অনুসারে হট্যা থাকে। সেই হেতু ভাত্তিক সাধক মাত্রেই সাধনার তুইটা পদ্বা অবলম্বন করিয়া থাকেন; এক-মানদ পূজা, অন্তর্ধাগ প্রভৃতি মানদ পূজা-পদ্ধতি; হিতীয়-বাহিরের পূজা পাঠ. যোগ যাগ, সাধনা আরাধনা প্রভৃতি। তক্স বলিতেছেন যে, যথন ব্রহ্মাণ্ড ও দেহভাও একই পদ্ধতি অনুসারে, একই রক্মের উপাদান সাহায্যে নিমিত, উভয়ের মধ্যে একই ভাবে নানা শক্তির থেলা হইতেছে, তথন দেহগত শক্তির উল্মেষ ঘটাইতে পারিলে ব্রহ্মাণ্ডের শক্তি তোমার অহকুল, সহায়ক হইবে। তুমি ব্যোম্বান বা এরোপ্লেন চড়িয়া তাহার সাহায্যে উড়িতে পার; আবার দেহের সাহায্যে থেচরী সিদ্ধি লাভ করিলে তুমি বিনা ব্যোম্যান বা এরোপ্লেনে বিমানপথে উড়িয়া ঘাইতে পার। বে শক্তির সহায়তা লাভ

করিবার জক্ত তোমাকে ব্যোম্বান বা এরোপ্লেন গড়িতে হয়, খেচরী সিদ্ধি হইলে দেই শক্তি তোমার দেহের আকর্ষণে তোমার দেহে ব্যাপ্ত হইয়া ভোমাকে উড়াইয়া লইয়া যাইবে। ইউরোপের যান্ত্রিকগণ যন্ত্রের সাহায্যে বাহিরের শক্তিকে বশে আনিবার চেটা করেন, দেহগত আত্মশক্তির উল্লেষ সাধনে বিশেষ তৎপর হন না; ভারতবর্ষের তান্ত্রিক সিদ্ধ পুরুষগণ আত্মশক্তির উন্মেষ ঘটাইয়া ব্রহ্মাণ্ডের সকল শক্তিকে বশে আনয়ন করেন। এ দেশের সিদ্ধগণ বলেন যে, মহুয়াদেহের মতন পূর্ণীবয়ব যন্ত্র আর নাই; এমন ষম্ব আর কেহ গড়িতে পারে না, এমন যন্ত্র নির্মাণ করাও মানুষের পক্ষে সম্ভবপর নহে। অতএব এই যন্ত্র সকল গুপ্ত এবং স্থপ্ত শক্তির উন্নেষ ঘটাইতে পারিলে, অক্ত কোন প্রতম্ভ যন্ত্র ব্যতিরেকে তোমার সকল বাসনা পূর্ণ হইতে পারে! বিনা তারের টেলিগ্রাম চলিতেছে বটে, কিন্তু এখনও তুইটা যন্ত্রের প্রয়োজন হয়। তোমাদের দেহ যদি ঠিকমত প্রস্তুত থাকিত, তাহা হইলে বিনা তারে এবং বিনা স্বতন্ত্র যন্ত্রের সাহায্যে তোমরা বছ দূরে থাকিলেও নিজেদের মধ্যে কথাবার্তা চালাইতে পারিতে। প্রকৃতির গুপ্ত শক্তিসকলের সৃহিত দেহের গুপ্ত বা সমূঢ় শক্তির কেমন ঘনিষ্ঠ সম্বন্ধ আছে। কি ভাবে ঘনিষ্ঠ সম্বন্ধ আছে বা কি ভাবে ঘনিষ্ঠ সমন্ধ স্থাপন করিতে পারা যায়, ইহা যে সাধনার ফলে জানা যায় বা আয়ত্তগত করিতে পারা যায়, তাহাই তক্সাধনা। তল্পমাধনার মূল হইল দেহতত। তাই দেহের কথা লইয়া তম্ব আগোগোড়া वास्त्र।

ব্রহ্মাণ্ডের সহিত দেহভাণ্ডের সাম্য ভাব দেখাইবার জন্য তন্ত্র বলিতেছেন—
"ব্রহ্মাণ্ডে যে গুণাঃ সস্তি তে তিষ্ঠস্তি কলেবরে।
পাতালং ভ্ধরা লোকা আদিত্যাদি নব গ্রহাঃ ॥
নাগাশ্চ সর্বদেহিনাং পিওমধ্যে ব্যবস্থিতাঃ।
পাদাধস্বতলং বিভান্তদূর্দ্ধং বিতলং তথা ॥
জান্থনোঃ স্থতলকৈব তলঞ্চ সদ্ধিরদ্ধকে।
তলাতলং গুল্ফ মধ্যে লিঙ্গন্লে রসাতলং ॥
পাতালং কটিসদ্ধৌ চ পাদাদৌ লক্ষয়েছ ধঃ।
ভূলোকো নাভিদেশে তু ভ্বলোকপ্তথা হৃদি ॥
স্বর্লোকং কণ্ঠদেশে তু মহর্লোকশ্চ চক্ষ্বি।

कर्माक्छ १७४ ज्लानाद्या नगांदिक ।

সভ্যলোকো মহামোনে ভ্ৰনানি চতুর্দশ।
জিকোণে চ ছিতো মের ক্রন্তলোকে চ মন্দর: ॥
কৈলাসো দক্ষিণে কোণে বামকোণে হিমালয়:।
বিজ্ঞো বিষ্ণুগুদুর্দ্ধে চ সপ্তৈতে কুলপ্রবিতী: ॥"

এই ভাবে পুরাণের বন্ধাও বর্ণনায় যেখানে যাহা লভ হইয়াছে, তাহাই বে মন্তব্যদেহে বিভ্যান, তম তাই দেখাইতেছেন। মন্তব্য দেহভাও বে বিশ-बन्नाएउत मःकिश्रमात, हेहाहे एव वनिष्ठ हारहत। क्वन छाहाहे नरह। তম্ম ইহাও ইন্সিত করিতেছেন যে, পুরাণে হর-গোরীর, রুফ-রাধিকার যে স্ব লীলা উপাধ্যানের আকারে বৃণিত আছে, তাহা দেহণত স্ত্রী**ত্ব ও পুং**ছের माना नीनात वाश्विक अध्वितक्षना मात्। এই ছেহেতেই কৈলাদ, এই ছেহেতেই हिमानम,-- এই দেহেতেই धीतुन्नावन, এই দেহেতেই গোবৰ্দ্ধন;-- এই দেহাভান্তরেই হরগৌরী বা ক্ষরাধিকা নানা লীলানাট্র প্রকাশ করিতেছেন। তাহাই গুপ্ত বুন্দাবন ধামের নিত্যলীলা, তাহাই একামকাননে উমার খেলা। দেহতত্ত্বের এই গুপ্ত রহস্মটুকু বুঝাইবার জন্মই তন্ত্র কথাটা এই ভাবে ব্যক্ত করিয়াছেন। পুরাণের বছ কাছিনী যে দেহতদ্বের কথা, তল্পের এই কুঞ্চিকা ব্যতীত অন্ত কাহারও সাহায্যে তাহা স্পষ্ট বুঝা যায় না। বাকালার সহজিয়াগণ এবং তাঁহাদের সিদ্ধাচার্যগণ এই পদ্ধতি অবলম্বন করিয়া দেহতদ্বের श्रश तरु वाथा कतिशाहन। देवजाहीरे कि. बात बरेवजवाहीरे कि. বাঁহারা সাধনপরায়ণ, শব্দির উন্মেষ ঘটাইতে তৎপর, তাঁহারাই দেহতত্ত্বর সিদ্ধান্ত গ্রাহ্য করিয়া থাকেন। কারণ, সাধক মাত্রেই আত্মার উপাসক; দেহাবচ্ছিন্ন আত্মাকে নানা রদের সাহায্যে বন্ধাগুবিচ্ছিন আত্মার সহিত তাঁহারা মিশাইতে চাহেন। জীবাত্মা এবং পরমাত্মার সন্মেলন চেষ্টাই সাধনা। এই সম্মেলন রসের সাহায্যে ঘটিয়া থাকে এবং দেহগত শক্তি-বিশেষের উন্মেষ সাধনেও ঘটিয়া থাকে। ভক্তি ও ভাবের সহায়তার রসের উत्त्रिय रुम्न, यहेरुक्त एडम, नव माधना প্রভৃতির बाता निकत উत्त्रिय रुम्न। याराजा রসিক এবং ভারুক, তাঁহারা শক্তির সহায়তা গ্রহণ করেন; বাঁহারা খাঁটি भाकः, काँहावाक श्राक्रिक हरेल दरमद ७ ভाবের महाम्रका श्रह्म करत्व: मीमा ७ नाहित गांशाया विकाम हम् ; क्वाम गांधना कतित्व मक्तिम विकाम परि । উভয়েই উভয়ের সহায়ক ; श्रीकृष्ट्यत तुमावनमीमारी चार्गार्शाण्डा দেহতক্ষের সহিত মিলাইয়া ব্যাখ্যা করা যায়। কুমারসম্ভব এবং হর-গৌরীয় লীলাটাও দেহতবের সহিত মিলাইরা মিশাইরা ব্যাখ্যা করা বার। মার্কণ্ডের চণ্ডী, আগাগোড়া দেহতবের ব্যাখ্যা মাত্র; এই দেহের মধ্যেই দেবাস্থরের সংগ্রাম; মহিবাস্থর, মধুকৈটভ, শুদ্ধ নিশুদ্ধ দেহেই আছে; এই দেহের মধ্যেই চিরায়ী আছাশক্তি নানা রূপ ধরিয়া অস্থর নাশ করিয়া থাকেন। বাহার কুওলিনী শক্তিকে জাগাইতে জানে, তাহারাই সপ্তশতীর সকল ঘটনা ও প্রত্যেক আখ্যায়িকা দেহের ভিতরের শক্তির লীলার সহিত মিলাইয়া দেখাইরা বুঝাইয়া দিতে পারে। এই দেহতবের মাপকাঠি লইয়া পরে গীতারও ব্যাখ্যা হইরাছে।

আদল কথা, আমরা আমাদের পুরাণ তত্ত্বের ভাষা বৃথিবার শক্তি হারাইয়াছি; কোন শব্দের কোথায় কেমন ছোতনা, কেমন ভাবে কোন্ শব্দের প্রয়োগ হইয়া থাকে, দে থবর আমাদের নাই। পুরাণ ভয়ে প্রযুক্ত নানা শব্দের পারিভাষিক অর্থ আমাদের জানা নাই। তাই পুরাণ তছের অনেক কথা এখন আমাদের গাঁজাখোরি বলিয়া মনে হয়। উহার যে কোনটাই গাঁজাখোরি নহে-উদ্ভট, অস্বাভাবিক বা অসম্ভব নহে, তাহা দেহতত্ববিদ পণ্ডিতগণ জানিতেন এবং বুঝাইয়া দিতে পারিতেন। খাঁহারা নানা দর্শনের প্রঠা ও ব্যাখ্যাতা, তাঁহারা যে সমাজশিক্ষার জন্ত উদ্ভট ও উৎকট কথার প্রচার করিবেন, ইহা মনে করিলেও পাপ আছে। প্রীচৈতত্তের তল্য দিখিজয়ী পণ্ডিত ও দার্শনিক কেন যে বুন্দাবনলীলায় আছা ছাপন कतिएजन, (कन या तम नीनांत कथा मान कतिया जावाराम ज्योत इटेएजन, তালা ত ভাবিয়া দেখিতে হয়। বাহিরের উম্ভটতা ও উৎকটতা ছাড়া উহার ভিতরে যে এমন একটা কিছু আছে, যাহার জন্ত অবৈভাচার্য্য, প্রীচৈতন্ত, শ্রীমন্নিত্যানন্দ, জীব গোস্বামী প্রভৃতি মধামহাপণ্ডিতগণ ভাবে বিহবল হইতেন. এইটুকু মনে না করিলে এই সকল দিখজয়ী পণ্ডিতগণের প্রতি অবিচার করা हम् । हेमानीः वहे हेश्त्राख्त आमाल गाहाता वक्तात एक्टए प्रविमाह्न, তাঁচারা অমনি পুরাণ তম্বের সকল উন্তট গল্পে ও কাহিনীতে আছা ছাপন क्तिया ভाবাবেশে धूनाय ग्रांगिष् नियाहिन। धक्ते। छेनाहरून कथा छनाहरे। ৺বিজয়ক্ষ গোস্বামী বোর বান্ধ ছিলেন; কিছু যাই সাধনার পথে অগ্রসর চইলেন, যেই দেহতত্ত্বের গুপ্ত কথা তিনি জানিতে পারিলেন, তাঁহার আত্মশক্তির উন্মেষ ঘটিতে লাগিল, অমনি তিনি লীলা প্রবণ করিলে ভাবে বিভার চইয়া পড়িতেন। তথন আর তাঁহার বুদ্ধিতে পুরাণের লীলা আখ্যানের মধ্যে উত্তট উৎকট গাঁজাখোরি বলিয়া কিছু মনে হইত না-পোবর্দ্ধন ধারণ, কালীয়দমন, পুতনাবধ, রাসলীলা প্রভৃতি কোনটাই উদ্ভট বা গাঁজাখোরি বলিয়া মনে হইত না। এীযুত বিপিনচক্র পালের, এীযুত मनात्रधन खर्रीकृत्रजात, এবং मन्खकत चानीवीटम श्रम चात्रध चानात्र अथन चात्र भूतानकथा, श्रीमहागराज्य चाथान चः या ठाउीत नीना छहाँ छ९कर्ष বা গাঁজাখোরি বলিয়া মনে হয় না। যে এক বার ভিতরের কথা বুরিবে, দেহতত্ব ও রসভব্বের প্রহেলিকার মর্ম জানিতে পারিবে, যে এক বার সম্ভক্তর कृशीय माधनात थवर चात्राधनात चशूर्व तमाचाहत धन दहेत्व, तम-हे चात পুরাণ ডম্বকে, আখ্যায়িকা উপাখ্যান সকলকে, লীলা ইতিহাসকে গাঁজাথোরি ব্যাপার বলিতে সাহদ পাইবে না। দে-ই পুরাণ তম্বের ভাবে মজিবে, রদে ড়বিবে। দেহতত্ব পুরাণ তত্ত্বের কুঞ্চিকাস্বরূপ। যিনি দেহতত্ব জানেন না, তিনি পুরাণ তম্ব, ভাগবতী লীলা নাট্য, কিছুই বৃঝিতে পারিবেন না, আমাদের শাল্পের রসাম্বাদনে বঞ্চিত থাকিবেন। কেবল ভাষার সাহায্যে ठिकम् ए एक् बदः तम् व त्यान यात्र ना , मक मक माधनमान ना इहेल উহার মর্ম বুঝা কঠিন। বেমন বে ব্যক্তি সাঁতার জানে না, তাহাকে তেউল্লের উপর ভাসিবার হুখটা কেমন, তাহা যেমন বুঝান যায় না, তেমনি দেহতত্ত্বের দার্শনিক হিসাবে বিশ্লেষণ করিয়া যতই ব্যাখ্যা করিতে চেষ্টা কর না কেন, যে কর্মী নহে, সাধক নহে, সে কিছুতেই ঠিকমত বুঝিতে পারিবে না: এ সকল বিষয়ের একটা স্বভন্ন অত্ততি পাকা প্রয়োজন, একটা সংস্থার থাকা প্রয়োজন। যাহার সন্দীতের কান নাই, স্বরবোধ নাই, সে ষেমন কড়ি কোমলের মঞ্চা বুঝে না, তেমনি যাহার সাধনার সংস্কার নাই, সে চিরজীবনটা দেহতত্ত্বের ও রসতত্ত্বের কথা ভনিতে থাকলেও উহার মজাটা সে কিছতেই পাইবে না। এই জন্ম শান্ত বলিয়াছেন-সাধনার কথা, রসতদ্বের কথা বাহার তাহার কাছে বলিবে না; বাজে লোকে এ সকল কথা শুনিলে নান্তিক হইয়া উঠিতে পারে, উহার প্রকৃত রস্টুকু বুঝিতে না পারিয়া খেচ্ছাচারী হইতে পারে। এই হেতু তব্র বলিতেছেন,—

'চরাচরমিদং দেবি সবং কর্মাত্মকং প্রিয়ে।
মাতা কার্য্যং পিতা কর্ম কর্মৈব পরমো গুরুঃ।
কর্মণা জায়তে জন্ধঃ কর্মণৈব প্রালীয়তে।
দেহে বিনটে তৎকর্ম পুনর্দেহে প্রালভ্যতে।

ৰথা ধেছসহলেষু বংসো বিন্দতি মাতরম্। তথা শুভাশ্বভং কর্ম কর্ডারমছবিন্দতি ।

অর্থাৎ হে দেবি, এই চরাচর সকলই কর্মাত্মক; মাতাই কার্য্য, পিতাই কর্ম; কর্মই পরম গুরু অর্থাৎ কর্মের হারা জীব, মাতৃপিতৃলাভ করিয়া থাকে, কর্মই সাধকের গুরুহরপ। এই কর্ম হারাই জীব জন্তুর উৎপদ্ধি ও বিনাশ ঘটিয়া থাকে। একটা কর্মপরম্পরা শেষ হইলে একটা দেহের নাশ হয়, আবার অভুক্ত কর্মের ফল ভোগ করিবার জন্তে নৃতন দেহ ধারণ করে। যেমন মাঠে সহস্র গো এবং বৎস বিচরণ করিতেছে; কে কাহার বৎস, তাহা তুমি আমি চিমিতে পারি না, পরস্ক বৎস নিজের জননীকে চিমিয়া ঠিক বাহির করে, তেমনি ভভাভভ কৃত কর্ম কর্তাকে বাছিয়া বাহির করে এবং তাহাকে জড়াইয়া ধরিয়া নৃতন দেহের স্বষ্টি করে। এই কর্মত্মক দেহাভাস্করে কুগুলিনী বিরাজকরেন এবং কর্মান্থ্সারে জীবকে পাপ পুণার ভাগী করিয়া থাকেন। রেশমের গুটি যেমন গুটিপোকা নিজেই গড়িয়া তোলে, তেমনি আমাদের দেহ আমরা নিজের কর্মান্থসারে গড়িয়া তুলি। এই দেহ কেমন ?

'আদে) সংজায়তে বীজং ব্রহ্মাণ্ডৈ: সহ সাক্ষ্যং।
তক্ত মধ্যে স্থমেকণ্ড ককালদগুরুপক: ॥
চরাচরাণাং সর্বেষাং দেবাদীনাং বিশেষত:।
আলয়: সর্বভূতানাং মেরোরভ্যস্তরেহপি চ ॥
প্রাদীপকলিকাকারো জীবো হৃদি সদা ছিত:।
রক্ত্রবদ্ধো যথা শ্রেনো গতোহপ্যাকৃষ্যতে পুন:॥

অর্থাৎ প্রথমে জ্রণের দেহেতে ব্রহ্মাণ্ডের বীজ্ম্বরূপ অন্থ্রাকারে বীজের উৎপত্তি হয়, সেই দেহের মধ্যে স্থমেন্দর ভায় কয়ালের দও বা পিঠের দাঁড়া তৈয়ার হয়। ইহারই মধ্যে সর্বচরাচর, দেব দেবী, এবং সর্বভ্তের আলয় ক্রন্ত থাকে। এইথানেই ব্রহ্মাণ্ডব্যাপিনী স্পষ্টশক্তির লীলা বিকাশ হইয়াথাকে। এই মেন্দণ্ডের মধ্যেই সপ্ত লোকের অবস্থিতি আছে। এইথানেই স্থ্যচল্লের বিকাশ, ম্বর্গনরকের থেলা, দেবাম্থরের লীলা হইয়া থাকে। ব্রহ্মাণ্ডের সংক্ষিপ্তসার এই দেহভাণ্ডে জীবাত্মা প্রদীপকলিকার ভায় হৎসানে বাস করেন। রক্ত্রেক প্রেনপাধী যেমন রক্ত্রের আকর্ষণে আবার পূর্বস্থানে আসে, তেমনি জীবাত্মাণ্ড দেহাবিভিন্ন হইয়া প্নঃ পুনঃ দেহেজারুই হইয়াথাকেন।

बहे रहर कुछिनी भक्ति माध्यकत कि बहुमादत जी वा शूक्यकश धात्र करतन। अवर मिह क्रथ अक्रमादा छाँदात नीनात विकास दरेश थाक। **এই कुछनिनीत श्वीक्र**भ नीनात्र कानी, মহাতৃর্গা, ছবিতা, ছিলমন্তা, সরস্বতী, वान्नी, कामाधााक्रिनी, माजनी, रेननश्चा, जाता, जेमा, नितिज्ञा, रेनक्री প্রভৃতি অনম্ভ রূপ আছে, এবং অনম্ভ রূপে এই দেহের মধ্যে অনম্ভ লীলা क्षकाम कंत्रिया शांत्कन। এই कुछनिनी शुश्करण बन्ता, विकृ, मित, मगांवजांत, বিভূক মুরলীধর শ্রীকৃষ্ণ প্রভৃতি নানা বিভূতির বিকাশ করিয়াছেন। পুংদেবতার मीमा अपना अपना करक है के प्रति । त्रहे मकन मीमात्र कथा नाना পুরাবে এবং ব্যাখ্যান-পুত্তকে প্রকট হইয়াছে। তন্ত্র এমন কথা বলিতেছেন না (य, এই সব ভাগবতী লীলার ইতিহাসকথা নাই, পরস্ক সে সব ইতিহাসকথা ব্দবতারতত্ত্বের ব্যাখ্যা করিয়াছে মাত্র। বেমন শ্রীরাম কতুকি রাবণবধ रेिजरां कथा थवः ये त्रावनवर्धत रहेजू वितामहत्वरक जनमाधात्रन जनवास्तत्र অবতার বলিয়া মনে করে। তেমনি শ্রীকৃষ্ণ ও বলরাম কর্তৃ ক কংলবধ, ভারতযুদ্ধ প্রভৃতি ঘটনা তাঁহাদের বিভৃতির প্রকাশক, অবতার বলিয়া পরিচিত তাঁহাদের খ্যাতির খ্যাপক। পরস্ক দেহতত্ত্বের দিক দিয়াও উহাদের ঐ সকল ঘটনার দার্থকতা আছে। একজের বৃন্দাবনলীলা নিভাঁজ রুদতজের ব্যাখ্যান মাত্র, উহার সার্থকতা দেহতত্ত্বর মাপকাঠির সাহাব্যে বুঝিতে হয়। মার্কণ্ডেয় চণ্ডীর প্রকৃত মর্ম দেহতত্বের সাহায্যে বুঝিতে হইবে। এই দেহতত্ব বঝিতে হইলে প্রথমে কর্মবাদ বুঝিতে হইবে;—কোন্ কর্মের প্রভাবে কেমন দেহ ধারণ করিলে, সে দেহে দেব ও অম্বরের লীলা কেমন ভাবে হইতে পারে, তাহা জানিতে হইবে। তাহার পর তত্ত্বের নির্দেশ অহুসারে ষ্টুচক্রভেদ ব্যাপারে শক্তির লীলাবিকাশ নিতে হইবে, সঙ্গে সঙ্গে বন্ধাণ্ডের সংক্ষিপ্তদার এই দেহের মধ্যে কোথায় কোন স্থূল ও শক্ষ শক্তির কেমন থেলা হইতেছে, ভাহা জানিতে हरेरव। **जथन वृ**क्षिर्य—'मनम्ख माजिननी त्क तमनी त्नरह बांग्न,' 'कांत्र म्लार्य নাচে রে, রণে উললিনীবেশে প্রভৃতি মহাজনরচিত দলীতকলের মর্ম কি। শেষে রসতত্ত্বের কথা, ভাবের কথা, ভক্তির কথা আপনা আপনি মনের মধ্যে ফটিয়া উঠিবে। তথন ব্বিবে—বাঞ্চকরতকর প্রকৃত অর্থ কি:--সে তরু কোখায় থাকে, সে তক্তলে কে বদিতে পায়, কাহার কেমন বাছা পূর্ণ হয়, এ সকলের প্রকৃত অর্থ জানা যাইবে। ভাষার নানাবিধ অলঙ্কারের আবরুণে বে আমাদের পুরাণ তম্ব কড মন্তার ও রদের কণা লুকাইরা রাথিয়াছেন, তাহা

এ ব্যাপারে বে না ভূবিয়াছে, সে বৃক্তিভে পারে না। এই দেছের মধ্যেই नर्वछीर्च, नकन नम् नमी, नकन नर्वछ नागत विश्वयान ; এই म्हाइत प्राथा नकन दिवजात नकन नीना निजा हहेत्जह । এह तह द्यमन चामात्मत्र कंर्यत्च्य, আমাদের জন্মভূমি ভারতভূমি, তেমনি আমাদের কর্মক্ষেত্র। দেহক্ষেত্রের সহিত জন্মক্তে ভারতবর্ষের সমতা রক্ষা করিবার জন্ম, দেহের মধ্যে যেমন কানী, প্রয়াগ, হরিষার, পুরীধাম প্রভৃতি পুণ্যক্ষেত্র আছে, তেমনই পুণ্যতীর্থসকলের বিক্তাস যথাসম্ভব ভারতবর্ষের সর্বত্র করা হইয়াছে। দেহের তীর্ষে তীর্ষে क् अनिनीदक नरेशा बारेशा श्रान मान कत्रारेतन त्य अभूव कतनाम्य रुत्र, वारितत्र কাৰী গয়া আদি পুণ্যক্ষেত্ৰে তীৰ্থ করিতে যাইয়া দান পূজা করিলে সেই क्न#ि निथिए हरेबाए। (मरहत य शांत श्रामधातत शाम्भा श्राक्कि, **म्हिशास्त्र शिख मितन, कुखनिनीत माशास्या वीक्षगर्वतमास्यत भतिहात कतिरछ** পারিলে, দেহগত পৈতৃক ধারার বিমৃক্তি বা পরিভদ্ধি হইয়া থাকে। প্রত্যেক সাধকের পক্ষে পিতৃধারার শোধন বা বিমৃক্তি অবস্থ কর্তব্য, প্রত্যেক গৃহস্থ হিন্দুর পক্ষে গরায় পিওদান অবশ্র কর্তব্য। ইন্সিতে ইসারায় কভ আর বলিব! সাধক যে ভাবে যাহা বুঝিয়া থাকেন, যে ভাবে বুঝিতে পারিলে শাস্ততত্ত্ব অনেকটা বুঝিতে পারা যায়, তাহা যতটুকু পারা যায়, ইবিতে বলিয়াছি। আসল কথা, আমাদের শান্ত—আমাদের সাধনতম বুঝিতে रहेल.-

'ডুব দে রে মন কালী ব'লে, হাদি রত্বাকরের অগাধ জলে। রত্বাকর নয় শ্বা কথনো, ছুই চার ডুবে ফল না পেলে।' ইহা ছাডা অক্য প্যা নাই, অক্য সোজা পথ নাই।

কাম ও মদন

۵

কি বৈষ্ণব, কি ভান্তিক, সকলকেই হিন্দুর সাধনতত্ত্ব বৃঝিতে হইলে কাম ও মদন, এই তৃইটির মূল অর্থ ও তাৎপর্য বৃঝিতে হইবে। ইংরেজী পড়িয়া, ব্রীষ্টানি সিদ্ধান্তে বিভার হইয়া কাম ও মদন বলিলেই আমরা এখন রিরংসার ভাবটাই বৃঝিয়া লই। উহাতে যে রিরংসা নাই, এমন কথা বলি না; কিছ রিরংসা ছাড়া উহাতে আরও অনেক ভাব, অনেক ব্যাপার আছে। সেই সকল বিষয়ের পূর্ণ উপলব্ধি না হইলে তান্ত্রিকী উপাসনা এবং গৌড়ীয় বৈষ্ণবিদিগের মধুর রসের সাধনা এবং প্রেমতত্ত্ব, কিছুই বৃঝা ঘাইবে না। কেবল ভাহাই নহে, কাম ও মদনতত্ত্ব সমাক্ হাদয়কম না হইলে সংস্কৃত সাহিত্যের প্রকৃত রসাম্বাদে আমরা বঞ্চিত থাকিব। তাই কাম ও মদনতত্ত্বে আমি যতটুকু বৃঝিতে পারিয়াছি, তাহারই একটু পরিচয় পাঠকগণকে দিব। বলিয়া রাথা ভাল ধে, শাল্রের গণ্ডীর বাহিরের কোন সিদ্ধান্তের উল্লেখই আমি করিব না; কেবল বাছল্যভয়ে পদে পদে শান্ত্রবচন উদ্ধার করিতে পারিব না।

এক আমি বছ হইব, এই কামনা হইতেই স্টের উৎপন্ন। 'সোহকাময়ত একোহং বছ আম্'— ইহাই শ্রুতিবাক্য। এই কামনার ইচ্ছা তাঁহাতে নিত্য বিভয়ান; কথন বা উহা ফুটিয়া উঠে, কথন বা উহা সন্মৃত অবস্থায় থাকে। এই কামনা আছে বলিয়াই তাঁহাকে রসময় বলা হয়। 'রসো বৈ সং'— তিনিই রসম্বরুপ। রস বলিতে আমরা এখন ব্রি থেজুররস, ইক্ষুর রস,— একটা জলীয় কাথ মাত্র। কিন্তু রসের কেবল সে অর্থ নহে। রস তাহাই, যাহার সাহায্যে অবস্থার পরিবর্তন ঘটে, এক অবস্থা হইতে অবস্থান্তর প্রাপ্ত হত্তা যায়। রস, বিপরিণামের সহায়ক শক্তি মাত্র। তাই কেমিষ্ট্রীকে রসায়নবিদ্ধা বলা হয়; পারদকে রসপ্রধান বলা হয়; কারণ পারদের সাহায্যে বন্ধ ধাতুর অবস্থান্তর ঘটান যায়। তিনি রসমন্ত্র; কেন না, তিনি ইচ্ছা ক্রিলে সকল আকার থারণ ক্রিতে পারেন, অসংখ্য অবস্থান্তর লাভ

করিতে পারেন। তিনি রসময়,—কেন না, বিশ্বস্থাইর এই অনস্থ বৈচিত্তার উচ্চাসঞ্জাত ; তিনি সকল বৈচিত্তাের মধ্যে থাকিয়া লে বিচিত্তাের বাহার ফুটাইতেছেন বলিয়া তিনি রসময়। তিনি রসময়; কেন না, তিনি এক হইতে ছই, ছই হইতে অনস্থ কোটিতে নিজেকে ছড়াইয়া বিলাইয়া দিতে পারেন। তিনি রসময়; কেন না, তিনি এই বিশ্বস্থাইর বিচিত্ততাকে নিজের মধ্যে সংস্কৃত করিয়া রাখিতে পারেন। তিনি এক হইতে বহু এবং বহু হইতে একে বিপরিণতির কর্তা বলিয়া তিনি রসময়। রসের এই মূল অর্থ ধরিয়া, পরে পদার্থ মাত্রেরই নির্যাসক রস বলিয়া সাধারণ্যে গ্রাহ্ম করিয়া লইয়াছে। মূলে কিছু বিবর্তনের শক্তিকেই রস বলা হইয়াছে।

বে শক্তির ধারা স্টের বিন্তার ঘটে, তাহাকেই আদি রস বলে। এক আমি বছ হইব, ইহাই আদি রসের মূল হলে। তেমনই আমাদের রসায়নশাল্পে ধে পদার্থের সাহায্যে অন্ত একটা পদার্থের বিবর্তন সম্ভবপর হয়, তাহাই তাহার আদি রস বলিয়া পরিচিত। ধেমন তাদ্রের সহিত দন্তা মিশাইলে পিন্তল হয়, পিন্তলের আদি রস দন্তা। কারণ, তামার সহিত সোনা বা চাঁদি, লোহা বা পারা মিশাইলে পিন্তল হয় না; স্ক্তরাং পিন্তলব্ধণে বিপরিণ্ডির পক্ষে দন্তাই উহার আদি রস।

মহয়দেহে বিপরিণতিসাধক অনেক প্রকারের শক্তি বা আসন্ধি আছে।
সে দকল শক্তির মধ্যে বে শক্তির সাহায়্যে মহয় এক হইতে বছ হইতে পারে,
তাহাই দেহজাত আদি রস। প্রথমে শিশু বিভার বিভাস্ত ভাবে ভূমিষ্ঠ হয়;
ভূমিষ্ঠ হইবার দিন হইতে মৃত্যুর দিন পর্যন্ত যে বে শক্তির প্রভাবে ভাহার
শৈশব, পৌগগু, বাল্যা, কিশোর, যৌবন, প্রৌচ্ডা, বার্বক্যা, জরা প্রভৃতি নানা
পরিবর্তনের প্রকাশ হয়, সেই সেই শক্তি ভাহার দেহগভ নানা রস বলিয়া
পরিভিত। তত্ত্ব, দেহের এই সকল পরিবর্তনকে ঠিক chemical changes
বা রাসায়ণ বিবর্তন বলিয়া নির্দেশ করিয়াছেন; রসায়নশাল্পের পরিভাষায়
দেহগভ রসায়নের বিশ্লেষণ করিয়াছেন। বিশ্বব্যাপী আত্মা, যেমন রসের
প্রভাবে বিশ্বস্থান্টর বিচিত্র লীলা প্রকট করিভেছেন,—নাটের গুকু নটবর ভিনি
বিশ্বজ্ঞাণ্ডের সর্বন্থে যেমন পরিব্যাপ্ত হইয়া অপূর্ব সৌন্দর্য, গান্ধীর্য ও মাধুর্যের
বিকাশ করিভেছেন, তেমনি, দেহগভ আত্মা শৈশব, যৌবন, বার্ধক্য জাদির
উন্মেয় ঘটাইয়া দেহমন্দিরে বিসন্থা অপূর্ব লীলা বিশ্বার করিভেছেন। যে
কেমিন্ত্রী বা রসায়ন বিশ্বসংসারে নিত্য বিশ্বমান, সেই কেমিন্ত্রী বা রনায়ন

বেছভাণ্ডে নিজ্য বিভয়ান; উভরের ক্রিয়া এক রকমের, উভরের প্রভাব এক প্রকারের। তাই তন্ত্র বলিয়াছেন—যাহা আছে ব্রহ্মাণ্ডে, তাহাই আছে দেহভাণ্ডে। বিশ্বাত্মা রসমন্ত্র, দেহগত আত্মাপ্ত রসময়। বিশ্বব্যাশী আত্মা বেমন এক হইতে বহুতে পরিণত হইতে চাহেন, দেহগত আত্মাপ্ত তেমনি এক হইতে বহুতে বিভ্যুক্ত হইতে চাহেন। বাহিরের আদি রস এবং ভিভরের আদি রস, তৃই এক ও অভিন্ন, কেবল উহাদের অভিব্যশ্বনা কিছু স্বতন্ত্র রকমের।

কঠোর সংঘমী তপস্বীদিগকে লক্ষ্য করিয়া তব্ধ বলিতেছেন যে,—দেখ দেখ, শৃষ্টির উল্লেখ-ভদীটা এক বার দেখ। প্রথমে একটা রক্তের ডেলাত ভূমিষ্ঠ হুইল, তাহার পর তাহাকে ওক্ত পান করাইয়া, আহার ঘোগাইয়া নে পূর্ব মহুয়ে পরিণত হয়, তাহা হইতে আবার নৃতন নৃতন মহুয়ের সৃষ্টি হয় কেন —কে জানে ? কিছ তথাপি হয়। কেবলই কি হয় ? পিতামহ ও মাতামহকুলের উর্বতন উনপঞ্চাশ পুরুষে পরিলক্ষিত নানা বৈশিষ্ট্যসমেড হইয়া উৎপন্ন হয়। একটা অতি ক্ষুদ্র বীজ হইতে বিশাল বনস্পতি গগন ভেষ করিয়া উচ্চে উঠে; তাহাতে কত ফুল, কত ফল জয়ায়, কড শোভা, কড সাধুর্য ফুটিয়া উঠে, তাহার পর অমনই কত অগণিত নৃতন বুক্লের বীক তাহা হুইতে সঞ্চর করা যায়। এক আমি বছ চুইবার কামনা নিদর্গস্থন্দরীর সর্বাদে ষেন নিত্য দৰ্বক্ষণ ফুটিয়া রহিয়াছে। স্বষ্টমাধুরীর এই বিচিত্র শোভা, এই অঞ্জের ও অজ্ঞাত কর্মপরম্পরা তোমার সংযম তপস্থার অন্ধতমসাবৃত পথে পা छा यहित ना। काथ हारिया ना तिथल हेरात परिया कछकछ। त्या वाहेरव ना। यथमै माछुगर्ड इहेर्ड खन्ड इहे, उथम रामना भाहेबा काँ निया উঠি, তথন একটা জীব ফুই ঠাই হয়, বোধ হয় তথনই আমার অন্তিজ্বের জ্ঞান বিত্যাদ্বিকাশবং কণেকের জন্ত ফুটিরা উঠে। তাহার পর গর্ভজাত বছণা পাসরিবার কালে, তিন মাস পর্যন্ত বেন মহাঘোরে বিভোর থাকি। শেষে মান্ত্রের মুখ দেখিতে দেখিতে, মান্ত্রের গুন ধরিয়া পীযুষধারা পান করিতে कतिएक, शांक भा हूँ फ़िएक हूँ फ़िएक आमात आमिएकत अधानहै। शीरत शीरत मुछ इटेशा यात्र। ज्थन वृति-वािश धक जन। त्रहे धक जन हाशा (मृत्र, থেলা করে, কাঁদে, পরে চলিতে ফিরিতে, উঠিতে বসিতে শিখে, বছর পার্থক্য ও দুর্ঘ অফুভব করিতে শিথে এবং ধীরে ধীরে মান্ত্র হইয়া উঠে। এই ৰাহ্য ৰখন বৌবনে পদাৰ্পণ করে, তখন তাহার দেহের কড শোডাই ফুটিয়া উঠে। সেই শোভার আকর্ষণে, চিন্তবৃত্তির মোহের প্রেরণায় সে অপর

সকলকে নিজের দিকে টানিয়া আনে এবং আরও কত নৃতন স্কৃষ্টির স্চনাকরে। অহরহং সর্বত্ত এবং সর্ববিষয়ে এই এক আমি বছাহইবার ক্রিয়া চলিতেছে। জীবদেহ হইতে ৰাহা নির্গত হয়, তাহা হইতেই জীবের স্পষ্ট হয়, —কীট পতক, অণু পরমাণুর মত জীবাণু বে কত অসংখ্য ফুটিয়া উঠে,— দেহের ভিতরে বিচরণ করে এবং দেহের বাহিরে উড়িয়া বেড়ায়, তাহার আর হিসাব করা বায় না। ইহাই স্কৃষ্টিপ্রহেলিকা, লীলাপ্রহেলিকা; এ প্রহেলিকা ব্রিবার চেষ্টাতেই পদার্থতত্ত্ববিদ্ পণ্ডিতগণকে পরীকা, সমীকা, প্রতীকা, অধীকা প্রভূতির প্রয়োগ করিতে হয়। কেবল চোখ বৃজিয়া থাকিলে সাধনা হয় না। এক বার নয়নময় হইয়া দেখ,—দেখার মতন দেখ।

তম্ব এইটুকু বলিয়া ক্ষান্ত নহেন। তম্ব বলেন যে,—যে রসের প্রভাবে রূপের বিকাশ, মোহের বিকাশ, শেষে এক হইতে বছর বিস্তৃতি, সেই রসই चाहि तम, এবং দেই রদের সাহায়ে যে সাধনা, তাহাই শ্রেষ্ঠ সাধনা। এই चाहि तरमत वरित्रक्तंत्र माधनात करल तमायन, ज्याजित, निज्ञकना, चात्रुर्तह প্রভৃতি শান্ত্রের ও বিভার উদ্ভব হইয়াছে। এই আদি রসের অস্তরঙ্গের সাধনার কলে তল্পের প্রায় সকল আরাধনার পদ্ধতি আবিষ্কৃত হইয়াছে। বৈফবের মধুর রন্মের সাধনা এবং প্রেমের পথের আরাধনা এই আদি রসের অন্তরক সাধনার একটা প্রকারান্তর মাত্র। তম্ন বলেন যে, এই আদি রস হইতে রিরংসার উৎপত্তি হইয়াছে বলিয়া উহার নিন্দা করিও না। বিশ্বস্থাতিত নিন্দার বা পরিহারের কিছুই নাই। যাহা ভোমার উপযোগী নহে, তাহা তোমার পরিহারযোগ্য হইলেও, অন্ত কোটি জীবের নহে। রিরংসা না হইলে यथन प्रष्टि मछन्भत नरह; इतित, जनम-निचम्हित मर्वत्य यथन तितःमा দেদীপামান, তথন উহাকে পরিহার করিতে নাই, উহার নিশাও করিতে নাই। উহার মধ্যে কি ঋপ্ত তম্ব নিহিত আছে, তাহ। বুরিবার চেষ্টা কর, কোন্ কোন শক্তির প্রেরণায় উহার বিকাশ হয়, তাহা বুঝা; তবে ত অষ্টিতছ বুঝিতে পারিবে। স্বষ্টতত্ত্ব বুঝিতে না পারিলে নিজেকে—দেহগত আত্মাকে ঠিক বুঝিতে পারিবে না। আত্মপরিচয়ই সাধনার শ্রেষ্ঠতম উদ্দেশ্র। প্রথমে আত্মার বাহিরের বিকাশ বুঝ, তবে ভিতরের লীলা বুঝিবে; প্রথমে ব্যাছডি एमथ, তবে সংস্কৃতি বৃক্তিবে। শিত ঘাহা দেখে, তাহাই শিখে; বালক ও क्का बूटे ब्यन्टे मारक रमस्य, मारबद बाँहन धतिया राष्ट्रांब ; क्का हाबि रश्मक বরদের হইতে না হইতে জননী হইতে চাহে; পুতুল না পাইলে একথানা ইট কোলে করিয়া ছেলের আদর করিতে শিথে। বালক পুত্র কিছু না হইতে — জননী সাজিতে চাহে না; সে পিতার দেখাদেখি গাড়ী চড়িতে, ঘোডার চড়িতে চাহে; স্বীয় প্রভূষ বিস্তারের উদ্দেশ্যে উৎপাত উপত্রব করিতে থাকে। শিশু করা ও পুত্রে এ পার্থক্য, এমন বৈষম্য কেন । এই মাতৃষ জীবের হৃদয়ে কে গাঁথিয়া দিল । বাবা মা হইবার এত সাধ কেন । উত্তরে বলিব— 'একোহহং বহু স্থাম্' এই মহাবাক্যের ইহাই প্রাকৃত বা নৈসগিক অভিব্যক্তনা মাত্র। স্কুতরাং এই অভিব্যক্তনার বিশ্লেষণ করিতে পারিলে, ইহার মর্ম বৃবিতে পারিলে, বাহার এই অভিব্যক্তনার, তাঁহাকে কতকটা চিনিতে পারা যাইবে।

তম্ভ বলিতেছেন ষে—চাও ত আত্মসাকাৎকার। অতএব আত্মবিকাশ-পদ্ধতি এই বিশ্বস্থাটিতে যে ভাবে হইতেছে, ভাহা বুঝিতে চেষ্টা কর। কাম ও মদনের বারা এই বিশ্বসংসারে আত্মার অগণ্য ও অগণিত বিকাশ হইতেছে; স্বতরাং কাম ও মদনতত্ত্ব না বুঝিলে আত্মপরিচয় ঠিকমত হইবে না। আদি চ্যতি হইতেই মদনের বিকাশ, তাই সর্বজীবে, স্কাষ্টর সর্বব্যাপারে মদন যেন জড়ান মাথান রহিয়াছে। আদি চ্যুতি কি ? পূর্ণ এক্ষ বধন বাবে কণে 'এक चात्रि यह रहेव' विनिशा वामना श्राकाण कत्रितन, उथनहे रवन नीनात হিনাবে দেই এক বিশ্বব্যাপী আত্মা হইতে সোপাধিক অগণ্য আত্মা খণ্ড থণ্ড হইয়া বিচ্যুত হইল। বিশ্বব্যাপী আত্মা অনম্ভ ও অক্ষ্ম, চ্যুত আত্মা সকলও অনন্ত অকয়; কিন্তু উপাধিবশাং খতত্ত্ব। এই খতত্ত্ব আত্মা বিশ্বব্যাপী আত্মার সহিত মিলিতে মিলিতে চাহে। যেমন সম্প্রসারণ, তেমনই সংহরণ হইবার CBB1 राष्ट्र । এই मःराय-एक्टोरक देवस्थव, स्रीत्यत निष्ठा-वित्र विनाम शास्त्र । তম এই মিলনাজ্ঞাকে মদন বলেন। তোমাকে আমার মতন করিয়া লইব. ভোষাকে আমাতে পূর্ণভাবে ভুবাইয়া লইব, ইহাই হইল মদন। মন্তাবভাবন ইতি মদন:—আমার মত ভাবিত করিয়া লওয়া—আমাময় করিয়া লওয়াকেই मनन तत्न। हः मः- जहः मः- जामिहे या जुमि, हेहात मार्थकणा मन्नामन যাহার বারা হয়, তাহাই মদন। চ্যুত জীব অচ্যুত পরমাত্মার বাহার সাহায়ে মিশিতে চাহে, ভাহাই মদন। যত দিন অচ্যত প্রমাত্মাকে বুঁজিয়া না পার, তত দিন চ্যুত জীব অক্ত চ্যুত জীবের সহিত মিশিবার চেষ্টা করে। ইহাই एटेन स्टिविययक महन । धरे स्टिक्क महत्तव विश्वय कवितन दिशा यात्र है. উচার সাহায়ে সংসারে আত্মবিকাশ হইস্বা থাকে। অতএব স্টেকর মদনকে

ন্ধানিতে ও ব্ঝিতে পারিলে বিশ্বস্থিতে আত্মবিকাশের পরিচয় কডকটা পাওয়া বাইতে পারে। ইহাই হইল মদন আরাধনার প্রথম তার। রসায়ন, চিকিৎসা, উদ্বিদ্যা, জ্যোতিষ প্রভৃতি পদার্থতত্বজাত বিভাসকল মদন আরাধনার প্রথম তারভৃক্ত।

ইহার পরে তন্ত্র বলিতেছেন বে, তুমি মাছ্য—তোমার মধ্যেই স্ত্রীম্ব ও পুম্ম, তুই নিত্য বিভ্যমান। এই তুই শক্তির সাহায্যে তোমারই মধ্যে অনবরত স্থাষ্ট ছিত্তি বিনাশের কার্য্য চলিতেছে। এক বার দেহের ভিতরকার ব্যাপারটা ব্রিবার চেটা কর না। আমি জোমাকে পথ দেখাইতেছি। ইহাই হইল দেহতত্ত্বের বা অন্তরকের সাধনা। এই সাধনার অন্তর্গত ঘট্টকেভেদ, কুলকুগুলিনীর জাগরণ, শবসাধন প্রভৃতি সাধনার উল্লেখ আছে। দেহতত্ত্বের আরাধনায় মদনতত্ব আছে, তবে সে মদনতত্ত্বের পরিণতি আত্মারামের প্রাপ্তিতে ঘটিয়া থাকে। বহিরদের এবং অন্তর্গকর উভয়বিধ উপাসনাতেই আত্মারাম লাভ হইয়া থাকে; কেবল উহার প্রকারভেদ ঘটে। তন্ত্র তাহারও বিশ্লেষণ করিয়া দিয়াছেন।

এইবার মোটের উপর সিদ্ধান্তটা কি দাড়াইল, তাহাই বুরিয়া লওয়া ষাউক; তাহার পরে কাম ও মদনের পার্থক্য বিচার করা যাইবে। তন্ত্র বলিতেছেন যে, আমি আমাকে চিনি আর নাই চিনি, 'আমি' নামক ্য শক্তিসমষ্টি বা যে এক অপূর্ব শক্তি আমার দেহের মধ্যে থাকিয়া আমাকে সব (मथारेटाइ, त्यारेटाइ, हिनारेटाइ, तारे वाशिरे वाशांत कात्तत अ প্রজ্ঞানের একমাত্র অবলম্বন। সেই আমির মধ্যে একটা অভৃপ্তি, একটা পিপাসা মহরহ: বিরাজ করিতেছে। সেই পিপাসা নিবৃত্তির জ্ঞাই আমি উপাসনা করিতে উপদিষ্ট হইয়া থাকি। অথবা সেই আমার পিপাসাই আমাকে, আমা অপেকা বৃহত্তর শক্তিকে, নিদর্গন্থনারীর অপুর্ব বিকাশকে উপাসনা করিতে শিখার। আমি ষেন অহরহ: আমা ছাড়া আর একটা কিছুকে ধরিতে চেটা করিতেছি। আমি উষার রক্তিম রাগ দেখিলে বিভাস্থ হই, ফুলের শোভা দেখিলে মুগ্ধ হই, সমুদ্র দেখিলে—পর্বত দেখিলে আত্মহারা হই; পকান্তরে মেনগর্জনে, ঝঞাবাতে, সমৃত্রের তৃফান ভরতে, ভূমিকম্পে — শক্তির বিরাট বিকাশে আমি যেন সন্থুচিত হই। তথাপি স্বভাবের এই ভীম विकाम स्विश्व थान यम होय-छाहार छुविया बाहे-विशाहेया थाकि। এই পিপাসা, আকাজ্ঞা, মোহ বা বিভ্রান্তি এক আমি বছ হইবার সাধ হইতে উৎপন্ন। এই কাষনা ক্ষ্ট পদাৰ্থ যাত্ৰেরই যথো পরিবাধা। এই কাষনা यथन, जब नाना छेशास शतिकश्च रहेवात क्रिहा कतियां अ शतिकश्च रूप ना. जथनरे कौर अक रात निरक्त प्रिक जाकारेश एएर, अर निरक्त मरश फ्रिश्त অমুসন্ধান করে। ইহাই উপাসনার মূল তত্ত্ব; এবং ইহাকেই কামোপাসনা वा भाग बाताथना वरता। हेटा ट्टेंप्ड चड्ड डेनामना किट्टरे नाहे। बाधिरे আমার ইষ্ট, আমিই আমার সাধ্য। কিন্তু এই আমি আমা হইতে বিচ্ছুরিত হইতে চাহে বলিয়াই আমার আমিছকে আমা হইতে চাডিয়া বাহিরে বিলাইয়া দেয়, বাহিরের ব্যাপারে হরির দুঠ করিয়া দিতে চাহে বলিয়াই আমি, আমা চাড়া একটা স্বতন্ত্র দেবতার পরিকল্পনা করিতে বাধা হই। প্রকৃতপক্ষে সে **एवर्डा जामिहे—जामात्रहे जाज्यानिक, जामात्रहे एवर्ड क्रुडिन्नी। (क्रवनहे** কি তাই ? আমার কুগুলিনী আমার আমিত্বের শিব্যতির চারি ধারে যেন জড়াইয়া পাকাইয়া আছে। আমি আছি—এই জ্ঞান আমার শিবজ্ঞান; कुछनिनी এই खात्नित हाति शाद्य पुतिया कितिया जामादक जीव जाजाय, नाना অমুভূতি ও আসজির সমষ্টিরপে পরিণত করিয়াছে। এই লীলাময়ী শক্তির প্রভাবে আমি একটা ব্যক্তিতে, একটা ব্যষ্টিতে পরিণত হইয়াছি। ইমিই আমাকে সোপাধিক এবং স্বতম্ব পুরুষে পরিণত করিয়াছেন; ইহারই মায়া-প্রভাবে আমি আমাকে চিনিতে পারি না. কম্বরীয়গের মতন আত্মশক্তির मुगमान विखास रहेशा भागत्नत साम मन मित्क इपिशा विखास । এই इंडोइहि বন্ধ করাই উপাসনার প্রথম উদ্দেশ্য। বেমন যুবক ভালবাদা পাইলে, স্থলরী যুবতী পাইলে শাস্ত হয়, তেমনই সাধক নিজের দিকে তাকাইতে শিখিলে অনেকটা শাস্ত হয়। ইহাই হইল সাধনার অন্তম উদ্দেশ ।

'এক আমি বহু হইব' বলিলেই বুঝিতে হইবে, এক ছই হইরাছে অথবা একে বিতীয়ের অধ্যাস হইয়াছে। কারণ, যিনি এক ও অবয়, তিনি ত ছুই বা বহু হইতে চাহিবেন না। একটা অভাবের অহুভূতি না হইলে সে অভাব প্রণের চেটা হয় না। কাজেই শাল্প অহুমান করিতেছেন যে, সেই অক্ষর, অব্যয় এক পদার্থে বিতীয়ের অন্তিত্ব আছেই। এক তিনি—ভাঁহাতেই জনক জননী ছুই বর্তমান। স্ত্রীত্ব পুংত্ব অথবা মাতৃত্ব গিতৃত্ব তাঁহাতে নিভ্য-বর্তমান। এই ছুই শক্তি বথন সন্মূত্ অবস্থার থাকে, তথন এক তিনি বোগ-নিব্রায় ময়, আপন ভাবে আপনি ভরপুর, আপনার অনন্ত অন্তিত্ব সহাকাশ ও চিয়াকাশ, ছুই পরিপূর্ণ। ক্রিক্ত 'একোহহং বহু স্থাম্' এই ইচ্ছাশক্তির বিকাশে অনক্ষ

পরিপ্তার একটু শৃক্ততা লক্ষিত হয়। কেন এমন হয় ? ইহা ওাঁহার নীলা, --বুঝিবার জো নাই, বুঝাইবার উপায় নাই ! স্পটির হিসাবে এই ইচ্ছা নিড্য; या किन रहि. एक किन वहें हेव्हा वनवजी शांकित्वहें। वहें हेव्हा आह विवयारे मरमाद्र क्रभ चाहि, भांका चाहि, चाकर्रन विकर्यन चाहि-काम আছে, মদন আছে। একে তুইয়ের বিভয়ানতা অনুমিত হয় বলিয়াই এক অক্তকে চাহে; যত কণ যোগনিস্তা থাকে, তত কণ এই আকাজ্ঞার উদ্ভব হয় ना। पुत्र ভाकितारे अभवतक श्रेंकिए रेक्स यात्र। त्मरे रेक्सात अভिवासना— 'লোহকাময়ত একোহহং বছ স্থাম্।' তম্ম বলেন,—বোগনির্দ্রাভিত্বত, সন্মৃত, দর্বব্যাপী পূর্ণ ব্রন্ধে আমাদের কোন প্রয়োজন নাই। তিনি যেমন বাক্য মনের অগোচর আছেন, তেমনই থাকুন। আমরা বৃথিতে চেটা করিব কেবল তাঁহাকে, যিনি বছ হইবার বাসনা প্রকাশ করিরাছেন। कातन, এই বাদনাই ट्रेन चाहि काम, এই कामजन कीवम्छ. বিশব্দ । আমরা দেহী জীব, আমরা স্বাই কামজ। স্থতরাং আমাদের বোধি, কামকলানিধির লীলানটনের অতীত কোন কিছু বুঝিতে পারে না। তাই কামী তিনিই আমাদের উপাশু। তিনি কোথায় ? ভন্ত উত্তর করিলেন. —হং স: অর্থাৎ অহং স:—আমিই সেই। আমার বাহিরে তিনি আছেন কি ৰা জানি না, তবে আমার ভিতরে যিনি আছেন, তিনিই আমাকে ভিতর বাহির চিনাইতেছেন। তাই আমি বুঝিতেছি যে, আমার ভিতরে খিনি, তিনিই বাহিরের তিনি। আমি ছাড়া বাহিরে কিছু আছে কি না, তাহা ত আমি বলিতে পারি না; আমি ছাড়া বাহির কিছু থাকে কি না, ডাহাও বুঝিবার উপায় নাই। আমার ভিতরে যিনি আছেন, বঁংহার কুপায় আমার দ্বাবয়বে একটা আমিষের বিভা ফুটিয়া উত্তিয়াছে, তিনিই আমাকে পদে পদে ৰুঝাইয়া দিতেছেন যে, আমিই সর্বব্যাপী—আমিই তিনি।

তন্ত্র এইখান হইতে বা উপনিষদ্ হইতে স্বতন্ত্র হইয়াছেন। তন্ত্র উপনিষদের বা বেদান্তের কোন সিদ্ধান্ত অমাক্ত বা অগ্রাফ্ করেন না; কেবল বলেন যে, উপনিষদ্ বাহিরের আত্মাকে আগে ধরিয়া, তবে অন্তরের আত্মার পরিচয় লইয়া, সেই লইতে চেষ্টা করেন। তন্ত্র সর্বাগ্রে ভিতরের আত্মার পরিচয় লইয়া, সেই আত্মার কষ্টিপাথরে বাহিরের আত্মার ষাচাই করিয়া লন। সোহহং আসল কথা নহে; অহং সং বা হং সংই আসল কথা। তিনি আমি কি না—কে জানে? আমিই বে তিনি, তাহা আমি জোর করিয়া বলিতে পারি। কারণ.

আৰি তিনি না হইলে আমার আমিমজ্ঞান আসিবে কোখা হইতে? আমি দেখিতেছি, ব্বিতেছি, শুনিতেছি, ভাবিতেছি—কারণ, আমিই বে তিনি। স্থতরাং চিনিতে হইলে আমিই তাঁহাকে চিনিব। আমি ষেমন আমা ছাড়া বিশ্বস্থাওকে চিনিতেছি, দেখিতেছি, ব্বিতে চেষ্টা করিতেছি, তেমনই আমিই তাঁহাকে চিনিব, ব্বিবে ও ধরিয়া আপনার করিব।

সেই আমি কে ? স্থীত্ব ও পুংত্তের সমবয়ন্ত্রাত একটা শক্তিসমষ্টি। আমার मार्था माज्य, व्यामात्रहे मार्था शिक्ष विश्वमान। व्यामि विश्व नहे , उत् শামাতে পিতৃত্ব প্রবল, মাতৃত্ব সন্মৃত। আমি যদি নারী হই, তবে আমার পিতৃত তুৰ্বল বা সন্মৃত, আমার মাতৃত্বই প্রবলও প্রকট। তন্ত্র বলেন,— প্রত্যেক জীবের মধ্যে স্ত্রীশক্তি এবং পুংশক্তি আছে, জনক জননী সর্বজীবে নিত্য বিছমান। তবে এই ছুই শক্তির মধ্যে বে শক্তি যে জীবের মধ্যে প্রবল, দেই জীব সেই শক্তি অফুসারে নর বা নারী বলিয়া পরিচিত হইরা পাকে। উদ্ভিদ্ জীবে স্ত্ৰীত্ব ও পুংস্থ প্ৰায় সমভাবেই প্ৰকট। স্বেদ্জ, অওজ ও জ্বায়ুক জীবে কেবল স্ত্রীহ ও পুংস্কের তারতম্য ঘটিয়া থাকে। কামজ পদার্থ विवाहे—'এक चामि वह रहेव' এই कामना रहेए मक्कां विवाह, विषक्षित मर्वत्य, मर्व अवार्ष, मर्व मंख्निष्ठ এই जीव शृश्य निष्ठा विश्वमान । इंटारे ट्रेन তত্ত্বের চরম ও প্রধান সিদ্ধান্ত। পুরুষ যথন এক হইতে বছধা বিভক্ত হইবার কামনা করে, তখনই ভাহার অন্তর্গত স্ত্রীত্ব ফুটিয়া উঠিয়াছে ববিতে হইবে। এই ক্লীড বা আছা শক্তির ইন্ধিতেই কামের বিকাশ এবং উহারই পরিভোষের জন্ম মণনের উৎপত্তি। কাম ও মদন স্প্রতিত্বের ছই জ্ঞাতব্য বিজ্ঞানযোগ্য ব্যাপার, উহা হইতে অজেয়কে বুঝা যাইবে।

বলিয়াছি ত—এই চাঞ্চলা, এই বহু হইবার আকাজ্জা মদনতত্ত্বের অন্তর্গত। এই তত্ত্বের উপর স্বীয় প্রাধান্ত বিস্তার করা যায় হুই উপায়ে—এক, মদনকে মোহিত করিয়া, মদনমোহন হইয়া; বিতীয়, মদনকে ভস্ম করিয়া—মদনমধন করিয়া। এই হুই উপায় অনুসারে হুই প্রকারের উপাসনাপদ্ধতি নির্ণীত হইয়াছে; এক শৈব, বিতীয় শাক্ত। শৈব মদনমধনের পদ্ধতি; মাহেশর যোগশাস্ত্র, হঠয়োগ, শিবষোগ প্রভৃতি ইহার অন্তর্গত। শাক্ত উপাসনা—মদনমধনমনোহারিশীর উপাসনা। এই উপাসনার সাহায়ে মদনকে মৃয়্ম করিয়া, কামের পদ্ধা অবলম্বন করিয়া আত্মসাক্ষাৎকার লাভ হয়। তত্ত্বের এই মদনমোহন সাধনকে মৃল করিয়া সহজিয়া বৈক্ষব ও গৌড়ীয় বৈক্ষবগণ মধুর

রুসের সাধনার উদ্ভব ঘটাইয়াছেন। ডবে সহজিয়া বৈক্ষবয়তের ও ভ্রমতের মধ্যে পাৰ্থক্য এই যে, তম্ব আছা শক্তিকে জননী বলেন, সহভিন্না সাধুপণ তাঁহাকে রমণী বলিয়া পূজা করেন। এই বিভগুর কথা ধরিয়া আমি 'মানসী' এবং 'সাহিত্য' নামক তুইখানি মাসিক পত্ৰিকায় গত পূজার সংখ্যায় একটু আলোচনা করিয়াছিলাম। তদ্ধ বলেন যে, মায়ের গর্ভে পুত্তের জন্ম হয়; কেমন করিয়া হয়, কোনু পদ্ধতিক্রমে হয়, তাহা এক বার ব্রিবার চেষ্টা কর না—আত্মার একট পরিচয় পাইবে। ইহাই তান্ত্রিক মদনতত্ত্বের গোড়ার একটা कथा। काम इटेन महत्तर भाषा, महत्तर राष्ट्र। इलाहिनी मास्त्र বিকাশ কাম হইতে হয়। বিশ্বস্থীর যত শোভা, যত মাধুর্য, সবই কামজ। মদন মোহন ख्रीकृष्ण्य ख्रीमजीरक जांहे काम कनानिधि कमनिनी वना हहेग्रा थारक। বৈষ্ণব স্পষ্টতত্ত্ব বা আমার বছধা বিভক্তির রহন্ত বঝিতে চাহেন না; স্প্টতত্ত্বের মূলে যে অক্ষয় মধুর রসটুকু আছে, তাহারই উপভোগ করিতে পিপাস্থ। তম वलन, তাও कि रश- श्रीष ও পুংছের তত্ত্ত না বৃষিলে উহাদের সমাহারে যে জীবাত্মার সৃষ্টি, ভাহাকে বুঝিব কেমন করিয়া? কেবল মধুর রুদের ক্তথাপানে প্রমত্ত থাকিলে আত্মসাক্ষাৎকার হইবে না। সে রস যাহার বিপরিমাণ, যে লীলার পরিণতি, তাহাকে বুঝিতে হইবে। সেই বোধের অবলম্বনম্বরূপ, সেই বোধের সহায়কম্বরূপ তন্ত্র নানা সাধনাপদ্ধতির উল্লেখ করিয়াছেন। তন্ত্র-পাপ পুণ্য, উচিত অমুচিত, শ্লীল অশ্লীল, ভচি অভুচি, किছुই মানেন না। তল্প বলেন-আছে কর্ম, কর্মী এবং সাধ্য। যে পদা যে সাধনার উপযোগী, তাহাই গ্রাফ এবং যোগ্য। এই সাধনার ব্যাপার লইয়া ভদ্রের মধ্যে যে বিন্তর আবর্জনা সঞ্চিত হইয়াছে, দে পক্ষে কোন সন্দেহ নাই। অধংপতিত, বিক্লিপ্ত জাতির সকল ব্যাপারেই আবর্জনার সঞ্চয় অবশ্রস্থাবী। তম দে সঞ্চয় হইতে পরিত্রাণ পান নাই। এ জন্ম তম্ভকে দোষী করিতে পারি ना; जानन ज्ञानात्त्रत निम्ना कतिएक शांति ना। त्नांय जामात्मत्र,-ताय আমাদের পূর্বজগণের। কারণ তাঁহাদের অনেকে মদনতত্ত্বে ফিলজফির দোহাই দিয়া ধর্মের ও সাধনার অস্তরালে কেবল রিরংসার চরিতার্থতা করিতে চেটা পাইয়াছেন, শান্তকে বিলাদের পঞ্চে ডুবাইয়াছেন।

চতুর্বর্গ দাধনে কাম একটা বর্গ। ধর্ম, অর্থ, কাম ও মোক্ষ, এই চতুর্বর্গের মধ্যে কাম তৃতীয় বর্গ। ধাহার ছারা সমাজের ব্যষ্টি ও সম্বাচ্ট, তৃই রক্ষিত এবং পরিবর্ধিত হয়, তাহাই ধর্ম। শরীরমান্তং থলু ধর্মদাধনম্— দ্বাধ্যে দেহ বলিষ্ঠ थार नीरवांग ना इटेटन धर्मनायन मक्करभंद्र इय ना। विनि गः तीद धर्म दक्का कतिएक शादिन ना, छाँदात बाता कान धर्मशाधनहे हब ना। दाशी शाधक হইতে পারেন না, রোগী সমাজধর্ম রক্ষা করিতে পারে না। স্থভরাং সাধনধর্ম অবলম্বন করিতে হইলে প্রথমে শরীর রক্ষার ধর্ম পালন করিতে হয়। ভাই সাধারণ ধর্ম প্রথম বর্গ। যে নীরোগ, ধার্মিক ও সংযমী নহে, দে चर्ष छेनार्ज्यत मग्राकृ रागाजा (पथाहेर्ड नारत्र ना। चर्च रक्वन हैं। का नरह, ষাহা সম্পত্তি, বিভব, সমল, তাহাই অর্থ। বিছা, বৃদ্ধি, তেছস্থিতা, ভূমি, कलाभग्न, भनि मूका, व्याप्तीय प्रक्रन-ध मकलरे वर्ष। तृष्तितल, क्रनतल, धनतल —এই তিন বলই অর্থের উপাদান। শাস্ত্র বলেন যে, টাকায় মান্ত্র রোজগার হয় না, মানুষেই টাকা বোদ্ধার করিয়া থাকে। স্থতরাং দর্বাগ্রে মানুষ গড়িতে হইবে। যে দেশে মাত্রুষ উৎপন্ন হইবে, সেই দেশে অর্থ আপনি যাইয়া জ্ঞটিবে। তাই অর্থ দ্বিতীয় বর্গ। বর্গের ততীয় বিষয় কাম। কাম অর্থে (कवन तितःमा नटि, कवन नतनातीत मः साग नटि। यात्रात वाता मभाष्क्रत ও গৃহস্থালীর সৌন্দর্য ও মাধুর্য বুদ্ধি পায়, তাহাই কাম। চতুঃষষ্টি, কলাবিছা, আয়ুর্বেদ, ধহুবেদ, পশুপালন, কৃষিকার্য, দেহের প্রসাধন এবং সংখুত্র উৎপাদন —এই দকলই কামের অন্তর্গত। কামের ছুইটি অদ—শোভা ও মাধুরী। ষাহার দাহায়ে শোভা ও মাধুরী বৃদ্ধি পায়, জীবন শোভাময় ও স্থ্যময় হইতে পারে, তাহাই কাম। তম্বও কামের এই সাধারণ অর্থ গ্রহণ করিয়াছেন, এবং के मक्त राजन (य, त्य माधरकत धर्म धवर व्यथमाधन हम नाहे, तम माधक कार्यत অধিকারী নহে। যে কামদিদ্ধ নহে, দে মুমুকু হইতে পারে না। কামের তুই প্রকারের সাধনা আছে; এক বহিরকের, দ্বিতীয় অন্তরদের। বহিরক্ষের সাধনার কথা বাৎস্থায়নের কামশান্তে কথিত হইয়াছে; কামের অন্তরকের সাধনা তম্ভ নির্দেশ করিয়াছেন। বাৎস্থায়নের কামশান্তে যেমন क्विन तित्रःगात विषयात উল্লেখ नार्ट, উद्य हाष्ट्रा चात्र चत्रक विषयात আলোচনা আছে, তেমনি তত্ত্বের কামসাধনায় কেবল লতাসাধনার কথাই নাই, উহা ছাড়া অনেক গৃঢ় তত্ত্বকথার উল্লেখ আছে। কামতৃথি না হইলে মোক্ষের माध श्रवल रहा ना, तम स्मात्कत अधिकाती नहर। এই চতুর্বর্গের ব্যাখ্যা করিয়া তম বলিতেছেন যে, বাহারা এই চতুর্বর্গের সাধনা করে, তাহাদিগকে চতুর্বর্গী বলা হয়। সপ্তদরিষরা কর্মভূমিতে যাহারা বাদ করে, তাহারাই **ठ**ष्ट्रवर्गी हरेवात अधिकाती ; श्रिवीत अन्न नकन श्राहत्त्व नतात्रीसकन तक्ट्

বা ত্রিবর্গী, কেচ বা বিবর্গী। চতুর্বর্গসাধনপরারণ মহস্থাই সর্বাপেকা সভ্য ও সর্বশ্রেষ্ঠ। ইউরোপের আধুনিক শেতাক গ্রীপ্তান জাতিসকল ত্রিবর্গী। চতুর্বর্গী না হইলে জাতি স্বীয় বিশিষ্টতা সমেত থাকিয়া চিরজীবী হইতে পারে না। ইহাই শান্তের অভিমত।

একটা কথা এইখানে বলিয়া রাখিব। পুত্রোৎপাদনে রুতদক্ষ নরনারীর সক্ষকে শাল্পত নিন্দা করেন না, তন্ত্রও মন্দ বলেন না। যাহার সাহায্যে ন্তন জীবের উৎপত্তি হয়, নৃতন আত্মার উল্লেষ ঘটে, তাহা শাস্ত্রের বা তক্তের দৃষ্টিতে হেয় বা জ্বন্স নহে। শাস্ত্র তাই পুরোৎপাদনের একটা সায়াল বা বিজ্ঞান লিখিয়া গিয়াছেন। গভাধান হইতে প্রস্বকাল পর্যন্ত শাস্ত্র কেবল পর্ভদংস্কারে, ভ্রাণের পুষ্টির জন্মই ব্যস্ত। বাৎস্থায়নের কামস্থত্ত এই জীবস্প্টের সায়ান্স মাত্র। কাম এই জীবস্ষ্টির প্রেরণা, মদন উহার শক্তি মাত্র। যেমন শরীর রক্ষা করিতে হইলে একটা পদ্ধতির অধীন থাকিতে হয়, অনেকগুলি বিধি নিষেধ পালন করিতে হয়, তেমনি পুত্রোৎপাদন করিতে হইলে একটা পদ্ধতির অধীন থাকিতে হয়; গোটাকয়েক বিধিনিষেধ মানিয়া চলিতে হয়। শাস্ত্রের দৃষ্টিতে স্বেচ্ছাচারই নিন্দনীয়। সর্বমত্যস্ত গহিতম্—কোন বিষয়ের আত্যন্তিকী বৃদ্ধিই গৃহিত বা অহিতকর। যেমন অতিভোজন দোষের, তেমনি লাপ্ট্য দোষের। কোন ব্যবহারের অভিবৃদ্ধিকেই লাপ্স্ট্য বলে। সে কালে ভোজনলপট, শ্যা ও ভূষণলপট প্রভৃতি অনেক লপ্টই ছিল। শ্রীচৈতন্ত মহাপ্রভুকে কীর্তনলম্পট বলা হইয়াছে। অধুনা কামবিলাসাকেই সোজামুজি লম্পট বলা হইয়া থাকে। মদনমোহন শ্রীকৃষ্ণকে তাই লম্পট বলিলে গালাগালি করা হয় না, কেবল ব্যাজস্তুতি হয় মাত্র। শাস্ত্রের হিসাবে সাধারণ মহুয়ের পক্ষে এই লাম্পটাই দোবের। যাহারা তেজস্বী, সিদ্ধ সাধক, তাহাদের পক্ষে কোন কিছুরই লাম্পট্য দোষের বা নিন্দার নতে। স্থতরাং শাস্ত্র হে ভাবে কাম ও মদনের আলোচনা করিয়াছেন, ভাহা যোল আনা সায়ান্দের হিসাবেই করিয়াছেন বলিতে হইবে। স্ত্রীশক্তি ও পুংশক্তির मत्यालन, वित्मयणः नवनावीव मत्यालनत्य शीनयांनी द्योष्कर्गण्ये भवीत्थ निक्साव विग्रश्रीकुछ करतन। त्वाध इम्र त्वोक्तरमत्र निकृष्ठे इहेरछहे औष्टोनधर्मावनश्चिमन এই নিন্দা গ্রহণ করিয়াছেন। আমরা ইংরেজী লেখাপড়া শিথিয়া কাম ও মদনের প্রতি এই বাহ্মিক নিন্দার ও সঙ্কোচের ভাব অবলম্বন করিয়াছি; কেন ना, आशामित वमन ज्वानद्र जनी, नश्रानद मिठि, म्हार्व शावजार प्रविश्व मुक्

বিশাস হয় যে, আমাদের মধ্যে অনেকেই মনে মনে এক এক জন কামকলানিধি। কামচর্চা অবাধে চলিলে সমাজ বিগড়াইতে পারে, ক্ষীণজীবী,
আক্লায়ু পূত্রকতা জন্মগ্রহণ করিতে পারে বলিয়াই শাল্প এই ব্যাপারের উপর
সংঘমের ঘন আবরণ দিয়া রাখিয়াছেন বটে; কিছু তাই বলিয়া শাল্প এই
বিষয়ের আলোচনা করিতে সক্লোচ বোধ করেন না, তেমন সক্লোচ অন্থতিত
বলিয়া মনে করেন। তন্ত্রও কামসাধনা অতি গোপনে করিতে বলেন, গুরুকে
সন্থাপে না রাখিয়া কামসাধনা করিতে নাই। সে কামসাধনা তৃথ্যি তৃষ্টির
জন্ত নহে, আত্মশক্তির অধ্বেষণ উদ্দেশ্রেই করিতে হয়।

ইহাই হইল মদন ও কামতত্ত্বের গোড়ার মোটা কথা—সাধারণ সিদ্ধান্ত—
general truths. ইহার আরও গোটাকন্নেক সিদ্ধান্ত সাধারণভাবে
ব্বিবার ও জানিবার অধিকার সকলের আছে। সে সব সিদ্ধান্তের আলোচনা
পরে করিব।

ş

কাম ও মদনতত্ত্বের দার্শনিকতা বা ফিলজফিটুকু গত বারে ৰথাসম্ভব বুরাইবার চেটা করিয়াছি। এবার কোন্ থিওরি বা সিদ্ধান্তের উপর সাধনা-পদ্ধতি প্রতিষ্ঠিত, তাহাই বুঝিবার চেটা করিব। তন্ত্র বলেন বে, তোমার নিজের আত্মাই তোমার ইটদেবতা; তাঁহারই সাধনা শ্রেষ্ঠ সাধনা।

> 'আআনাং চিস্তয়েদেবীং শক্তিমাছাম্বরূপিণীম্।' 'অহং দেবী ন চাল্যোহন্মি মৃক্তোহহং ইতি ভাবয়েং।' 'সর্বদেবমন্নীং দেবীং সর্বমন্ত্রমন্ত্রীং পরাম্। আআনং চিস্তয়েদেবীং পরমানন্দরূপিণীম্॥'

কেবল ইহাই নহে; স্বীয় আত্মাকে ত ইষ্টদেবতা—বিশ্বব্যাপী প্রমাত্মার স্বন্ধপ ভাবিতেই হইবে: যিনি এমন চিস্তা না করিয়া, অন্ত একটা স্বতম্ব শক্তিকে বা পদার্থকে ইষ্ট বা ঈশ্বর বলিয়া ভাবিবেন এবং ভাহারই পূকা উপাসনা করিবেন, তিনিই নিয়মগামী হইবেন।

''মক্সন্তে যে তু চাত্মানং বিভিন্নং পরমেশ্বরাং। ন তে পশ্চন্তি তং দেবং রুখা তেষাং পরিশ্রমঃ॥

আত্মহাং দেবতাং ত্যকুণ বহিদেবং বিচিন্বতে। করছং কৌন্তভং ত্যকুণ ভ্রমতে কাচতৃষ্ণয়া।"

অর্থাৎ বাহারা আত্মাকে পরমেশ্বর হইতে ভিন্ন বলিয়া বিবেচনা করেন তাঁহারা বাহিরের দেবতাকে দেখিতে পান না, স্বীয় আত্মারও পরিচয় পান না, তাঁহাদের পরিশ্রম রুখা হয়। অথবা বাঁহারা আত্মন্থ দেবতাকে ছাড়িয়া বাহিরের দেবতার চিস্তা করেন, তাঁহারা করন্থ কৌছভ মণি ত্যাগ করিয়া কাচের অন্তেমণে ঘুরিয়া বেড়ান। এই ছুইটি শ্লোক বেমন তত্মে পাওয়া বায়, তেমনি ক্র্পুরাণেও পাওয়া বায়। তত্ত্রের এই দিদ্ধাস্তকে পুরাণ অমান্ত করেন না।

এই দেহের মধ্যে আত্মা আছেন। সে আত্মা দেহের কোথায় বিরাজ করেন ? এই প্রশ্নের উত্তরে তন্ত্র তুইটা উত্তর দিতেছেন; প্রথম বলিতেছেন যে, মাত্মা সর্বদেহের সর্বস্থানে পরিব্যাপ্ত, তাঁহার শক্তির ঘারা দেহের সকল অংশ, সকল কণা সঞ্জীবিত কিন্তু সে আত্মাকে ত ধরিতে পারা যায় না। অতএব ষ্ট্চক্রের মধ্যে যেখানে কুগুলিনী শক্তি ক্রিয়া করিতেছেন, সেইখানেই তাঁহাকে পাইবে—অথবা শিবশক্তিসমন্বিত যিনি, তিনিই দেহগত ইষ্টদেবী।

''শৃত্যরূপং শিবং সাক্ষাদিন্দুং পরমকুগুলীম্। সান্ধিত্রিবলয়াকারা কোটিবিতাৎসমপ্রভা॥''

অর্থাৎ শিব শ্রারপ—অহমন্মি এই জ্ঞানছোতক। এই শ্রারপ শিবকে বেষ্টন করিয়া কুগুলিনী বিরাজ করিতেছেন। শিবকে শন্ধব্রহ্মময়বপুও বলা হইনাছে; আবার শন্ধরপ মহাদেব বলিয়াও সেই মহাদেবের রূপ বর্ণনা করা হইয়াছে। দেহের ছয়টা চক্রের প্রত্যেক চক্রে স্বয়ন্ত্লিক মহাদেব বিরাজ করিতেছেন। আর কুগুলী দেবী চক্রে চক্রে এই মহাদেবকে বেষ্টন করিয়া আছেন। এই কুগুলিনী সহস্রারে "কামসমূলাসবিহারিণী" অথচ তিনি বিশাতীতা, জ্ঞানরূপা, চিন্নয়ী ও অরূপিণী। এই বিষত্তময়ী এবং দাক্ষাৎ অমৃতস্বরূপিণী কুগুলী দেবীকে হাদশ বার বট্চক্র ভেদ করাইলে মাহ্র্য জীবন্মুক্ত হয়। সে বট্চক্রভেদ কেমন প্রত্যেক চক্রে কুগুলী দেবীকে লইয়া যাইয়া, শন্ধরপ নিরাকার শিবের সহিত রমণ করাইতে হইবে, তবে সাধনা সিদ্ধ হুইবে।

"সদাশিবেন দেবেশি ক্ষণমাত্রং রমেৎ প্রিয়ে। অমৃতং জায়তে দেবি তৎক্ষণাৎ প্রমেশ্রি॥" এই অনুত—এই 'হ্বরা, জীবাত্মা চক্রে চক্রে পান করিয়া এক বার উর্ধে সহস্রারে উঠিবেন, আবার মূলাধারে আদিয়া পড়িবেন; আবার উঠিবেন, আবার পড়িবেন। এই প্রকারে বাদশ বার ষট্চক্র ভেদ করিয়া উঠিলে এবং পড়িলে আর জন্ম-জরার ভয় থাকে না। এই তত্ত্বের প্রতি দৃষ্টি রাথিয়াই তত্ত্বের 'পীত্মা পীত্মা প্রনং পীত্মা পতিত্মা ধরণীতলে' বচন রচনা করা হইয়াছে। উহাকে মাতালের উঠা পড়া ধরিয়া মোটা অর্থ করিলে সর্বত্র উহার প্রয়োগ সিদ্ধ হয় না। কাজেই বাধ্য হইয়া উহার আধ্যাত্মিক অর্থ গ্রহণ করিতেই হইবে। উহা তাদ্মিক ষট্ চক্রভেদের একটা ইকিত মাত্র। এইবার কুগুলিনীর একট্ পরিচন্ধ গ্রহণ করিতে হইবে। মহানির্বাণ তক্ষে সদাশিব বলিয়াছেন:

"স্টেরাদৌ অমেকাসীন্তমোরপমগোচরম্। অত্তো জাতং জগৎ সর্বং পরব্রহ্মসিস্ক্রমা। মহজ্ঞাদি ভূতান্তং অয়া স্টমিদং জগৎ। নিমিন্তমাত্রং তদু, ক্ষা সর্বকারণকারণম্। সক্রপং সর্বতো ব্যাপি সর্বমারত্য তিষ্ঠতি। সদৈকরপং চিন্মাত্রং নির্ভিশ্তং সর্ববন্ধস্থ। ন করোতি ন চাশাতি ন গচ্ছতি ন তিষ্ঠতি। সত্যং জ্ঞানমনাজন্তমবাঙ্মনসগোচরম্। তল্পেচ্ছামাত্রমালধ্য স্থং মহাযোগিনী পরা। করোবি পাসি হংস্তম্ভে জগদেওচ্চরাচরম্॥"

অর্থাৎ স্থাইর আদিতে একমাত্র তুমিই অমর অর্থাৎ প্রকৃতিরূপে বিজমান ছিলে। তোমার সেই রূপ বাক্য ও মনের অগোচর; পরমত্রন্ধের স্থাষ্ট করিবার ইচ্ছার হারাই তোমা হইতে সর্বজগৎ উৎপন্ন হইয়াছে। মহন্তব্ব হইতে মহাভূত পৃথিবী পর্যন্ত সর্বজগৎ তোমা হইতে স্থা। সর্বকারণের কারণ সেই ক্রন্ধানিমিন্তমাত্র। তিনি সংস্করপ ও সর্বব্যাপী, সমৃদ্য় জগৎকে বেষ্টন করিয়া আছেন; সর্ববন্ধতে সর্বদা একরূপ, পরিণামরহিত, চিল্লাত্র এবং নির্লিপ্ত। তিনি কোন কার্য করেন না, তিনি ভক্ষণ করেন না, গমন করেন না; কোন বন্ধবিশেষে তাঁহার অবন্ধিত নাই। তিনি নিচ্ছিয়, তিনি সত্যন্থরূপ, তিনি আদি-অন্তরাহত, তিনি বাক্য মনের অগোচর। তুমি পরাৎপরা মহাযোগিনী। তুমি তাঁহার ইচ্ছামাত্র অবলম্বন করিয়া এই চরাচর জগৎ স্থাই করিতেছ, এই জগৎকে পালন করিতেছ এবং সর্বশেষে সর্বজগৎকে সংহার করিতেছ। তম্ব

বলেন—এই ইচ্ছাই কাম, সেই কামকে অবলম্বন করিয়া বিনি কামনার জগৎ-প্রাহেলিকা বিস্তার করিয়াছেন, তিনিই মহাকাল-কামিনী কালী। এই কালীই মহাকাল শিবের সহিত সদাই রমণ করেন। সে কালী কেমন ?

"কলনাৎ সর্বভূতানাং মহাকাল: প্রকীন্তিত:।
মহাকালক্ত কলনাৎ জ্মান্তা কালিকা পরা॥
কালসংগ্রসনাৎ কালী সর্বেষামাদিরপিণী।
কালবাদাদিভত্বাদান্তা কালীতি গীয়সে॥"

সর্বপ্রাণী—সর্বস্থাটিকে কলন অর্থাৎ গ্রাস করেন বলিয়া তাঁহার নাম
মহাকাল—সেই শিবলিক মহাকাল। সেই মহাকালকে—শিবলিককে তুমি
গ্রাস কর, আত্মদেহস্থ করিতে পার বলিয়াই তোমার নাম পরা কালিকা।
তুমি কালকে গ্রাস কর—তাই তুমি কালী।

এই সিদ্ধান্তের পর তন্ত্র বলিতেছেন,—

"ব্রহ্মাণ্ডে যে গুণা: সন্থি তে তিষ্ঠস্থি কলেবরে। শোণিতেমু স্থরা: প্রোক্তা: ছাবা সাগর কীণ্ডিতা: ।"

ইহা দারা দেহের সহিত এক্ষাণ্ডের সমতা সাধন করা হইয়াছে। বাহিরে যে লীলা হইতেছে, দেহাভাষ্ণরেও সেই লীলা চলিতেছে। বাহিরের শিব-কালীর লীলা পতি জীবের দেহাভাস্তরে চলিতেছে। স্থতরাং ভিতরের শিব-শক্তির ক্রিয়াটা বুঝিতে পারিলে বাহিরের লীলাও অল্লায়ানে বুঝা যাইবে। এইখানে কর্মবাদী তন্ত্র-পুত্তকসকলে একটা থিওরি বা মতবাদের কথা উল্লেখ করা হইয়াছে। তাঁহারা বলেন যে, যুবক-যুবতীর সংদর্গে আর একটা জীবের উৎপত্তি হইতে দেখা যাইতেছে। অতএব যুবক-যুবতীর মিলন ব্যাপারটার বিশ্লেষণ করিয়া দেখ, স্ত্রীত্ব ও পুংত্তের খেলা বৃঝিতে পারিবে। এই খেলার ক্রম, উন্মেষ ও ভন্নী প্রভৃতি ব্যাপার হইতেই আত্মবিকাশের পদ্ধতিটা কতকটা বুঝা যাইতে পারে। আত্মা কি ও কেমন, তাহা জানি না, বুঝি না। কিন্তু পুত্রোৎপাদন ক্রিয়ায় আত্মার বিকাশচেষ্টা এবং বিচ্ছুরণভঙ্গী দেখিতে পাই। দেই ক্রিয়ার বিশ্লেষণ করিলে বুঝা ঘাইবে—কোন্ কোন্ শক্তির প্রয়োগে, দেহত্ব কোন্ শক্তির কি ভাবের ক্রিয়ার রজোবীর্ষের সাহায্যে নৃতন জীবের উৎপত্তি হইতে পারে। যে ক্রিয়ার ছারা নৃতন জীব উৎপন্ন হয়, দে ক্রিয়ার পরীক্ষায় আত্মশক্তির থোজ থবর পাওয়া ষাইতে পারে। দেহত্ব আত্মশক্তির ঠিকানা করিতে পারিলে বিশ্ববাাপী আত্মশক্তির থবরটোও পাওয়া ষাইতে পারে। এই থিওরি হইতেই এক শ্রেণীর তম্বে কামৰ আরাধনার পদ্ধতি নিষ্টি হইয়াছে। সে নাধনা অতি কঠোর, অতি ছয়ারাধ্য। শিব বলিয়াছেন যে, 'হে দেবি, ভোমার মত নারী এবং আমার মতন পুরুষ হইলেই **এই খেলা খেলিতে পারে। বরং ফণী ধারয়া বিষ ভক্ষণ করা সহজ্ঞ, বরং সিংহ** শাদ্ লের সহিত যুদ্ধ করা সহজ, কিছ লতাসাধনা অতি কঠিন, অতি কঠোর। ষে পুরুষের নারীরূপ দেখিয়া কামমোহ উৎপন্ন হইতে পারে, যে রতিজ্ঞ স্থাসাদে বিভোর হয়, সে যেন এমন কাজ না করে।' এই সাবধানবাণী উচ্চারণ করিয়া শিব আবার বলিতেছেন,—সমস্ত জগৎকে স্ত্রীময় ভাবিতে চইবে। শক্তিই শিব, শিবই শক্তি-এই সমন্ত জগৎই শক্তির শ্বরূপ। যিনি এই নিখিল জগৎ শক্তিরূপে हर्नन করিতে না পারেন, তিনি যেন এ সাধনায় প্রবৃত্ত না হন। শ্রীক্রমে, কুলার্ণব প্রভৃতি তম্বশাম্বে শিব বার বার বলিয়াছেন (य. शृश्च वाञ्चन कमानि मम् वावशांत कतित्व ना। मरणत अञ्चल शिमात ব্রাহ্মণ গোতৃত্ব, ক্ষত্রিয় মধু, বৈশ্য ইক্ষুর রস বহিরকের পূজায় দান করিবে। কেবল শবরাদি শৃদ্র ও অস্ত্যজজাতীয় সাধকগণ হুরা বা মন্থ ব্যবহার করিবে। আদল কথা, দেহস্থ যে শক্তির উন্মেষ সাধন জন্ম হুরা পান করা হয়, তাহা যদি অন্ত কোন উপায়ে ঘটাইতে পারা যায়, তাহা হইলে হুরা পান না করাই ভাল। ব্রাহ্মণ সাধকও যদি হুরার সাহায্য ব্যতীত দেহের শক্তিবিশেষের कांगतन घटे। टेट ना भारतन, जारा श्टेल खक आरम्भ कत्रिल, अवश অনুসারে ব্রাহ্মণেও প্ররা পান করিবে। কিন্তু দেহতত্ত্বের সাধনায় ষ্ট্চক্রডেদের ব্যাপারে তত্ত্বে দেহস্থ শোণিতকেই স্থরা বলা হয়। তত্ত্বে স্পট্ট বার বার বলা হইয়াছে যে, যে ব্যক্তি কোন প্রয়োজন সিদ্ধির জন্ত, কামবশতঃ, স্তীবিশেষের রূপে মৃগ্ধ হইয়া এই সাধনা করিবে, তাহার মহারৌরবে পতন হইবে। তম্ব বছ ভানে বলিয়াছেন বে, মানস পূজাই সকল পূজার সার, ষ্টচক্রভেদ সকল সাধনার সার। মানস পূজাপদ্ধতিরই ক্রম বাহল্যভাবে নানা তল্পে লিখিত; বাফ্র প্রজার উপচার ও পদ্ধতির কথা যে নাই, তাহা নহে। তত্ত্ব স্পট্টই বলিয়াছেন যে, গৃহস্থ কৃতদার হইলেও তন্ত্রদাধনা করিবে, পর্ত্ত তেমন গৃহস্থ বিষয়ী না চয়, অর্থ উপার্জনের জন্ম চেষ্টা না করে, সমাজের দশ জনের সহিত বৈষয়িক সম্বন্ধ না রাথে। ভাহাদের জীপুরুষ সন্মাসী সন্মাসিনীর মতনই থাকিবে। পক্ষাস্তরে জ্ঞানার্ণব তত্ত্বে লিখিত হইয়াছে যে শিবশক্তির যোগই প্রধান যোগ। সে শিবশক্তির যোগ ষট্চক্রভেদের পদ্ধতি হিসাবে সাধকের

দেহের মধ্যে হইতে পারে। যে নিয়াধিকারী তেমন সাধন করিতে না পারে, সে বাহিরের শক্তি আনিয়া সেই শক্তির সহিত যোগ সাধন করিলেও যোগ হয়। এই যোগসাধন কুলনায়িকার সাহায্যে করিতে হয়। কুলনায়িকা বথা—নটা, কাপালিকা, বেশা, পুরুশী, নাপিতাঙ্গনা, রজকী, রঞ্জকী, গৈরিজ্ঞী, স্বাসিনী, ঘটকা, খটকা ও গোপালককা। ললিতাতত্ত্বে লিখিত আছে যে, কুলাগারে প্রবাহিণী তিনটি নাড়ী আছে এই তিন নাড়ীর পূজা করিতে হয়; করেণ, এই তিন নাড়ী বহিয়া আত্মশক্তি বিক্ষারিত হইয়া অত্যাকারে পুরুষের বীজসম্ভব শক্তিকেক্সকে ধারণ করে। এই ধারণা হইতেই জীবোৎপত্তি হয়। এই তিন নাড়ীর কামনা কামকলার সাহায্যে করিতে হয়! যোলটি কামকক্ষ আছে; যথা,—শ্রুজা, প্রীতি, রতি, ভূতি, কান্তি, মনোভবা, মনোহরা, মনোরমা, মধনোয়াদিনী, মোহিনী, দীপনী, শোষণী, বশক্ষরী, রজনী, যোড়শী, ও প্রিয়দর্শনা। এই কামকলার এক একটি কলার চর্চা সাহায্যে আত্মার এক একটি শক্তির উল্লেষ ঘটিয়া থাকে, সাধক ঋষি সিদ্ধি লাভ করে।

তদ্রের তৃইটি দিক্ আছে। এক, অতি কঠোর সংযমের দিক্; আর একটা experiment-এর দিক্। সে পরীক্ষার চারিদিকে এত সংযমের বেইন যে, নামান্ত মন্থয় তেমন উপভোগ লাভ করিবার সহিষ্ণুতা সঞ্চয় করিতেই পারে না। এই পঞ্চত্ত্বসাধনা, লতাসাধনায় এত বাঁধাবাঁধি, এত বিধিনিষেধ, এত মন্ত্রজপ, এত সংযম সাধনা আছে যে, সে সব করিয়া পরে স্ত্রীগমনের ইচ্চা পর্যস্ত যেন শুকাইয়া যায়। অত হাঙ্গামা সহ্ত করিয়া এমন সাধনা করিতে আজকালকার তরলবীর্য পুরুষে পারে নাই। তাই ডল্লের বহিরঙ্গের সাধনায় যত কদাচার ও অনাচার প্রবেশ লাভ করিয়াছিল, এত আর কিছুতেই করে নাই। জাতির অধঃপতন এবং সর্থনাশ মন্ত্র্যোহের (বৌদ্ধ বঞ্জ্যানী) সাধনায় সাক্ষাং সম্বন্ধ হইয়াছিল। এই মঞ্জ্যোষের সাধন পদ্ধতির কথা ক্রফানন্দ আগমবাগীশ উপেক্ষা করিতে পারেন নাই, তাঁহার ভন্ত্রসারে উহার উল্লেখ আছে। আমাদের ভন্তের মধ্যে বৌদ্ধ ভন্ত হে ওতপ্রোত ভাবে মিশিয়া আছে, ইহা আমাকে স্বীকার করিতে হইবে। তবে পুরাতন হিন্দু তল্পের লেখা এখনও স্প্রী দেখা যায়।

অধুনা ইংরেজা শিক্ষা ও স্ভাতার সজ্বাতে নর নারীর যৌন সম্ব্বটা যেমন গোপনেব ও লজ্জার বিষয় হইয়াছে এতটা লজ্জা, এতটা গোপন ভাব পূর্বে এ দেশ ছিল না! পূর্বে এ সকল বিষয়ের প্রকাঞ্চে আলোচনা চলিত, কবি ইহারই উপর স্বীয় কাব্যশক্তির বিকাশ ঘটাইতেন। কবিরঞ্জন রামপ্রসাদ সেন একথানি বিভাস্থন্যর কাব্য রচনা করেন। কাব্যাংশে উহার ছান এখন বেখানেই নিদিট্ট হউক না কেন, উহা যে ব্যর্থবাচক, তাহা বোধ হয় অনেকেই জানেন না। উহার আগাগোড়া কালী পক্ষে ব্যাখ্যা আছে, তাহাতে তন্তের উপাসনাপদ্ধতি স্পষ্টই ফুটিয়া উঠিয়াছে; পকাস্তরে বিভাপক্ষে সাদাসিধে ব্যাখ্যা করাও চলে। এইটুকু বলিবার জন্মই প্রত্যেক পালার শেষে রামপ্রসাদ ভনিতা করিয়াছেন,—

> প্রসাদে প্রসন্না হও কালী রুপামই। আমি তুরা দাস-দাস-দাসীপুত্র হই।

ভনিয়াছি, ভারতচক্রের বিভাগ্ননরেরও এমনই ভাবে কালীপকে অর্থ করা যায়। কেবল পার্থকা এই যে, রামপ্রসাদের বিভাস্থনর হইতে যে পদ্ধতির উপাদনার কথা ফুটিয়া উঠে, ভারতচন্তের বিষ্যাস্থলর হইতে সে পদ্ধতির উপাদনাতত্ব জানা যায় না। ভারতচক্র দক্ষিণাবর্তের দক্ষিণা কালীর পূজার কথা কহিয়াছেন, রামপ্রদাদ রামমার্গের সাধনার বিবরণ দিয়াছেন। আখাদের পিতামহ-প্রপিতামহ দলের লোকেদের মধ্যে এ তথ্টা বেশ জানা ছিল। कथांটा তুলিবার হেতু এই, नामाधिक भेठ वर्ष शूर्व आधारनत मभाष्क প্রান্তাবে প্রচলিত ছিল, বে সকল সিদ্ধান্ত স্বতঃসিদ্ধ বলিয়া লোকে গ্রহণ করিত, এখন আর তাহা নাই। সে দাধনা, সে ধারণা এখন একরকম লোপ পাইয়াছে বলিলেও অত্যুক্তি হইবে না। সমাজে সাধারণ ভাবে সাধনা প্রচলিত না থাকিলে কবি তুই জন এমন তুই দিক বজায় রাথিয়া বিভাস্থন্দর কাব্য লিখিতেন না। উভয়েরই বিভাস্কন্দর উভয়েরই রচিত চঞ্জীর গানের অংশবিশেষ। ভারতচন্দ্রের অন্ধামঙ্গলের অংশ ভারতের বিচাত্মনর: রামপ্রদাদের কালীকীর্তনের অংশ কবিরঞ্জনের বিভাস্থন্দর। স্থতরাং উহা ষে কেবল ইয়ারকির বহি নহে, এমন অন্তমান করা যায়। পূর্বে যাহারা কালী-কীর্তন করিত, তাহারা বিভাক্ষলরের গানও করিত, উমশে ভূলোর যাত্রার হিদাবে নহে, খাঁটি দাধনভবের হিদাবে গান করিত। দেই গানের ভদী দেখিয়া, তাহাতে থাঁটি বাবুয়ানির রসিকতা মিশাইয়া গোপাল উড়ের যাত্রা তৈয়ার করা হইয়াছিল। কাজেই বলিতে হয়, শত বর্ষ পূর্বে তম্ব-সাধনা বেন সমান্তের স্তরে স্থাবা ছিল। সেকালের কর্তাদের প্রায় সকলেরই এক একটি শক্তি-নায়িকা ছিল; যাহার অর্থ-সামর্থে কুলাইত, অথবা সিদ্ধ সাধক

বলিয়া যাহারই সমাজে থাাতি হইত, তাহারই নাম্বিকা থাকিত। চণ্ডীদাসের 'तामी तक्रकिनी' शायन कथा नत्ह, वतः भाषात विषय हिल। ताका तामत्माहन রায় যে শৈব বিবাহ করিয়াছিলেন, সে কথা প্রকাশ করিতে তিনি লজ্জাবোধ করেন নাই। এই এক শত বংসরের মধ্যে আমাদের সমাজের একটা পরিবর্তন ঘটিরাছে, এতটাই শিক্ষা দীক্ষার ওলট পালট হইয়াছে যে, শত বংসর পূর্বেকার সমাজকে আমরা এখন ঠিকমত চিনিতে বুঝিতে পারি না। এই তম্বসাধনার ফলে যে কেমন সিদ্ধিলাভ হইড, তাহা এখন আমরা অমুমানেও আনিতে পারি না। বামা কেপাকে এক বার জিজ্ঞাসা করি,—"এই শ্বণানে মশানে বুরিরা, মড়া ঘাটরা, স্থরাপান ও শক্তিসাধন করিরা কি স্থপ ? তোমার দর বাড়ী আছে, ভাই ভগিনী আছে, ভূমিসম্পত্তি আছে, তাহা ছাড়িয়া এই অবোর-পদ্বা, এই বামাচার কেন অবলম্বন করিলে ?'' হাসিয়া পাগলা विनवाहितन,-'इरात मध्य अकृष्टी अमन किছू चाहि, यारात जग हात সংসারের ঐশব্য, স্থবিলাদ, স্বর্গের স্থও তৃচ্ছ করা যায়। বুঝাইবার নতে ত বাবা, ভাগ্যে না থাকিলে ইহার মহিমা বুঝা যায় না।' বান্তবিক একটা কিছু তুর্বার আকর্ষণ না থাকিলে লোকে ইহাতে মজিবে কেন ? বামাচরণ এবং বক্রেম্বরের ফ্রাংটা বাবা উনবিংশ শতাব্দীর শেষ কালের ছই জন প্রকট তান্ত্রিক ছিলেন। ইহাদের চুই জনের মধ্যে অতিপ্রাকৃত ক্ষমতাও ছিল, তাহার একটু আধটু পরিচয় আমার ভাগ্যে ঘটিয়াছিল। বলিব কি বিশ্বয়ের কথা, কাশীর ত্রৈলক স্বামী ঘোর তান্ত্রিক ছিলেন। ইদানীং তন্ত্রপদ্ধতির বাহিরের সাধক দেখি নাই বলিলেও অত্যক্তি হইবে না। তম্ম হঠযোগের কথা অনেক ছানে বলিয়াছে, রাজযোগের পদ্ধতি ও ক্রমের উল্লেখ করিয়াছে, ইহা ছাড়া আর একটা যোগশাম্বের কথারও উল্লেখ আছে। সারদাতিলকে আছে, 'শিবশক্তি উভয়াত্মক এই শরীর ষ্ট্নবতি আঙ্গুল পরিমাণ দীর্ঘ; ইচার মধ্যে গুহাদেশে ও ধ্বজের মধান্তলে চুই অঙ্গুলি উন্নত একটি পথ আছে। তাহার বিন্তার ইহার দিওণ; এই পথ বুতাকার। এই মূলাধার হইতে বে সমস্ত নাড়ী উদ্গতা হইয়াছে, তন্মধ্যে তিনটি নাড়ী প্রধানা। বাম দিকের নাড়ী ইড়া, দক্ষিণের পিললা, মধ্যে মেরুদণ্ডাশ্রিতা হযুমা। এই হযুমার মধ্যে চিত্রার পথেই শিব-সামর্ভ্র ঘটিয়া থাকে। সৌভাগ্যশালী সাধক সেই দেহগত শিব ও শক্তির সামরতে জীবমুক্তি লাভ করিয়া থাকেন।² নিয়াধিকারীর পক্ষে শিব ও শক্তি-নর ও নারী স্বভন্নভাবে যুক্ত করিয়া শিবলামরক্ত লাভ করিতে হর। সেই নিয়াধিকারীর পক্ষেই পঞ্চ তরের বা পঞ্চ ম-কারের সাধনা প্রাণন্ড বলিয়া নিগম আগমে উক্ত ইইয়াছে। দেহের এক একটি ক্রিয়া এক প্রকটি শক্তিপ্রভাবেই হইয়া থাকে। চর্চা করিলে সে সকল শক্তিকে প্রবলা করা চলে। যে শক্তির প্রভাবে ভ্কু অয় হইডে ত্রের উৎপত্তি হয়, এবং মৃত্র পুরীষ পৃথক্ হইয়া য়ায় এবং এই ত্রের বা পীয়্র হইডে ক্রুক্ত ও বেদ মজ্লা নিমিত হয়. তাহাই হংসঃশক্তি। দেহের মধ্যে এবস্প্রকারের চতুংষষ্টি শক্তি আছে; ইহারাই চৌষটি যোগিনী। বাহিরে—বিশ্বরক্ষাণ্ডে এই চৌষটি যোগিনীর ক্রিয়া হইতেছে, ভিতরে দেহভাত্তেও ঐ চৌষটি যোগিনীর ক্রিয়া সমভাবে হইতেছে। বাহিরের ও ভিতরের শক্তির সমঞ্জনী-করণকেই—সমরসতাপ্রাপ্তিকেই আগমনি-গ্রাহ্নসারে যোগ বলা হয়। তেমন পুক্ষার্থ থাকে—নিজের দেহের সাহায্যে নিরালম্ব ভাবে যোগসাধনা কর, নহিলে বাহিরের শক্তির সাহায্য লইয়া স্বদেহস্থ সয়্ত শক্তির উল্লোধন সাধন করিতে হইবে। তয়, ভিতরের ও বাহিরের ত্ই পদ্বাই স্পষ্টভাবে দেখাইয়াছেন ১ ইহাই নিগমাগমের, যোগসাধনার, আত্মদর্শনের থিওরি।

अक्रम्थ ना कतिया एव बुका यात्र ना ! छेरा जाधनात धन, Experimental Science, করিয়া কমিয়া সম্মুখে দেখাইয়া দিতে হইবে! গুরু দেখাইয়া দেন, শিষ্য দেই experiment দেখিয়া নিৰ্দিষ্ট পদ্ধতি অনুসারে ক্রিয়া করিয়া থাকে। গুৰুর সাহায্য ব্যতীত তন্ত্রসাধনা বুঝান যায় না। তাই তন্ত্রে গুৰুর এতই আদর। কেবল তম্ন কেন, যোগ-শান্তেও-মাহেশ্বর যোগশান্ত এবং পতঞ্জলির যোগশাস্ত্র—সকল সাধন-শাস্ত্রেই গুরুর আসন অতি উচ্চে। গুরু ঈশবের সমান পদবীর পুরুষ; কারণ, গুরুর সাহায্য ব্যতীত আত্মদর্শন সম্ভবপর নহে। তবে লোজাস্থজি আমাদের ইংরেজী বৃদ্ধি লইয়া তন্ত্র পড়িলে বুঝা যায় যে, Anatomy, Physiology এবং Biology, এই তিন তত্ত্বের সাহায্যে উহা আজদর্শনের সাধনপদ্ধতি মাত্র। তল্কের মধ্যে যে Black Art नाहे. **এমন कथा रिन ना। या या जाधान एएएड जान मम** ध्वर राष्ट्र कगरजंड ভাল মন্দ সকল প্রকারের শক্তিসঞ্চয়, শক্তির উল্লেষ ঘটে, তম্ব সেই সকল সাধনের উল্মেষ করিয়াছেন। তন্ত্রদার, সারদাতিলক প্রভৃতি সঙ্কলনগ্রন্থে দেই সময়কার পৃথিবীর বহু সাধনধর্মের উল্লেখ আছে। পুরাতন সিদ্ধাচার্য্য-मिरागत महिक्या तोक जन्नधर्म, नाथौमिरागत धर्म, व्यापातपर्णेत धर्म, धमन कि. मुमलमानरकत च्रकी ७ मकिमाधनात উत्त्रिथ चाहि । रेडेरतार्थत मधायूर्य

Satan Worship বা শয়তানের পূজার এক গুপ্ত সাধনা প্রচলিত ছিল। **म् माधना अपनको। ज्वनाधनात अम्ब्रम, अपनको। तोक महायानी पिरणत** মারদাধনার অমুরূপ; তাহার বিবরণও কোন কোন সক্ষলনগ্রন্থে পাওয়া যায়। তম্ম বলিলে একটা বিরাট বিশাল বিশ্বব্যাপী সাধনধর্মের, শক্তিসাধনপদ্ধতির সমবায় বুঝিতে হটবে। তল্পের এক দিকে মছা মাংস মৈথুনাদির বেমন কঠোর निरंवध चाह्न, चम्म निरंक मण माःम त्रेयथूनानित इड़ाइड़ि चाह्न। श्री শৃকরের মাংস মহামাংস বলিয়া তত্ত্বে পরিচিত হইয়াছে, আবার উহাদের ব্যবহার স্থানান্তরে নিষিদ্ধও আছে। কাজেই তন্ত্রের বিচার করিতে হইলে কেবল সঙ্কলন-গ্রন্থ, মহানিধাণ তন্ত্রাদির ন্যায় সংক্ষিপ্তদার গ্রন্থ লইয়া আলোচনা করিলে চলিবে না। উহার মূল গ্রন্থদকলকে লইয়া ভাগ করিতে হইবে; ক্রান্তি, মামায় প্রভৃতি ধরিয়া ভাগ করিতে হুইবে; বৌদ্ধ দিদ্ধাচার্য্য, নাথী, কালচক্রমানী, মঞ্লোষী, জালালী, আউলিয়া, দরবেশ প্রভৃতি সম্প্রদায় ধরিয়া উগাদের ভাগ করিতে হইবে; ভাগ শেষ হইলে তথন বুঝা যাইবে— কোন তল্প কোন্ ভরের, কোন্ যুগের, এবং কোন্ জাতির। রাজার সাহায্য না পাইলে এবং বছ তান্ত্ৰিক পণ্ডিতের সমাবেশ না হইলে এ কাজ পূর্ব হইবার নতে। যথন তাহার প্রয়োজন বোধ হইবে, তথন তাহা সম্পন্ন হইবেই।

তদ্রের adaptibility বা উপ্যোগিতার একটা পরিচয় এইখানে দিব।
আকবর শাহ দীন-ই-ইলাহি নামক এক ম্সলমানী নব বিধানের স্থাই করেন।
এই দীন-ই-ইলাহির সাধনপদ্ধতি তদ্রের সাধনপদ্ধতির অফুরপ; ঘাহারা এই
সাধনা করিত এবং ফকিরী গ্রহণ করিত, তাহাদিগকে জালালী ফকির বলিত।
বৃহৎতদ্রসারের তুই একখানা পুঁথিতে জালালী সাধন-পদ্ধতির নির্দেশ আমি
দেখিয়াছি। আধুনিক ব্রাহ্মণপাণ্ডতদিগের মধ্যে ঘাঁহারা তদ্রপুত্তক ছাপাইয়া
অর্পোর্জন করিয়াছেন, তাঁহারা অনেকে নিজ নিজ পুঁথি 'গুরুদ্ধু' করিয়া—
ম্সলমানী ও বৌদ্ধগদ্ধবিভিত করিয়া ছাপিবার চেটা করিয়াছেন। তাই
হাত্তের লেখা পুঁথি না পাইলে ভদ্রের অনেক তদ্ধ ঠিকমত ব্ঝা যায় না।
অনেকে বলেন, ইংরেজী সভাতার গুণে orthodoxy অনেক কমিয়াছে;
আমার কিন্তু বিশ্বাস, ইংরেজী শিক্ষাও সভ্যতাব গুণে orthodoxy বা হীন
গোড়ামি বেজার বাড়িয়াছে। পুরাতন পরিচয় মৃছিয়া ফেলিবার জন্য যেন
সংট্র ব্যন্ত; প্রীটানী moral আদর্শের এবং বৈদিক বর্ণাশ্রমী হিন্দু বেন স্বাই
ছিল, এই পরিচয় সকলকেই দিতে ব্যন্ত। তদ্বধর্মের ও বৈক্ষব ধর্মের প্রভাবে

মোগল পাঠানের শাসনকালে সমাজে বে কি একাকারই ঘটিয়াছিল, ভাহার পরিচয় এখন অনেকেই ঢাকিতে চেষ্টা করেন। ফলে আসল সভ্য কথা ক্রমশঃ ঢাকাই পড়িতেছে। ভল্লের ঐতিহাসিকভার বিষয় যদি আলোচনার যোগ্য হয়, ভবে সে বিচার পরে হইবে।

ভৱের কাম ও মদনের philosophy বা দার্শনিকভা এবং theory বা তত্ত্বকথা সজ্জনসমাজে যতটুকু ইসারা ইলিতে বলা যায়, ততটুকু আমি বলিয়াছি। ভিতরকার কথা ভনিতে হইলে গুরুমুথ করিয়া ভনাই কর্তব্য। তম্ব শক্তিগঞ্জারে সাধনার কথাই বলিয়াছেন; সেথান হইতে যতটুকু শক্তি সঞ্চয় করিতে পারা যায়, তম্ব তাহারই আহরণ করিয়াছেন। কাম ও মদন স্ষ্টির আদি শক্তি, কাম ও মদন জীবস্ষ্টির আদি তত্ত্ব, তাই কাম ও মদনের সাহায্যে জীবস্টির গুপ্ত তত্ত্ব জানিবার জন্ম তন্ত্র বান্ত। তন্ত্র বলেন, নরনারীর কাম ও মদন হইতে সভোজাত নৃতন শিশুর অহকার বা আত্মাহভূতি ঘটিয়া थार्क। काम ७ मनन माहार्या এक रिट्ट इटेंट अन्न (मेर्ट मकांत इम्र) অতএব এই কাম ও মানের বিশ্লেষণই আত্মাাকাৎকারের প্রধান উপায়। हुं इडेंट जिन दक्यन कतिया जनाय, देश ना वृतितन धकरक वृतित ना, ধিতীয়কেও চিনিবে না, তৃতীয়ের মূল্যও যাচাই করিতে পারিবে না। নর নারীর যোগ হইলেই কিছু গর্ভদঞ্চার হয় না;—কেন হয় না ? ইহার উত্তর যদি ঠিকমত দিতে পারে, তাহা হইলেই বুঝিবে, আত্মশক্তির ক্রিয়া কেমন ভাবে দেহের মধ্যে হইতেছে। অমোঘা: পশবো বীর্ঘা:-ইহাই বা হয় কেন ? মাসুষের পক্ষে এমন ব্যাঘাত ঘটে কেন? ইহার ভিতরকার তত্ত্ব বুঝিতে পারিবে, দেহতত্ত্বের অনেক কথা জানিতে পারিবে। তন্ত্রসাধনায় এই সকল প্রান্ত্রে মীমাংদা হয়। এই সকল জিজাসার উচেত উত্তর পাইলেই, আত্মশক্তির পরিচয় পাওয়া যায়; পরিচয় ঠিক্মত পাইলে আত্মদাক্ষাৎকার কঠিন বা ত্রংসাধ্য ব্যাপার হয় না। Theory এবং theory অমুসারে experiment-এর process হুই তত্তে বলা আছে—তত্ত্বও আছে, ক্রিয়াপদ্ধতিও আছে। এই কর্মপদ্ধতি স্ত্য কি মিথ্যা, তাহা যে করিয়া দেখে নাই, সে কেমন করিয়া বুঝিবে। কাজেই ইহার অধিক আর বলা চলে না।

পঞ্চ 'ম'কার

মভ, মাংস, মংস্তা, মূদ্রা ও মৈথুন—ইহাই তম্প্রমাধনার পঞ্চ মকার বা পঞ্চ जब। श्रीनवाही वावुता किछामा कतिया थारकन रव, এই शक जखत कि रकान আধ্যাত্মিক ব্যাখ্যা আছে, কোন esoteric অর্থ আছে, না উহা সোজাস্থাক সাধারণ ভাবে বুঝিতে হইবে ? এই জিজ্ঞাসার সহিত এটুকু ইঙ্গিতও করা হয়, যেন সোজা অর্থে উহা বেজায় মন্দ, ধর্মের নামে পাপের প্রভায় দেওয়া হয়: উহা Black Art বা কালা বিভা, বামমার্গ বা সজ্জন সমাজের হেয় ব্যাপার। তন্ত্রগ্রনকল পাঠ করিয়া আমাদের যাহা ধারণা হইয়াছে, ভাহাতে ভ আমরা বৃঝি-পঞ্চ তত্ত্বের তিন প্রকারের প্রয়োগ আছে। (১) এক, মোটাম্টি সোজাস্থজি অর্থ ; মছা, মাংস, মংস্থা, মূলা ও মৈথুন বাছ পূজায় এবং স্থুল সাধনায় উহার নিরমিত প্রয়োগ আছে; (২) মানস পূজায় উহার অর্থ স্বতম্ব নহে, তবে তাহা কাল্পনিক ব্যাপার মাত্র: মনে মনে কল্পনা করিতে হটবে যে, আমি সাধক দেবীকে স্থরার সাগর, মাংসের পর্বত, মংস্তের তুপ, মুদ্রার সম্ভার দিতেছি এবং পদ্মিনী নারীর সহিত মৈথুন সাহায্যে কুণ্ডলিনীকে জাগরিতা করিতেছি; (৩) ষ্টুচক্রভেদে পঞ্চ তত্ত্বের অর্থ স্বভন্ত, প্রয়োগও স্বতন্ত্র, উহার আধ্যাত্মিক ব্যাথ্যা বা ইস্টরিক অর্থ আছে। কিন্তু তল্পের পদ্ধতিমত ষ্ট্চক্রভেদ কয় জন করিতে পারে ? কয় জন বাহিরের শক্তির দহায়তা ব্যতিরেকে কুওলিনীর উলোধন ঘটাইতে পারে? পারে না-সচরাচর হয় না বলিয়াই উহার সোজা অর্থ ধারতে হয়। কিন্তু জিজ্ঞাসা করি, हेहार् जब्हात वा मरकारहत विषय कि चाहि ? जन्नधर्म श्रहारतत धर्म नरह, উटा श्रथ---(গাপ্য সাধনার ধর্ম; যাহার বেমন শক্তি, যাহার বেমন অধিকার. তাহাকে তেমনই কর্মপদ্ধতি দেখাইয়া দিয়া তন্ত্র, জীবমাত্রেরই উদ্ধারের পথ প্রাশন্ত করিয়া দিয়াছেন। তন্ত্র ভাবের ঘরে চুরি করে না, ভিতরের পর্দা ও বাহিরের পর্দা রাথে না; তুমি যেমন, তোমার প্রবৃদ্ধি যেমন, তেমনই সাধনপদ্ধতির ব্যবস্থা করিয়া থাকে। স্বতরাং পঞ্চ মকারে লক্ষাবোধ করিবার ত কোন হেতু দেখি না।

পূর্বেই বলিয়া রাখিয়াছি যে, আত্মশক্তি, উরোধ সাধনই তম্মাধনা। তম্ব নিজের দেহত্ব আত্মা ছাড়া অন্ত কোন বাছ শক্তিকে দেবতা, ঈশ্বর বলিয়া মানে না। তন্ত্র বলেন যে, আমার দেহমধ্যে যে এক জন বিরাজ করিতেছেন, ভাগা আমি বৃঝি; তিনি জগৎকে বৃঝিতে চাহেন, স্ষ্ট-প্রহেলিকাকে উদ্ঘাটন করিতে চাহেন। তাই অহুমান করিতে হয় যে, যিনি আমার ভিতরে আছেন, তিনিই বিশ্বস্টের মধ্যে আছেন। আমার ভিতরের ঠাকুরকে আমি চিনিতে পারিলে বাহিরের ঠাকুরটি আপনি আসিয়া ধরা দিবেন। এখন দেখিতে হইবে, আমার ভিতরের ঠাকুরের বিকাশ কেমন করিয়া হয়। আহারে বিহারে, জীবনের উপভোগে ভিতরের ঠাকুরটি যেন একটু জাগিয়া উঠেন। বিশেষতঃ কাম ও মদনের চেষ্টায় ভিতরের ঠাকুরের ধেন কতকটা নাগাল পাওয়া যায়; কারণ, কামচর্চার ফলে নরনারীর সংযোগে একটা নুতন জীবের পৃষ্টি হইতেছে। অতএব মৈথুন হইতেই কুণ্ডলিনীর জাগরণের প্রভাত অনেকটা ৰুঝা যায়। তন্ত্ৰ স্পষ্ট বলিয়াছেন, সিম্ফুকা বা স্থলন ইচ্ছা কামের নামান্তর মাত্র। যে প্রমাত্মা 'এক আমি বছ হইব' বলিয়া স্পষ্টপ্রহেলিকার বিকাশ করিয়াছিলেন, সেই পরমাত্মা ভোমার দেহত্ব থাকিয়া এক আমি বছ হইবার দাধ অক্ত নারীতে উপগত হইয়া মিটাইয়া থাকে। আদি ক্ষীতে বেমন আছা শক্তির জাগরনের ফলে বিশাতার মনে সিম্কা জাগিয়া উঠিয়াছিল, তেমনই নারী-দেহাভ্যম্ভরে আছা শক্তি কুওলিনী জাগিয়া উঠিলে, তবে সে নারী পুরুষকে আকর্ষণ করে এবং সেই আকর্ষণের ফলে, স্তীত্ব-পুংত্তের সংযোগে নৃতন की वर्षा हुत्र। कुछ निनी ना कांगिल कांन और गर्धव है रहे पाद ना. কুওলিনী না জাগিলে কোন পুরুষের রেড:প্রবাহের সহিত আত্মশক্তির নি:দরণ रुष्न ना, नाजीत कतायुक्त नव कीरवत वाधान रुष्न ना। व्यव्धव अकुक रेमधून-পদ্ধতির বিশ্লেষণ করিতে পারিলে আত্মাক্তির কতকটা পরিচয় পাওয়া যায়।

ইহাই হইল তদ্ধের স্ষ্টিতত্ত্বর থিওরি বা সিদ্ধান্তকথা। একা তম্ম কেন—উপনিষদে, পুরাণে, বৈষ্ণব শৈব সকল শাস্ত্রে এই একই সিদ্ধান্ত নানা ভাবে, নানাপ্রকারের ভাষায় বর্ণিত আছে। অন্ত সকল শাস্ত্র যাহা থিওরির হিসাবে ব্যাখ্যা করিয়া নিরন্ত আছেন, তম্ব তাহাকে করিয়া কমিয়া দেখাইয়া দিয়াছে। এইখানে একটা কথা বলিব। আমাদের দেশে কতকটা হঠষোগের প্রভাবে, কতকটা প্রীষ্টানধর্মের প্রভাবে নারী বা লীজাতি সমাজে বেন একটু নিমে স্থান আধিকার করিয়াছেন। অথচ দেয় হইতে পুরাণ তম্ব পর্যন্ত সকল শ্বিপ্রণীত

শান্ত বার বার বলিয়া রাখিয়াছে বে, নারী নরের অদ্ধাপস্থ রূপিণী, ধর্মকর্মের সহচরী। বেদের কোন যজ্ঞই পত্নী ব্যতীত হইবার জোনাই: অগ্নিহোত্রী হইতে হইলে পত্নী চাহি। পৌরাণিক ক্রিয়াকর্ম পত্নীর সহিত করিতে হয়; পত্নীসক ব্রিত হইয়া তীর্থদর্শন করিলে সে দর্শন ব্যর্থ হয়; প্রান্ধ শাস্তিও পত্মীসহ করিতে হয়। শক্তিশৃত্য হইয়া কোন যজ্ঞ করিবার উপায় নাই। দাকা গ্রহণ করিতে হইলে পতি পত্নী একদকে লইতে হইবে; জ্পযজ্ঞ করিতে হইলে পতি পত্নী একসঙ্গে করিতে হইবে: মহানির্বাণতম্ব স্পষ্টই বলিয়াছেন যে, ভৈরবীচক্রে পত্নীকে শক্তিরূপে পাইলে অন্য নারীর প্রয়োজন হয় না। অন্য নারীকে শক্তি করিতে হইলে শৈব পদ্ধতিমতে তাহাকে বিবাহ করিয়া, পত্নীর পদে বরণ করিয়া, তবে চক্রে বনিতে হইবে। যাহার পত্নী নাই, তাহার কোন বৈধ কর্মে অধিকার নাই; সে গৃহস্থাশ্রমে থাকিতেই পারে না। তাহাকে হয় প্রব্রু গ্রহণ করিতে হইবে, নহিলে বানপ্রস্থ অবলম্বন করিতে হইবে। গৃহস্বাশ্রমে থাকিতে হইলে বিপত্নীক পুরুষকে বিবাহ করিতেই হইবে। অবশ্য ঘটি কোন গৃহীর পঞ্চাশ বংসর বয়স অতিক্রাস্ত হইলে স্ত্রীবিয়োগ হয়, তাগু হইলে তিনি ইন্ছা করিলে বানপ্রস্থ আশ্রম অবলম্বন করিতে পারেন। কিন্তু গুহাঁ কত্রী থাকিতে চইলে তাঁহাকে শৈব মতে বিবাহ করিয়া ঘর সংসার চালাইতে হইবে ইহাই তন্ত্রের আদেশ। শক্করাচার্য নারীকে নরকের ছার বলিয়াছেন, এই হেতু ক্রমানন্দ গিরি শঙ্করাচার্যকে খুব একহাত ভিএম্বার করিয়াছেন। তম্মতে নারীই আগ্যাশক্তিমরপিণী—জগন্ময়ী—জগজ্জননী: ञ्चार नाती शुक्रनीया, व्यवनीया, नामरत तक्ष्मीया। औद्यानशर्य नातीरक मग्रजात्नत अनुका कीय यनिया निर्मिंग कता दहेशाह्य। औक्षेत्रधर्भ अन्नभारत নারীসঙ্গ শয়তানের প্ররোচনায় হইয়া থাকে। অতএব মেয়েমামুষ ও মৈথুন এটানধর্মের সিদ্ধান্ত অনুসারে মহাপাপজ। মনীধী শ্রীযুক্ত রামেক্রফুক্সর जित्वनी वरमन त्य, बीहोनधर्यत्र ७वः इर्ठत्यांनी निष्ठामधर्मी मिरात्र नातीत्र श्रीष्ठ এই বিতৃষ্ণার ভাব গোড়াকার বৌদ্ধ ধর্মের প্রভাবেই ঘটিয়াছিল। আমরা এ দিদ্ধান্ত অমাত্ত করিতে পারি না। কিন্তু মজা এই, যে ধর্ম বা সাধনপদ্ধতিতে নারীর অত্যন্ত নিন্দা আছে, সেই ধর্মের ধর্মিকগণ পরে লাম্পট্যদোষে ছুট্ট হইয়া অধংপাতে গিয়াছে! বৌদ্ধ ধর্মের অধংপতন লাম্পট্যদোষেই ঘটিয়াছিল; श्रीष्टानश्दर्यत व्यवःभठनख अ नाम्भद्रातात्वहे पदि। भद्र श्रद्धिकोण्डे श्रद्धत প্রচার হইলে এটান ইউরোপ একটু সামলাইয়াছিল বটে, পরত আবার

বর্জমান বিলাসপ্রধান সভ্যতার দংশনে আধুনিক ইউরোপে লাম্পট্যের অতিবিন্তার ঘটিয়াছিল। এখন যে ভয়ানক যুদ্ধ চলিতেছে, তাহার পরিণামে ইউরোপের লাম্পট্যদোষের কতকটা সংবর্গ হইতে পারে।

সে যাহা হউক, এই নারীর নিন্দা হইতেই আমরা মৈথুনকার্য্যের নিন্দা করিতে শিথিয়াছি। যে কার্যোর ফলে জীবস্ষ্ট হইবে, প্রজাবৃদ্ধি হইবে,— প্রজারদ্ধি ও জীবস্টের জন্মই যাহার বিধান, তাহার নিন্দা করিতে নাই; উহাকে একটা গুপ্ত কাণ্ড বলিয়া উহার প্রতি উপেক্ষা প্রদর্শন করিতে নাই। উशाक ठाभिलाहे – नुकाहेलाहे नाम्भात्नात्र दृष्टि हहेत्व, लाक् खश भिभात পরিণত হইবে। কেবল তাহাই নহে, নরনারীর সঙ্গমটাকে জঘন্য ব্যাপার বলিয়া পরিচিত করিলেই, তাহার পর হইতে তুর্বল পুত্র কলা উৎপন্ন হইবে, যথাশান্ত্র বংশরকা তৃষ্কর হইবে। জর্মন মনীষিগণ এইটুকু বুঝিতে পারিয়াই গত কুড়ি বংসর কাল জর্মনির চিকিৎসকগণ মৈথুনের সায়ান্স-সন্মত পদ্ধতি প্রকাশ্রভাবেই ব্যাখ্যা করিভেছেন। অধ্যাপক শেক ইহার প্রধান ব্যাখ্যাতা। চিকিৎদক ও তত্ত্তগণের পরামর্শ অনুসারে পরিচালিত হওয়ায় জর্মন জাতির মধ্যে বন্ধা নাই বলিলে অত্যুক্তি হইবে না; তাই আজ সংখ্যায় জর্মন জাতি ইউরোপের শিরোমণি, কেবল তাহাই নহে, স্বপুষ্ট সবলকায় পুত্র কন্তায় আজ ভর্মনি পূর্ব। জর্মনির বিদ্বজ্ঞনস্মাজে জীবস্ষ্টির পদ্ধতির ব্যাখ্যা লজ্জাজনক नरह। आमारनत रमरम यथन छन्नधर्म প্রবল ছিল, তথন মৈথুনটা গোপ্য, নিন্দনীয় ও জঘক্ত ব্যাপার বলিয়া পরিচিত ছিল না। এটানী বৃদ্ধিতে এখন তম্বের পঞ্চ মকারের নিন্দা করিলে চলিবে কেন ? আবার মজা এই, বাঁহারা প্রকাশ্যে পঞ্চ মকারের নিন্দা করেন, তাঁহাদের অনেকে ভিতরে ভিতরে এক একজন মিথুন-মাষ্টার। কাহারও পত্নী প্রতি একাদশ মাসের শেষে এক একটি নব কুমার বা কুমারী স্বামিচরণে উপঢৌকন দিতেছেন এবং বর্ষে ব্যমনই উপঢৌকন দিতে দিতে শেষে ক্ষয়রোগে তহু ত্যাগ করিতেছেন। কেহ বা গুপ্তভাবে তুই তিনটি কামপত্মী রাখিয়াছেন: কেহ বা পরনারী দেখিলে নয়নপথে তাহাদের আড়ে গিলিতে চাহেন। তল্পের দৃষ্টিতে এবস্প্রকারের লাম্পট্য অতিপাতক, মহাপাতক বলিয়া পরিচিত। বাহিরের লেপাকাদোরন্ত সাধুতা ডল্লের হিসাবে বেজায় দোষের—মহাপাপজ। ভদ্ধ ভাবের হরে চুরি করিতে, প্রবৃত্তি ধাইয়া লুকাচুরি করিতে বার বার নিষেধ করিয়াছেন। তম্ব, প্রকাশ্র দৃষ্ট নই নর নারীকে ক্ষমা করিতে পারেন, পরত্ত কপট শঠকে কথনই

ক্ষমা করেন না। তন্ত্র বলেন, গুরুর কাছে হৃদয়ের কপাট খুলিয়া দেখাইবে, লজ্জাবোধ করিবে না। তাই তন্ত্র শিষ্যের কাছে—তন্ত্র-পাঠকগণের কাছে কিছুই লুকাইয়া রাখেন নাই। ইহা দোধের নহে, বরং শ্লাঘার বিষয়।

অবশু ইহা স্বীকার্য্য যে, তম্বধর্মের বেজায় অধঃপতন ঘটিয়াছিল। মাহুষের ব্যবহারে ধর্মত উন্নত হয় বা অধঃপতিত হয়। মানুষ ভাল হইলে ধর্ম ভাল हम, मास्य मन रहेरल धर्मकर्म अन्त रहेमा यात्र। मास्र्यत श्राकृति ও প্রবৃদ্ধির लार पृथिवीत मकन धारान धर्मे नहे हहेग्राह, मारूरवत वावहारतत **७८** অনেক সামান্ত ধর্ম উন্নত হইয়াছে। জাতির অধঃপতন ধর্মের দোবে ঘটে না। বিলাদে মান্তবকে নষ্ট করে, হীন হেয় করিয়া তোলে: মন্দ লোকের প্রভাবে ধর্মও কপটতার আশ্রয় হইয়া উঠে। ধর্মের দোহাই দিয়া কত বিলাদী জাতি ঘে কত পাপ করিয়াছে, কত পদ্ধয়ের প্রচার করিয়াছে, তাহা হিসাব করিয়া वना यात्र ना। जाि विनामी ना हरेल धर्म विनास्मत आधार हर ना। ম্বতরাং ধর্মকে নিন্দা করিতে নাই; যেমন মামুখে যে ধর্মের যেমন ভাবে আচরণ করিবে, সেই ধর্ম তেমনই ভাবে ফুটিয়া উঠিবে। মাহুষের দোষে তম্বর্ধ নষ্ট চইয়াছে, মান্তবের দোবে ভারতবর্ধের অক্ত দকল ধর্মও নষ্ট হইয়া গিয়াছে। তবে এখনও যেথানে সাধনা, যেথানে আরাধনা, সেইথানেই ডল্লের প্রভাব পরিক্ষট। আত্মশক্তির উন্মেষ যিনিই করিতে চেটা করিয়াছেন. তাঁচাকেই তন্ত্রের আশ্রয় গ্রহণ করিতে হইয়াছে। ইসলাম ধর্মের স্থফীগণ, খ্রীট্রান ধর্মের মঙ্কগণ-- বাঁহারাই সাধনা করিয়াছেন, তাঁহাদিগকেই জ্ঞাত্সারে বা অজ্ঞাতসারে তল্পেব আশ্রয় গ্রহণ করিতে হইয়াছে। অর্থাৎ সাধনার একটা পদ্ধতিই এখন পৃথিবীর সকল সভ্য দেশেই প্রচলিত, অন্ত সকল দেশে অন্ত নামে পরিচিত: পরস্ক আসলে সকল দেশের সাধনাই একই রকমের। এই যে পঞ্চ ভত্তের বা পঞ্চ মকারের সাধনা, ইহা তান্ত্রিকদিগের মধ্যে যেমন ভাবে প্রচলিত, অন্য সকল ধর্মাবলম্বীদিগের মধ্যেও দেশভেদে ও ক্লচিভেদে কিঞ্চিৎ আকারান্তরিত হইয়া প্রচলিত আছে। কেহ বা মোটাম্টি বাঞ্চিক হিসাবে করে, কেহ বা মানস পূজার হিসাবে করে, কেহ বা ষ্ট্চক্র ভেদের পদ্ধতি অবলম্বন করিয়া করে। আবার তন্ত্রে পঞ্চ মকারের অমুকল্পের ব্যবস্থাও আছে। যখা- স্বরার পরিবর্তে ভাবের জল, মিছরির সরবং, এমন কি, ভার্মারীরে कल भगुन्त अञ्चलक विधान कता व्हेन्नाएक। यादात व्हों। महर, यादात व्यान জীবন, যেমন ক্ষতি প্রবৃত্তি, তাহার জন্ম তেমুনই ব্যবস্থা করা হইয়াছে। তম্ব

বলেন—তোমার আত্মা যখন তোমার ইষ্ট, তখন আত্মগুপ্তির জন্ম তৃমি যাহা कत्र, जाहाई देष्टेरन्तरक निरामन कतिया कतिरा । जूमि मण्यान निम्निष्ठ করিয়া থাক, মছাপানে বেশ আনন্দ বোধ করিয়া থাক, অথচ তুমি হুরা নিবেদন করিয়া পান কর না। যদি দভাই বুঝিয়া থাক বে, মছপান করিলে পাপ হয়, তাহা হইলে উহার পরিহার কর্তব্য। তেমনই মাংস, মংস্ত, মুদ্রা, যাহাই তুমি উপভোগ করিবে, ভাহাই দেবভার প্রসাদ করিয়া খাও,—ইষ্টদেবীকে দিয়া আত্মতুষ্টি সাধন কর। দেবতাকে উপভোগ করাইয়া, অর্থাৎ দেবতাকে निर्देशन क्रिया, প্রসাদবোধে সকল সামগ্রী উপভোগ ক্রিলে, উপভোগের মুখে একটা গণ্ডী পড়ে। মাহুষের মধ্যে যে পশু আছে, সে পশু অবাধে প্রবৃত্তির পথে নাচিয়া থেলিয়া বেড়াইতে পারে না। তুমি তথন যেখানে সেথানে মছপান করিয়া বেড়াইতে পারিবে না। যেথানে সেথানে মংছ, মাংস, মুদ্রার উপভোগ করিতে পারিবে না। সংযমের পক্ষে ইহা একটা প্রশন্ত উপায়। তন্ত্র বলিতেছেন, তোমার দক্ষেই তোমার দেবতা ফিরিতেছেন, ভোমার দেহাভান্তরেই আছেন। তাঁহাকে তোমার দকল উপভোগ্য সামগ্রী নিবেদন করিতেই হইবে; কারণ, মায়ের ছেলেকে মায়ের প্রসাদ ছাড়া অন্ত কিছু থাইতে নাই। যেমন করিয়া প্রসাদ করিতে হয়, ভাহার পদ্ধতি তত্ত্বে লেথা আছে; সেই পদ্ধতি অবলম্বন করিয়া তোমার উপভোগ্য সকল সাম্প্রী প্রসাদ করিয়া লইবে। তত্ত্বের এই আদেশ মাত্ত করিয়া চলিলে, যেখানে দেখানে, যখন তথন মছপান করা বা মৎস্থ মাংস মুক্তার উপভোগ করা চলে না। মৈথুনেরও বেজায় বন্ধন আছে, দে দব জপ তপ করিয়া, মন্ত্র পাঠ করিয়া লভাসাধনা যে-সে মান্থবের কর্ম নহে।

ইহা ত গেল এক পক্ষের কথা। সাধনার হিসাবে, আত্মশক্তির উল্লেষের হিসাবে এই সকল সামগ্রীর একটা উপযোগিতা আছে। যে সাধনার পথে অগ্রসর হয় নাই, বস্তুতত্ত্বের থবর রাখে না, তাহাদের সে উপযোগিতার কথা ভাষার সাহায্যে বুঝান যায় না। আত্মশক্তির উল্লেষ কোবল মহায়দেহেই হয় না, জীব জন্তুর দেহেতেও আত্মার বিকাশ ঘটে, এক একটা অপূর্ব শক্তির উল্লেষ হয়। সাধকের পক্ষে অনেক ক্ষেত্রে সেই সকল শক্তির প্রয়োজন হইয়া থাকে। তথন সাধকবিশেষকে জীববিশেষের জীবন-সাধন করিতে হয়। বাহারা শিবাসাধনা করেন, তাঁহারা শৃগালের ভায় কিছু কাল অবহিতি করেন। ইহা অধারপদার কথা। কোথায়—কোন্ জীবে কোন্ আত্মশক্তি

কেমন ভাবে ফুটিয়াছে, তাহা ত আমরা জানি না; যখন যেটা জানিতে পারি, তথন সেইটার সাধন করিয়া আয়ত্ত করিবার চেষ্টা করি। ঠিকমত আয়ত্ত হইলে একটা সিদ্ধির লাভ হয়। এক একটি করিয়া সিদ্ধি সঞ্চয় করিয়া যথন वित्मय विश्वर्यमानी इल्या यात्र, ज्थनरे बाज्यपूर्णन पर्छ, त्मरुगठ बाज्यात्र वरः বিশ্ববাপী আত্মার পরিচয় হয়। শক্তি সর্বত্র সমানভাবে ছড়ান আছে,— সর্ববন্ধতে, সর্বপদার্থে শক্তি আছেই। কোথায় সে শক্তির কেমন ক্রিয়া इंडेरजह, जांश क विलिख शास्त्र ? विष्ठी मञ्जापार शांकिल महाविषय পরিণত হয়, কিন্তু মাটিতে পড়িলে উহা শ্রেষ্ঠ সার, শৃকরের উহা প্রধান ভোজ্য। তোমার পক্ষে যাহা হেয়, অক্টের পক্ষে তাহা শ্রেয়:। অভএব সংসারে হেয় শ্রেয়: কিছু নাই, পাপ পুণ্য কিছু নাই। অবস্থাগতিকে পাত্রের হিদাবে কোনটা কখন বা হেয়, কখন বা শ্রেয়:, কখন বা পাপজ, কখন বা পুণ্যাত্মক। এই দংসারে তোমার আমার বৃদ্ধির মাপকাঠিতে বাহা কিছু সদৃসৎ আছে, তাহাদের মধ্যে যে শক্তি আছেন, তিনিই আদ্যাশক্তি, তিনিই মহামায়া। তাঁহাকে যেখান হইতে পার, সেইখান হইতে টানিয়া বাহির করিতে হইবে। এই শক্তিসংহরণের নামই সাধনা। মাতাল না হইলে গোটাকয়েক আত্মশক্তির বিকাশ হয় না—তা ভাবেই মাতাল হও, ভক্তিতেই মাতাল হও, কীর্তনানন্দে মাতাল হও, তোমাকে মাতাল হইতে হইবে,— নইলে শক্তির বিকাশ ঘটিবে না। তম্ব এক সম্প্রদায়ের সাধকের জন্য সোজাম্বজি মদের ব্যবস্থাই করিয়াছেন। রিরংসা হইতে আর এক শ্রেণীর শক্তির বিকাশ হয়; এ কণ্টি! সকল সম্প্রদায়ই স্বীকার করেন। সহজিয়া বৈষ্ণব, শৈব, কিশোরীভজা, কর্তাভজা, পরকীয়া দাধনা—সবই রিরংসার উপর প্রতিষ্ঠাপিত! তন্ত্র উহার উপর ভাবের আবরণ রং চড়াইয়া, উহাকে মধুরতর না করিয়া, সোজাস্থজি পঞ্চতত্ত্ব মৈথুনের ব্যবস্থা করিয়াছেন। ইঞ্চিতে যতটুকু भातिलाम---विलाम ; हेशत अधिक आत वना यात्र ना, विनाट नाहे । आवात বলিয়া রাখি, তত্ত্বের মধ্যে শক্তিসাধনার অসাধ্য ও অনস্ত পদ্ধতি নির্দিষ্ট আছে। ধাহা তোমার ভাল লাগে, তাহা তোমার পক্ষে ভাল; যাহা আমার ভাল লাগে বা উপযোগী, তাহা আমার পক্ষে ভাল। তুমি নিজের পন্থার যশ:-কীর্তন করিতে পার, আমি আমার পদার বিজয় ঘোষণা করিতে পারি; কিছ আসলে সব এক. সেই আত্মদর্শনচেষ্টা, ইষ্টের সাক্ষাৎকার।

মানস পূজা

তত্ত্বে বাহ্য পূজা অপেকা মানস পূজার গৌরব অধিক করা হইয়াছে। তত্ত্ব স্পট্টই বলিয়াছেন বে, মানস পূজাই সার পূজা, বাহ্য পূজা মানস পূজার অবলম্বনম্বরূপ। তত্ত্বের ভূতভদ্ধি প্রকরণে লিখিত আছে—

> "সর্বাস্থ বাহ্যপূজাস্থ অস্তঃপূজা বিধীয়তে। অস্তঃপূজা মহেশানি বাহ্যকোটিফলং লভেং॥ "সক্তং পূজা মহেশানি বাহ্যকোটিফলং লভেং। কিং তম্ভ বাহ্যপূজায়াং সর্বং ব্যর্থং কদর্থনম্॥"

অর্থাৎ সর্ববিধ বাহ্যপূজাতেই অস্তঃপূজার বিধান আছে, অর্থাৎ বাহ্যপূজা করিতে হইলেই অস্তঃপূজাও করিতে হইবে। হে মহেশরি! এক বার ক্বত অস্তঃপূজা কোটি বাহ্যপূজার ফল প্রদান করে। গন্ধর্বতম্বে লিথিত হইয়াছে ধে,—

> "মনদাপি মহাদেবৈর নৈবেন্তৎ দীয়তে যদি। যো নরো ভক্তিসংযুক্তো দীর্ঘায়ুং স স্থাী ভবেৎ॥'

य मञ्चा ভिक्क्युक रहेम्रा मरामितीक मनःकिम्न नित्तमा बाता পृका करत, तम मीर्घाम् ध्वरः श्वरी रम्न। ध्वरे छविं। त्याहेष्ठ याहेम्रा छम्र न्नाहे विनामित्त याहेम् ध्वरः श्वरी रम्न। ध्वरे छविं। त्याहेष्ठ याहेम्रा छम्र न्नाहेभ्र विनामित्त याहिन याहिन विनामित्र व

"আত্মখাং দেবতাং ত্যকৃ। বহির্দেবং বিচিয়তে। করস্থং কৌস্বভং ত্যকৃ। ভ্রমতে কাচতৃষ্ণয়া। প্রত্যক্ষীকৃত্য ক্রদয়ে বহিংস্থাং পুরুয়েচ্ছিবাং॥"

অর্থাৎ আত্মন্থ বা স্থশরীরস্থ দেবতা পরিত্যাগ করিয়া বহিঃস্থ দেবতার অন্তুসন্ধান করা যেন করন্থ কৌন্ধত মণি ত্যাগ করিয়া কাচখণ্ডের প্রান্থি ইচ্ছার তুল্য; অতএব হৃদয়ে ইইদেবতাকে প্রত্যক্ষ করিয়া পরে বহিংছ দেবতার পূজা করিবে। কেন না, বহিংছ দেবতা হৃদয়ের ইই দেবতার অবলম্বন্ধর ; হৃদয়ে দেবতাকে ছির রাখিতে পারি না বলিয়াই বাহিরে একটা দেবপ্রতিমার পরিকল্পনা করিয়া লইতে হয়। এই কথাটি বলিয়া তম্ম অন্তর্গাদের ব্যবহা বলিয়াছেন! স্বয়ং মহাদেব বলিয়াছেন য়ে, অসংখ্য তম্প্রতাহে য়ে পূজাপছাতি লিখিত বা বণিত হইয়াছে, সে সকলই অন্তর্গাদের অম্কর্মস্বরূপ। য়ে সাধক অন্তর্গাগ করিতে পারে, তাহার পক্ষে বাহ্যপূজার কোন প্রয়োজন নাই। অন্তর্গাগ শব্দের অর্থ মনে মনে পূজা। এই মানস পূজায় সিদ্ধ হইলে তবে সাধক ষ্ট্রক্র ভেদ করিবে, হৃদয়ে ভৈরবীচক্র বসাইবে এবং সিদ্ধ হইবে। প্রথমে জপ ও পুরশ্বরণ, পরে মানস পূজা, তাহার পর সাধনা এবং ষট্রক্রভেদ, শেষে মাত্দর্শন ও সিদ্ধি। এই মানস পূজাটি কি ও কেমন, তাহাই প্রথমে বলিতে হইবে। শাজানন্দতর্গিণীতে অন্তর্গাগের পদ্ধতি নিয়লিখিত ভাবে বশিত আছে।

'ভভ আদনে পূর্বাস্ত কিংবা উত্তরাস্ত হইয়া বসিয়া স্বীয় হাদয়ে স্থধাসমূজের ধ্যান করিবে। সেই সমুদ্রের মধ্যভাগে স্থবর্ণবালুকাময় বেলাভূমি বলয়িড, বিক্সিড কুশ্বমান্বিত, মন্দার ও পারিজাতাদি পুশাবৃক্ষপরিবৃত এবং পুশা ও ফলসমন্বিত বুক্ষে পূর্ণ রত্মদীপ বিরাজ করিতেছে। এই রত্মনীপের চতুদিকে নানাবিধ কুত্মগন্ধে আমোদিত, ভ্ৰমরকুল ষেথানে বিক্সিত কুত্মামোদে প্ৰস্কৃষ্ট, স্থমধুর কোকিলগানে প্রতিধানিত, বিক্ষিত স্থবর্ণপক্ষজ্যকল যাহার অসংখ্য সরোবরের শোভাবর্ধন করিতেছে এবং যে রম্বদীপের চারি দিগে চারিটি তোরণে মৌক্তিকমালা ও কুত্রমমালায় শোভিত। এই রছ্বীপের মধ্যস্থানে চতুর্বেদরণ চতুংশাথাবিশিষ্ট, সন্ধাদি গুণত্রয়সময়িত, পীত রুঞ্চ শ্বেত রক্ত হরিত এবং বিচিত্রবর্ণের পুষ্প বিরাজিত। কোকিলভ্রমরাদিবিমণ্ডিত কল্পপাদপের ধ্যান করিবে। এই কল্পবৃক্ষের তলে রত্ববেদিকার ধ্যান করিবে। অনস্তর তত্পরিভাগে বালারুণের তায় রক্তবর্ণ, রত্বনিমিত সোপানাবলীসংযুক্ত, ধ্বজযুক্ত চতুর্বারাম্বিত নানারত্বালকারশোভিত রত্বনিমিত প্রাকারবেষ্টিত, স্বস্থানস্থিত লোকপালগণ কর্তৃক অধিষ্ঠিত, ক্রীড়াশীল সিদ্ধ চারণ গন্ধর্ব বিষ্ণাধর মহোরগ কিন্তর এবং অব্দরোগণ পরিব্যাপ্ত, নৃত্য এবং বাদ্যনিরত স্থরস্থনরীগণযুক্ত, কিঞ্চিণী জালযুক্ত; পতাকা অলঙ্কত, মহামাণিক্য বৈদ্ধ ও রত্বময় চামরভূষিত লম্মান সুলমুক্তাফলাঙ্গত, অচন্দন, গুৰু ও কন্তুরী বারা বিলিপ্ত স্থমহৎ

রম্বন ওপের ধ্যান করিয়া তল্মধ্যে মহামাণিক্যবেদিকার ধ্যান করিবে এবং এই বেদিকার অভ্যস্তরে প্রাতঃক্র্যকিরণারুণপ্রভ, চতুকোণশোভিত ব্রন্ধাবিষ্ণুশিবাত্মক সিংহাদনে ধ্যান করিবে। তৎপরে ম্বাস করিয়া পীঠপ্রু कतिया त्मरे जामता रेष्टेत्मराजात जिल्लाम भाग कतित्व। ए९ शत मता ভগবতীকে রত্বপাত্কা দান করিয়া তাঁহাকে স্নান মন্দিরে আনয়ন করিবে এবং कर्नूत. अश्वक, कछुवी, युगमन, द्वाठना ও कुकूमानि नाना शक्क पुरामिछ जन षারা দেবীর সর্বশরীরোদ্বর্তন করিয়া তাহাতে তৈল লেপন করিতেছি, ইহা মনে করিবে। তাহার পর নিজের ছোট মেয়েটিকে যে ভাবে তাহার গাত্র-मार्कन कतिया ज्ञान कताहेया थाक, त्महे ভाবে ज्ञान कताहेत्व। शत গাত্রমার্জনপূর্বক বন্তুমূগল পরিধান করাইবে। ইত্যাদি প্রকারে দেবীর সানাদিকার্থ সমাপন করিয়া, তাহাকে বস্তালঙ্কারে ভৃষিতা করাইয়া রম্ববেদীর উপর আনিয়া বদাইবে। তাহার পর পূজা। বাছপূজায় যে সকল বস্তর ও উপচারের প্রয়োজন, মানস পূজাতেও সেই সকলেরই ব্যবহার করিতে হয়। মানস নেত্রে যেন স্পষ্ট দেখিতে পাইব যে, পঞ্চ প্রদীপ লইয়া যথাবিধি মায়ের আরতি করিতেছি, বাম হল্ডে ঘণ্টা বাজাইতেছি: ধ্যান এতই প্রগাঢ় হইবে যে, সে বাদ্যভাণ্ডের শব্দ যেন কানে শুনিতে পাইব; সে ধৃপধুনার गद्ध त्यन नामिकाम आजान कतिए भातित, जात त्मिश्ए भारेत, त्यन रेष्टेत्नी আমার আরতির ভঙ্গী দেখিয়া মৃচ্কি মৃচ্কি হাসিতেছেন এবং আমার পূজা ও সেবা গ্রহণ করিতেছেন।' ধ্যানে সিদ্ধ না হইলে এমন মানস পূজা ঠিকমত হয় না। বাহ্য জগৎকে ভূলিয়া, বাহ্য জগতের শব্দ, গদ্ধ প্রভৃতি অমুভৃতিসকলকে ভিতরে টানিয়া কেব্রীকৃত রাথিয়া তবে মানস পূজা করিতে হয়। বে মানস পূজায় ত্রতী হয়, যত কণ পূজা চলে, ডত কণ তাহার বাছ জ্ঞান থাকে না, त्म शृकात जानत्मरे जाजुळानगृना रुरेया थात्क। तामक्षमाम यथन भन, তোমার অম গেল না, কালী কেমন তা কি জেনেও জানলে না' রচনা করিয়াছিলেন, তথন তিনি মানস পূজাতেই রত ছিলেন; কারণ ঐ গানের শেষের কয়টা চরণেই তিনি মানস পূজার কথা স্পষ্ট উল্লেখ করিয়াছেন। আধুনিক নিরাকারবাদী ব্রাহ্মণণ ডল্লের সাধনপদ্ধতি জানেন না বলিয়া, কোন্ चवशाय-माधनात त्कान् खरत मां पारेशा माधकान त्कान् कथा वरनम, जाश ব্রেন না বলিয়া, রামপ্রসাদের এই গানটি তুলিয়া নিজেদের নিরাকারবাদের সমূর্থন করিয়া থাকেন।

এই মানদ পূজা কেবলই যে তান্ত্রিকগণ করিয়া থাকেন, তাহা নহে; শৈষ বৈশ্বব প্রভৃতি পঞ্চ উপাদক দশুলায়ের দাধক মাত্রেই মানদ পূজা করিতে বাধ্য, নহিলে দিছিলাভ হয় না, ইইদর্শন দস্কবপর হয় না। তাত্ত্বিক শাস্ত্রের ইইদেবতী জগবতী, বৈশ্বব দাধকের ইইদেবতা শ্রীরামচন্দ্র বা শ্রীক্লঞ্চ; কেবল ইইদেবতার পার্থক্য আছে, তাহা ছাড়া পূজাপদ্ধতির পার্থক্য বড়ই কম। শাক্ত বলিদান করে, অন্ত শাধকে কোন বলিই দেয় না, কোষাকৃষি তামপাত্র ব্যবহার করে না; কিছু মোটের উপর পূজার ক্রম এবং পছতি দকল সম্প্রধাত্রের সাধকগণের একই রক্ষের; যোড়শোপচার আছে, কেবল উপচারের নির্দেশবৈষম্য ঘটিতে পারে। যাউক দে কথা, এই ভাবে মানদ পূজা করিতেই ইইবে। কারণ, তম্বের মহাবাক্য এই যে—'বিনা চোপাদনং দেবি ন দদাতি ফলং নৃণাং'—হে দেবি, উপাদনা না করিলে মন্থ্য কোন ফলই লাভ করিতে পারে না—সকল উপাদনার সার মানদ পূজা, হৃদয়ের উপাদনা; স্বতরাং মানদ পূজা প্রত্যেক শাধকেরই অবশ্য কর্তব্য।

উপাসনা कि ও কেমন? উপাসনার অর্থ সেবা, গুল্লায়া, পরিচর্যা। যাহা আমি ভালবাদি, অত্যে আমার প্রতি বেরূপ ব্যবহার করিলে আমি পরিতুঃ হই, তাহা এবং দেই ব্যবহারের ছারা অন্মের পরিচ্য্যার নামই উপাদনা। इंडेरम्यजात जेनामना अस्त अकारतत । य कन मृन, नम्रज्या, भाषाक পরিচ্ছদ, রত্মালক্ষার আমি ভালবাসি, সেই সকল আভরণ ভূষণ দিয়া ইষ্টদেবতার বেশবিকাস করিয়া, ভোগরাগের ব্যবস্থা করিয়া যে পূজাপদ্ধতি, তাহাই উপাদনা। মানদ পূজায় আরও একটু মজা আছে। যাহা আমি পাইলে আমার সাধ মিটে, যেমনটি হইলে আমার আশা পূর্ণ হয়, তেমন সামগ্রী আহরণ করিয়া এবং তেমন অবস্থার উপকল্পনা করিয়া মানস পূজা করিতে হয়। মানস পূজার কোন সাধ অপূর্ণ রাখিতে নাই। বাহ্যপূজকই হউক বা মানস পূজকই হউক, সাধক মাত্রেই প্রসাদভোজী, ইষ্টদেবতার দাসাঞ্দাস। তাই রামপ্রদাদ পদে পদে বলিয়াছেন—'আমি তুয়। দাস-দাসদাসীপুত্র হই।' ইষ্টাদেবতাকে সর্বস্থ নিবেদন—আত্মনিবেদন করিয়া তবে তাঁহার উপাদনা করিতে হয়। আমার ঘর সংসার, পুত্র পরিবার, ধন জন, অর্থ সম্পত্তি, ইহ সংসারে যাহা কিছু আমার, সে দবই আমার ইষ্টদেবতার। আমি তাঁহার প্রসাদভোজী, রূপার পাত, ভূত্য মাত্র! হিন্দু সাধক দর্প দম্ভ করিতে হইলে দেবতার নামে করিয়া থাকে, আমোদ প্রমোদ করিতে হইলে দেবতার উদ্দেশে

করিয়া থাকে। হিন্দু সাধক কথনই বলিবে না বে, আমার সংসার, আমার ঘরবাড়ী, আমার ধন দৌলত। যাহার গৃহে বে দেবতার অধিষ্ঠান আছে, সে দেবতার দোহাই দিয়া কথা কহিয়া থাকে। যাহার গৃহে দামোদর আছেন, সে দামোদরের নাম করিয়া বলে—দেখা যাউক, দামোদর কি করেন; যাহার লন্ধী জনার্দন, সে তাহারই দোহাই দেয়। হিন্দু সাধক কথনই বলে না যে, আমার অমৃক সামগ্রীর প্রয়োজন বা অমৃক সামগ্রী থাইব। সে প্রসাদ পায়, ইইদেবতাকে স্বীয় ইল্সিত ফল নিবেদন করিয়া, স্বীয় সথের পোযাক পরাইয়া সে প্রসাদস্বরূপ তাহা গ্রহণ করে। সাধক যথন এই ভাবে আয়ানিবেদন করিতে পারে, নিজেকে মৃছিয়া ফেলিয়া ইইদেবতার সংসার গড়িয়া ত্লিতে পারে, তথনই সে মানস পূজার অধিকারী হয়; কারণ, তাহা না করিলে সমাজ উচ্ছুঙাল হইয়া পড়ে। সমাজ ছাড়িয়া সয়্যাস গ্রহণ করিলে তবে সাধক যথেছে ব্যবহার করিতে পারে। যত দিন সমাজে থাকিবে, তত দিন সমাজধর্ম মানিয়া তাহাকে চলিতেই হইবে।

তম্মদকল পাঠ করিলে মনে হয়, উহার যেন তিনটা তার আছে। প্রথম বাহাপুজার তার, বিভীয় মানস পূজার তার, তৃতীয় শক্তিসাধনার তার। বাহা ও মানস পূজার ক্রম এবং পদ্ধতি আমরা কতকটা বুঝিতে পারি, শরস্ক সাধনার তার একেবারেই বুঝিতে পারি না। মনে হয় উহা গুরুম্থ না করিয়া ব্রিলে, সিদ্ধ সাধকগণের অপূর্ব শক্তির বিকাশ না দেখিলে সাধনার তার একেবারেই বুঝা যায় না। বাহাপ্জা যে মানস পূজার রোচক, তাহা তম্ম বার বার বলিয়াছেন। কিন্তু ঘট্চক্রতেদ, শবসাধনা, তৈরবীচক্র প্রভৃতি যে কি ও কেমন, তাহা সোজাস্থজি গ্রন্থ পাঠ করিলে বুঝা যায় না। কারণ, বাহাপ্জার জন্ম বেমন ঘট্চক্রতেদ ও প্রাণায়াম নিধিষ্ট আছে, মানস পূজাতেও তেমনি ঘট্চক্রতেদ এবং প্রাণায়ামের নির্দেশ আছে, হোমেরও ব্যবস্থা আছে। আমাদের ক্লুক্র বৃদ্ধিতে এ সকল ব্রিয়া উঠা কঠিন বলিয়া বোধ হয়। মানস হোমের একটা দৃষ্টাস্ত দিব; তম্ব বলিতেছেন বে.

' অথাধারময়ে কুন্তে চিদগ্রৌ হোময়েন্তত:। অন্তর্মাত্মা পরমাত্মা জ্ঞানাত্মা পরিকীর্তিত:॥ এতজ্ঞপন্ত চিৎকুত্ত: চতুরশ্রং বিভাবয়েৎ। আনন্দমেথলারম্যাং বিন্দৃত্তিবলয়াক্সিভং॥ অর্ধমাত্রা যোনিরূপং বন্ধানন্দময়ো ভবেৎ। বাম ভাগে নাড়ীমীড়াং দক্ষিণে পিদলাং পুনঃ। স্মুদ্ধামধ্যতো ধ্যাত্বা কুৰ্য্যাকোমং বথাবিধি ॥"

ইহার সোজাস্থাজ অর্থ করিয়া ব্ঝিবার চেষ্টা করিলে বিশেষ কিছু বুঝা বার না।

> "নাভৌ চৈতক্সরূপাগ্নৌ হবিষা মনসা শ্রুচা। জ্ঞানপ্রদীপিতে নিত্যমক্ষবৃত্তিং জুহোম্যহম্॥

ধর্মাধর্মে হবিদীপ্তমাত্মাগ্রে মনদা শ্রুচা। স্বযুদ্ধাবত্মনা নিভাং ব্রহ্মবৃত্তিং জুহোমাহম ॥"

সোজাস্থজি এই সকল এবং পূর্বেকার স্লোকের বাদালা এই হইবে,— আধারপল্মে চিদরিতে হোম করিবে। অন্তরাত্মা, পরমাত্মা, জ্ঞানাত্মা, এতদাত্মত্রিতয়াত্মক চতুলোণ আনন্দরপ মেথলা ও বিন্দুরূপ ত্রিবলয়যুক্ত নাদবিব্দুরূপ যোনিযুক্ত চিৎকুল্ভের চিন্তা করিবে। তাহার পর এই কুল্ভের मिक्ति शिक्रना, वामां के के पार्टी के पार्टी के प्राप्त के बिन्ना धर्म এবং অধর্মরূপ কল্পিত চবির্দারা যথাবিধি হোম করিবে। ইহার সোজাস্থাক্তি অর্থ করা যায় না, অথচ এই মানস পূজাকে লক্ষ্য করিয়া রামপ্রসাদ গান করিয়া গিয়াছেন যে, "ধর্মাধর্ম ছটো অজা জ্ঞানথজেগ বলি দিবি।" বুঝা ষায় না বটে, পরস্ক গুরুপদিষ্ট হইয়া কর্ম করিতে থাকিলে সদ্য সদ্য ফল পাওয়া যায়। কথাটা এই,—আমরা পুরাণ তন্ত্রের ভাষা ঠিকমত বুঝিবার অধিকার হারাইয়াছি। দে সমাজ নাই, সমাজের দে পুরাতন আচার ব্যবহার নাই, রীতি পদ্ধতি নাই; যে সকল কথা সবাই জানিত, সবাই বুঝিত, সে সকল कथा चामता এখন বৃঝিতে পারি না, ধরিতে পারি না। আজ যদি সহসা **এक** हो। विश्वय वाकालाग्न घटि, हेश्टर बी-बाना मारूव मार्ट्ड यिन मतिया यात्र वा অবহেলায় ও অবজ্ঞায় সমাজ হইতে বহিষ্ণুত হয়, তাহা হইলে পরে যেমন वानानात्र चाक्कानकात मर्वकनत्वाधा कथा चानत्करे वृत्वित्व भातित्व ना, তেমনি তল্পের দাহিত্যের দশা ঘটিয়াছে। উহা বুঝিবার বা বুঝাইবার লোক প্রকট নাই। তবে জগদ্ধার রূপায় মাল্লবর বিচারপতি উভরফ সাহেব তম্বের আলোচনা করিতেছেন, অনেকগুলি তম্বের গ্রন্থ ইংরেজী ভাষায় প্রকাশ করিয়াছেন, তাই সভ্যসমাব্দে তদ্ধের উল্লেখ আবার করিতে পারিতেছি। প্রত্যেক তাদ্ধিকেরই দৃঢ় বিশাস্ এই যে, মায়ের কুপা হইলেই তন্ত্র প্রকট হন,

মায়ের বিরাগ জয়িলেই উচা সংগ্রত হইয়া যায়। তাত্ত্বিক, জীবনের স্কল ব্যাপারে মারের ভর্জনীহেলন দেখিতে পার, তাই তান্ত্রিক সর্বাবস্থায় পরিভুষ্ট। একটা ইতিহাদের কথা এইখানে বলিয়া রাখিব:--রাজা রামমোহন রায় তান্ত্ৰিক লাধক ছিলেন, তিনি শৈব বিবাহ করিয়াছিলেন অর্থাৎ শক্তিলাধনা করিতেন। তিনি তন্ত্রের সিদ্ধান্ত অবলম্বন করিয়া নিরাকার উপাসনার পদ্ধতি প্রচলন করিতে চেষ্টা করিয়াছিলেন ! মহানির্বাণতল্পের গোড়ার কয়টা উল্লাসে, আনেকের বিশাস-তিনি তাঁহার মনোমত আনেক কথা প্রক্রিপ্ত করিয়াছিলেন। পরে কিছ এটানী শিক্ষায় ও ভাবের বস্তায় তম্ব ভাসিরা গিয়াছিল। আবার ভাবের গতি ফিরিতেছে, তাই তল্পের কথা অনেকে কহিতেছেন। এখনও একটু হিসাব করিয়া পাঠ করিলে তত্ত্বে অনেক প্রগাঢ় তত্ত্বের কথা জানা ষায়। বিশেষতঃ পুরাতন বান্ধালা এবং বান্ধালী জাতিকে বুঝিতে হইলে তল্কের অনেক कथा वृक्षिरा इहेरत। धर मानम शृका वृक्षिरा ना शाहिरन त्रामश्रमान, দাওয়ান মহাশয়, নীলাম্বরপ্রম্থ সাধকগণের গানের কোন অর্থ ই ঠিকম্ভ বুঝা যাইবে না। তাই মানস পূজার গোড়ার গোটাকয়েক মোটা কথার উল্লেখ করিয়া রাখিলাম। তন্ত্র যে কেবল বাহ্যিক পূজাপদ্ধতি নহে, ভক্তির আকর, তাহা মানস পূজার আলোচনা করিলেই বেশ জানা যায়। উহা লম্পটের ধর্ম নহে, মুর্থেরও ধর্ম নহে। উহা জ্ঞানী পণ্ডিভের সাধনাপদ্ধতি।

তন্তে মুর্তিপূজা

3

আমাদের বিশাদ এবং ঐতিহাসিক পণ্ডিতগণেরও মত এই যে, বৃদ্ধদেবের জয়ের পূর্বে, বৌদ্ধ ধর্ম প্রচারের পূর্বে ভারতবর্ধের আর্য্য বর্ণাশ্রমীদিগের মধ্যে আধুনিক হিদাবের মৃতিপূজার প্রচলন ছিল না। বৈদিক ধর্মের প্রাব্দ্রার মৃতে দিজাতি মাত্রেই যাগ যক্ত করিতেন, গৃহে গৃহে অগ্নিহোত্রী বিরাহ্ম করিতেন, বৈদিক কর্মকাণ্ডের প্রাধান্ত স্বব্যাপী হইয়াছিল। বৈদিক কর্মকাণ্ডের প্রাধান্ত প্রতিমা নির্মাণের এবং প্রতিমা পূজার কোন পদ্ধতির উল্লেখ নাই। অনেকে অহমান করেন বে, বৌদ্ধ ধর্ম ভারতবর্ষব্যাপী

হইলে বৃদ্ধদেবের প্রতিমৃতির পূজা এ দেশে প্রথম প্রচলিত হয়। পরে বৌদ্ধ মহাধানী তাদ্ধিকগণ প্রজ্ঞাপারমিতা, তারা, নীল সরস্বতী প্রভৃতির পাধাণমন্ত্রী মৃতি গড়াইয়া পূজা করিতে আরম্ভ করেন। তবে উাহারা গৃহে গৃহে উৎসব উপলক্ষ্যে মৃত্রারী প্রতিমা গড়াইয়া পূজা করিতেন না। তাঁহারা মন্দির পড়াইয়া, সেই মন্দিরে দেবতার প্রতিষ্ঠা করিতেন এবং বৌদ্ধ নরনারীসকল প্রতাহ সকাল সদ্ধ্যা মন্দিরে যাইয়া দেবতার পূজা আরতি করিয়া আসিতেন। তাহার পর বৌদ্ধ ধর্মের অধঃপতন ঘটিলে যে নব হিন্দু ধর্মের উৎপত্তি হয়, সে ধর্মের ধার্মিকগণ বৌদ্ধ প্রথা অন্থসরণ করিয়া মন্দিরে বা মঠে যাইয়া প্রতিষ্ঠিত দেবতার পূজা করিয়া আসিতেন। বৌদ্ধ যুগাবসানের পর সংস্কৃত ভাষায় যে সকল নাটক নাটকা লিখিত হইয়াছে, সে সকল পুস্তকে মন্দিরে যাইয়া পূজার পদ্ধতির উল্লেখই আছে। এখনও ভারতবর্ষের প্রায় সকল প্রদেশেই বান্ধালার মতন মাটির মৃত্রি গড়াইয়া পূজা করা হয় না। য়য়য়য়ী প্রতিমার পূজা বান্ধালায় যেরপ সাধারণ ভাবে প্রচলিত, এমন মৃত্রিপূজার প্রচলন ভারতবর্ষের আর কোন দেশে বা জাতির মধ্যে নাই।

ছুই চারি জন বিশেষজ্ঞ প্রত্নতত্ত্বিদ্ বলিয়া থাকেন যে, তন্ত্রধর্ম বৈদিক ধর্মের মতন পুরাতন এবং সনাতন। শিবলিকপূজা কেবল ভারতবর্ষে কেন— এশিয়া, ইউরোপ এবং আফরিকায় বহু দেশেই বহু যুগযুগাস্তর ব্যাপিয়। প্রচলিত আছে। পুরাতন ফিনিক্, মিশরের কণ্ট বা গুপ্ত জাতি, রোমক, ষ্বন, অম্বর প্রভৃতি বছ পুরাতন জাতির মধ্যে লিকপুজার প্রচলন ছিল। পুরাতন বাবিলনে ও তাতার দেশে লিম্বপূজা হইত। বাবিলনের মলছ, বাল প্রভৃতির পূজা কতকটা তান্ত্রিক পূজা-পদ্ধতির মতন। অনার্য বর্বর জাতিগকল ত অনাদি কাল হইতে ভূত প্রেত ও মৃতিপূজা করিয়াই আদিতেছে, আর্ধ ন্ধাতির বছ শাখার মধ্যে মৃতিপূজা বা প্রতীকপূজার প্রচলন ছিল। অতএব বলিতে হয় যে, যাগ যজ্ঞ, হোম জপ ধেমন দনাতন কাল হইতে চলিয়া আদিতেছে, প্রতিমা বা প্রতীকপূজাও তেমনি সনাতন কাল হইতে প্রচলিত আছে। স্থতরাং নিগমাগম বা তত্ত্বের ধর্ম বৈদিক ধর্মের সমসময় কালের বলিলেও চলে। বোধ হয়, বৈদিক ধর্ম অপেকা পুরাতন হইলেও হইতে পারে। এই সকল প্রত্তত্ত্ববিদ্দিণের বিশ্বাস যে, শ্বেতাঙ্গ আর্যদিগের উদ্ভবের সময়ে অপেকাকৃত কৃষ্ণাঙ্গ আর্যন্ত এক দল ছিল। বেদে কৃষ্ণাঙ্গ আর্যদিগের উল্লেখ পাওয়া যায়। ইহারা ইরান বা পারভ দেশ হইতে বাহির হইয়া বর্তমান

কাব্লের উদ্ভর উপত্যক। বাহিয়া, তাগ্লা-মাকান অধিত্যকা হইতে কাশ্মীরে নামিয়া ভারতবর্ধে আদিয়াছিল; পরে কাশ্মীর হইতে পার্বত্য প্রদেশ বাহিয়া বঙ্গদেশ পর্যস্ত ছড়াইয়া পড়িয়াছিল। অন্ত দিকে গান্ধার হ্ববান্ত হইয়া লাট ও মহারাষ্ট্র প্রদেশ পর্যস্ত ইহাদের বিস্তার ঘটিয়াছিল। ইহারাই নাকি ভারতবর্ষে তন্ত্রধর্ম আনয়ন করে, ইহারাই আদিম বর্বরগণের পৌত্তলিকতা তন্ত্রধর্মের অকীভূত করিয়া লয়। হুতরাং এই অন্থ্যান বা থিওরি সত্য হইলে বলিতে হয় যে, মৃতিপূজা বৈদিক ষ্জ্ঞধর্মের সমসময়ের এবং দনাতন।

কিছু এই।নগণ এবং মুদলমানগণ যাহাকে idolatry বা বোধপরন্ত বলেন এবং যাহার নিন্দা বরেন, তাহা কিছু বেদেও নাই, তদ্রেও নাই। উহা যোল আনা বৌদ্ধ পৌত্তলিকতাকে লক্ষ্য করিয়া বলা হইয়াছে। বোধ-পরন্ত শব্দটা হইতেই ইহার স্পষ্ট ইন্সিত পাওয়া যাইতেছে। Idolatry শব্দটার ইন্ডিহাস জানিতে পারিলে ঐ বৌদ্ধ পৌত্তলিকতার বা বর্বর পৌত্তলিকতার ইন্সিতই পাওয়া যায়। কোন তদ্রে পুতৃল, প্রতিমা, প্রতিমৃতি পূজার বিষয়ীভূত নহে; উহারা প্রতীক, আলম্বন, ধ্যানের সহায়ক মাত্র। তবে সাধু মহাত্মার প্রতিমৃতি, তাঁহার চিহ্ন বা আরক হিসাবে পূজ্য এবং দেব্য। যেমন শাক্য-সিংহের, জামদগ্রের, জড় ভরতের, দত্তাত্রেয়ের প্রতিমা পূজা করিতে হয়—প্রতিমারই হিসাবে, সাধু সক্ষনের প্রতিমৃতির হিসাবে, প্রতীক বা আলম্বনের হিসাবে নহে। এ ক্ষেত্রে প্রতিমাই পূজ্য; কেন না, ঐ সকল সাধু মহাত্মার প্রতি শ্রদ্ধা দেখাইবার জন্মই তাঁহাদের প্রতিমা গড়াইয়া রাখিতে হইয়াছে। পরন্ধ ঈশ্রোপাসনায় যে প্রতিমার পূজা করিতে হয়, তাহা প্রতীকের হিসাবেই করিতে হয়। কুলার্পব তদ্রে লিখিত আছে,—

'চিন্ময়স্তাদিতীয়স্ত নিঙ্কলস্তাশরীরিণঃ। উপাসকানাং কার্যার্থং ব্রহ্মণো রূপকল্পনা॥'

এই শ্লোক রামতাপনীয় শ্রুতিতেও পাওয়া যায়। কুলচ্ডামণি গ্রন্থে স্পষ্ট উল্লেখ করা হইয়াছে যে, বন্ধের স্থুল স্থন্ধ তুই রূপই এক। যেমন জমা ঘি এবং তরল ঘি, তুই-ই ঘুত, কেবল অবছান্তর মাত্র, তেমনি চিন্নয় বন্ধের স্থুল স্থ্ম তুই একই রূপ। কারণ, পূজক যিনি, তিনি আত্মাবান্ পূরুষ, তাঁহার সোপাধিক আত্মা পরমাত্মার সহিত মিশিতে চাহে, তাই সে উপাসনা করিতে উল্লেত হয়। সেই উপাসনার সহায়তার জন্মই বন্ধের রূপ কল্পনা করিতে হয়। বেমন কোলাল কুডুল লইয়া বন কাটিয়া রাজ্পথ তৈয়ার করিতে হয়, তেমনই

প্রতিমা, পূজার উপচার, পত্র পূষ্প, ফল গছত্রব্য, বাছভাণ্ড প্রভৃতির সাহায্যে উপাদকের ভক্তির পথ প্রশন্ত করিতে হয়। তত্মাৎ দাধকানাং হিভার্ধায় ব্রহ্ম স্ত্রীপুংরূপং ধন্তে। ইহাই হইল তত্ত্বের মৃতিপূজার গোড়ার কথা।

ইহার উপর তন্ত্র তুইটা theory বা দিছান্ত কথা বলিয়াছেন। প্রথম থিওরি,—'দেবতায়াঃ শরীরন্ত বীজাত্ৎপক্ততে প্রবম্।' অর্থাৎ দেবতার শরীর বীজমন্ত্র হইতে উৎপন্ন হইয়া থাকে। তাই ইইদেবতার মৃতিকে মন্ত্রঘটকীভূতা প্রতিমা বলা হয়। মন্ত্র জপ করিতে করিতে দেহঘটে বা হদরের মধ্যে বা চিন্তান্দেত্রে এক একটা মৃতির উত্তব হইয়া থাকে। সেই মৃতিই সাধকবিশেষের ইইদেবতার মৃতি, তাহার আরাধ্য, তাহার উপাক্ত। এই প্রতিমাকে লক্ষ্য করিয়া তন্ত্র বলিয়াছেন,—'বর্ণরূপেণ যা দেবী জগদাধারন্দপিণী।' যামলে লেখা আছে যে, ধ্যান তুই প্রকারের—স্থল এবং ক্তম্ম; 'ক্তম্মং মন্ত্রমন্ন দেহং স্থলং বিগ্রহচিন্তনম্'। ক্তম ধ্যান মন্ত্রমন্ন, মন্ত্রজপ এবং মন্ত্রের উপর একাগ্রতা, ইহা বড় কঠিন, কদাচিৎ কাহারও ভাগ্যে ঘটে। স্থল ধ্যান বিগ্রহচিন্তা—ক্রপের ধ্যান। এই ধ্যানই সাধারণ সাধকে করিতে পারে এবং এই ধ্যানে দিছ হইলে সাধক আপনা আপনি ক্ত্রভত্তে যাইতে পারে। অতএব তত্ত্ব আদেশ করিতেছেন যে, 'তন্মাৎ বীজাত্মকং মন্ত্রং জপ্রা ব্রহ্মমন্ত্র হইতে পারে।

দ্বিতীয় theory বা সিদ্ধান্ত ভক্তিমার্গের—উপাসনাতত্ত্বের সিদ্ধান্ত। বড় সাধ এই হয় যে, জগদীশ্বরের উপাসনা করি, তাঁহাকে ভালবাদি, তাঁহাকে মাতা, পিতা, গুরু, প্রভু, সথা বলিয়া ডাকি, তাঁহাকে সেইরূপে দেখিতে থাকি। আমার হাদ্গত একাদশ আসন্ধির ছপ্তির জন্ম আমি বাশাক্সতক্ষ শ্রীভগবানের উপাসনা করিতে চাহি। এই পিপাসা—এই উপাসনার তৃষ্ণা মিটাইবার জন্ম যে পূজাপদ্ধতির নির্দেশ আছে, তাহাতে দেবতার রূপ পূর্ব হইতেই নির্দিষ্ট থাকে। সে রূপ বাদ্ময় রূপ হইতে পারে, চিত্রলেখা হইতে পারে, ধাতুনির্মিত বা পাষাণ ও মৃত্তিকানির্মিত হইতে পারে। ইহা রঙ্গের রূপ—ভাবের রূপ। এই রূপে ভক্তি কেন্দ্রীকৃত হইত্বে, একনিষ্ঠার বিকাশ হইলে, সাধকের পরিতৃথি সাধন হয়, তিনি সদানন্দ লাভ করিতে পারেন। স্তব ন্থোত্র পাঠ করিতে করিতে, ভাষার সাহান্থ্যে তাঁহার নিকট প্রার্থনা করিতে করিতে একটা রূপ আপনিই ফুটিয়া উঠে, একটা রূপের ছাপ ক্রণয়ে গাঁথিয়া বায়ই। এই ছাপ, এই আলেখ্য প্রতিমায় পরিণত হইলে উহা

দেবতার বিত্রাহ বলিরা গ্রাহ্ম হয়। শ্রীরামচন্দ্রের বা শ্রীক্রফের মৃতি রামারণ ও তাগবতাদি গ্রন্থের বর্ণনা হইতে সংগৃহীত হইরাছে। দেশভেদে, ক্ষচিভেদে, ক্লাকৌশলের প্রকারভেদে এই সকল মৃতি ভিন্ন ভিন্ন প্রকারের হইরা থাকে। পূজা ও উপাসনার প্রধান অবলম্বন বলিয়া, ভাবোদ্মেষের প্রধান সহায় বলিয়া, জনসমাহারের প্রধান উপায় বলিয়া এই সকল মৃতি শ্রদ্ধার সামগ্রী। তাই ভন্ন বলিতেছেন,—'যা যন্তাভিমতা পুংস: সাহি তক্তিব দেবতা।' সাধকের শভিমত বা ক্ষচি প্রবৃত্তি শ্রন্থারে এক এক দেবমৃতি তাঁহার ইউদেবতা হইয়া থাকে। ইহা প্রবৃত্তিমার্গের ও অধিকারতত্ত্বের কথা। নিবৃত্তিমার্গের কথা সভন্ম।

এইবার তন্তের প্রথম থিওরির বা দিদ্ধান্তের ব্যাখ্যা করিব। কথা এই ষে,—বীজমন্ত্র জপ করিতে করিতে দেবতাবিশেষের শরীর উৎপন্ন হইয়া থাকে। অর্থাৎ যথাপদ্ধতি বীজমন্ত্র অনবরত জপ করিলে স্বয়মের একটা মৃতির বিকাশ মনোমধ্যে হইয়া থাকে। বেমন একটা ধাতৃপাত্তে জল থাকিলে এবং স্টেই ধাতুপাত্তের পার্শের কোন স্থানে আঘাত করিলে জলে একটা কম্পন হয় এবং কম্পনসনিত একটা মপের প্রকাশ হয়; অথবা একটা থালায় অল্প কিছু স্ক্র বালুকাকণা থাকিলে এবং সে থালার তলায় আঘাত করিলে আঘাতঞ্জনিত শব্দের সঙ্গে সঙ্গে বালুকাকণাগুলি নড়িয়া, ঘুরিয়া, ছুটিয়া একটা স্বভন্ত আকার ধারণ করে, তেমনই আসন করিয়া বসিয়া বীজমন্ত্র একনিষ্ঠভাবে জপ করিতে থাকিলে মনোময় আন্তরণে একটা রূপের বিকাশ হইয়া থাকে। তন্ত্র বলেন ষে, প্রত্যেক শব্দেরই একটা রূপ, একটা আকার আছে। সঙ্গীতের প্রত্যেক স্থরের একটা রূপ আছে; সেই রূপ সেই স্থরের দেবতা। সেই স্থর আলাপ করিতে করিতে যতক্ষণ না মনোমধ্যে উহার রূপের বিকাশ হইতেছে, ততক্ষণ সে হরে সিদ্ধ হওয়া যায় না। আমাদের স্কীতশান্ত এ সিদ্ধান্ত স্বীকার করেন এবং ছয় রাগ ও ছত্তিশ রাগিণীর ভিন্ন ভিন্ন রূপের নির্দেশ করিয়া मियाहिन। क्विन हेरारे नहि, मश्च खातत्व िन किन भारताय करभाव निर्मम আছে। বাহ জগতে রূপ ফুটিবার পূর্বে শব্দ ফুটিয়া উঠে। তন্ত্র বলেন,— व्यथम व्यञारक व्यक्तानास्त्रत शूर्व निमर्ग-क्ष्मत्रीत मर्वाष्म व्यनद्वत बाह्मात ওনিতে পাওয়া যায়, তবে মৃদ্রিতা বিকাশের দলে দলে তর্যের কনকরেখা আকাশক্রোড়ে ফুটিয়া উঠে। অতি বোর অমানিশায়, বিধামার পরে, বিস্তীর্ণ প্রান্তরে বা শ্রশানকেতে হকারের ধানি শুনিতে পাওয়া যায়: সে শস্ক না

হইলে নিশার ত্যোময় রূপ ফুটে না। প্রকৃতির সকল অবস্থায় একটা করিয়া শব্দ আছে, আর সেই শব্দের এরপ একটা রপ আছে; প্রভ্যেক ঋতুর রপ আছে, ত্রিসন্ধার রূপ আছে। এ রূপ যে কেবলই মানব মানবীর রূপ, তাহা নহে; অন্ত নানা রূপের অবস্থামুসারে বিকাশ হইয়া থাকে। তবে মামুষের চিত্তকেতে প্রায়শ: মানব মানবীর রূপের বিকাশ হয় বলিয়াই, মাত্রবের অমুভূতিগম্য যাহা, তাহার রূপ অনেক সময়ে নরনারীর রূপের মতন একটা কিছু রূপ হয়। ভন্ন বলেন, মাহুষের দেহ একটা শব্দযন্ত্রিশেষ। বছ ভন্তে नत्राम्हाक वीभात महिल जुनना कता हहेग्राह्म। वीभात वह जात होना वाँधा থাকে, দেহের মধ্যেও বছ তার, তন্ত্র, তাঁত, নাড়ীর আকারে টানা বাঁধা चाहि। तम, कान ও পাত वसूमात, चामकित माराया अक तमरे तिरगंड বীণা-যন্ত্রকে একটা স্থারে, একটা গ্রামে বাঁধিয়া দেন। সাধক সেই বাঁধা যন্ত্রে বীজমল্লের আলাপ করিয়া থাকেন। আলাপ করিতে করিতে যথন স্থর বেশ জমিয়া যায়, একটা শব্দবিভূতির স্ষ্টে হয়, তথন সেই বিভূতির অভিব্যঞ্জনাম্বরূপ এ কটা রূপের ছবি মনোমধ্যে ফুটিয়া উঠে। ইহাকেই বলে—ধ্যানদিক মৃতি। সাধকবিশেষে, ক্রচিবিশেষে, মন্ত্র জপের পদ্ধতি অনুসারে এই ধ্যানসিদ্ধ মূতিস কল নানা ভাবে প্রকট হইয়া থাকে। তাই যামলে বলা হইয়াছে,—'ধাানগমাং প্রপশ্রম্ভি ক্রচিভেদাৎ পৃথবিধম্।' তন্ত্র বলেন, যেমন সকল বীণায় রাগ রাগিণী সমান ভাবে ধ্বনিত হয় না, নির্মাতার নির্মাণকৌশল অফুসারে শব্দ ও হুর ধ্বনিত হয়, তেমনি দেহ হিদাবে, পিতামাতার প্রকৃতি অমুদারে, বংশের ধারা অনুসারে, রূপের বিকাশ পৃথক্ পৃথক্ ভাবে হইয়া থাকেন ধেমন বাঞ্চারের বেহালা এবং Stradivarius বেহালায় আকাশ পাতাল পার্থকা আছে. একথানা ট্রাড বেহালার মূল্য এক লক্ষ টাকা পর্যন্ত হইয়া থাকে, দে বেহালার শব্দ গগন ভেদ করিয়া উর্দ্ধে উঠে, তেমনি পবিত্র ব্রাহ্মণগ্রহের ঋষি মুনির বংশধরের পুত্তের দেহমধ্যে সিদ্ধ মন্ত্র এক অপূর্ব রূপের বিকাশ করে। আবার ষেমন, কেবল ভাল যত্ত্ব হইলেই গান হয় না, সেই সঙ্গে উচ্চাঙ্গের ভাল যান্ত্রিক থাকা চাই,—ভাল স্বরজ্ঞ, চতুর বাজিয়ের হাতে সর্বোত্তম বীণা থাকলে সে যেমন অপূর্ব সঙ্গীতের বিকাশ করে, তেমনি ভাল ক্ষেত্র, ভাল (मर, जान माधक रहेतनहें रहेरव ना- वाखिया जान हारे, अक जान हारे, जरव ত গান জমিবে, সাধনায় সিদ্ধি সদ্য সদ্য হইবে। মহাত্মা সিদ্ধ সাধক विश्वानत्मव मण्न श्रम मिनियाहिन विनयारे गर्वानम एक जीवत्न गर्वविधा

লাভ করিতে পারিয়াছিলেন। সর্বানন্দ মূর্থ, তুরস্ত ছেলে; আন্ধণের ঘরের মূর্ব বলিয়া পিতামাতার পরিত্যক্ত—উপেক্ষিত। কিছ সর্বানন্দ অত্যুৎকৃষ্ট আধার, তাহার দেহ ত্রাহ্মণের দেহ, তাহার যন্ত্র উচ্চাব্দের। সবে সবে গুরুও बिनिन- किकानक भराभूक्य। नर्राम्य थक क्लात প্রভাবেই মাতৃদর্শন করিল, সর্ববিদ্যা লাভ করিল, স্বীয় বংশকে ধল্ল করিয়া গেল। তাহার দেহ মধ্যে মহাতন্ত্রের ঝকার দণ্ডেক কাল হইতে না হইতেই স্থর জমিয়া গেল, আত্মায় আকাশে harmony এবং melody তুইয়ের বিস্তার ঘটিল, সর্বানন্দের ভাগ্যে অপরপের রূপদর্শন হইল। তেমন রূপের বিকাশ তোমার আমার िखाकार्ण रहेवात नरह ; रकन ना, जुमि खामि माधातन वाकारतत रवहाला, ষ্ট্রাড নহি, ত্রিপুরানন্দের মতন ওস্তাদ বাজিয়ে, বড় গুরু তোমার আমার ভাগ্যে ब्र्टि नारे। তारे ज्ञा माधात्र माधकिष्णित क्या वावशा कतियाहिन (ब, দিদ্ধ সাধকগণের তপঃদিদ্ধ মন্তিক প্রতিভাত যে রূপ, সেই রূপকে অবলম্বন করিয়া বীজমন্ত্র জপের দহিত ধাান করিতে হইবে। এই ধাান প্রগাঢ় হইতে ধাকিলে দিদ্ধ দাধ্য মূতি তোমার প্রকৃতির অন্তকৃল হইয়া ফুটিয়া উঠিবেন। তখন বুঝিতে হইবে. সাধক সিদ্ধির পথে অগ্রসর হইয়াছেন। তম্ব এইটুকু জাতিভেদ মানিয়া থাকেন; দেহের যোগ্যতা বিচার করিবার কালে, কোন দেহ কেমন মন্ত্রের উপযোগী, তাহা নির্দেশ করিবার কালে ভন্ন জাতিবিচার এবং জন্মকোষ্ঠী মান্ত করেন।

তদ্ধের এই রূপতত্ত্ব অপূর্ব ব্যাপার; শব্দবিজ্ঞানের বছ সিদ্ধান্ত এই রূপবিকাশের ব্যাথ্যায় তন্ত্র অবলম্বন করিয়াছেন। তন্ত্র স্পর্ধা করিয়া বলিতেছেন যে, আমার নির্দেশমত সদ্গুক্তর সাহায্যে সাধনা করিয়া দেখ; দেখিবে—সদ্য সদ্য ফল পাইবে, অরূপিণীর রূপের আলোয় ভোমার প্রাণ মন ভরিয়া উঠিবে। তাই তন্ত্র বলেন যে, যদি রূপ দেখিতে চাও, রূপসাগরে ভ্বিতে চাও, তাহা হইলে মানস পূজা—অন্তর্জপ করিতে থাক। ভ্তত্তিতে আছে—

"সর্বান্থ বাহাপুলার অন্ত:পূজা বিধীয়তে।
অন্ত:পূজা মহেশানি বাহাকোটিফলং লভেং।"
যামল গ্রন্থেও লিখিত আছে,—
"পূজাভাবেৎমহেশানি হদয়ে পূজয়েচ্ছিবাং।
সর্বপূজাফলং দেবি প্রাপ্থোতি সাধকঃ প্রিয়ঃ।"

व्यामारम्य रमर्ग वक्टी द्रीिक श्राप्तक वारक रा. मिक मांधकन क्र-বজ্ঞের ফলে যে ধ্যানগম্য মূতি দর্শন করিয়া থাকেন, যাহার মানস পূজা করিয়া কুতার্থ চন, শুব স্থোত্তের ইশারায় তাঁহারা দেই রূপের বর্ণনা লোকসাধারণের প্রবণগোচর করিয়া দেন। সাধারণ পূজাকে সাধকের মৃথ-নি:স্ত তাব ভনিয়া একটা রূপের, একটা প্রতিমার কল্পনা করিয়া লয়, এবং ধাতু, পাষাণ বা মাটির মৃতি গড়িয়া তাহারই প্রকাশ্তে পূজা অর্চনা করে। লোকহিতের জন্ম, সমাজে একটা ভাব বিস্তারের উদ্দেশ্যে এই পদ্ধতি অমুসারে वाकालाग्र मृजिलुकात अठलन रहेग्राष्ट्र। এখन य जिःश्वाहिनी एमप्का তুর্গার প্রতিমা গড়িয়া আমরা পূজা করিয়া থাকি, শত বর্ষ পূর্বে ঠিক এমন ভাবের প্রতিমা বান্ধালার কারিগর গড়িত না। গোড়ায় যথন সিংহবাহিনীর মুনায়ী মৃতির পূজা এ দেশে প্রচলিত হয়, তথন কাতিক গণেশ, লক্ষী সরস্বতী, কেহই ছিলেন না, তথন একা দিংহবাহিনী মহিষাস্থর মথন করিতেছেন। সেকালের দিংহের চেগারা আর এক রকমের ছিল, মহিযান্তরও আজকালকার চোরা অম্বরের মতন ছিল না। যাহার যেমন অভিকৃতি হইয়াছে, যেমন শথ হইয়াছে, ধ্যানে যে যথন নৃতন কিছু দেখিতে পাইয়াছে, তথন দে তাহাই প্রতিমার সঙ্গে বসাইয়া দিয়াছে। কারণ, আসল কথা এই যে, তুর্গোৎসবের সময়ে যে প্রতিমা গড়াইয়া, চণ্ডীমণ্ডপ জোড়া করিয়া আমরা যে উৎসব করিয়া থাকি, সে উৎসবে ঠিক সেই প্রতিমার পূজা হয় না; পূজা হয় ভদ্রকালীর, পূজা হয় পূর্ণ ঘটের, দেবীকে আহ্বান করিতে হয় যাত্রে ও ঘটে; কেন না ঘট ঐথানে পূজকের দেহঘটের অফুকল্প মাত। প্রতিমা বাহ্য শোভার জন্য রাখা হয় এবং লোকসাধারণের তুষ্টির জন্ম উহার অকপ্রত্যকের সামান্য একটু পূজা করা হয়। কালীপূজাতেও ঐ একই ব্যাপার খটে। পঞ্চাশৎবর্ণক্লপিণী মুগুমালিনী কালীকে আরাধনা করিতে হয় বর্ণে বর্ণে, চক্রে চক্রে; মন্ত্রের উপর হোম করিতে হয়, মন্ত্রের উপর কালিকাশক্তির আহ্বান করিতে হয়। বাহিরের মৃতি অবলম্বন মাত্র, লোক দেখাইবার ছবি মাত্র। অনেক অভিজ্ঞ বাক্তি বলেন যে, এখন যে কালীমূতি গড়িয়া আমরা পূজা করি, ঠিক ঐ ভাবের মৃতিপূজা কৃষ্ণানন্দ আগমবাগীশই এই দেশে প্রচলন করিয়াছিলেন। তিনি স্বহন্তে মৃতি গড়িয়া প্রতি অমাবস্থায় পূজা করিতেন এবং স্বয়ং তাহাকে মাথায় করিয়া গন্ধায় ফেলিয়া দিয়া আদিতেন। তাই নিয়ম আছে যে. कानीभूका श्वतः कतिराक रुवेदन, व्यथना श्वासन बाता कत्रावेदक रुवेदन। व्यंश्व পুরোহিতের বারা কালীপূজা করাইলে তাহা ফলপ্রদ হয় না। আগমবাগীশের এই ব্যবছার পূর্বে বাঞ্চালায় কালীপূজা মন্ত্রে বা ঘটছাপনা করিয়া হইত, অথবা দিছ সাধকের পীঠছানে যাইয়া পূজা করিতে হইত। কোন কোন তত্রে দেখিতে পাই যে, সর্বস্থলকণদশ্যরা শ্রামা কুমারীকে আনিয়া, তাহাকেই কালী বলিয়া পূজা করা হইত। এ কেত্রে মিডিয়মের (medium) হিসাবে কালীপূজা হইত। মাটি খুঁড়িয়া যত পাষাণ-প্রতিমা বাহির হইতেছে, তাহার মধ্যে আধুনিক হিসাবের কালীমূতি একটাও পাওয়া যায় নাই। সিংহ্বাহিনীবা কমলা জগদ্ধাত্রীর মৃতিরও বহু পার্থক্য ঘটয়াছে।

রূপের কথায় তন্ত্র আর একটা নৃতন কথা কহিয়াছেন। তন্ত্র বলেন, আমাদের দেহস্থ ছয়টা চক্রে ছয়টা মাতৃমূতি ফুটিয়া উঠে। বৌদ্ধ তন্তে ইহাদিগকে ছয়টা শ্ন্য বলে। এই ছয় শৃত্ত কুগুলীর সাহায্যে ভেদ করিবার সময়ে ছয়টা রূপের বিকাশ হয়; তাহার পর চিত্রার পথে যাইলে আরগু আটটা শৃত্তে বা চক্রে আরগু আটটা রূপের বিকাশ হয়; শেষে রূপ অরূপে মিশাইয়া যায়।

"ভূজকরপিণীং দেবীং নিত্যাং কুগুলিনীং পরাম্। বিসতস্কময়ীং দেবীং সাক্ষাদমৃতরূপিণীং। অব্যক্তরূপিণীং দিব্যাং ধ্যানগম্যাং বরাননে। ধ্যাত্মাজপ্ত্যা চ দেবেশি সাক্ষামনদ্রয়ো ভবেং॥"

এই ভূজকরপিণী দেবীকে ষ্ট্চক্রে ষ্ট্ শিবার সাহায্যে অর্থাৎ ষ্ট্চক্রের অধিষ্ঠাত্রী ষ্ট শক্তির সাহায্যে ষ্ট্চক্র ভেদ করিতে হয়। এই ষ্ট্ শিবার নাম—ডাকিনী, রাকিনী, শাকিনী, লাকিনী, কাকিনী, হাকিনী। ইহাদেরই প্রভাবে বীজমদ্রের ঝক্কারে এবং ষ্ট্চক্রভেদের সাধনার প্রভাবে এক একটি রূপ ফুটিয়া উঠে।

"ধ্যায়েৎ কুগুলিনীং তত্ত্ব ইইদেবস্বরূপিণীম্। সদা বোড়শবর্ষীয়াং পীনোন্নতপয়োধরাং। নবযৌবনসম্পন্নাং সর্বাভরণস্থৃষিতাং। পূর্ণচন্দ্রনিভাননাং সদা চঞ্চললোচনাম্॥"

এই ভাবে তন্ত্র ন্তরে ক্রপের বিকাশ ঘটাইয়াছেন। দেহের মধ্যে বত শক্তি আছে, সকলেরই একটা মৃতি আছে, অধিষ্ঠাত্রী দেবী আছে। দেহের বত ক্রিয়া, বত শক্তির অভিবাঞ্জনা, সবই আদ্যা শক্তির সাহাব্যে হইয়া থাকে। বেমন দেহভাতে, তেমনই বিশ্বভাতে শক্তির এবং রূপের বিকাশ হইরা থাকে। বিশ্বজ্ঞাণ্ডের সকল শক্তির, সকল ক্রিয়ার অস্তরালে এ কুগুলী শক্তি এক এক রূপে বিরাজ করিতেছেন। বাঁহারা সিদ্ধ সাধক, তাঁহারা দেহভাতে রূপের বিকাশ করিয়া, সেই রূপকে বিশ্বজ্ঞাণ্ডের তৎসম ক্রিয়ার উপর ফুটাইতে পারেন। সাধকের ভাগ্য ভাল হইলে, সিদ্ধ পুরুষের রূপায় নদীর জলে সে জলদেবীকে—মকরবাহিনী গলাকে দেখিতে পাইবে, পর্বতে পার্বভীর ছায়ারূপ তাহার নয়নগোচর হইবে। দেহের স্বাদ্দে বেমন বিসত্তময়ী, সাক্ষাৎ অমৃতরূপিণী দেবী নানারূপে বিরাজ করিতেছেন, তেমনই বিশ্বজ্ঞাতের স্বাদ্দে, সর্বব্যাপারে বিসত্তময়ী দেবী বিরাজ করিতেছেন। তিনি না থাকিলে কিছু থাকে না, কিছু দেখা যায় না, কোন পদার্থ অমুভূতিগম্য হয় না। তিনি ভিতরে এবং বাহিরে থাকিয়া কেবল দেখাদেখি করিতেছেন, নিজেকেই নিজে দেখিতেছেন এবং নিজে দেখাইতেছেন। ভল্লের রূপতত্ত্ব বড়ই কঠিন, বড়ই ত্রধিগম্য বিষয়। যে সাধক নহে, সে উহা ব্রিতে পারে না। অথচ এই রূপতত্ত্বর উপরই মৃতিপূজা প্রতিষ্ঠিত। মহানির্বাণ ভল্লে স্পষ্টই বলিয়াছেন,—

''অরপায়া: কালিকায়া: কালমাতুর্মহাত্যুতে:। গুণক্রিয়াহুদারেণ ক্রিয়তে রূপকল্পনা॥"

অর্থাৎ নিরাকারা কালজননী মহাত্যতি কালিকার গুণক্রিয়ার অফুসারে রূপ কল্পনা করা হয়। গুণ বলিলে ব্বিবে—সাধকের দেহের প্রকৃতি, কালের প্রভাব, দেশের প্রভাব, এবং ক্রিয়া বলিলে ব্বিতে হইবে—বীজমন্তপ্রভাব এবং গুরুর নির্দেশ অফুদারে সাধনপদ্ধতি। এইটুকু বলিয়া মহানির্বাণ তর্ম কালীর যে ধ্যান বর্ণনা করিয়াছেন, তাহা আধুনিক কালীযুতি হইতে অনেক পৃথক্। এ কালী রক্তাম্বরপরিধানা, উলন্ধিনী নহেন: এ কালীর যুগলপাণি, এক হাতে অভয়, আর এক হন্তে বর দান করিতেছেন এবং স্থমধুর মাধ্বীক অর্থাৎ মধুপুল্জাত মদ্যাণানানস্তর নৃত্যপরায়ণ মহাকালকে সম্মুথে দর্শন করিয়া হাহার বদনকমল প্রফুল হইয়াছে। এই কালীকে মায়ারাহিত্য, মোহরাহিত্য, লোভরাহিত্য, দস্তরাহিত্য প্রভৃতি এবং অহিংদা, ইক্রিয়নিগ্রহ, দয়া, ক্যা

এইবার ভাবের কথা আসিল। এই বিতীয় বিওরি বা সিদ্ধান্ত ভক্তিশারের পথ দিয়া বুঝিতে হইবে। আমাদের দেহে একাদশটা আসজি আছে, ভাহাদের ইংরেজীতে emotions বলিলে কতকটা বুঝা ষায়। এই আসন্ধির সাহায়ে উপাসনা করিতে হয়। যাহার যে আসন্ধি প্রবল, সে সেই আসন্ধির অফরপ দেবতার রূপ কল্পনা করিয়া পূজা করিবে। এ কথাটা আমি গড বংসরে 'প্রবাহিণী'র পাঠকগণের নিকট নিবেদন করিয়াছি। তাহার পুনকলেও করিব না। এই ভাবের উপাসনায় বৈষ্ণব ও তান্ত্রিক একমত,— নিজান্ত বিষয়ে কেহু কাহারও বিরোধী নহে। এ সম্বন্ধে পরে প্রয়োজন হইলে বলিতে পারি। মনে রাখা ভাল যে, তন্ত্র এবং উপনিষদের কথা ধরিয়াই পুরাণের ভঙ্টি। সিদ্ধান্তশান্ত্র বেদীর উপর পৌরাণিক বা আধুনিক হিন্দু ধর্ম প্রতিষ্ঠিত। এই হেতু তত্ত্বের মন্ত্বাংশের একটা সিদ্ধান্ত ধরিয়া এত কথা বলিতে হইল। ভাবের ও ভক্তির আলোচনা করিতে হইলে প্রবন্ধান্তরে পরে করিব।

ર

বধন কোন প্রাতন ধর্মে, আচারপদ্ধতিতে বিক্বতি বা উচ্চুন্ধালতা প্রবেশ করে, তথনই সেই উচ্চুন্ধালতার প্রতিবাদস্বরূপ একটা নৃতন ধর্মের উদ্ভব হয়।
ঐইনা ও মুসলমান ধর্ম, মুখ্যজাবে বৌদ্ধ ধর্মের প্রতিবাদ। মাহ্ম ছাড়া,
মহয়ের আত্মা ছাড়া যে একটা স্বতন্ত্র ধাতা, পাতা, প্রষ্টা পরমেশর আছেন,
ইহাই ব্যাইবার জন্ম প্রীষ্টান ধর্মের উদ্ভব। বৌদ্ধ অক্তেয়তাবাদ বা
agnosticism এর প্রতিবাদ প্রীষ্টান ঈশ্বরবাদ বা Theism। প্রীষ্টান ধর্মের
প্রথম উদ্ভবকালে মুর্তি বা প্রতীকপূজার তেমন তীব্র বিরোধ ঘটান হয় নাই।
রোমান ক্যাখলিক প্রীষ্টানগণ অনেকটা পৌন্ধলিক, ইসলাম ধর্ম এই পৌন্ডলিক্তার ঘোর প্রতিবাদ। আরবে ইসলাম ধর্ম উদ্ভবের পূর্বে বৌদ্ধ ও তন্ত্রধর্মের
প্রাবল্য ছিল। ছুণ ও তাতারগণ বৌদ্ধ ছিলেন; পারসাক ও ইরানীগণ
অগ্নিপূজক ও তান্ত্রিক ছিলেন। ইসলাম ধর্ম এই বৌদ্ধ ও তন্ত্রধর্মের
প্রতিবাদস্বরূপ। মুসলমানের মসন্ধিদে কোন ছবি বা কাহারও প্রতিমৃতি
শোভার্পেও রাখিতে নাই, গৃহশোভার হিসাবেও পক্ষী বা মৃগ বা কল ফুলের
আ্লোকথ্য অক্ষিত করিতে নাই। মোসলেম ধর্মের মতন পৌন্ধলিকতার এমন
ভীবণ প্রতিবাদ্ধ জগতে পূর্বে আর কথনও হইয়াছিল কি না, তাহা বলা যায়

না। আটলান্টিক মহাসাগরের তীর হইতে প্রশান্ত মহাসাগরের তীর পর্বস্থ এশিরা, আফ্রিকা ও ইউরোপের যেখানে মোসলেম গিরাছে, সেইখানেই মৃতি বা দেবপ্রতিমা ভালিয়াছে, দেবমন্দির চূর্ণ করিয়া তাহার উপর মসন্দিদ গড়িয়াছে।

এই প্রীপ্তান ও ইসলাম ধর্মের উদ্ভবে জগতের ভাবরাজ্যে একটা ওলট্পালট ঘটিয়াছে। উপনিষদে, দেবীস্থকে যেমন আমিট সব, আমা হইতে সব—এই তত্ত্বের উপর মন্ত্রধর্ম স্বষ্ট হইয়াছিল, এটিানের ঈশ্বরবাদে তাহা চাপা পড়িয়া যায়। আমা হইতে প্রবলভর, প্রবীণতর একটা শক্তি আছে, তিনি ইচ্ছাময়, শক্তিময়, कुशामय महाशुक्तव- তिনिই क्रेश्वत । कीव, मासूय এই क्रेश्वतत किन्नत, সেবক, দাসামুদাস; ঈশ্বর সকলের প্রভু, বিভু ও সর্বব্যাপী। এই ভাবটা প্রবল হইয়া উঠিল। এই ভাব হইতেই রামামুলাচার্যের কৈকর্যবাদ ও সেবাপ্রধান বৈষ্ণব ধর্ম। অনেক প্রত্নতত্ত্বিদ পাশ্চাত্য পণ্ডিত বলেন যে, রামাত্রজাচার্ধের কাল হইতে এটিচতত্ত কাল পর্যস্ত ভারতবর্ধে যত দৈতবাদী বৈষ্ণব ধর্মের উদ্ভব হইয়াছে, সে সকলের তলায় প্রচ্ছন্নভাবে খ্রীষ্টান ধর্মের সিদ্ধান্তসকল লুকান আছে। তাঁহারা বলেন যে, শঙ্করাচার্য পর্যন্ত ভন্ত ও উপনিষদের আত্মপ্রধান অহৈত দিল্ধান্তের ধর্ম ভারতবর্ষে প্রবল চিল। তাহার প্র যত বৈষ্ণব ধর্মের উদ্ভব হইয়াছে, দে সবই গ্রীষ্টান ও মৃসলমান ধর্মের সিদ্ধান্তদকলের সহিত আপোদ মাত। যেখানে আত্মা ছাডা অনা একটা ঈশবের উপকল্পনা হইয়াছে, দেইখানেই বৈদেশিক প্রভাব বিরাজ করিতেছে বুঝিতে হইবে। পাশ্চাত্য পণ্ডিতগণ বলেন যে, ভাবময় দেবমুভির পরিকল্পনা এন্টিওকের আমিনিয়ান গ্রীষ্টান বুদ্ধগণের সিদ্ধান্তের ছায়া মাত্র। এ কথাটা সভ্য কি না, তাহা বলিতে পারি না। তবে বৈষ্ণব সিদ্ধান্তের সঙ্গে যে এটান ও মোসলেম ধর্মদিদ্ধান্তের অনেকটা সাদৃষ্ঠ আছে, তাহা অভিজ্ঞ মাত্রেই জানেন। এ সাদৃত্য কোথা হইতে আসিল, কেন হইল, তাহা এখনও কেহ थनिया प्रथाहेत्व भारत नाहे। जत उँहा य, ज्यमिकास्थत व्यानकी विताधी, তাহা আমাদের মনে হয়।

ভন্ত স্পষ্ট করিয়া বলিয়াছেন যে, আত্মাই আমাদের উপাশু। ভোমার ইষ্টদেবতা ও ভোমার আত্মা এক এবং অভিন্ন পদার্থ। তুমি যাহা থাও, যাহা ব্যবহার কর, তাহাই তুমি ভোমার ইষ্টদেবতাকে উৎসর্গ করিয়া দিবে। তুমি মাংদাশী হইলে ভোমার ইষ্টদেবতাকে মাংস নিবেদন করিয়া দিবে। ভোমার পক্ষে যাহা ভাল, তোমার ইউদেবতার পক্ষে তাহাই ভাল। মহানির্বাণ তম্বে এই কথাটা অতি স্পষ্টভাবে লেখা হইয়াছে।

> ' দাধকেচ্ছা বলবভী দেয়ে বস্তুনি দৈব'ত। যদাত্মনি প্রিয়ং প্রবাং তত্তদিষ্টায় কল্পয়েৎ ।"

অর্থাৎ দেবতা বিষয়ে দের বস্তুতে সাধকের ইচ্ছাই বন্ধবতী। যে যে বস্তু আপনার প্রিয়, তাহাই ইইদেবতাকে দিবে। যে হ্বরাপায়ী, সে শোধন করিয়া, দেবতার প্রসাদ করিয়া, তবে হ্বরা পান করিবে। মৃগ, ছাগ, মেষ, মহিষ, শ্কর, শল্পকী, শশ্প গোধা, কুর্ম ও গণ্ডার, এই দশ্বিধ পশু বলিদানে প্রশ্ন ও বলিয়া কথিত হইয়াছে। সাধকের ইচ্ছামুসারে অন্যানা পশুও বলি প্রদান করিবে। কেবল নরমাংস ও নরাকার পশুর মাংস ভোজন করিবে না; গো অতিশয় উপকারক জীব, তাই গোমাংস ভক্ষণ করিবে না। তবে বৃহৎতত্মসারে আগমবাগীশ বলিয়াছেন যে, গোমাংস মহামাংস; ভৈরবীচক্রে গোমাংসভোজী সাধক বসিলে উহা দেবীকে নিবেদন করা যাইতে পারে। এ কুলধর্ম কেমন প্রহানির্বাণ তম্ব উত্তর করিতেছেন—

"অন্তর্চিষাতি ভাচিতামস্পৃত্য: স্পৃত্যতামিয়াৎ। অভক্ষ্যমপি ভক্ষ্যং স্থাদ্যেষাং সংস্পর্মাত্রতঃ॥ কিরাতাং পাপিনং ক্রাং পুলিন্দা ঘবনাং থসাং। ভগুন্তি যেষাং সংস্পাত্তান বিনা কোহত্তমর্চয়েৎ॥"

অর্থাৎ এই কুলযোগী ও কুলধর্মের স্পর্শে অশুচি শুচি হয়, অস্পৃশ্ব স্থাহয়,
মভক্ষা ভক্ষা হয়, অব্যবহার্ষ ব্যবহার্য হয়। কিরাত, পাপী, কুর, পুলিন্দ, যবন,
থদ, কুলযোগীর ও কুলধর্মের স্পর্শে পবিত্র হয়। কারণ, কুলধর্ম আত্মার ধর্ম,
কুলযোগী আত্মদর্শী পুরুষ। যত জীব, তত শিব; যত নারী, তত শক্তি;
স্থতরাং ভিতরের ব্যাপারে দকল দেশের নর নারীই সমান; কেবল যোগ্যতার
হিসাবে ছোট বড়র বিচার হইয়া থাকে। তয়, দেহাবচ্ছিয় আত্মাকে অভ্জেয়
ও অজ্ঞাত পদার্থ বলিয়া মনে করেন না। তয় বলেন, ভাষায় তেমনি করিয়া
ব্যাইতে পারি না বটে, কিছু এক বার সাধনা করিয়া দেখ দেখি, আত্মার
আস্বাদন পাইলে কি অপূর্ব আনন্দ অহুভূত হয়। যে ব্রিয়াছে, দে-ই
মঞ্জিয়াছে। তাই তয় বলেন—'য়ৎ য়ৎ শাস্ত্রমধীতবাং তম্ম তম্ম বত্রতে চরেৎ'
—যে শাস্ত্র অধ্যয়ন করিবে, তাহার অহুকুল ব্রতাচরণ করিতে হইবে। কারণ,
ব্রতাচরণ না করিলে শাস্ত্র-দিদ্ধান্ত ঠিকমত ব্রা যায় না। এই তয়তত্ব মৃতিও

ব্বে না, অমৃতিও কিছু মানে না; তন্ত্র বলেন,—আত্মার সাগরে কি আছে, কে জানে ? এক বার ড্ব দিয়া দেখ না, এক বার অক্ল পাগারে গা ভাসাইয়া দেখ না। যদি মৃতি না পাইলে তোমার সাধ না মিটে তবে মৃতিপ্জাকরিও; যদি উপাসনা করিলে, মন্ত্র জপ করিলে সাধ মিটে, তবে তাহাই করিও। আত্মাই ইট, আত্মাই পুদা, আত্মাই সব।

এই অতিপুরাতন দিল্ধান্তের প্রতিবাদ হইল খ্রীষ্টান ও মৃদলমান ধর্ম এবং ভারতবর্ধের আধুনিক আচার্যগণ-ব্যাখ্যাত বৈষ্ণব ধর্মসকল। এই সকল ধর্ম জীব ও শিবকে নিতা পৃথক করিয়া রাখিয়াছে। এই জীব ও শিবে নিতাপার্থক্য তন্ত্র মানেন না। তন্ত্র বলেন,—যেমন সকল দেশের, সকল জাতির শিশু আকারে ও প্রকৃতিতে প্রায় একই রকমের, শিশুর থেলায়, শিশুর ব্যবহারে যেমন শেতাক রক্ষাক্রের ভেদ থাকে না;—যেমন মরণ ব্যাপারটা সকল জীবের পক্ষে সমান, মরিবে স্বাই, মরণভ্য় সকলেরই আছে, মরণপদ্ধতি সকল জীবের পক্ষে সমান, তেমনই আত্মা গোড়ায় স্ব এক, অভিন্ন ও একপ্রকৃতিক। প্রমাত্মায় ও দেহাবিচ্ছির আত্মায় কোন ভেদ নাই; যে ভেদ দেখিতে পাও, তাহাই মায়া মাত্র—মিথ্যা মাত্র। এই মায়ার জাল ছেদ করাই সাধনার উদ্দেশ্য। গীতার, দেবীপুরাণে এবং অন্য তন্ধগ্রন্থে (নিগমগ্রন্থে) এই একই সিদ্ধান্তবাচক শ্লোক অবিকৃত ভাবে আছে,—

"দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া ছ্রত্যয়া। মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে।"

এই মায়াজন্তই তৃমি আমি ভিন্ন বলিয়া বোধ হইতেছে। এই মায়া কাটাইতে হইলে তোমার আমার প্রতি প্রসন্ন হওয়া প্রয়োজন। তৃমি আমাকে চিনিলে (তোমাকে চিনিলে) সব এক বলিয়া জানিতে পারিবে— আমাময় হইতে পারিবে। এখন জিজ্ঞাশু—এই মায়া ছেদ করি কেমন করিয়া? উত্তবে ভন্ন বলিভেছেন,—'বিনা চোপাসনং দেবি ন দদাভি ফলং নৃণাং'—বিনা উপাসনায় মহন্ত কোন ফলই লাভ করিতে পারে না। সে উপাসনা কি ও কেমন? এক আত্ম-আরাধনা, দিতীয় পূজা, পাঠ, স্থতি, স্বীতি, এবং রসাম্রিত ভাবের উপাসনা। আত্ম আরাধনার কথা সংক্ষেপে পূর্ব সন্দর্ভে বলিয়াছি। সে আরাধনার মধ্যে কাম ও মদনভদ্ধ, সেই রাধনার মধ্যে নাম ও রূপভদ্ধ, সে আরাধনার মধ্যে জপযক্ত ও শক্তিসাধনা— বট্চক্রভেদ, শবসাধনা প্রভৃতি। পূজা, পাঠ, ন্তব, স্থতির মধ্যে গাঁট

ৰ্ভিপুজা-প্ৰবৃত্তিমূলক পূজা ও শেষে নিষাম উপাসনা আছে। এই উপাসনায় ঈশরের অসংখ্য মৃতি, অগণ্য প্রতিমা আছে; এই উপাসনায় দেশভেদে, জাতিভেদে নানা পদ্ধতি নিদিষ্ট রহিয়াছে। তদ্র উপাসনাপদ্ধতির সমাক্ আলোচনা করিয়াছেন। তবে যে সকল তত্ত্বে কেবল পুজোপাসনার পদ্ধতি বৰ্ণিত আছে, তাহা অপেক্ষাকৃত আধুনিক, তাহাতে বৈতবাদের, জীব-শিবের ভেদজ্ঞানের বিচারও আছে। বুধগণ বলিয়া থাকেন যে, যে তত্ত্ব বৈতবাদের আলোচনা আছে, তাহা বেজায় আধুনিক। সে দকল তম্বগ্রন্থ সম্প্রদায়গত পুত্তক মাত্র, সকল উপাসক সম্প্রদায়কে আবেষ্টন করিবার উদ্দেশ্যেই দে দকল তম্ব লিখিত হইয়াছিল। তন্ত্ৰের আধুনিক দংকলন কর্তারাও কিছু বৈতবাদের প্রাধান্য স্বীকার করিতে পারেন নাই। বন্ধানন্দ গিরি, ক্লফানন্দ আগম্বাগীশ প্রভৃতি তম্বসংগ্রাহকগণও অভৈতবাদের জয় দোষণা করিয়া গিয়াছেন। তথাপি তন্ত্র কিন্তু হৈতভাবে পূজা করিতে বাধা দেন না। যাদৃশী ভাবনা যতা সিদ্ধির্ভবতি তাদৃশী-যাহার যেমন ভাবনা, বেমন ক্রচি, তাহার তেমনই ভাবে সিদ্ধিলাভ হইয়া থাকে। ইহাই তদ্ধের অন্থশাসন। তত্ত্বের যেথানে যত দেবদেবীর পূজাপদ্ধতির উল্লেখ আছে, **(महेथाति) छत्त्र चारत्र चरेष्ठराक्ति निषास्मक्त त्यान्य ठानाहेरात** চেষ্টা হইয়াছে। গণেশ, শিব, বিষ্ণু, ছুর্গা, স্মর্থ্য-শাহার ন্তব পাঠ করিবে, **डाँ**हारक नर्वभन्न ७ व्यदिष्ठ ज्या वाशात्र वाशात्र वर्गना कता हरेग्ना हिन्स कि मर्वराम्यमञ्ज, मर्वछायमञ्ज, मर्वज्ञायमञ्ज, मर्वमाक्की ও मनाछन। माधात्रव পाঠरक বলিয়া থাকেন যে, পুরাণ তল্কের বড় মজা, যথন যে দেবতার পূজা করে, ज्यनहे जाहारक मर्वारक्ष्मा वर्फ कतिया जाता। जामन कथा-मवाहे धक, এক প্রমাত্মার, এক আত্মার বিভিন্ন পাত্মামুদারে, ভাবামুদারে ভিন্ন ভিন্ন অভিব্যঞ্জনা মাত্র। প্রকৃতপক্ষে এক প্রমাত্মাই আছেন, আর স্ব তাঁহার উপর সাধকের আরোপিত ভাবের ছায়া মাত্র। সাধকের কল্পনা ছাড়া ভাহাদের অন্য খতম অন্তিত্ব নাই। যথন বে ভাবের উপাদনা করিতে হয়, তখন সেই ভাবকে বাড়াইয়া তুলিতে হয়, তবেই ভাবসামরক্ত ঘটিয়া থাকে। বে যাহাকে ভালবাদে, সে তাহাকে সর্বাপেকা স্বন্দরী দেখে; পুত্র মায়ের কোলে ভইয়া মায়ের মৃথ যেমন দেখে, এমন মিষ্ট ও মধুর আর কিছু দেখে না; প্রণয়ী যুবক প্রণয়িনীকে বত হৃদ্রী ও মাধুর্ব্যময়ী দেখে, এত আর किहूरे (१८४ ना। दिशासिर जात, स्थासिर जामिकत किस, सिरेशासिर ভাবুকের সর্বাপেকা মধুর ও ফুন্দর বোধ হয়—দে তেমন আর দেখে নাই, তেমন আর দেখিবে না। তেমনই ভাবের দেবতা প্রকৃত ভাবুকের কাছে, রিসক প্রেমিকের কাছে সর্বাপেক্ষা ফুন্দর, মনোহর, শক্তিশালী ও সর্বশ্রেষ্ঠ। ভাবের দিকের এই গুপ্ত তত্ত্ব লইয়া, তাহার সহিত অবৈত সিদ্ধান্ত জড়াইয়া আমাদের শুবন্ডোত্রসকল রচিত হইয়াছে। তাই যথন মে দেবতার কথা প্রাণে বা তত্ত্বে লেখা থাকে, তথন তাঁহাকেই স্বাপেকা বড়, ফুন্দর ও মনোহর বলিয়া পরিচিত করা হয়। কালীর শুব করিতে যাইয়া মহানির্বাণ তত্ত্ব বলিতেছেন,—

"অমন্ত্রপূর্ণা বাগেদনী তং দেবী কমলালয়া। সর্বশক্তিস্করপা তং সর্বদেবময়ীতহং ॥ তথ্যের ক্ষা স্থলা তং ব্যক্তাব্যক্তস্বরূপিনী। নিরাকারাপি সাকারা কন্তাং বেদিতুমর্হতি ॥ উপাসকানাং কার্য্যার্থং শ্রেয়নে জগতামপি। দানবানাং বিনাশায় ধংনে নানাবিধান্তহং ॥

এই নম্না হইতে ব্ঝা যায়—আমাদের তাদ্ধিকী উপাদনা তত্ত্বতঃ কেমন। চণ্ডী, মার্কণ্ডেয় প্রাণ, কালিকাপুরাণ, শিবপুরাণ ও শক্তিধর্ম প্রচারক ষে পরাণ, যে তদ্ধ পাঠ কর না কেন, দর্বত্ব এই ভাবের কথাই পাইবে। আত্মতত্ত্ব ও পরমাত্মচিন্তা দকল উপাদনার, দকল মৃতিপূজার অন্তরালে আছে। ছৈতবাদীরা বলেন বটে যে, জীব ও শিব কখনই এক হইবে না, দাধক অনন্তকাল দেবা করিবে; কিন্তু এ কথাটা নিজ্য-রদান্ধাদনের লোভেই বলা হইয়াছে। চিনি থাইব, চিনি হইতে পারিব না—ইহ। মধুররসলম্পট দাধকদিগের কথা। দে রদের কথা পরে বলিব।

শিব ও শক্তি

পূবে এই 'প্রবাহিণী'তেই আমি শিবতত্ত্বের সামান্ত একটু ব্যাখ্যা করিয়াছিলাম। তন্ত্র, শিবকে স্কটির সার সত্য বলিয়া নির্দেশ করিয়াছেন। শিব অধিকারী, অবিনশ্বর, মৃত্যুঞ্জয়, অচল ও সনাতন; ইনি আছেন বলিয়া। স্কটি আছে; ইনি অনাদি, অনস্তকালস্থায়ী, ইহাতে কড়িত। স্কটি-শক্তিও জনাদি ও জনস্কলব্যাপিনী। বেমন একটা বাঁশের খোঁটার উপর একটা অপরাজিতা বা মাধবী লতা জড়াইয়া দিলে, লতা ষেমন পত্রপুশে সেই বংশগওকে আবরণ করিয়া রাখে, বাহিরের লোকে বাঁশ দেখিতে পার না, কেবল লতাপত্রের বেষ্টনে একটা দণ্ডাকার পুস্পমালা দেখে, তেমনি স্পষ্টশিজিবেষ্টিত—কুণ্ডলিনীবলয়িত শিবকে কেহই দেখিতে পায় না—কেবলই শক্তির বিকাশ দেখে, স্পষ্টর লীলাখেলা দেখে। ষেমন বংশবেষ্টনে লতার উদ্প্রবিকাশ ভিতরে বংশের বিদ্যমানতা হেতু হইয়া থাকে; বাঁশ না থাকিলে লতা ধূলায় ল্টাইত, অথবা অমন গজাইত না, উহার শোভা দূর হইতে লোকে দেখিতে পাইত না; তেমনি স্পষ্টি-চাতৃরীর অন্তরালে শিব আছেন বলিয়া—নিত্যঃ সর্বগতঃ স্থাণু: অচলোহয়ং সনাতন:—পুরুষ আছেন বলিয়া প্রাকৃতির এত লীলাখেলা ফুটিয়া উঠিতেছে—স্পষ্টি সম্ভবপর হইয়াছে। স্পষ্টির আবরণের ভিতরে তিনি আছেন, তাঁহাকে দেখিতে পাওয়া যায় না, ব্রিতে পারা যায় না, জানিতে পারা যায় না বলিয়াই শিব কেবল লিঙ্কের ছারা—চিক্তের ছারা নিষ্টিষ্ট ইইয়া থাকেন। শিবের নমস্কারের মন্ত্রে আছে,—

"তব তত্ত্বং ন জানামি কীদৃশোহদি মহেশ্বর। বাদৃশত্তং মহাদেব তাদৃশায় নমো নমঃ।"

অর্থাৎ হে মহাদেব, তোমার তত্ত্ব জানি না; তুমি কেমন, তাহাও ত জানি না; তুমি যেমনই হও না, তুমি যাহাই হও না, আমি তেমনকে, তাহাকে বার বার নমস্কার করিতেছি। সে শিব, সে তেমন, সে তাহা কেমন ?

> "ধরাপোইরিমকন্ত্যোমমথেশেল্বর্কমূর্তরে। সর্বস্থাস্তরন্থার শঙ্করার নমো নমঃ॥ শুত্যস্তঃকৃতবাসার শুতিরূপাথিলাত্মনে। অতীক্রিরার মহনে শাখতার নমো নমঃ॥ সুলক্ষ্মবিভাগাভ্যামনির্দেখ্যার সম্ভবে। ভবার ভবভৃতার তুঃখহন্তে নমোইস্ত তে।"

পৃথিবী, জল, অগ্নি, বারু, আকাশ, যঞ, ঈশান, চক্র ও স্থা্য্তির অস্তরালে তুমি প্রকট রহিয়াছ, সর্বভূতের অস্তরে অস্তরাত্মাস্বরূপে তুমি বিরাজমান; হে শঙ্কর! তোমাকে নমস্কার। তুমি শুভিপ্রতিপাদ্য, শুভিস্বরূপ, তুমি নানা মৃতিতে কীতিত হইয়া থাক, তুমি ইক্রিয়ের অগম্য, অথচ প্রকাশস্বরূপ, সেই নিত্য শঙ্কর দেব তোমাকে পুনঃ পুনঃ নমস্কার। বাঁহাকে সুল বা স্থল্ম বলিয়া নির্দেশ করিতে পারা ষায় না, অর্থাৎ যিনি স্থুল শক্ষের অতীত, যিনি ভব বা শৃষ্টির সন্তাম্বরূপ, যিন বা বাঁহা হইতে সৃষ্টি বা ভব উৎপন্ন হইন্নাছে, তেমন ছঃখহারী শকরকে নমস্কার। এই সকল শুব শুোত্র হইতে বুঝা যায় যে, শিব অন্তিত্ব-জ্ঞাপক মাত্র। এই যে আছে—সৃষ্টি স্থিতি প্রালয় আছে, জন্ম জ্বরা মরণ আছে, পরিবর্তন পরিবর্ত্তন পরিবর্ত্তন আছে, ইহা শিবের অন্তিত্বের জন্মই থাকে ও আছে। আমি আছি—বাল্যে যেমন ছিলাম, খৌবনে যেমন ছিলাম, প্রৌট্রে যেমন ছিলাম, এখন বার্থক্যে যেমন আছি, সে এক আমিই আছি; এই যে অন্তিত্বের একটা অপরিবর্তনীয় বোধ,—ইহা আমাতে শিব আছেন বলিয়াই আছে,— সৃষ্টির সকল লীলার অন্তরালে শিব থাকেন বলিয়াই এই বোধটা—এই অন্তিত্বের জ্ঞানটা থাকে। অহমন্মি—এই জ্ঞানই শিবজ্ঞান, আমার নয়নের উপর বিশ্ব বিকশিত হইয়া আছে—ইহাও শিবজ্ঞান। শিব—জ্পতের অন্তিত্বস্বরূপ—অথও দণ্ডায়মান কালস্বরূপ, সনাতন স্থাণুর স্বরূপ। ভাই শিবের নাম শুব, সর্ব, মুড়, হর প্রভৃতি।

'শৃত্যরূপং শিবং সাক্ষাৎ'—ষট্চক্র বর্ণনায় ভল্প বার বার বলিয়াছেন বে— শিব শৃত্যময়; শৃত্যাকার, শব্দময়, ওঁকাররূপী,—হতরাং শিব স্বয়ম্ভ লিক অর্থাৎ স্বয়স্তু চিহুস্বরূপ। মাহুষের দেহের ছয়টা চক্রে শিবজ্ঞান বা জ্ঞানময় শিবরূপ ছয় ভাবে বিক্রপ্ত রহিয়াছে। আর কুগুলী শক্তি 'দর্পাকারা শিবং বেট্য দর্বদা তত্ত্ব সংস্থিতা' অথবা যিনি 'সার্ধ-ত্রিবলয়াকারা কোটিবিত্বাৎসমপ্রভা' অর্থাৎ তিনি শিবের চারি দিকে সাড়ে তিনটা পাক খাইয়া কোটি বিদ্যুতের প্রভা বিকিরণ করিয়া আছেন। 'শৃত্তরূপং শিবং সাক্ষাদিনুংপরমকুগুলীং' অর্থাৎ শৃত্তরূপ শিবের চারিদিকে চক্রজ্যোতি:সম্পন্না কুওলী বিরাজ করিতেছেন। ইহাই শিব শক্তি, ইচাই অবিভাজ্য, নিত্য এবং গুণত্রয়দমন্বিত, এই শিব-শক্তিতে ত্রিগুণ বিরাজ করিতেছে; কেবল শিবে কোন গুণ নাই। কারণ, শক্তির সাহাঘোই গুণের বিকাশ হয়; শক্তিশৃতা শিব চিন্তার ও কল্পনার অতীত। মছব্য ও জীবদেহে শিবশক্তি সমন্বিত হইয়া যুগলে বিরাজ করিতেছেন। কেবল জীবদেহে কেন বলি-স্টির সর্বাস্থারে, স্থুলে হালে, স্থাবর জন্ম, অণু প্রমাণুডে শিব শক্তিযুক্ত হইয়া বিরাজ করিতেছেন। শিব শক্তিশূরা বা শক্তিবঞ্জিত হইয়া কথনই থাকিতে পারেন না, তবে তাঁহাতে শক্তি কথনও সন্মূঢ়াবস্থায় विदाक करतन, कथनछ श्रकष्ठ ভাবে विमामान थाकन। यथन मक्ति मध्य, ए, उथन जिन विमुक्तिनी-विमुविनिनी, तम विमु निवित मधाई मःनाछ।

বধন শক্তি প্রকট, তথন তাঁহার নানা রুণ, নানা বিভাব, নানা বিকাশ। কিন্তু তাহাতেও তম্ন বলিতেচেন,—

> "ভূজদক্ষপিণীং দেবী নিত্যনং কুগুলিনীং প্রাম্। বিসতন্ত্রময়ীঃ দেবীং সাক্ষাদমতক্ষপিণীম্। অব্যক্তক্ষপিণীং দিব্যাং ধ্যানগম্যাং বরাননে। ধ্যাত্বা জপ্তুণা চ দেবেশি সাক্ষাদ্বক্ষময়োভবেৎ॥"

এই পরা শক্তি ক্ওলিনী ভূজকরপিনী, পদ্মনালের স্ত্রের মতন অতি স্ক্রে, অতি মধ্ময়ী, তিনি অব্যক্তরপিনী, দিব্যরূপা এবং ধ্যানগম্যা তাঁহাকে ধ্যান করিলে, জপ করিলে সাধক ব্রহ্মময় হইতে পারে। মায়ের রূপ যাহা, তাহার আলোচনা 'তল্পে মৃতিপূজা' শীর্ষক সন্দর্ভে কতকটা করিয়া রাথিয়াছি। স্তরাং সে ভাবের—রূপের কথা এখন আর বলিব না। শক্তির হিসাবে মা—জগন্ময়ী—

'যচ্চ কিঞ্চিৎ কচিছন্ত সদস্থাখিলাত্মিকে। ভক্ত সৰ্বস্ত যা শক্তি: শা ড কিং সুয়সে তদা ॥'

এই বিশ্বহ্মাণ্ডে সদসৎ যাহা কিছু আছে, তাহাদের অন্তর্গত যে শক্তি আছে, সে তুমিই; অতএব তোমার আর ন্তব করিব কি! কারণ আমিই যে তুমি—

'बरः (मरी न চাল্যে) श्वि बरेक्करारः न गांकडाक्।'

আমার মধ্যে যে সকল শক্তি বিরাজ করিতেছে, সে যে তুমি; তোমার জন্মই জীবন, তোমার জন্মই দেহ, তোমার জ ই বুলি, মেধা, স্ব'ত, মুতি
—্তুমিই আমার সব। অতএব তোমার আবার হুব স্থতি কি!

এই শিব শক্তির সমন্বয়ে স্কৃষ্টির বিকাশ। এই শিব শক্তির ক্রিয়া বৃধিয়া এক আমি বছ এই কামনার প্রকাশ করাতেই স্কৃষ্ট সম্ভবপর হইয়াছিল। কাম ও মদন তত্ত্ব পূর্বেই ব্যাখ্যা করিয়াছি। মদন না থাকিলে স্কৃষ্টি হয় না, মদনের প্রভাবেই এক অপরকে আকর্ষণ করিতেছে, প্রত্যাখ্যান করিতেছে, আবার সম্মিলিত হইতেছে। এই মিলন ও বিয়োগের ফলে, আকর্ষণ ও বিকর্ষণের প্রভাবে একে তৃই, এবং তৃই হইতে বছর বিকাশ হইতেছে। এই তত্ত্বটা মদনভম্ম এবং কুমারসম্ভবের অর্থবাদের সাহায্যে তন্ত্র বড় মিষ্ট করিয়া বলিয়া রাখিয়াছেন। সে কথার পরে প্রয়োজন হইলে ব্যাখ্যা করিব। এখন শিবজের কথাটা আর একটু ফুটাইয়া বলিতে হইবে। তত্ত্বের হিসাবে শিবকেবল সংহারমৃতিই নহেন, তিনি স্কৃষ্টিছিতির বিধানকর্তাও বটেন। বাহাডে

मकल भगार्थत मःक्षां वा मक्षत्र हत्र. जिनिहे क्रवा वा निव। निवा हाहि দিকেই অ্টেশজির বিকাশ, শিবছেই সেই শক্তির নিলয় বা সেই শক্তি সম্পুষ্টিত হয়: অতএব পদার্থের পরিণতি যাহা, তাহাই শিবে যাইয়া সঞ্চিত হয়। তাই পুরাণের ভাষায় কবির অলঙ্কারে শিব শ্বশানবাসী, চিতাভন্ম মাথিয়া আপনার ভাবে আপনি বিভোর হইয়া আছেন। তিনি শূতাময়; তাই রঞ্জতগিরিনিভং —শ্বেতকায়, তল্পে শৃরোর শ্বেত বর্ণ। তিনি মৃত্যুঞ্জয়—জরা-মরণ-বিষ কণ্ঠস্থ। এইথানে তল্কের একটা theory কথা বলিব। তল্প বলেন যে, হিংদাই जीवत्मत व्यवनम्म ; श्रोवन पूर्वनत्क हिःमा कत्त्र-पूर्वनत्क छेनत्रम कतिया श्रीय वन तका करत। शृष्टित मर्वत्य ७ मर्ववग्राभारत शिःमारे विमामान, बाशांत्र शिःमा হত প্রবল, দে তত দিন অধিক বাঁচিয়া থাকে, তাহার বল তত অধিক হয়। এই হিংসাশক্তি যে দিন কমিয়া যায়, সেই দিনই জীব পঞ্চত্ব লাভ করে। वरलन, मकन भनार्थात, मकन कीरवत कीवन चार्छ, मर्वस्य कीवनक्रभिगी मिक বিরাজ করিতেছে। তুমি নিরামিষাশী বৈষ্ণব হইয়া শাক পাতা থাও, ম্বত ছগ্ধ খাও, তাহাতেও প্রবল হিংসা আছে। কারণ, বৃক্ষ লতা পাতা, ফল মূল, এ नकनरे नकीर প्राणमश्र अमार्थ : रेराप्तत मध्य श्वशः कुछनिनी मिक रिताक করিতেছে। গাছের ফল যদি আপনি পাকিয়া পড়িয়া যায়, তাহা হইলে এক কথা, কিন্তু বৃক্ষশাখা হইতে ফল ছি ডিয়া লইয়া তাহা ভোজন করিলে যেমন হিংদা হয়, মাছ ধরিয়া থাইলেও তেমনি হিংদা হয়। মূল ও কন্দ খাইবার জন্ম গাছটাকে উপাড়িয়া তুলিয়া থাইলে যে হিংদা হয়, ছাগমাংদ থাইলেও সেই হিংসা হয়। সর্বাপেক্ষা বড় হিংসা—বৎসকে মাতৃত্ব্ধ হইতে বঞ্চিত করিয়া গাভীর ত্বন্ধ চতুরভার সহিত দোহন করিয়া লইয়া পান করিলে কেবল হিংসাই হয় না. সঙ্গে সঙ্গে নির্দয়তা ও কপটতার প্রকাশ পায়। ডাজ্ঞার জগদীশচন্দ্র বস্থু সপ্রমাণ করিয়াছেন যে, বৃক্ষ লতা গুল্মাদির, উদ্ভিদ জীব মাত্রেরই বেদন্-বোধ আছে —অমুভূতি আছে; অন্ত জীবের যেমন স্থপ হঃপ জ্ঞান আছে, যেমন বেদনাবোধ হয়, ঠিক তেমনই আছে। গাছের পাডা ছি ড়িলে, ফুল তুলিলে वुक वाथा भाग्न, त्त्रामन करत । धरे कथाठा--धरे छक्की छन्न वह भूर्त्र विना রাখিয়াছেন। তল্তের যুক্তি এই বে, উদ্ভিদ যথন দেহী, তথন দেহীর সকল अन जाहार जाहा; जरत डिस्टिएय भक्त वा वाक्मिक नाहे. जाहे तहना পাইলে तुक नजा পাতা ही कांत्र कतिहा त्रापन करत ना. वाथा खानाह ना : शतक वाथारवारधत वक ठिक कथम कीरवत मछम चरिष क्षकाम करत।

रम कथा, छा Biology वा कीवछाबद धहे निवाही वह शर्द विवाह রাথিয়াছেন বে, জীব যত কণ প্রাণ ধারণ করিয়া সজীব থাকিবে, তডকণ তাহাকে অপর জীবের হিংসা করিতে হইবে। জীবের পুষ্ট জীবের বারাই হইয়া থাকে, কোন জীব নিজীব পদার্থ ভোজন করিয়া বাঁচিয়া থাকিতে পারে না। পৃথিবী জীবে পূর্ণ, ধরাগর্ভম্ব রস জীবনদায়িনী শক্তিতে পূর্ণ, বৃক্ষ লতা পাতা, কীট পতৰ জীবাণু, সবই জৈবী শক্তির দ্বারা সম্পূর্ট ও স্থরক্ষিত। নিরামিষ বৃক্ষ লভা পাভা থাইলে জীব খাওয়া হয়, তুগ্ধ ক্ষীর ঘুতও প্রভাক खीवाःग ७ खीवानुभूर्वछ वर्ष्टे । माङ्गरवत-माङ्गरवत त्कन, मकल खीव अखत, স্থাবর জন্মের এমন ভোজা সম্ভবে না, যাহাতে অন্ত জীব নাই—কুত্র কুত্র कौरापू नारे, कीरनमाशिनी मिक नारे। कार्ष्करे शिःमा ना कितल ভाकन रुम्र ना, (ভाक्रन ना रुटेल कीयन शास्त्र ना। अख्या यख्या कीयन, अख्या शिःमा थाकित्वरे । मिःर भाष् नित्क शिःमांत मावश्व पृष्ठि वना रहा । हिःमा হইতেই সিংহ শব্দের উৎপত্তি। এই হিংমার নাশে স্বাচ্টর নাশ—জীবের নাশ. অন্ত পদার্থসকলেরও সাবয়ব স্বতম্ব সন্তার নাশ হয়। শিব পরিণামের দেবতা. ভাই ডিনি বাদাম্বর, অর্থাৎ মৃত হিংদার থোলদটা বেন তাঁহার কাছে থাকে. ভাহাই যেন তাঁহার আবরণ! অর্থাৎ হিংসাবিরহিত জীবসভা তাঁহাতে যেন সম্পুটিত হইয়া আছে।

ভাকর্যণ বিকর্ষণ শক্তিসকলকে পুরাণের ভাষায় সর্প বা ভ্রন্তম বলা হইয়াছে। এই শক্তিসমবায়ে বিশ্বস্থাইর বিক্যান্য এবং বিকাশ। যথন শক্তির খেলা হয়, চারিদিকে বিকাশ হয়, তথন বিশ্বস্থাই ফুটয়া উঠে; তথন চারিদিকে সাপের খেলা দেখিতে পাওয়া যায়। কিছু যথন বিশ্ববিকাশের সকোচ ঘটে, তথন শক্তির সার শিবদেহে ঘাইয়া সঞ্চিত থাকে। সর্পের সার সর্পবিষ; সেই সর্পবিষ মৃত্যুক্তয় মহাদেবের কণ্ঠছ—উদরছ নহে। উদরহ হইলে বদি হজম হইয়া যায়, আর না বাহির হয়, তাই শিব নীলকণ্ঠ হইয়া সর্পবিষ কণ্ঠে ধারণ করিয়াছেন। যথন আবার ক্ষেষ্টর প্রয়োজন হয়, তথন কণ্ঠের বিষ বাহির হয়়া নৃতন ভাবে শক্তির বিধান ক্ষেষ্ট করে,—তথন নীলকণ্ঠ নীললোহিত মহাদেবে পরিণত হন। এমনই ভাবে সংহারম্ভি, শিবের মৃতি, যাহা পুরাণের —কাব্যের কাল্পনিক ভাষায় রচিত হইয়াছে, তাহার একটা গৃঢ় ব্যাথা পাওয়া যায়। কেবল অক্সানের সাহায্যে এমন ব্যাখ্যা করিতে হয় না, পুরাণ ও ভন্ম এ ব্যাখ্যার পছা নির্দেশ করিয়া গিয়াছেন।

এইবার শিবশক্তিসমন্বয়ে স্ষ্টিতত্ত্বের কথাটা বলিব। বলিয়াছি ত, ভত্ত generalisation করিতে বড়ই পট। সংসারের তাবং ঘটনাকে গোটাকয়েক নিয়মের বারা তন্ত্র বাঁধিতে চাহেন, বাঁধিয়া রাখিয়াছেন। তন্ত্র বলেন, বে পদ্ধতি অমুসারে তুইটা জীবের সম্মেলনে পরে বছ জীবের উৎপত্তি হয়, ঠিক সেই পদ্ধতির ঘারায় জগৎস্প্তি হইয়াছে—হইতেছে। অনস্ত কাল পর্যস্ত অনস্ত জগৎ স্ট হইতে থাকিবে। সে পদ্ধতি কি ? স্ত্রীত্ব এবং পুংত্বের সম্মেলনে— श्वीमिक ७ भू:मिक बाकर्यन विकर्यन काश एहे हहेग्राह्म, हहेरलह —हहेरत। এই তত্ত্বের অর্থবাদ শিবশক্তিসমন্বয়—allegory হইল শিবলিকের চারি ধারে গৌরীপট্রের আবেষ্টন। এই অর্থবাদের থাতিরে শিবলিঙ্গ কেবল শিবত্বের চিক্ত মাত্র নহে,—প্রজননশক্তি দঞ্চারের প্রতীকম্বরূপ। গৌরীপট্টও তথন আর गांधिकवनप्राकात कुछनिनी निक्त नटर, जीवस्थित खतायू-वीर्यास्थत আধারস্থান। কেবল অলঙ্কারের থাতিরে, অর্থবাদের লোভে তম্ভের এবং পরাণের কবিগণ শিব ও শক্তিকে নর নারীতে পরিণত করিয়া হুষ্টিভন্তে রিরং দার ক্রিয়াটা বুঝাইবার চেষ্টা করিয়াছেন। উপমা উপমেয়ের ব্যাপারটা এত দুর চালান হইয়াছে যে, শেষে লোকে আসল কথাটা, তত্ত্বকথাটা ভুলিয়া গিয়া, অর্থবাদের অংশটুকু--গল্পের ও অলকারের ভাগটুকুকেই আসল বলিয়া ধরিয়া লইয়াছে।

ইহা হইল তন্ত্রের কথা, স্প্টিতত্ত্বের একটা রহস্ত মাত্র। কিছু শৈব দাধকগণ বলেন যে, আমরা তত্ত্ব ব্বিতে চাহি না, দংদারে শক্তির ক্রিয়া দেখিতে চাহি না। আমরা চাহি জুড়াইতে—মুক্তি লাভ করিতে, নিবাণ প্রাপ্ত হইতে। বে শিবে স্পট্টর দর্বস্থ যাইয়া দংহত হয়, স্পট্টর দকল জীব যাইয়া শান্তি লাভ করে, যিনি নির্বাণের আধার—নির্বাণস্বরূপ, যাঁহাতে স্ক্রভাবে বিশ্বব্রক্ষাও সংস্থিত, যিনি কেবল বিশ্বব্রক্ষাওর দর্বস্থকে নিজের মধ্যে সংহত করিয়া লইতেছেন,—আমরা সেই করণার আধার দদাশিবের আশ্রয় গ্রহণ করিতে চাহি। এই সংসারে গতাগতির জন্তুই যত জ্বালা, যত কট্ট, যত ক্ষোভ, যত বাধা। শিব সেই গতাগতির শেষ করেন—পরিসমাপ্তি ঘটান। আমরাও তাহাই চাই। অতএব এই 'নিত্যাং দর্বগতঃ স্থাপুরুচলোহয়ং সনাতনং' শিবই আমাদের দেব্য—আরাধ্য—পূজ্য। এই পথের পথিক যে দকল শৈব, তাঁহারাই দক্ষিণামৃতি শিবের পূজা করেন। সে শিবের গৌরীপট্ট নাই, শক্তির আবেইন নাই, তিনি কেবল লিক, কেবলই চিক্ত, কেবলই প্রতীক, কেবলই স্থাপুট

শ্ৰীমৎ শঙ্করাচার্য গোড়ায় এই দক্ষিণামৃতি শিবের সাধক ছিলেন। এই শৈব সম্প্রদায়ের সহিত হীনবানী বৌদ্ধদের করুণা সাধনা ও নির্বাণতক্ষের বড বেশী পার্থক্য নাই। ইহারা বৃদ্ধদেবকে অবলোকিতেশর মহাদেবে পরিণত করিয়া, তাঁহাতেই জীবের নির্বাণ প্রাপ্তির বিধান করিয়াছেন। দাক্ষিণাড্যে এই মডটা এক সময়ে খুব প্রবল ছিল। মান্যবর মহারাজাধিরাজ মনীয়ী প্রীযুক্ত শুর বিজয়চন মহাতাব্ বাহাত্র সম্প্রতি বর্ধমানে এই মত অনুসারে অপুর্ব বিজয়ানন্দ বিহার নির্মাণ করিয়াছেন। ভাবুক মাত্রেরই সে বিহার দর্শন অবশ্র কর্তব্য। দে বিহার নির্মাণের দকে সঙ্গে 'শিবশক্তি' পু'থি রচনা করিয়া তিনি ইন্দিতে এই সকল সিদ্ধান্তকথা সাধারণকে বুঝাইবার চেটা করিয়াছেন। শিবশক্ষি পুঁথিটা আগাগোড়া আমরা এই 'প্রবাহিণী'তে মুদ্রিত ও প্রকাশিত করিয়া দিয়াছি। কুটছ চৈততারপী শিব কেমন করিয়া শক্তির ছলাকলাকে পরিহাস করিতে পারেন, তাহার ইঞ্চিত মনখী মহারাজাধিরাক অতি ফুল্মর ভাবেই করিয়াছেন। দে কথাটা খুলিয়া বুঝিতে হইলে মদনভন্মের অর্থবাদ, কুমার-সম্ভবের রোচক আখ্যায়িকার ভিতরকার তত্ত্বসূত্রবিতে হয়। এক বার পত্রাস্তরে 'কাতিকের জন্ম' বলিয়া একটা প্রবন্ধ লিথিয়া আজ চারি পাঁচ বৎসর পূর্বে এই তম্বটা বুঝাইবার চেষ্টা করিয়াছিলাম। তথন সেটা অরণ্যে রোদন তইয়াছিল, কেহই সে ভাবটা ধরিতে পারেন নাই। এখন যখন ধারাবাহিক-ক্রণে শিবভন্ন ও স্টেভন্নের কথা বলিভেছি, তথন অবাস্তরভাবে মদনভস্মের ভদ্মটা ব্যাইতে পারিলে অস্ততঃ শিবসাধনার একটা শুর বৃথিতে পারা बाहिता छन्न राजन रा, निव नाधनात रापका नरहन, मक्कि नाधनात रापका। শক্তিসাধনায় সিদ্ধ হইলে শিবত আপনিই ফুটিয়া উঠে। বৌদ্ধের করুণাবাদের পথ দিয়া যাইলে শিবসাধনার উপযোগিতা বেশ বুঝা যায়।

দে কঞ্পাবাদ অতি কটিন তন্ত্ৰ, দেই কক্পাবাদের উপরই শিবের আশুতোষ ভাৰটা কুটিয়াছে! শিব আশুতোব না হইলে সাধনার দেবতা হন না। কাজেই শিবের বুঝিতে হইলে কক্ষণাবাদটা বুঝিতেই হইবে। কক্ষণাবাদ না বুঝিলে মহারাজাধিরাজের নৃতন পুঁথি শিবশক্তির মাধ্য্য বুঝিতে পারা যাইবে না। তথাপি যতটুকু বুঝাইয়াছি, তাহা ধরিয়া শিবশক্তি পাঠ করিলে ভাব অনেকটা ধরা যাইতে পারে। কক্ষণাবাদের কথা মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাল্পী মহাশন্ত্র 'নারারণ' নামক মাসিক পত্রে একটু ইলিতে বলিয়া রাথিয়াছেন। বুঝিবার পক্ষে তাহা কিছে পর্যাপ্ত নছে। বাহা হউক, কক্ষণা-

বাঘটা বে বালালীর আধুনিক সাহিত্যে আবার ফুটিয়া উঠিয়াছে, এটুকুর জ্ঞ শাস্ত্রী মহাশয় আমাদের অশেষ কৃতজ্ঞতাভালন। এই কৃষ্ণার theory মহাপ্রভূ ঐঠিচতন্য আকারাম্ভরিত করিয়া গ্রহণ করিয়াছিলেন। এই কঞ্চণার থিওরির উপরট 'অহিংমা পরম ধর্ম' দিছান্ত প্রতিষ্ঠিত। শাক্ত তম্মকল এই कक्नारात्रत रिताधी। आभात मत्न रहा, मक्तिमाधनाम এই कर्छात्रजात প্রতিবাদস্বরূপ বৌদ্ধ ধর্মের উৎপক্তি। কারণ, বৌদ্ধ শাস্ত্র পদে পদে তম্বনিদ্ধান্তেরই প্রতিবাদ করিয়াছেন। এটিচতন্যের বৈষ্ণব ধর্মও এই ভন্তবিদ্ধান্তের প্রতিবাদ। এমন কি, প্রীমৎ শঙ্করাচার্বের মায়াবাদও শৈব ধর্মও তম্বনিদ্ধান্তের প্রতিবাদ। আমাদের দেশে ও সমাজে যে কত ধর্মবিপ্লব, কত নৃতন নৃতন ধর্মমতের ও সম্প্রদায়ের যে স্বাষ্ট হইয়াছে, তাহা হিসাব করিয়া এখন কেহ বলিতে পারে না। এক একটি পুরাণ যেন এক একটি ধর্মভাবের প্রচারক, এক একখানি তম্ব যেন এক একটি নৃতন ধর্মসাধনার প্রবর্তক। কত পুরাণ, কত উপপুরাণ, কত তন্ত্র, আগম নিগম যে আছে—পঞ্চ আমায়ের মধ্যে যে কত অসংখ্য পুঁধি আছে, তাহা আর বলিয়া শেষ করা যায় না। ভত্তের পুঁথিসকলের মধ্যে সব আছে। সে সব খুঁজিয়া বাহির করা একটা মাতুবের কাজ নথে, এক যুগেরও কাজ নহে! কারণ, আমার বিখাদ, তল্পের শক্তি। वर्ष नवीतिका भूतां जन वर्ष ; हेशां हे दिनीत छेपत, हेशां श्री छिवानयत्रभ, ইচার সহিত আপোস করিয়া, ইহার উপর রং চড়াইয়া পরবর্তী সকল ধর্মের উৎপত্তি হইয়াছে। তাই তল্পের অবে সকল ধর্মের ছায়া ও কায়া উভয়ই चाहि। त्रीथ । देश कर्मावान नृतिष्ठ इट्टेन वहे एक्ष्यहे महाग्रे । बहुन করিতে হইবে। দে পরের কথা, পরে হইবে। আপাততঃ আমরা মহারাজা-ধিরাজ বাহাত্রকে আবার ধনাবাদ করিতেছি বে, তিনি বিজয়ানন বিহার রচিয়া, এবং াশবশক্তি পুত্তক রচনা করিয়া বান্ধালায় একটা লুপ্ত ভাবের পুনরভ্যুত্থানের চেষ্টা করিয়াছেন।

এই সঙ্গে আর একটু বলিরা রাথা ভাল যে, শৈব ধর্মের মধ্যে নাথী সম্প্রদায়ের হাত অনেকটা আছে। গোরক্ষনাথ, আদিনাথ, স্বয়স্থ্নাথের অনেক ব্যাখ্যান ও বিক্বতি শৈব ধর্মের মধ্যে সম্পৃটিত হইয়া আছে। নাথদের প্রভাব এক কালে বালালায় অতিমাত্রায় ছিল। এখনও তাহাদের লুপ্ত পদ্চিক্ বালালার বছ স্থানে পুঁজিলে পাওয়া যায়। বালালায় জৈন ধর্মের প্রভাবও খুব ছিল। জৈনদের অনেক কথা শৈব সম্প্রদায় স্বীয় কৃক্ষিগত করিয়া

রাণিয়াছেন। মহারাজাধিরাজ বাহাছর দক্ষিণামৃতি শিবের প্রতিষ্ঠা করিয়া বালালার ও দক্ষিণাত্যের গোড়ার কথা যেন টানিয়া বাহির করিবাব চেটা করিয়াছেন। ছংথ এই, ক্ষোভ এই যে, বালালায় এখন তেমন প্রিত নাই, পাণ্ডিত্য সংগ্রহের সে উপাদান নাই, আয়োজনও নাই। আঁধার ঘরে দীপের আলো লোকে দ্র হইতে দেখিবে ও অবাক্ হইয়া থাকিবে; নহে ত য়াহায়া ম্র্য ও অজ্ঞা, তাহায়া অহকারের উপর ভর করিয়া বার্থ বাদ প্রতিবাদ চালাইবে। সে বাদ প্রতিবাদে দলাদলি বাড়িবে, জ্ঞানাহেষণ যথারীতি হইবে না। তুমি জান না, তোমার মনে কি আছে, ছার আমরা, তোমার নিমিত্ত মাত্র হইবারও যোগ্য নহি।

2

निव मक्कि—मृत्र कथनरे नरहन। यथन **जिनि मक्किनमाञ्च** जाहाराज শক্তি প্রচ্ছন্নভাবে অবস্থিত, তথন তিনি বাক্য মনের অগোচর, কেবল সনাতন পুরুষ মাত্র। তথন শিব একা বসিয়া আছেন, এক তানপুরা লইয়া, শব্দ-ব্রহ্মকে অবলম্বন করিয়া নিজের ভাবে নিজে বিভোর হইয়া আছেন। তথন বিশ্বস্টি তাঁহাতে সংস্তত, তাঁহার মধ্যে যেন সম্পুটিত। তথন তাঁহাতে কোন চেষ্টা নাই, কেবল তিনি বিরাজ করিতেছেন। এ অবস্থা মহয়ের চিস্তার অতীত-কল্পনার অতীত; কিন্তু যথন তানপুরা বাজিয়া উঠে, শব্দত্রন্ধে ঝলার হয়, তথনই মহাবাক্য উত্থিত হয়। সেই ঝলারের দলে সলে এক আমি বত হইব, এই ইচ্ছাশক্তি যেন জাগরিতা হন। এই ইচ্ছা বেশ জ্মাট বাঁধিলেই, ক্ষ্টেশক্তি কিশোরী গৌরীব্ধপে তাঁহার বাম উকর উপর স্থাগিয়া বদেন। তথন এক হইতে ছইয়ের উৎপত্তি হয়। এই ছই হইডেই, এই শিবগৌরী হইতেই জগতের স্ষষ্টি—বিশের বিকাশ। বিশের স্তরে স্থরে বেমন বিকাশ ঘটিতে থাকে. তেমনি স্তরে স্থরে আছা শক্তির দশ মহাবিছা রূপ कृषित्रा छिঠ। यह कन हहेए एष्टि आंत्रस, महे कन हहेए नाम्बर्स উদ্ভব। অপচয় ও উপচয় এক সঙ্গেই ঘটিয়া থাকে; মা যে মৃহর্তে উমা, সেই মুহুর্তে কালা। কারণ, ক্রিয়ার অর্থ ই উপচয় এবং অপচয়; এক দিকে উপচয়, অন্ত দিকে অপচয়; এক দিকে করণ, অন্ত দিকে বিকাশ। ক্রিয়া না হইলে স্পষ্ট হয় না, স্পষ্ট একটা ক্রিয়া মাত। শক্তি স্কালিড-- আন্দোলিত—শান্দিত হইলেই ক্রিয়া হইল। শক্তির শান্দান—সঞ্চালন তথনই হয়, বখন এক দিকে অপচয়, অন্য দিকে উপচয় ঘটে। স্তরাং স্টের দলে সঙ্গে নাশ দেখা দিবেই, জনমের সঙ্গে মরণ আসিবেই। তাই সদাশিবে ব্রহ্মা বিষ্ণু ক্লে তিনই বিদ্যমান; তাই উমা দেখা দিলেই কালী এবং ছিন্নমন্তা, ধুমাবতী ও বগলা দেখা দিয়া থাকেন। এক বিদ্যায় বিকাশ হইলে, অন্য নয়টা বিদ্যা ফুটিয়া উঠেন।

যথন স্পষ্টির থেলা পুরাদমে চলিতে থাকে, তথন শক্তি কালীরূপে বিকশিতা। শিব শবাকারে চরণতলে পভিয়া আছেন, মা শিবের বুকের উপর দাঁড়াইরা অসংখ্য যোগিনী সঙ্গে নাচিতেছেন। স্পষ্টর সঙ্গে সঙ্গে নাশ हरेटाइ, नात्मत मान नुष्य पृष्ठित विकाम हरेटाइ। आहा मान धक ধাইতেছেন, আর গড়িতেছেন, আবার ধাইতেছেন, আবার গড়িতেছেন। জনন মরণের এই প্রম্পরা অনস্ত শৃত্বলের আকারে বেন তাঁহার ব্যাদিত वहत्तत्र मधा हिया त्कवन यहित्त्वह, छारात्र त्वन व्यांगा नाहे, त्यांका नाहे. আদি নাই. অস্ত নাই-কেবল চলিয়াছে নদীপ্রবাহের মতন, অনস্ত জলপ্রপাতের মতন কেবল চলিয়াছে, কেবল বংকার ঝরিতেছে। ইহাই স্কট শক্তির পূর্ণ বিকাশ। এ সময়ে শিবের শিবছ যেন ঢাকা পড়িয়া যায়, শিব ষেন শবের মতন হটয়া যান। আর শক্তি তথন উন্মাদিনী—কোটি রূপে. কোটি ভাবে অসংখ্য দিক দিয়া বিকশিতা; তথন মায়ের খেলা বে কড রকমে দেখা যায়, তাহা আর হিসাব করিয়া বলা যায় না। তথন শক্তি আত্রন্ধ তথ পর্বস্ত সর্বত্বে প্রকটরপা; তথন শক্তি ছাড়া আর কিছু দেখিতে পাওয়া যায় না। আর কাহারও থোঁজ পাওয়া যায় না। তথনকারই অবস্থার প্রতি লক্ষ্য করিয়া ভক্ত গান করিয়াছেন-

> "বাজবে মহেশের বুকে নেবে নাচ গো কেপা মাগী।"

অমন পাগলিনীর মত নাচিও না মা, বেচারা শিবের বুকথানা বে ভোষার চরণভাড়নের চোটে ফাটিয়া ঘাইবে। যদি তুমি অমন ভাবে না নাচিয়া থাকিতে না পার, ভবে পাগলী মেয়ে, শিবের বুক হইভে নামিয়া নৃত্য কর। কিছ ভাহা ত হইবার জো নাই। শিবের বুকের উপর ছাড়া, মা আমার অন্য কোথাও নাচিতে পারে না; শিবের বুক ছাড়া তাঁহার নাচিবার অন্ত ছানও নাই। কারণ, শিব যে সর্বব্যাপী, সে অখণ্ড সন্তা সর্বন্ধ, বিশ্বজ্ঞাণ্ডের

সর্বত্র পরিব্যাপ্ত। সা বেমন সর্বব্যাপিনী, শিবও তেমনি সর্বাধারভূত। স্থতরাং নাচিতে হইলে মাকে শিবের বুকের উপরেই নাচিতে হয়। কল্পতিকা তিনি, কল্পত্রম শিবের চারি দিকে, সর্বাব্যবে অড়াইয়া লতাইয়া আছেন। তাই রক্ষ করিয়া ভক্ত বলিয়াছেন,—"নেবে নাচ গো ক্ষেপা মাগী।' নেবে নাচিধার মায়ের উপায় নাই—শক্তি নাই। শিব ছাড়া শক্তি ফুটিতেই পারে না;—শিবদেহসমান্ত্রিত বলিয়াই শক্তি গতিরপিণী ও লীলামরী। পক্ষান্তরে তেমনই শক্তি ছাড়া শিব থাকিতেই পারেন না। শক্তি প্রকটই হউক, অথবা সম্পুটিতাই হউক সদাই শিবদেহসমান্ত্রিত। যথন শক্তি গংহাতা, তথন শিব আত্মারাম, মহাযোগে নিমগ্ন। যথন শক্তি প্রকট, তথনও শিব যোগ-বিভার বটে, পরন্ধ ইচ্ছাময়। তাঁহা হইতে সিফকা বা ফ্রনইচ্ছা ফুটিয়া উঠিয়াছে, আর ক্ষণে কণে এক এক বিশ্বক্ষাও স্টে হইতেছে—কোটি কোটি বন্ধাণ্ডের উদ্ভব ও বিলয় তাঁহাতেই হইতেছে।

বিশ্বকাণ্ডে যে লীলা অহরহঃ হইতেছে, প্রত্যেক জীবের দেহভাতেও সেই শিবশক্তির লীলা অহরহ: চলিতেছে। দেহভাওে শক্তি কুওলিনীরূপে বিরাজিতা, আর 'আমি আছি' এই শিবজ্ঞান অধণ্ডভাবে তাহার মধ্যে বিরাম্ভ করিতেছে। জীবন শক্তির একটা লেখা বটে, শক্তি নানা ভাবে লীলা করিয়া জীবনকে ফুটাইয়া তুলিতেছেন বটে, পরত 'আমি আছি' এই শিবজ্ঞান অব্যাহত ভাবে শক্তির থেলার মধ্যগত হইয়া না থাকিলে, শক্তির নামা বিকাশকে কেন্দ্রগত না করিলে জীবের জীবছট সম্বর্গর চয় না। शायत, सक्तम, मकन श्रकात औरवह 'आमि आहि' এह खानता शांकिरवह । (महाविष्कृत चामि (महरू हे विश्वां कतिए हि, चना भार्ष-मकन हेरे खण्डा ভাবে বিরাজ করিডেছি, এই জ্ঞান মতক্ষণ থাকিবে, ততক্ষণ সেই দেহ সঞ্জীব थाकिरत। नहिरल मक्ति क्रणमिक मांज-शानशीन, कानशीन मिक मात। कान कान जाब देशां वार्याण देशांक स्व व अ अ अ अ व विक ना. नकन भगार्थहे. मकन मक्कित थिनाएहे, स्थान चाएखा चाहि, महेशानहे. रिश्वास श्रमार्थत विभिष्ठेषा चाहि, त्मरे श्रमार्थरे मित अ मिक विद्यामान আছেন। বিশ্বস্টীতে শিবশক্তিবজিত কিছু হইতে পারে না, কিছু থাকিতে পারে না। এই অনন্তকোটি বন্ধাণ্ডের মধ্যে যেথানে যাহা কিছু আছে.-श्हेराजाह, श्हेशाह बद शहरत, तम मकामहे नियमिक चाहि। मक्तित बक প্রকারের বিকাশকে আমরা জীব বলি, অন্ত প্রকারের প্রকাশকে জড বলি :

প্রকৃতপক্ষে জড় ও অজড়, জীব ও জড়, তুই এক, অবিভক্ত এবং অবিভাকা। আচাধ্য জগদীশচক্র বস্থ জীবসামান্য ধর্ম জড পদার্থেও আবিষ্কার করিয়াছেন। জড়েরও এক প্রকারের অমুভূতি আছে, উপচয় অপচয় আছে। যথন জড়ে ও জীবে শক্তিকিয়ার একরকম পরিণতি ঘটিতেছে, তথন জড় ও জীব চুই এক, কেবল অবস্থার বিকাশভিকি স্বভন্ত প্রকারের। এই হিসাবে ভন্ত বলেন ষে, স্ষ্ট পদার্থ মাত্রেরই প্রাণ আছে, অমুভূতিশক্তি আছে, স্থপতঃখবোধ আছে। **बहे स्मिन्नीमधन बक्टा म्हीर नार्ब, त्मोर मधन बक्टा खानगुरू यह माछ-**(मशी श्रक्ष्यक्रम। छाशा छेभत मध्य विश्वक्रमाण अक्टा वितार कीत. বিরাট পুরুষ। যেমন মতুষ্য বা পশুদেহ জীবসমবায়ে স্বভন্ত স্ভারূপে বিদ্যমান, তেমনি পৃথিবীটা জীবসমবায়ে সন্তারপে—জীবরূপে বিরাজমান। তাহার উপর সৌরমগুল বন্ধাণ্ড একটা স্বতন্ত্র পুরুষ—একটা বিরাট জীব। এমনই অনন্তকোটি ব্রহ্মাণ্ড-জীবে এই অনন্ত আকাশ পরিপূর্ণ। অনন্তকোটি বন্ধাও-জীবপূর্ণ আকাশ আবার এক অনন্ত আত্মার আশ্রয়ে অবস্থিত। আত্মাশূন্য স্থান নাই-বিশ্ববন্ধাও যেন একটা বিশ্বাত্মার সাগর। সেই সাগরের একটি বুদুবুদ এক একটি ব্রহ্মাণ্ড। স্প্রতিত্ত্বের এমন grand idea, এমন বিরাট ভাব আর কোন জাতির কোন শাল্পে আছে কি না, জানি না। এ ভাব ভারতবাসীর মাথাতেই ফুটিয়া উঠিয়াছিল, ভারতবর্ষেই এখনও নিবন্ধ वारह ।

তন্ত্র এই দক্ষে বলিতেছেন যে, জীবের কলেবরে যে ক্রিয়া যেমন ভাবে হাতেছে, বিশ্বক্ষাণ্ডে সেই ক্রিয়া তেমন ভাবেই হাতছে; বিশ্বক্ষাণ্ডে সেই ক্রিয়া তেমন ভাবেই হাতছে; বিশ্বক্ষাণ্ডে বে ক্রিয়া যেমন ভাবে হাতছে, মহাত্মদেহেও সেই ক্রিয়া তেমন ভাবেই হাইতেছে। তাই পৃথিবী একটা জীব, মোদনীর শাস প্রশাস আছে, ক্ষ তুঃখবোধ আছে, ক্গুলী শক্তির ক্রিয়া আছে, এক অপূর্ব ভাষার সাহায্যে ভাবের অভিব্যশ্বনা আছে। তন্ত্র বলেন যে, জীব ছাড়া জীবের উৎপত্তি সম্ভবপর নহে। পৃথিবী হাইতে যথন নানা ভীব সমূৎপন্ন হাইতেছে, তথন পৃথিবী সজীব পদার্থ। যতক্ষণ স্বাস্থলীলা চলিতে থাকে, ততক্ষণ কোন জীবের, কোন পদার্থের নাশ নাই, কেবল অবস্থান্তরপ্রাপ্ত ঘটে মাত্র। যতক্ষণ শিবশক্তির লীলা চলিতে থাকিবে, ততক্ষণ কিছুরই নাশ হাইবে না। তাই তান্ত্রিক ভক্ত বলিয়া থাকেন যে, মা থাকিতে ছেলে মরে না। এই বিশ্বক্ষাণ্ডে যতক্ষণ মায়ের লীলা হাইতে থাকিবে, ততক্ষণ মায়ের ছেলে মরিবে না। এক

দেহ হইতে দেহান্তরপ্রাপ্তি ঘটিতে পারে, পরন্ধ শিবশক্তি-সমৃৎপন্ন জীব—
'আমি আছি' এই জ্ঞান, 'আমার আছে' এই বোধ, আমিজ বিস্তারের এই
শক্তি কথনই নই হইবার নহে। কারণ, উহার নাশ ঘটিরা
থাকে; তাহা সম্ভবপর নহে, তাহা হইবার নহে। অভএব ভদ্মের প্রবচন ধে,
মা-বাপ থাকিতে ছেলে মরে না, উহা সত্য।

এইবার তম্ম বৌদ্ধ ধর্মের প্রথম দিল্ধান্তের সহিত বিবাদ বাধাইয়াছেন। শাক্ত ভন্ন মাত্রেই লেখা আছে যে, অহিংদা পরম ধর্ম, এমন কথা হইতেই পারে না। উহা অবাভাবিক কথা। জীবনই হিংসা, হিংসা না হইলে জীবন থাকে না, মায়ের বাহন হিংসার অবতার সিংহ। তুমি খাইবে কি ? বাহা থাইবে, তাহাই জীবন, জীবহত্যা না করিলে তোমার ভোচ্যই প্রস্তুত হইবে না। পশু মারিয়া মাংস খাইতে হইলে, মুমুষু পশুর কাতর জন্দনধ্বনি ভনিতে পাও, ভোমার তুর্বল স্নায়ু বিচলিত হয়, তুমি দয়াপরবশ হইয়া ষাংগভোজন পরিহার কর। কিন্তু গাছের ফল ছি'ড়িলে বুক্ষ রোদন করে না ? তাহার বেদনার অঞ্ধারায় যে তাহার সর্বাঞ্গ ভাসিয়া যায়। সে রোদনের ভাষা ভানতে পাও না, বুঝিতে পার না, ভোমার দয়া হয় না। গোবংসকে বঞ্চিত করিয়া তাহার মাতৃত্ত পান কর কোন হিদাবে ? তোমার জননীর স্তনযুগল হইতে যে ক্ষীরধারা প্রবাহিত হয়, বিধাতার বিধানে তাহা তোমার জন্মই সষ্ট হইয়াছে। তুমি তাহা পরকে খাইতে দিলে বাঁচিতে পার কি ? তেমনি ছাগ ও গাভীশিশুকে রক্ষা করিবার জন্ম আগু শক্তি মাতৃত্ব্বরূপে তাহাদের জননীর স্থনে বিরাজ করেন। তুমি তাহা পান কর কোন লক্ষায় ? ছাগ বা মৃগমাংস ভোজন করা যদি পাপ হয়, ভাগা হইলে হুগ্রপান, ক্ষীরভোজন মহাপাপ; ভাহা হইলে কোটি কোটি জীব নষ্ট করিয়া গোধুম, ধান্ত, ত্রীহি প্রভৃতি শক্ত, আম, কাঁঠাল প্রভৃতি ফল, কল মূল, পত্র পুষ্প ভোজন করা অতিপাতক। আত্মরক্ষায় দয়া নাই, হিংসাই আছে। কোনটা বা প্রকট হিংসা—মহয়ের অহভূতিগম্য হিংসা, কোনটা বা অপ্রকট হিংদা, মহুয়োর অহুভৃতির বাহিরের হিংদা। তুমি উঠিতে বদিতে, ভইতে খাইতে জীবহত্যা করিতেছ, দঙ্গে দঙ্গে কত জীব স্ষ্টেও করিতেছ। তৃত্বি হিংসা ছাডা থাকিতে পার কি ? তোমার দেহের মধ্যে কভ জীব, অক্ত কত জীবকে সদা সর্বদা খাইতেছে। তাহা রোধ করিতে পার কি ? জীবের ৰারাই জীবের পুষ্টি হইতেচে, বিস্তৃত ঘটিতেছে। একটা বড় জীবের অবস্থিতির

জন্ত কোটি কুন্ত জীবকে কৰে কৰে প্ৰাণ দিতে হইতেছে। ইহাই প্ৰকৃতির নিয়ম। এ নিয়মের ব্যতার ঘটান যার না, কথনও ব্যত্যর হয় না। তেরের **बहै श्रा**णिवारमत छेखत शीनवानी वोद मिटल शास्त्रन नारे। छांशाता छेखरत ৰীতির কথা, সমাজের কথা তুলিয়াছেন। তবে তম্ব বলেন বে, যাগার বাহা স্চ্যু চয়, সে তাহাই খাইবে। দাস খাইলে সিংহ ব্যান্ত বাঁচিতে পারে না, पांत्र निःश वाद्यात थान्न नरह ; बांश्य थालेटन त्या, हांग, त्यव, मृशांति वाँटि ना, মাংস উচাদের থাছ নহে। তেমনি মারুষের ধাতৃ অহুসারে, দেশ ও কাল অফুসারে বখন বাহা থাম্ব, তখন মাত্রব তাহাই থাইবে। আহারের বিচারে बाकूरवत छेळ नीठ विठात कतिएक नारे धवर बाकूरवत वारा थाक, जारा नवरे भवित्व—त्वय नत्व, वर्षमीय नत्व; माक्य यात्रा थाय, जातावे मास्त्रत विन ; বাহা থার না, তাহা মাকে নিবেদন করিতে নাই। যত জীব, ডড শিব, প্রত্যেক দেহাবচ্ছিন্ন শিবের চারি পার্ষে কুগুলিনীর ক্রিয়া হইতেছে, সেই কুওলিনীকে তুটা রাখিবার জন্মই মাকে ভোগ দিতে হয়, জীবের ভোজ্য ছিয় করিতে হয়। এই জন্ম বৃহৎতন্ত্রদার গ্রন্থে আগমবাগীশ স্পট্টই বলিয়াছেন বে, মাত্র বাহা থাটবে, ভাহাই মারের প্রসাদ, পঞ্চ তত্তে বা পঞ্চ মকারে মাকে ভাহাই দিতে হইবে। তাই মা স্পষ্টতত্ত্বে এবং সংহারতত্ত্বে সর্বব্যাপারেই চিরমন্তা, নিজের শোণিত নিজে পান করিতেছেন, সে শোণিতে নিজে পুট হুইতেছেন। ইহাই স্কৃষ্টির যোগা, শুপ্ত এবং অব্যক্ত লীলা।

শিব ও শক্তির সর্বব্যাপিত ও সর্বত্ত ব্যাইয়া তন্ত তাঁহাদের রূপের কণা কহিয়াছেন। নাম ও রূপ না ব্যিলে রূপতত্ব ব্যায়ায় না। রূপের তুইটা তার আছে,—এক অফুভ্তিগমা রূপ, আর বোধাতীত রূপ। বোধাতীত রাচা, তাহা ব্যান যায় না; ২৩রাং নে কণা চাপা থাকাই ভাল। অফুভ্তিগমা রূপও তুই শ্রেণীর—এক জ্ঞানাভাস বা Concept, বিতীয় বোধাভাস বা Percept। বোধের আভাস যাহা, অফুভ্তিগমা যাহা, তাহারই আলোচনা করিতে হয়। সে কণা পরে বলিব। শিবের Concept এবং Percept তুইয়ের স্থলর বিশ্লেষণ তল্পে আছে। এই জ্ঞানাভাস ও বোধাভাস লইয়াই মায়ের দশ মহাবিদ্যার রূপ নির্ণীত হইয়াছে। তল্প বলেন, সে কথা গুরুষ্প করিয়া শুনিতে হয়। অর্থাৎ যাহার মৃথে শুনিবে, তাহাকে প্রথমে শুক্রর পদে বরণ করিতে হয়। অর্থাৎ বাহার মৃথে শুনিবে, তাহাকে প্রথমে শুক্রর পদে বরণ করিতে হয়। স্তরাং সে সকলের ব্যাখ্যা করিবার অধিকার আমার নাই। যতাইকু ছিল ততাইকু পূর্বে বলিয়া রাথিয়াছি। এখন পরে অন্ত কথা বলিব।

দ্রীশ্রীদুর্গোৎসব

নবরাত্র

नवतािकत छेरमव ভात्रजवर्दत मकम श्राहरू, मकम मन्त्रातित मधा हुउत्रा ধাকে। স্থার ত্রিবাকুর হইতে কাশ্মীর পর্যস্ত, গান্ধার হইতে আসাম পর্যস্ত ভারতবর্বের প্রত্যেক প্রদেশের দশকর্মাধিত হিন্দু মাত্রেরই গুহে আখিনের অক্লা প্রতিপদ হইতে নবমী তিথির শেষ যাম পর্যন্ত এই নয় রাজের জন্ত চপ্তিকার ঘট স্থাপিত হয়; যাত্রে দেবীর পূজা হয় এবং দুর্গাপাঠ অর্থাৎ মার্কণ্ডেয় চত্তী পাঠ इटेबा थाकে। देवक्व, स्त्रोत, गांगभेष्ठा, त्येत,- ध्यम कि, রামাম্মলাচার্বের, বলভাচার্বের, নিম্বার্ক সম্প্রদারের বৈষ্ণবগণও নবরাত্তের ব্রড এবং উৎসব করিয়া থাকেন। দেবীর মুন্ময়ী প্রতিমা নির্মাণ করিয়া কোথাও भूका हव ना; मर्दछ यदा धदः घटि स्वती शृक्षिष्ठ हरेवा थारकन। कानी, জালামুৰী, হিল্লাজ, কামরূপ প্রভৃতি প্রাদিত্ব তীর্থকেত্রে, বেখানে দেবীর যত্র এবং পীঠ প্রতিষ্ঠিত আছে, সকল সম্প্রদায়ের হিন্দু, মন্দিরে বাইয়া সকল করিয়া धुनीशार्व वा हुखीशार्व कतिया व्यापन । वाहाता शार्व कतिए शादन ना, তাঁগারা প্রবণ করেন। এমন সম্প্রদায়নিবিশেষে সর্বব্যাপী উৎসব আর আছে कि ना रिमार भारि ना। इंहात अछी। याशि रकन हरेन, किरमत सन हरेन, ভাহাও বলিতে পারি না। ভারতবর্বের সকল প্রাদেশের হিন্দু পৃহছের ধারণা त्व, नवबात्वत नमत्त्र शृद्ध हजीशार्व ना इटेल शृद्ध व्यम्भन पर्ति। वित्नवजः कुलाक्रमात्रन उ छूर्गाभार्यंत्र वावसा कतिरवनहे ; छारास्त्र वियान रव, ध्वामीत কলাৰে পুত্ৰ কলা নীরোগে এবং হথে থাকে। অভএব শত বাধাবিদ্ন অভিক্রম করিয়া তাঁহারা গৃহে নবরাত্তের ঘট বসাইবেনই।

কাশীর, কান্তকুল, মিথিলা এবং বালালার শাক্ত সম্প্রণারের মধ্যে নবরাত্ত্বের উৎসবের একটু বিশিষ্টতা আছে। গুর্জর বা লাটপ্রদেশের শাক্তগণগু একটু বিশেষ ভাবে এই উৎসব করিয়া থাকেন। বে দেশে দেবী যে নামে পরিচিতা, সেই দেশে নবরাত্তের উৎসব শাক্তগণের মধ্যে সেই দেবীর নামেই পরিচিত। যথা, কাশ্মীরে অঘা দেবীর পূজা, রাজপুতানার, বিশেষতঃ মিবারে

ख्यांनी द्वतीत शृका, अबदार्ट वदः विक्नात्व विक्ना वा क्रजानीत शृका, কান্তকুৰে কল্যাণীয় উৎসব ও পূজা, মিথিলায় উমার পূজা, বালালায় শ্রীহুর্গা বা ভত্তকালীর পূজা প্রদিদ্ধ। দাকিণাত্যের প্রায় সকল প্রদেশেই অহা বা অধিকার পূজা বলিয়া নবরাত্তের উৎসব বিখ্যাত। অবশ্র কামরূপে কামাখ্যা (मवी ছाড়ा चन्न काहांत्र शृक्षा हम्र ना। कानीचार्छ, भारत्रत हरक्तत भरश বাঁহারা বাস করেন, তাঁহারা কেহই স্বতম্ব ভাবে মুন্মরী প্রতিমা গড়িয়া মায়ের পূজা করিতে পারেন না, প্রত্যেক গৃহস্থকেই মায়ের মন্দিরে পূজা পাঠাইয়া দিতে হয়। কাশীতেও তেমনি অন্নপূর্ণার চক্রের মধ্যে বা তুর্গাবাড়ীর আয়তনের ভিতরে বাঁহারা বাদ করেন, তাঁহারা নিজ নিজ গুহে ঘট স্থাপন পর্যস্ত করেন না। তত্ত্বের নির্দেশই এই যে. মহাপীঠস্থানে, যেখানে শক্তির সিদ্ধ যন্ত্রসকল অনাদি কাল হইতে প্রতিষ্ঠিত, দেখানে স্বতম ভাবে মায়ের বোধনের প্রয়োজন নাই। এইখানে বলিয়া রাখা ভাল যে, ভারতবর্ষব্যাপী দকল শক্তিতীর্থ সাধনার স্থান বলিয়া, গুরুপরম্পরার সিদ্ধিলাভের প্রসিদ্ধ ক্ষেত্র বলিয়া পরিচিত, অচিত এবং পূজা। এক এক স্থানে এক একটা শাক্ত যন্ত্র সিদ্ধপীঠ বলিয়া রক্ষিত আছে। পরে ভক্ত ভাবুকগণ সেই পীঠ বা যন্ত্রের উপর এক একটা শক্তিমৃতির পরিকল্পনা করিয়া মৃতি প্রতিষ্ঠা করিয়াছেন। এক একখানা কষ্টিপাণরের থণ্ডের উপর যন্ত্র অন্ধিত আছে, দেই যন্ত্রের উপরে সোনার বা রূপার মুথ ও হাত পা বসাইয়া প্রতিমা খাড়া করা হইয়াছে। অথবা সেই প্রন্তরথত্তের উপর একটা মৃথ কুঁদিয়া থাড়া করিয়া রাখা হইয়াছে। মুতি বা প্রতিমা অপেকাক্বত আধুনিক, যন্ত্র বা আসন শ্বরণাতীত কাল হইতে বিরাজিত। কাশী, গয়া, প্রয়াগ, কামরূপ প্রভৃতি স্থান তীর্থ নাম কেন ধারণ করিল, কোন পদ্ধতি অমুসারে ভারতবর্ষের শাক্ত, বৈষ্ণব ও শৈব তীর্থদকল প্রতিষ্ঠিত, তাহার আলোচনা সময়ান্তরে করিতে পারি। তবে এখন এইটুকু বলিয়া রাথা ভাল বে, এই তীর্থনকলের পশ্চাতে ভারতবর্ধের হিন্দু জাতির অনেকটা বিশ্বত ইতিহাসকথা, সমাজ ও ধর্মের উত্থান পতনের কথা লকান আছে। তম্ম যে ভাবে তীর্থতত্ব ব্যাখ্যা করিয়াছেন, তাহা হইতে একটা কি তুইটা স্তরের খবর পাওয়া যায়; তুইটা কি তিনটা যুগের পরিচয় পাওয়া যায়; কিছু তাহা ছাড়া স্বারও স্থতীত যুগের স্বারও স্থানক কথা যে এক একটা তীর্থের সহিত সংলগ্ন আছে, তাহা একটু তলাইয়া বুঝিবার চেষ্টা করিলেই অনুষ ানে জানা যায়।

কেবলই তীর্থকেত্র কেন. প্রত্যেক উৎসবের অস্তরালে ভারতবর্ষের বছ অতীত যুগের বিশ্বত ইতিহাস লুকান আছে। এই নবরাত্তের উৎসবে দাকিণাত্যের হিন্দুগণ ঘটের মুখে ধান্যের শীর্ষ গুচ্ছে গুচ্ছে বসাইয়া দেবীকে ধান্যক্ষেত্রের ঈশরী হিদাবে অর্চনা করিয়া থাকেন। রাজপুডানার বৈষ্ঠ ক্বৰকণণও ঠিক এই পদ্ধতি অবলম্বন করিয়া দেবীর পূজা করেন। আবার কাশ্মীরে এবং পাঞ্চাবে বাসস্তী নবরাত্তের সময়ে যব ও গোধুমের শীর্থ সহ महानचीत शुका रहेना थारक। वनिष्ठ जुनिन्नाहि य, नवतार्वात छे पन गरेही चारहः এकটा শরৎকালে, অন্তটা বসস্ককালে বাসন্তী নবরাত। ইহা দেখিয়া ম্যাক্সমূলার সাহেব লিখিয়া গিয়াছেন যে, নবরাত্তের উৎসব আর কিছুই নছে, অতি পুরাকালের Harvest-ceremony, যুগে যুগে নৃতন নৃতন ধর্ম ও সম্প্রদায়ের হাতে পড়িয়া নৃতন নৃতন আকার ধারণ করিয়াছে। এ কথার चारनाठना, वाहाता comparative mythology त वर्षा करतन, डाहाताहे করিবেন। তবে নবরাত্ত্রের ব্রত এবং উৎসব যে ভারতবর্ষের সর্বপ্রদেশব্যাপী উৎসব, তাহা যিনি হিন্দু গৃহত্বের ত্রত নিয়মের সমাচার রাখেন, তিনিই স্বীকার করিবেন। কিন্তু বাদালার দুর্গোৎসর বড়ই জাকাল ব্যাপার, এত বড় জাঁকাল কাণ্ড ভারতবর্ষের আর কোন প্রদেশে আছে কি না বলিতে পারি না। এত অর্থব্যয়, এমন প্রামে প্রামে দীয়তাং ভুক্তাতাং রব, এমন ধনী দরিক্ত निर्वित्मत्य नकलात नव वञ्च धांश्लात वावष्टा हिन्दूत ष्वज कान छेप्नत्व हम कि না, জানি না। হিন্দুছানের হোলি উৎস্ব স্বজনীন উৎস্ব বটে, কিছ ভাহাতে अक्टो काँक नांहे, अपन व्यर्थगृत्र नांहे, अपन नाना ভार्यत नपाहात नांहे। त्कन ना, छेटा त्व भूताकात्मत्र महत्नारभत्तत्र चाकात्रास्त्र । याछक चन्न कथा, এইবার বাজালার শ্লাঘা, বাজালীর পর্ব এই তুর্গোৎসব ব্রিবার চেষ্টা করিব।

ছুৰ্গোৎসব

বান্ধানার ছর্নোৎসবের তিনটা শুর আছে। একটা থাটি ডল্লের বা শক্তি আরাধনার শুর, বিতীয় শাক্ত প্রাণের শুর; তৃতীয় সামাজিক শুর। তিনটি প্রাণ হুর্মাপ্রায় মান্ত; অর্থাৎ তিনটি পুরাণের কোন একটি পুরাণের পদ্ধতি ৰাভ করিয়া থাকেন। প্রথম বৃহন্তদ্দিকেশ্বরপুরাণোক্ত প্রতি, বিতীয় দেবী-পুরাণোক্ত প্রতি, তৃতীয় কালিকাপুরাণোক্ত প্রতি। গৃহছের দীকামন্ত্রের অন্তুসারে পূলার পদ্ধতি নির্ণীত হইয়া থাকে। বাহারা বৈষ্ণব, তাঁহারা প্রায়ই বুহুদ্বন্দিকেশরের পৃষ্কতি অবলম্বন করিয়া থাকেন। বাঁহারা শৈব বা শ্বতিশাল্প বারা পূর্বভাবে শাসিত, তাঁহারা দেবীপুরাণ মাক্ত করেন, এবং বোর শাক্ত বাঁহারা, তাঁহার। কালিকাপুরাণের পছতি অবলঘন করেন। অথবা পুরুষ-পরস্পরায় বাঁহারা যে পদ্ধতি অবলম্বন করিয়া পূজা করিয়াছেন, তাঁহারা সেই প্ৰতি অনুসারেই কান্ধ করেন। এই তিন প্রতির মধ্যে মন্ত্রের, পূজার ক্রমের এবং আরাধনার অনেক পার্থক্য আছে। বাঁহার নামে সঙ্কল্ল হয়, তিনি ব্রাহ্মণ হইলে পূজা তাঁহাকেই করিতে হয়। সকল সময়ে গৃহস্থ এত বড় কাজ করিয়া উঠিতে পারেন না বলিয়াই গুরু বা পুরোহিতকে প্রতিনিধিরূপে নিযুক্ত করা হর। তুর্গোৎসব প্রত্যেক পুহস্থেরই কর্তব্য; ইহা ঠিক কাম্য কর্ম নহে, অনেকটা নিত্যকর্মের মতন। বাহারা বেমন সামর্থ্য, তিনি তদমুসারে পূজা করিবেন। নবরাত্তের ত্রত ভারতবর্ষের অন্ত সকল প্রাদেশের প্রত্যেক হিন্দু গুহছেরই কর্তব্য, তুর্গোৎসবও নবরাত্তের মতন বালালার হিন্দু গুহছ মাত্রেরই कर्जना । चर्छ भर्छ बारबन भूका रुब, एक श्रामारक विवादन बारबन भूका रुब ; কেবল ইষ্টমন্ত জপ করিয়া নিয়মিত চণ্ডীপাঠ করিলেও মায়ের পূজা হয়। এই পূজার তিনটি প্রধান অক। প্রথম বোধন, বিতীয় সম্প্রনা, তৃতীয় বিসর্জন! कहात्रक वा व्याधन मांच त्रकरमञ्ज-नवमाहि कहा, व्यर्वार व्यश्न शक्कत कृष्ण নবমী তিথিতে কল্লারম্ভ করিয়া এক মাস কাল মাতাকে জাগাইয়া রাখিতে इडेर्ट ; क्षेष्ठिनामि कन्न, वर्ष्टामि कन्न, मधुमामि, महाहेमी ७ क्विन महानवमीन কল্ল বা বোধন আছে। অস্ততঃ এক দিনের জন্যও মাল্লের বোধন করিতে ছইবে। তান্ত্ৰিক শক্তি আরাধনার হিসাবে দেবীপুজা করিতে হইলে কঠোর ব্রহ্মচর্য গ্রহণ করির। গৃহস্থকে স্বয়ং কুগুলিনীকে জাগরণ করাইতে হয়। তাত্রিক দাধকের পক্ষে নবম্যাদি কল্পই প্রশন্ত; প্রতিপদ আদি কল্পও সাধনার পক্ষে चश्रनछ नरह। हेटा छेरमद नरह, माधना ; ध माधना विवयतन विमन्ना त्रांभरन কবিতে হয়।

শক্তি আরাধনা

भत्र काल इर्जी १ मत किया ब्राह्म । स्विन व्याप्त काल व्हें ब्रा था कि व्यायाकृ मारमत मञ्जन-এकामनी रहेरा उथान-अकामनी भ्यास स्विनिखांत्र कान: এ সময়ে প্র্যা অন্নরে দক্ষিণাংশে মকর রাশির দিকে অগুসর হইতে থাকেন: এ সময় বৈদিক যাগ-যজ্ঞের প্রশন্ত সময় নতে, তল্পের আরাধনাও এই সময়ে क्तिए नारे। रेराक चकान रान, भिष्ठभाक्त कान्छ रान। धरे चकातन **ए**ग्गीत পূका कतिए इस विनिया, ध शृकाम वाधवत वाष्ट्रपत सूद दिनी। কারণ, দেবনিদ্রার কালে, দেহস্থা কুওলিনী শক্তিও নিদ্রিতা থাকেন, তাঁচাকে জাগাইয়া ভোলাই শরৎকালের হুর্গোৎসবের প্রধান অব। তম্ম বলেন হে. বন্ধাণে বাহা আছে, মহন্ত-দেহভাণেও তাহাই আছে, এবং বাহা নাই দেহভাওে, তাহা নাই ব্রহ্মাওে। তম্ম বলেন, দেহস্থা কুওলিনী শক্তিকে काशाहेका बचाखरााभिनी क्खिलनीत महिछ मिनाहेट भातित्वहे माधनात निषिनां रहेन, मुक्तित १थ अन्छ रहेन। एरश् बाखारे व वित्रवानी আত্মা, সাধনার বারা ইহা বুঝিতে পারিলেই পরমানন্দ লাভ হইতে পারে। এই হেতু তন্ত্ৰ বাহিরের দেবতা মানেন না। তন্ত্ৰ বলেন. তোমার আত্মাই তোমার ইট, তোমার পরমেশর, তোমার পূজ্য এবং আরাধ্য। আত্মা চাড়া দেহে যেমন অন্ত শক্তি নাই, বিশ্বকাণ্ডেও তেমনি প্রমাত্মা ছাড়া অন্ত শক্তির খেলা হয় না। দেহত্ব আত্মার সহিত বিশ্বব্যাপী আত্মাকে মিলাইতে পারিলেই माध्यकत हेर्हेनिषि हहेत्रा थाया। म बाखाय भारेए हहेरन कुछनिनीएक জাগাইতে হইবে। এই জাগরণকেই বোধন বলে। তব্ৰ স্বারও একটা কথা বলেন। তম্ম বলেন যে, বাহু প্রকৃতির সহিত দেহণত অন্তঃপ্রকৃতির পূর্ব সমতা আছে। বাহিরের জগতে যদি ছয়টা ঋতু থাকে, অর্থাৎ ছয় প্রকারের পরিবর্তন থাকে, তাহা হইলে যে দেশে ছয় ঋতুর প্রভাব আছে, সেই দেশবাসী नवनावीत (मर्ट्स हम्र बाजून विकास हरेरवरे। वाहिरत উखनाम्र एकिनामन चाहि. (म्रह्म म्राया छेखनाम प्रक्रियाम थाकित्वहै। त्य व्हाह वाक প্রকৃতির সহিত এইরূপ সমতা নাই, সে দেহ কয় ;—শরীরমান্তং খল ধর্মসাধনম -- धर्माध्याद शाक मञ्जा-भन्नीदरे खथम ७ खर्धान व्यवस्था, व्यव्धव क्रव छ पूर्वल (म्ट्यू बाता ज्युनाधना ज र्युरे ना, क्वान धर्मनाधनरे मध्यप्र नारु।

দেহটাকে শক্তি আরাধনার উপযোগী করিবার জ্বতা ব্রতপক হইতে লাধককে উদ্যোগ আয়োজন করিতে হয়। ব্রতপক্ষের বিধিনিবেধের মধ্যে পক্ষকাল থাকিলে দেহগত বহু অসামঞ্জ নষ্ট হয়; তাহার পর পিতৃপক্ষ বা তর্পণক্ষ। দেবনিত্রার কালে পিতৃগণ জাগিয়া থাকেন; এ সময়ে দেবতার সাহায্যলাভ স্থবিধান্তনক নতে, অতএব পিতৃগণের আরাধনা করিয়া, তাঁহাদের কুপায় কতকটা শক্তিসঞ্চয় করিতে পারা যায়। বিশেষতঃ তম্ব বলেন, শক্তিসাধনা कतिए व्हेटन, वर्श्यत थाता शवित त्रांशिष्ठ शातित व्यत्नकी व्यविधा वय ; পিজুকুল এবং মাতৃকুলের মধ্যে দিল্ধ সাধক কেছ থাকিলে ভাঁহার প্রভাবে সাধক অনেকটা অগ্রদর হইতে পারেন। কারণ, যে ছেহ লইয়া দাধনা করিতে হইবে, যাহাদের কুপায় সেই দেহ লাভ করিয়াছ, তাঁহাদিগকে আহ্বান क्तिएक शांतिल, कांशास्त्र व्यानीवील वह वाधावित्र मृत हम । मिक व्याताधनाम পিতৃগণই প্রধান অবলম্বন। তাই তর্পণপক্ষে পিতৃপুরুষগণকে পরিতৃপ্ত করিয়া, ভাঁহাদের আশীর্বাদ মাথায় করিয়া দেবীপক্ষের প্রতিপদ্ হইতে মায়ের বোধন আরম্ভ করিতে হয়। তাই দেবীপক্ষের পূর্বেই পিতৃপক্ষ এবং পিতৃপক্ষের পূর্বেই ব্রভপক্ষ; ব্রভপক্ষে এবং পিতৃপক্ষে সকল কর্তব্য সাধন করিতে পারিলে, তবে দেবীপক্ষে মায়ের আরাধণা করিবার অধিকার হয়। পূর্বে বলিয়াছি-বাঁহারা শাক্ত, তাঁহারা নবম্যাদি কল্প করিয়া থাকেন, অর্থাৎ পিতৃপক্ষের নবমী তিখি হইতে তাঁহারা বোধন বদাইয়া থাকেন; তাঁহারা এক মাদ কাল দেবীর পঞা করেন। নবম্যাদি করকে সাক্ষী বোধন বলে, অর্থাৎ তিলাঞ্চলি-পরিতপ্ত পিতৃগণ উপস্থিত থাকিয়া এই কল্পের সহায়তা করেন; তাঁহারা যেন দ্বাডাইয়া থাকিয়া কুওলিনীজাগরণের স্থবিধা করিয়া দেন। বংশামুক্তমের श्राह्म (Heridity) এ दिन ए के कैशिए बरे, कैशिए बर भाभ भूता, दिन व ৰূপ এবং অন্য বিশিষ্টতা সকলই এ দেহে খন্দ্র বা প্রকট ভাবে বিরাজ করিতেছে; তাঁহারা উপস্থিত থাকিয়া বোধনের সহায়তা করিলে মা আমার দেহঘটে এবং বিশ্বঘটে স্বেচ্ছায় জাগিয়া বসেন; তিনি জাগিলে আমার সকল সাধ পূর্ব হয়, আমার সচ্চিদানন্দবিগ্রহ প্রমাত্মস্বরূপের দর্শন হয়। এই জাপরণ্ট তুর্নোৎসবের সাধনা, আসল পূজা, আসল আরাধনা। এই জাগরণ দেহভাতে এবং ব্রহ্মাণ্ডে ঘটে এবং পটে সাধন করিতে হয়। এই জাগরণই বোধন, এই জাগরণই আগমনী, এই জাগরণই প্রতিমার প্রাণপ্রতিষ্ঠা—দেবীর আগমন खदः निर्गयन । श्रीष्ठ दर्द शिक्षकारण मिथा शास्त्र रा, धवात रहवीत रहानाव

আগমন বা নৌকার আগমন, তাহা জাগরণের ভলীর ইলিড মাত্র। বাছ প্রস্কৃতির বেমন অবস্থা থাকিবে, দেহভাণ্ডে কুগুলিনীর তেমনই ভাবে—তেমনই প্রকারের গতিতে জাগরণ বা উঘোধন হইবে। হন্তী, অস্থ, নৌকা, দোলা প্রভৃতির গতির অফুরুপ গতিতে মায়ের উঘোধন হইলে, রূপকের ভাষার পঞ্জিকাকারগণ ভাহা ব্যক্ত করিয়া থাকেন।

বোধন ও জাগরণ

বোধন ছই প্রকারের; প্রথম সাধনার বোধন, ছিতীয় উৎস্বের বোধন। তন্ত্র বলেন যে, দেবনিস্তাকালে বিলবুক্ম্লে শিব ও ছুর্গা শয়ন করিয়া থাকেন; এই জল্ম ঐ সময়ে বিল্লুল খনন করিছে নাই। দেহতল্পের দিকৃ দিয়া এ কথাটা বুঝিতে হইলে বুঝিতে হইবে যে, পুরাণের ভাষায় বিলবুক্ষ দেহের মেকদগুকেই বলা হইয়া থাকে। এই বিল্লুল—ম্লাধারে কুগুলিনী নিম্রিতা রহিয়াছেন; কাজেই তাঁহাকে জাগাইতে হইলে মূলাধারে, বিল্লুলে লাইয়া তাঁহার বোধন করিতে হইবে। তল্পোক্ষ বট্চক্রভেদ বুঝিতে না পারিলে, অস্ততঃ শে theory না জানিলে ছুর্গোৎস্বের প্রকরণ ও পদ্ধতি বুঝিয়া উঠা কঠিন হইবে। কারণ, তল্পোক্ষ সকল পূজা ও উপাসনার ছুইটা দিকৃ আছে, একটা ষট্চক্রভেদের—দেহতল্পের দিকৃ, অল্পটা উৎস্বের—ভাবের ও সমাজের দিক্। দেহতল্পের অংশটা না বুঝিলে ভাবের দিকের ঠিক মজাটা পাওয়া যায় না। বোধন করিবার পূর্বে সক্ষম করিতে হয়; সে দক্ষক্ষের মত্তে আছে—

'আখিনে মাসি কৃষ্ণে পক্ষে নবম্যান্তিপাবারভ্য মহানবমীং যাবং অমৃক-গোত্র: সদগরাপত্য: শ্রীঅমৃক দেবশর্মা শ্রীভগবন্দুর্গা-প্রীতিকাম: প্রত্যহং বাধিকশরংকালীন শ্রীভগবন্দুর্গাপুজাকর্মাহং করিয়ে।'

এই। সঙ্কলের মন্ত্র হইতে ব্রা যায় যে, শ্রীত্র্গাপ্তা বার্ষিক প্তা—
নিত্যকর্মত্ব্য অবশ্রকর্তব্য প্তা; কারণ, গোড়ার সকলে কোন কামনার
উল্লেখ নাই; এবং এই প্তা সদারাপত্য—জ্বীপুত্রকন্তাসমেত সকলে মিলিয়া
করিতে হয়। অধিবাসের সকলে করিবার বচনে 'খংকর্ডব্য–বার্ষিকশরৎকালীন'
এইটুকু স্পষ্ট করিয়া বলা আছে। কাজেই বলিতে হইবে, সামাজিক হিসাবে
ফুর্গোৎসব নিত্যকর্মত্ব্য অবশ্রকর্তব্য। এইখানেই নবরাত্তের রতের সহিত

ছুর্গোৎসবের সমতা রক্ষিত হইরাছে। বোধনের পূর্বে কুণ্ডলিনীকবচ পাঠ করিতে হয়। দেহের কোন খংশে তিনি কোন রূপে এবং কেমন ভাবে বিরাজ করিতেছেন, তাহার বর্ণনা এই কবচে আছে। গৃহত্ব পুজক কেবল কুওলিনীক্বচ পাঠ করিয়া সঙ্কল্প করেন। সাধক বিনি, তিনি ঐ কবচের निर्मि चक्रमादत बहेठटक प्रवीत इत्रहा ज्ञून शान कतित्रा गुनाशादत बारेता তাঁহাকে উৰুদ্ধ করিবার চেষ্টা করেন। যে সিদ্ধ সাধক কুগুলিনীকে উৰোধন করিতে পারেন, তাঁহার পূজা সিদ্ধ হয়, তিনি দেহমাতৃকাকে বিশ্বমাতা বিশ্বময়ীব্ৰপে দেখিতে পান—ৰুকাতে পারেন। তিনি মহানবমী পর্যস্ত মানস পুজায় মায়ের অর্চনা করিতে থাকেন। গৃহস্থ এই সাধনার অহুকল্প করে। তিনি বোধনের ঘট বিৰয়লে বসাইয়া বলেন—'ওঁ ভুভু বারঃ ভগবদুর্গে দেবি ইহাগচ্ছ ইহাগচ্ছ।' পরে 'ওঁ দক্ষযজ্ঞবিনাশিলৈ মহাঘোরায়ৈ বোগিনীকোটি-পরিবৃতারৈ ভদ্রকাল্যৈ দ্রীং ও চুর্গারে নম:'-এই মন্ত্র পাঠ করিয়া তাঁহাকে ঘটর এবং আসনম্ব করিতে হয়। এই সঙ্গে 'উভে যদিক্ররোদসী আপপ্রাথ উষা हैव. महान्यः चा महीनाः (एवी नखाकः वर्षानाः' हेलापि व्यक्ष्यक शार्व করিতে হয়। তুর্গোৎসবের মন্ত্রের মধ্যে প্রায় বারে। আনা বেদোক্ত মন্ত্র ও ঋচের আবৃত্তি করিতে হয়, বাকী তন্ত্রের মন্ত্র এবং পুরাণের স্লোক। বোধনের শেষে এই শ্লোকটার আবৃত্তি করিতে হয়—

> 'রাবণস্থ বধার্থায় রামস্থাহুগ্রহার চ। অকালে ব্রহ্মণা বোধো দেব্যান্থয়ি ক্বতঃ পুরা।

দেবি চণ্ডাত্মিকে চণ্ডি চণ্ডবিগ্রহকারিণি। বিৰশাধাং সমাশ্রিত্য তিষ্ঠ দেবি ষধাস্থখম্।

ইহা ভাবের হিসাবে বলিতে হয়; কেহ কেহ গোড়ার অংশটুকু বলেন না!
বোধনের পর অধিবাস; অধিবাসে দশ দিক্পাল, আদিত্যাদি নব গ্রাহের
এবং গণেশ, শিব, ভাস্কর, অগ্নি, কেশব, কৌশিকী আদি দেবতার অর্চনা
করিতে হয়। শেষে 'মেকমন্দার' আদি মজের হারা বিষয়ক্ষের আরাধনা
করিয়া, নৈশ্বত কোণ ছাড়া অন্ত দিকের ফলমুগলমুক্তা একটি লাখা কাটিয়া
— 'চগুকারোপণার্থায় আমহং বরয়ে প্রভা' বলিয়া প্রতিমাসয়িধানে রভাতক
লহ নবপত্রিকার স্থাপন করিতে হয়। ইহাই কলা-বৌ; ইহাই আসল,
ইহাই বোধনের আধার, দেবীর আবাহনের, ঘটছাপনের আশ্রম। ইহা

কলাবধু নহে, গণেশের পদ্ধীও নহে। দেহতত্ত্বের হিদাবে ইহাই মৈকদণ্ডের অন্থক্তর বট্টক্রতেদের নিদর্শন মাত্র। থোদ্-থেয়ালের কান্য জড়াইরা এই মহামহোৎসবের ব্যাখ্যা করিতে চেটা করিলেই অজ্ঞতা এবং মূর্ধতা আপনা আপনি ফুটিরা উঠিবে। অনেকে এবত্থকারের উদ্ভট ব্যাখ্যা করিয়া হুর্গোৎসবের প্রকৃত মাহাত্ম্যের অপহৃব ঘটাইয়াছেন। তাই এই প্রতিবাদটুকু এইখানে করিয়া রাখিতে হইল।

আগমনী

পূর্বে বলিয়াছি যে, ফুর্গোৎসবে তত্ত্বের সাধনপদ্ধতি আছে, পুরাণ আছে সমাজতত্ব আছে। তত্ত্বের সাধনপদ্ধতির একটু ইঙ্গিত করিয়া রাখিলাম, এই নকে আরও একটু বলিয়া রাখিতে হইবে। তন্ত্র বলিয়াছেন-ত্রন্ধাণ্ডে যাহা चाहि, त्रश्कात्व जाहारे चाहि ; वित्यवकः धरे त्रिमिनीयवन-शृथिवी স্মভাবে দেহের মধ্যে বিরাজ করিতেছে। পৃথিবীতে কৈলান, হিমালয়, সপ্ত भमुज, चहे कूनाठन चाह्य ; त्रारत ভिতরেও সেই সকলই चाह्य। त्रारत कान यान देवनाम, कान यान विभानम, जारात निर्दान ज्य कतिया দিয়াছেন। উমা, গোরী, পার্বতী হিমালয়ের কলা; দেহের মধ্যের হিমালয়ে ছাতা কুণ্ডলিনী পর্বে পর্বে ভবা, তাই তিনি পুর্বতী। সেই পার্বতী কৈলাসে শিবের পার্মে নিদ্রিতা, তাঁহাকে জাগাইয়া হিমালয়ে আনিয়া আত্মভা কন্যারূপে নবরাত্তের কয় দিন সাধক জাঁহাকে লইয়া মেয়ের স্থপ ভোগ করিতে চাহেন। একাদশ আদক্তির মধ্যে বাৎসল্যাদক্তিকে প্রবল করিয়া ইষ্টদেবীকে কন্যারপে তাঁহার সাযুজ্য ও সামীপ্য-ত্থ অহভব করিবার জন্যই তুর্গার পূজা ও বোধন। এই সাধনতম্বটুকু পুরাণ এক স্থন্দর কাহিনীতে পরিণত করিয়াছেন। পুরাণের এই ভাগবত উমামহেশরের আখ্যায়িকা অবলম্বনে আশ্রমনীর উৎপত্তি। আগমনী বোধনের—কুণ্ডলিনীর জাগরণের emotional आः वारमनागिकिमण्डिक सधुत्र गाथा। এই आगमनीत मध्या वाकानीत গার্হপ্য জীবনের একটি অতি স্থন্দর ছবি ফুটান আছে; কি জামাইয়ের আদর, ঝিয়ের বাপের বাড়ীর প্রতি মমতার বোধ, মায়ের কন্যার প্রতি প্রবন স্নেহ— বান্ধালীর বান্ধালীত্বের ইহাই বিশিষ্টতা। এই বিশিষ্টতাকে পুরাণের গল্পের সহিত মিশাইয়া বাঙ্গালী কবিগণ এক অপূর্ব, অতুল্য কাব্যের হাট করিয়াছেন।

সেই অপূর্ব কাব্য—আগমনী। Emotional devotion বেন বোল কলার ক্টিয়া উঠিয়াছে। ভিতরে রসতত্ত্ব এবং সাধনতত্ত্ব আছে; পদে পদে, কথার সে তত্ত্বের প্রতি সাধক কবিগণ ইন্ধিত করিয়া গিয়াছেন বটে, পরস্ক ভাবটা—কাব্যটা অতি জাকাল ভাবে ফুটিয়া উঠিয়াছে। বট্টক্রভেদে, কুগুলিনীর জাগরণে প্রথমে আসক্তি পুরুষকারকে সাধনায় তৎপর করে। আগমনীতেও সেই পদ্ধতি অবলম্বিত। আসক্তি মেনকা—জননী পার্শ্বের সমৃত্ পুরুষকে বলিতেছেন—

"গিরি, গৌরী আমার এদেছিল, স্বপ্নে দেখা দিয়ে, চৈতন্ত করিয়ে, চৈতন্যরূপিণী কোথায় দুকাল।"

মা বলিতেছেন—ওলো, আমার মেয়ে বৃঝি শত্তরবাড়ীতে কটে আছে ।
আদ্ধ রাত্তে স্থাবোরে তাহাকে দেখিয়াছি। যথন স্থাপ্র দেখা দিয়াছে, তথন
নিশ্বর সে আমাদের কথা ভাবিতেছে, এখানে আদিবার জন্য আকাজ্জা
করিতেছে। উঠ, উঠ, – জাগ, জাগ,—তোমারও ত কন্যা, কেবল আমার ত
নহে, তাহাকে লইয়া আইস। অন্য পক্ষে কুওলিনী এই দেবনিদ্রার কালে
বিত্যাদ্বিকাশের মতন এক এক বার চমকিয়া উঠিতেছেন, অতএব সে চৈতনারূপিনীকে এখন জাগাইলে তিনি জাগিবেন। পুরুষ তৃমি, উদ্বোধনকার্যে প্রবৃত্ত
হও। যথন বোধন সিদ্ধ হয়, তথন মাতৃশক্তির বিকাশ হয়; উমার রূপের
আলোতে দেহস্থ হিমালয়প্রদেশটা যেন কোটি বিত্যাদামে বিকশিত হইয়া
উঠে,—তখন

"গা তোল গা তোল বাঁধ মা কুগুল এল বুঝি তোর ঈশানী— ও মা পাযাণী।"

যথন সাধনের ফ্রটিডে উদ্বোধনে বিলম্ব ঘটে, তথন বাৎসল্যসক্তি মেনকা অভিযান করিয়া বলেন.—

> "এবার আমার উমা এলে আর আমি পাঠাব না, বলে বল্বে লোকে মন্দ কাক কথা ভন্ব না।

আমি শুনেছি নারদের মৃথে
উমা আমার থাকে তু:থে,
শিব শ্বশানে মশানে ঘারে
ঘরের ভাবনা ভাবে না।
যদি আসেন মৃত্যঞ্জয়
উমা নেবার কথা কয়,
তথন —মায়ে বিয়ে কর্বো ঝগড়া,
জামাই বলে মানবো না।"

कि मधुत, कि क्ष्मत, वाकानी जननीत कि व्यप्र ठिख! यथन नमाज मसीर हिन, भन्नीमभाष चक्क हिन, उथन चभत्रभाक्त रभाषा हरेए वाषी বাড়ী আগমনী গান হইত। এই আগমনী গানে বৈশ্বে শাক্ত স্বাই স্মান ভাবে যোগ দিত। সে গান ভনিতে ভনিতে ভাবে প্রাণ ভরিয়া উঠিত। আবার বিজয়ার দিন বিদর্জনের বিদায়ের গান শুনিলে তুঃখে কটে প্রাণ ফাটিয়া ষাইত। যেন সভাই মনে হইত, ঘরের মেয়ে ঘরে আসিয়াছিল, নবমীর পরদিন পরের বাড়ী চলিয়া গেল। কাহারও বা রথের দিন হইতে, কাহাদেরও वा जन्माहेमीत हिन रहेरा इर्लाप्सरत आफ्यत आतम्ब रहेरा। य हिन काठीम ধৌত করিয়া বাড়ীর কুলান্ধনাগণ শাঁথ বাজাইয়া প্রদক্ষিণ করিয়া কাঠামতে 'দিন্দুর' লেপন করিতেন, এবং উদ্দেশে বলিতেন, 'এদ মা, এবার ভালমুখে, হাসিমুখে এদ মা; ভোমার কল্যাণে আমাদের বাছাদের কল্যাণ হউক'-দেই দিন চইতে মায়ের আগমনের প্রতীক্ষা করিতাম, দেই দিন হইতে বাড়ীতে পূজার আয়োজন আরম্ভ হইত, সেই দিন হইতে আগমনীর ঝকার কানে আসিয়া বাজিত। সমগ্র সমাজটাকে, সমগ্র দেশটাকে হুই মাস কাল এক ভাবে ভাবুক, এক রসে রসিক করিয়া রাখা হইত। গ্রামে গ্রাম্য কবিগণ প্রতি বংসর নৃতন নৃতন আগমনী গান রচনা করিতেন: বান্ধানা দেশে এমন লক্ষ লক্ষ আগমনী সঙ্গীত প্রতি বংসরে রচিত হইত। সে একটা বিরাট literature হইয়া উঠিয়াছিল। অক্ততার উপেক্ষায় আমরা তাহা হারাইয়াছি। তুই এক জন মহাকবি ও দিদ্ধ দাধকের ছিটে কোঁটার মতন कृष्टे ठाविछ। त बागमनी गान अथन अठनिष्ठ बाह्न, जाहात मोन्सर्या अवः त्रमभाधूर्या विचारत व्याक् इटेट इत्र । व्यकानताथन विनन्ना, निक्रिका विकार জাগাইতে হয় বলিয়া, শারদোৎসবে আগমনীর এতটা বাহার, এমন অপুর্ব

প্রভাব। বাদস্তীপৃষ্ণায়— চৈত্র মাদের তুর্গোৎসবে আগমনী নাই বলিলেও হয়; কারণ, তথন বে জাগ্রতা মায়ের পৃষ্ণা, বোধনে তেমন আয়াদ সীকার করিতে হয় না। কারণ, তথনকার মাতা হৈমবতী নহেন, দক্ষতা—
সপ্তবিংশ-ত্রিনয়নী, দাকায়ণী।

প্রতিমার কথা

তুর্গাপ্রতিমার সহিত তুর্গা আরাধনা এবং পূজার খুব আর সময়। এক সিংহবাহিনী মৃতিরই বে কত পরিবর্তন ঘটিয়াছে, তাহা বলা যায় না। ঐ সিংহবাহিনী প্রতিমার ভিতরে সহস্র বংশরের বাদালী জাতির ইতিহাস লুকান बाहে। तिःश्वाहिनी गूर्णि ध्रुक् का, बहेक्का, ममकुका, धवः बहाममकुका হয় বাদালী দশভূজা পর্যান্ত উঠিয়াছে, এখনও অটাদশ-ভূজা প্রতিমা গড়াইয়া পূজা करत नारे। পূর্বে দিংহবাহিনী, মহিষাম্বরমন্দিনী মৃতিতে লক্ষ্মী সরম্বতী, কাতিক, গণেণ, কিছুই থাকিত না। কেবল মায়ের মৃতি, আর মহিবাস্থরের বধ। সে সিংহবাহিনীর সিংহ আর এক রকমের ছিল, এখনকার African lion এর নকল ছিল না। সে অলৌকিক সিংহ, ঘাড় খুব লম্বা, মুধখানা কতকটা ঘোড়ার মতন, কতকটা মকরের মতন, শাদা, রোগা, টানা ও লমা, এক অপূর্ব জানোয়ার। বরেন্দ্র অহুসন্ধান-সমিতির চিত্রশালায় প্রায় সহল বৎসরের পুরাতন এক সিংহ্বাহিনীর মৃতি আছে। তাহার চিত্র সহ বর্ণনা গভ বৎসরের 'সাহিত্যে' শ্রীযুক্ত অক্ষাকুমার মৈত্রেয় প্রকাশ করিয়াছিলেন। হাজার বৎসরের পূর্বেকার বাঙ্গালী এবং এখনকার বাঙ্গালীর মধ্যে আকাশ পাডাল ভদাৎ, তাই এখনকার সিংহবাহিনী এবং তথনকার সিংহবাহিনীতে, আকাশ পাতালের পার্থক্য ঘটিয়াছে। এমৃতি যে বাদালা দেশে কবে হইতে প্রচলিত হইল, তাহাও ভাবিয়া পাই না। কোন মৃতিই তল্পোক ধ্যানের সহিত মিলান নহে। অমন টেড়িকাটা, ভাজপরা বাবু কাভিক পুরাণ ভল্লের কোন পৃষ্ঠার নাই। লক্ষ্মী সরস্বতীর অমন রূপ ত কোথাও দেখিতে পাই না, ভল্লের ধ্যানে নাই, পুরাণের তথ তোত্তে নাই। তাহার পর বে ভাবে মহিষাত্বর मर्मन इहेप्टर्इ, त्म ভावताछ-्तम एक है। अ भूतान ७ जरबत कूबानि बुकिया भारेरव ना। **छाहात भन्न हानिहित्व वा एशाम्थ-छ**हा याहा भिष्ठत्व थारक, তাহারও বিভাস এক অপূর্ব পদ্ধতিতে করা হইরাছে। প্রবাদ এই বে,

ভাছরিয়ার জমিদার প্রথমে প্রতিমা গড়িয়া তুর্গোৎসব করেন। সে আজ আট नत्र में वरमदात कथा। भूर्व वाकानात्र, ভারতবর্ষের অন্ত প্রদেশের মত ষ্ট ছাপন করিয়া, যন্ত্রের উপর হোম করিয়া নবরাত্রের উৎসব হইত। সে উৎসব হিন্দু মাত্রকেই করিতে হইত। তাহার পর এই প্রকারের প্রতিমা গড়াইয়া কবে হইতে বে এত ধুমধামের সহিত পূজা আরম্ভ হইয়াছে, তাহা আছ পর্যাম্ভ কেহ নির্ধারিতভাবে বলিতে পারেন নাই। কবিকঙ্কপের চতীতে হর্পোৎসবের কথা আছে, দশভূজা মৃত্তির, এমন আধুনিক প্রতিমার মহামহোৎসব সহ পূজার বর্ণনা নাই। ঐীচৈতন্মের সময়ে যে তুর্গোৎসব হইত, তাহার অনেক শাওয়া ৰায়; কিন্তু ঠিক আধুনিক ভাবের পূজা হইত কি না, তাহা কেহ বৰিতে পারে না, তেমন পরিষ্কার বর্ণনা কোন গ্রন্থ বা পুথিতে পাওয়া যায় ৰা। আখিনে অধিকাপূজা—দে কি কেবল ঘট ছাপনা করিয়া, চণ্ডীর পূজার মতন পূজা ছিল ৷ নবরাত্রের উৎসব ছিল ৷ না, এখনকার মত পুৰা ছিল ? আমি যত দূর অসুসন্ধান করিয়া জানিতে পারিয়াছি, তাহাতে এইটুকু জোর করিয়া বলিতে পারি বে, মাটির প্রতিমা গড়িয়া আধুনিক শদ্ধতিক্রমে তুর্গোৎসব আড়াই শত বৎসরের অধিক পুরাতন উৎসব নহে। দে প্রতিমাও এখনকার অমুরূপ প্রতিমা নহে। মহারাজ কুফচন্তের সময় হুইতে আধুনিক পদ্ধতিটা একটু প্রবল হুইয়াছে; ইংরেজের আমল হুইতে এই উৎসব ও পূজা প্রকটভাবে সমাজে চলিয়াছে। এখনকার প্রতিমার প্রতি অভিনিবেশপুর্বক চাহিয়া দেখিলে উহাতে ইংরেজী সভ্যতার চিহ্ন অনেক দেখিতে পাওয়া যায়। যাহা হইক, আধুনিক হুর্গাপ্রতিমার পুরাতন ইতিহাস धवः नशायकाम উत्तरनष्कि अपूनकानाशानाः উरात अस्तरात शक्त প্রকৃত ইতিহাস বাহির করিতে পারিলে বান্ধালী জাতির সামাজিক ও ধর্মগত ইভিহাসের একটা অঙ্গ পরিষার হইয়া যাইবে।

ভাবের দিক্টা ফুটাইয়া তুলিবার জন্মই প্রতিমার প্রতিষ্ঠা; সমাজের সকলকে লইয়া সন্মিলিত ভাবে উৎসব করিবার উদ্দেক্তেই প্রতিমার প্রতিষ্ঠা। নবপত্রিকা-প্রবেশের সময়ে বলিতে হয়—

'ওঁ চণ্ডিকে চল চল, চালয় চালয়, শীজং অমমিকে পূজালয়ং প্রবিশ।**

বং পরা পরমা শক্তিম্বনেব শিববল্পতা। ত্রৈলোক্যোদ্ধারহেতৃম্বনবজীক্য

বুগে মুগে ॥'

एवी नूत्रा लाक नक्षिप्र एक-'वं भागक मन्ग्र एक एवि भडे। कि: निकि:

সহ। * * * বিৰণাথাং সমাশ্রিত্য তির্ন্ন ক্রেম্বরি। দেবি দং দগতাং মাতঃ স্টসংহারকারিণী। পত্রিকাফ সমস্তাফ সালিধ্যমিত কল্পর।'

थरे नव मख जन्मी नवन्यी, काष्ठिक गल्लान नाम माळ नारे ; **উरास्त** বোধনও নাই। তবে উহাদের অর্চনা করিতে হয়, এক একটা পাছার্ঘ দিয়া উহাদের সমর্থনা করিতে হয়। গণপতির পূজা না হইলে কোন পূজাই হয় না, সেই হিসাবে গণেশের পূজা হয়-গণেশের প্রতিমৃতির নহে। ১তিকা সকল আয়ুধসম্পন্না, তাই আয়ুধগণের পূজা করিতে হয় ;—সেটা শক্তিপুজার অক্ষরণ। প্রকৃতপক্ষে তাহাই অন্তপুন্না, শক্তি আরাধনার প্রতীক অর্চনা মাত্র। আসল কথা এই ষে, যে প্রতিমা গড়া থাকে, তাহার ষথন ধ্যান করিতে হয় না, তথন তাহা প্রকৃতপক্ষে উপাশু নহে। প্রতিমাটা পৌরাণিক ও সামাজিক অংশের অদীভূত; উহার সাহায্যে ভাব ফুটে, উহার সাহায্য मभात्क मध्यनन मध्यपत्र रहा, छेरा मर्वक्रनीन छेरमत्वत्र मराह्म, छारे छेरात প্রতিষ্ঠা। এখনও অনেক গৃহস্থ নিজের খেয়ালের মত প্রতিমা গড়িয়া থাকে; সকল বাড়ীর সকল প্রতিমা একরকমের নহে; অনেকে সিংহবাহিনীই গড়েন না, কেবল উমামতেশ্বর গড়িয়া তুর্গোৎসব করেন। এখন ত তুর্গোৎসব চের কমিয়াছে, তথাপি বিজয়ার দিন কলকাতার ঘাটে ঘাটে বেড়াইলে কত রকমের কত মন্ধার প্রতিমা দেখিতে পাওয়া যায়। অতএব ব্রিতে হইবে যে, প্রতিমা আরাধ্য নহে: উহা ঘরদাজান দামগ্রী।

ভাব ও ভক্তি

বলিয়াছি যে, ত্র্ণোৎস্বের ভাবাংশটুকু অতিই মধুর, অতীব ক্ষর। আত্মজা—আত্মশক্তিময়ী—কুওলিনী ভদ্রকালী, কাজেই তিনি মেয়ের মতন—মেয়ে ত বটেনই। আত্মজ ও আত্মজা যেমন জনকের জাতি, কুল, গোত্র, প্রবর, বেদ, শাথা পাইয়া থাকে, পিতৃপরিচয়ে পরিচিত হইয়া থাকে, আত্মজা উমাও ভেমনি যাহার বাড়ীতে, যাহার ঘটে উব্বুজা হইয়া নবরাত্ম বাপন করেন, তাহারই জাতি, কুল, গোত্র, প্রবর লাভ করেন। তিনি তাহার কল্পার্নপে বিরাজ করেন। তদ্রের ইহা সর্ববাদিসমত দিছান্ত। ইহার মধ্যে অনেক কথা শুকান আছে, তাহা পরে বলিব। তাই কায়ছের বাড়ীয় দেবভাকে

ৰাশ্বণে নমস্বার করে না. শুজের প্রতিষ্ঠিত বিগ্রহকে ব্রাহ্মণে করে না । তবে শিব না কি ব্রাহ্মণ, তাঁহার সদিনী শিবানী ব্রাহ্মণী বটেন; সেই জন্ত কায়ছ পূজক মাকে অরভোগ দেয় না, জামাইয়ের জাতি মারা যাইবার আশকায়। কিছু যাহারা দিছ সাধক, তাহারা শিবের ভাবনা ভাবে না, কন্তারপে মাকে গৃহে আনিয়া কন্তার মতনই তাহার সহিত ব্যবহার করে; নিজে যাহা থায়, যাহা ভালবাসে, তাহারই ভোগ চড়ায়। আঅতৃষ্টি যাহাতে, আঅভা উমার তৃষ্টি তাহাতেই। এই কন্তাভাবের কথা লইয়া শিবচক্র বিভার্ণব একটি স্কুলর স্বীত রচনা করিয়াভিলেন—

"মেয়ের বিয়ে দিতে বড় বাসনা, সকল যোগাড় আছে আমার মেয়ে কিন্তু হ'ল না।"

আদ্যাশক্তি কুলকুগুলিনীকে কন্যাত্রপে জাগাইয়া তুলিতে না পারিলে जिनि ज कनाकित्य (प्रथा एम ना, काटकरे (मध्य रथ ना। मकिमाधना जादवर ও ভক্তির সাধনা, রসের এবং প্রেমের নহে। ভক্তির এমন বিকাশ আর কোন कां जित्र मर्था हरेग्राहिन कि ना, वना यात्र ना; व्यामानिकरक मा वनिन्ना, মেয়ে বলিয়া ভক্তির এমন কোন জাতির কোন সাহিত্যে হয় নাই। বাঙ্গালী বেমন গালভরা, বুকপোরা মা নামে ডাকিয়া থাকে, আত্রন্ধ তৃণত্তত্ত পর্যন্ত দকলকে মা বলিয়া মাধুরীমণ্ডিত করিয়া লয়; এমনটি-এমন মাতৃভাবের অভিব্যক্তি আর কোন জাতি করিতে পারে নাই। মায়ের ঘর-সংদার পাডাইয়া মায়ের ছেলে হইয়া কেমন করিয়া থাকিতে হয়, তাহা বাঙ্গালীই শিখিয়াছিল, वाकानीरे পারিয়াছিল। এই ভাব ও ভক্তি ফুটাইবার জন্য পুরাণসকলের স্বষ্ট, এই ভাব ও ভক্তির পুষ্টির জন্য এক কালে বালালীর গৃহৈ গুহে নিত্য চণ্ডীপাঠ হইত; এই ভাব ও ভক্তিকে আচণ্ডালে বিলাইবার জন্য মুকুন্দরাম হইতে ভারতচক্র পূর্যন্ত বান্দালার মহাকবিগণ মহাকাব্যদকল রচনা করিয়া গিয়াছেন। সে ভাব ও ভক্তি হারাইয়াছি, তাই সে সব কথা আমরা আর তেমন করিয়া বুঝিতে পারি না; বুঝাইবার জন্য এতটা প্রয়াস পাইতে হয়। কিছু তাহা ত বুঝাইবার নহে। যে মায়ের ক্ষেহ পায় নাই, কন্যাকে আদর করে নাই, সে বালালীর তুর্গোৎসব কেমন করিয়া বুরিবে! বালালার

মায়ের ক্ষেত্র ব্রা চাই, প্রাণে প্রাণে অহতব করা চাই, বালালীর গৃত্রে ক্ষারী কন্যার আদর সোহাগ ব্রা চাই, বদ্ধ আবদার জানা চাই, তবে ইইদেবভার উপর সেই ভাবের আরোপের মহিমা ব্রিতে পারিবে। বিনি জগরারী, আদ্যাশক্তিশ্বরপিনী, বিনি—

"ষচ্চ কিঞ্চিৎ কচিবস্ত সদসং বাথিলাত্মিকে। তক্ত সৰ্বস্ত বা শক্তি: সা অং কিং ভূয়নে তদা ॥"

তাঁহাকে মায়ের আগনে বসাইয়া, অথবা মেয়ের সাজে সাজাইরা আদর সোহাগ করিলে কভ মিষ্ট হয়, কভ মধুর হয়, জীবনটা কি মজার স্থবে ও আনন্দে পূর্ব হয়, তাহা যে ভাবারোপের পদ্ধতি জানে না, তাহাকে কেমন কিয়া বুঝাইব ! ভাবারোপ ভক্তিসাধনার একটা অপূর্ব পদ্ধতি। শ্রীভগবানকে প্রভু, রাজা, দণ্ডধর, পিতা বলিয়া উপাসনা করিলে তেমন মজা পাওয়া যায় না; দে যেন একটু দূরে দূরে, ভয়ে ভয়ে থাকিতে হয়। পরস্ক তিনি জননী— मा, छाँशांत कारह दकान किहू शांशन कतिवांत्र नारे। नकन वावनांत्र, नकन আহর তাঁহার কাছে করিতে পারিব—ইহা কতটা মধুর, কত মোলায়েম, কতই मिहे! चार्वात ट्रांटेशंट त्यात्रिट हरेल, जारांत्र या विनया ज छाकारे हल, সঙ্গে সঙ্গে তাহাকে ঘাড়ে পিঠে কর, আদর গোহাগ কর, আমোদ আহলাদ কর—দে আরও মধুর, আরও হন্দর, আরও কোমল। বাঙ্গালী এক কালে জগদঘাকে একাধারে মা ও মেয়ে সাজাইয়া মানবজন্ম ধন্য করিয়াছিল, তু:বের জীবনকে স্থপময়, স্থেময়, মধুময়, মোহময় করিয়া তুলিয়াছিল। এই মোহময় জীবন ছিল বলিয়াই বাকালীর ভাষাবিষয়ক গান অপূর্ব, অতুল্য, অসাধারণ এবং অন্তুত। এই শ্রামাবিষয়ক গানের পথে ভাবের একটা দিক্ পন্মার ভাত্তের লোভের মতন ছুই কুল উপ্চাইয়া প্রবল তরকে বহিয়া গিয়াছে।

জাঁকের পূজা

এইবার পূজার বিবরণ একটু দিব। বোধন কতকটা গোপনে, বিশ্ববৃক্ষ-মূলে করিতে হয়: সপ্তমী হইতে নবমীপূজাটা বেজায় জাঁকের, বেজায় প্রকাশ্তভাবে করিতে হয়। নানা বাদ্যভাগু সহ পূজা করিতে হয়, পরছ বংশীরব সহ মায়ের পূজা করিতে নাই, রসবিপর্যয় ঘটে। বাহারা ভাল গৃহছ, বাহারা ভাষের নির্দেশ মানিয়া তুর্গোৎসব করিয়া থাকেন, ভাঁহারা ভূরী ভেরী শব্দনাদ সহ, কাড়া নাগড়া, ঢাক ঢোল সহ পূজা করিবেন, কিছ কথনই পূজাগৃহে বংশীরব করিতে দিবেন না। মা আমার বোড়শী ভূবনেশরী, তিনি জগৎপ্রস্থিতি, জগৎসবিত্রী; তাঁহার সম্মুখে বংশীরব করিলে রসবিপর্যন্ত্র ঘটিবার সম্ভাবনা, তাই তুর্গোৎসবে বংশীরব নিষিদ্ধ। বিশেষতঃ তুর্গোৎসব সাময়িক পূজা,—রপচণ্ডীর পূজা, স্থতরাং এ পূজায় সমরসময়োপযোগী বাদ্যভাণ্ড ব্যবহার করিতে হয়।

ছুর্দোৎসবের প্রথম ও প্রধান অঙ্গ স্থান; প্রথমে নবপত্রিকার স্থান, তাহার পর দেবীর স্থান। তাহাকে মহাস্থান বলে। সে স্থান তিন প্রয়ে তিন ভাবে করিতে হয়। প্রথমে সর্বতীর্ধের জলে স্থান করাইতে হয়—

"আত্রেমী ভারতী গন্ধা ষম্না চ সরস্বতী।
সরষ্ঠগুকী পূণ্যা শেতগন্ধা চ কৌশিকী।
ভোগবতী চ পাতালে স্বর্গে মন্দাকিনী তথা।
সর্বাঃ স্থমনসো ভূজা ভূলারৈঃ স্লাপমন্ত তাঃ।"

এই ভাবে মন্ত্র পড়িয়া ভারতবর্ষের যত নদ নদী, ব্রদ, সাগর, তড়াগ, প্রদ, দর্বতীর্থের নাম করিয়া ভূকারে তাহাদের আবাহন করিতে হয়। তাহার শর বুষ্টির জল, শিশিরস্ঞিত জল, উষ্ণ প্রস্রবণের জল, গদ্ধোদক, শ্থোদক, পক্ষোধক এবং শুদ্ধ জলে দেবীর স্থান করাইতে হয়। স্থানের সময়ে 'ওঁ স্থাপো हिकी' মূলক বৈদিক মন্ত্ৰ পাঠ করিতে হয়; 'ওঁ অগ্নিমীলে পুরোহিতং' মন্ত্রেরও আবুত্তি করিতে হয়। শেষে সাগরজলে আসন শোধণ করিয়া লইতে হয়। আক্রকাল আর মহাস্মানের ঠিকমত ব্যবস্থা হয় না, পুরোহিত মহাশয় প্রায়ই অফুকল্পে কাব্দ সারিয়া সন। পঞ্চ গব্যে শোধনটাও ভাল করিয়া হয় না। তাহার পর পঞ্চ শক্তের জলে, রজতের জলে, স্বর্ণোদকে, মৃক্তার জলে, নারিকেল-कल, मर्त्वीविध अभरहोविधित कल, ठन्मनकल जान कताहरू हम। भूताल তুর্গোৎসবের যে পদ্ধতির নির্দেশ আছে, দেই পদ্ধতি অহুসারে কান্ধ করিতে হট্লে সম্ভাট অথবা অতিবড় ধনী ছাড়া আর কেছ বধারীতি ছুর্গোৎসব করিতে পারে না। প্রবাদ এই, কলিযুগে অশ্বমেধ যক্ত রহিত হওয়াতে এই তুর্গোৎসব প্রচলিত হইয়াছে; তুর্গোৎসব কলিষুগে অখনেধের অত্নকরস্বরপ। স্তরাং রাজা মহারাজা, ধনকুবের ছাড়া আর কেহ ঠিকমত তুর্গোৎসব করিতে পারে না। তবে তত্তাক্ত শক্তির আরাধনা সাধক মাত্রেরই আয়ন্তের মধ্যে चारक । चात्वत्र शृद्धं शक्कम्य-मृष्ठिकात्र, वत्राष्ट्रम्य-मृष्ठिकात्र, वृश्मृत्र-मृष्ठिकात्र,

বেশ্বাৰার-মৃত্তিকায়, সাগরতস-মৃত্তিকায়, গলার তুই কৃলের মৃত্তিকায় দেবী শীঠ বা ঘটকে পবিত্র করিয়া লইতে হয়। বে দেশে অচ্ছন্দে বন্ত বরাহ, মন্ত মাডক, বস্তু বুষ বিচরণ করে না, যে দেশে অজগরের গর্তের মাটি পাওয়া যায় না, সে দেশে এই সকল ওদ্ধিমৃত্তিকা সংগ্রহ করাই কঠিন। অনন্তর অইকলসকলে बराचान (गर कतिरा हरेत ; (म अहे कनाम भनात अन, बृष्टित अन, मतचा)-मिलन, मागतकन, भन्नारतभूमश्रीय कन, निवर्त्रकन, मर्वजीर्थकन ও চল्म-क्म-এই অষ্ট প্রকারের জল পূর্ণ থাকিবে। নবপত্রিকার এবং দেবীর ষম্মের সান ভ করাইবেই, যে সাধক মায়ের বোধন করিয়াছেন, জাঁহার দেহঘটে ও বাহিরের ঘটে মাতৃশক্তির বিকাশ হইয়াছে, এই বিবেচনায় তাঁহাকেও স্থান कत्राहेट इहेरत। भूनीत जिन वात्र ज्ञान ७ एकि हहेरल उरव मारप्रत मश्रमी হইতে নবমী পর্যান্ত পূকা চলিবে। স্নানের পর গদ্ধাত্মলেপ,—দেও এক অপূর্ব ব্যাপার। চন্দন, কুছুম, কম্বরি-প্রসাধন-কলায় যাহা যাহা গছত্রব্য विनया পরিচিত, দে সবই একটু একটু করিয়া ব্যবহার করিতে হয়। বাহিরে এই ভাবে স্নান করাইয়া, সঙ্গে সঙ্গে মানস পূজায় মনে মনে সেই স্নানের অভিনয়টি করিতে হইবে। ভাবিতে হইবে—মেয়েটি আমার চন্তীমগুপের সমুখে আসিয়া বসিয়াছে, আমি স্বয়ং তাহার গাত্রমার্জন করিয়া, তৈলাদি লেপন করিয়া, ভাথাকে স্থান করাইভেছি। পুরাণে যে ক্রম লেখা স্থাছে, ঠিক সেই ক্রম অনুণারে তাঁহার স্নান করাইতে হইবে। চঞ্চলা চপলা মেয়ে মাঝে মাঝে পিড়ি হইতে উঠিয়া পলাইতে চাহিবে, তুমি ভাগাকে ধরিয়া আদর করিয়া যেন বসাইবে, তোমার আদর যত্ন ভনিয়া মা হাসিতে হাসিতে আবার আসিয়া বসিবেন, তুমি মহাম্মান কার্য্য নিরাপদে শেষ করিবে। ভাহার পর মেয়েটকে কাপড় পরাইয়া দিবে, গছত্রব্যের ঘারা তাঁহার দেহের অঙ্গরাপ বধিত করিবে, শেষে নানা মণিমুক্তার মহাযুল্যবান্ অলঙ্কার পরাইয়া মেয়েটিকে রাজরাঞেশরীরূপে সাজাইয়া বেদীর উপর বসাইবে। বেদীর উপর বসাইবার সময়ে মনে হছবে, তোমার সভন্নাতা কলা উমা সিংহবাহিনী প্রতিষার সঙ্গে যেন এক হইয়া গেলেন। ইহাই মানস পূজার প্রাণ-প্রভিষ্ঠা। এইটুকু না হইলে চতীমগুপে দেবভাব পূর্ণ হয় না।

ন্ধানের পর ভূতগুদ্ধি এবং ভূতাপদরণ-মন্ত্র পাঠ করিয়া দকল দিক পবিত্র ও দকল বাধাবিত্র দূর করিয়া লইতে হয়। তাহার পর মাকে কিসের জক্ত ভাকিতেছি, তাহা মন খুলিয়া বলিতে হয়।

'আবাহয়ামি দেবি আং মৃন্ময়ে শ্রীকলেহপি চ। কৈলাসশিথরাকেবি বিষ্যান্ত্রেহিমপর্বতাং। আগত্য বিৰশাথায়াং চণ্ডিকে কুক সন্নিধিম।

এই ভাবে নবপত্রিকার পূজা, ঘটে ও যত্রে মায়ের বোধন শেব করিয়া, শেষে মহিবাহ্মরাদি প্রতিমান্থ দেবতার সামান্ত অর্চনা করিতে হয়। তাহার পর राष्ट्राहर, नीलकर्ष, मुनारजात. এकाम्न क्रम, चाम्न चाम्छा, चष्ट रस, চতুর্বেদ প্রভৃতি সকল দেব, সকল দেবীর রীতিমত অর্চনা করিতে হয়। শেষে অস্ত্রসকলের পূজা করিতে হয়। যুদ্ধে যে সকল অস্ত্র ব্যবহৃত হয়, প্রতিমার দশ হত্তে যে সকল অস্ত্র থাকে, সে সকলের পূজা করিতে হয়। পূজা অর্চনা পরিদমাপ্ত করিলে হোম করিতে হয়, যন্ত্র অক্কিড করিয়া হোম করিডে হয়। এই হোমে বৈদিক এবং তান্ত্ৰিক ছুই প্ৰকারের মন্ত্ৰ এবং পদ্ধতি নিৰ্দিষ্ট আছে। নিয়মিত আভাশক্তির বৈদিক হোম করিতে হইলে বছ অর্থ ব্যয় করিতে হয়। এখন তেমন জোগাড় হয় না, বালালার পুরোহিতগণ দে হোম ঠিমকত করিতে পারেন না। তাই হোমটা অমুকল্পে দাধিত হয়। चथठ ट्राप्ये रहेन बामन भूजा। जान, चित्रक, भूजा—এ मकनरे वरित्रक, ভাবপুষ্টির এবং ভাবোমেষের একটা উপায় মাত্র; হোমই হইল বজ, হোমই হইল কর্ম। বাছিক হোম করিয়া মানস হোম করিতে হয়; মানস হোমের বর্ণনা তত্ত্বে সবিস্তার লিখিত আছে। প্রবাদ আছে যে, নাটোরের রাজা রামকৃষ্ণ এবং কৃষ্ণনগরের মহারাজ কৃষ্ণচন্দ্র জীবনের মধ্যে চারি পাঁচ বার পূর্ণাঙ্গে তুর্গোৎসবের হোম করিতে পারিয়াছিলেন। এখন বুঝা গেল যে, ছুর্গোৎসবের তিনটি প্রধান অব ;—প্রথম বিৰমূলে বোধন, দিতীয় বিৰশাখা ও কলনীবৃক্ষ সহ দেহস্থ কুওলিনীর অমুকল্পে কুওলিনীর প্রতিষ্ঠা, তৃতীয় হোম। এই তিন অঙ্গ বাহ্যিক ভাবে ফুটাইতে হইবে, আবার মানদ ক্ষেত্রে ভাবের বিকাশ করিয়া মনে মনে ভাহার অহুবৃত্তি করিতে হইবে। ইহাই **एक्कानीत बाताधना** ; ताकी यारा किছू, छारा উৎসবের बन। এই ভাবে সপ্তমী, অষ্টমী ও নবমীর পূজা করিতে হয়; মহাইমী এবং মহানবমীতে মন্ত্রের বচনের একটু পার্থক্য আছে, ভাহার জন্ম মৃল পূজাপদ্ধতির কোন ব্যতিক্রম ঘটে না। তবে সন্ধিপুলায় একটু মজা আছে। বোধনের পর জাগরিতা क्ष्विनीत छे अठत घटि, या काणिया छेठिया काम क्षिया थवः मानान क्षिया বসিরা থাকেন, সদ্বিপূগার সময় হইতে সে বিকশিত শক্তির অপচয় আরছ: হয়, সন্ধিপুলার পর হইতে বিশ্বয়ার শ্বেপাত হয়। তাই সন্ধিপুলা মলার পূজা; উহা বাহ্যিকও বটে, মানসও বটে। বাহিরে বেমন এক শত আটটা দীপ আলিয়া পূজাও আরতি করিতে হয়, মনোময়ী চিয়য়ী দেবীকে তেমনি বড়্রিপু, একাদশ আসন্ধি, চতুঃষ্টি রস এবং সাতাইশটা ভাব আলিয়া হলয়মন্দিরকে সাজাইতে হয় এবং গমনোছতা দেবীকে পূজা অর্চনা এবং আরতি করিতে হয়। বিজয়ার কথাটা এখন আর বলিব না, বলিতে নাই বলিয়া বলিব না; পরে কখনও উহার ব্যাখ্যা করিতে চেটা করিব। তুর্গোৎসবে বেমন বাহ্যিক ধুমধাম আছে, তেমনই প্রগাঢ় আধ্যাত্মিকতা আছে, আর প্রাণের হিসাবে ভাব ও রদ আছে। তুর্গোৎসবের সঙ্গে বালালীজ—বাশালার হিন্তুর বিশিষ্টতা যেন জড়ান মাখান আছে।

विवादान ও प्रशास्त्र

বলিদানের তন্ত্রটা আমাদের সমাজের মধ্যে অনেকেই ঠিক ভাবে ব্বেন না, সবাই আংশিক ভাবে উহার আলোচনা করিয়া থাকেন। বে তিনটা পুরাবের পদ্ধতিক্রমে ত্রগোৎদব হইয়া থাকে, তাহার মধ্যে কালিকাপুরাবেট বলির একটু জাঁকজমক আছে, বুহন্নদিকেশ্বপুরাণেও মাধকলাই বলির অমুকর করা হইয়াছে; দেবীপুরাণেও বলির প্রাধান্ত তেমন দেওয়া হয় নাই। মহানির্বাণতত্ত্বে স্পট্ট লেখা আছে যে, ষড়্রিপুকেই মায়ের ছয়ারে বলি দিতে হয়, সকল আসজির পুষ্প লইয়া পুঞ্জ। করিতে হয়। অথচ সেই মহানির্বাণতত্ত্ব পঞ্চ ভল্কের কথা লইয়া নানা মাংসের বিবরণ দেওয়া হইয়াছে, মৎস্যের वावशांत्र कतित्व वना श्रेशांत्व । त्यथान श्रांत्राधना, त्यथान श्रेठकांत्व, (मथान विनाम नाइ-aux, जांश, प्रशिषद वधकार्य नाहे: किक (मथान যজ্ঞ, যেখানে সামাজিক উৎসবের কাজ, সেখানে বলিদান আছে, ভোগরাগ चाह्न, श्रमान-विভরণ चाह्न, উৎসব चानम चाह्न। नमास्त्रत गकलारे कि আর শাক পাতা ধাইয়াই থাকিতে পারে না, সমাজের মধ্যে মাংসাৰী थाकिरवहे, जान थाहेबाद, जान अदिवाद लाक थाकिरवहे। जाहासद वाम मिल ७ ठनित्व ना. नकनतक नहेशा छैश्मव चानत्य माण्डिए हहेत्व, कात्कहे সকলের কচি অহুসারে কাজ করিতেই হয়। তাহার পর তত্ত্বে একটা বড় क्षा चाक्त। उप वानन, क्षांभाव चाचाहे यथन क्षांभाव हेडेएकी, उथन দেই **আত্মার তৃষ্টি পৃষ্টির** জ্ঞ বাহা কিছু ভোগরাগের প্রবােধন হইবে, ভাহা দেবভাকে দিভে হইবে। বালালী হিন্দু, জাভিগত বিশিইভা বজান্ত রাখিয়া, সামাজিক বিধিনিষেধ মানিয়া বে দকল খাদ্য খাইতে পারে, বে দকল ভোজা উপভোগ করিতে পারে, তাহাই কুগুলিনী দেবীকে সমর্পণ করিয়া ভাঁহার প্রসাদ ধাইবে। তুমি তৃপ্তির সহিত বাহা খাও, তাহাই মাকে ভোগ চড়াইডে পার। বিদ্যাবাসিনীর মন্দিরের সম্বধে তাই সাঁওতাল ও কোলগণ মুগী विनान पित्रा थारक। आभि बाहा शहेत. छाहा रहतीत श्रेमा कतिया नहेत्रा খাইবার উদ্দেক্তেই বলি দিয়া থাকি। তুমি বেমন, তোমার ইউদেবতাও তেমনি হইবে; তোমার প্রবৃত্তি অমুদারে ডোমার দেবতার কচি প্রকৃতি নিৰ্বারিত হয়। যে দেবী তোমার জাতি, কুল, গোত্ত, প্রবর গ্রহণ করেন, দে দেবী তোমার আচার ব্যবহার, ভক্ষ্য ভোজ্ঞা গ্রহণ করিবেন না কেন ? যদি বল, দেবতাকে মাংসভোগ দিতে ইচ্ছা করে না, তাহা যদি সভা হয়, morbid sentimentalism না হয়, তাহা হইলে তোমারও মাংসভোজন পরিহার করিতেই হইবে। না করিলে তোমার সাধনায় ব্যাঘাত ঘটিবে। এই ড গেল বাহিরের ভাবের কথা। ইহা ছাড়া বলিদানতত্ত্বের ভিতরে একটা গুপ্ত কথা আছে। বুহদারণাক উপনিষদেও সে কথার স্পষ্ট ইঞ্চিত আছে। তম্ম বলেন, দেহস্থ আত্মা উষ্ণ শোণিতের দারা সঞ্চীবিত থাকেন; শোণিত ঠাঙা হইলে আত্মাকেও দেহত্যাগ করিতে হয়, অতএব উষ্ণ শোণিত আত্মার থাছ, বাহার সাহায্যে শোণিতের উষ্ণতা বৃদ্ধি পায়, ভাহাই আত্মার খাদ্য। স্তবাং আত্মাকে ভোগ দিতে হইলে উষ্ণ শোণিতই প্রশন্ত ভোগ। এই দক্তে তাম বা যে দ্যাপরবশ হইয়া ছাগবধ করিতে বাধা দেও— কেন ৮ বংসকে বঞ্চিত রাখিয়া তাহার মাতৃহয় অপহরণ করা নির্দয়তা নহে ? ছুয়ের পায়দ পিষ্টক রচনা করিয়া দেবতাকে ভোগ দিলে তাহা (शास्त्र रम ना ? तुक नजा छन्म नवारे मुकीव, मकलाइरे त्यमनारवाध चाहि। বুক্ষের ফুল ছি ড়িয়া, ফল ছি ড়িয়া দেবতাকে উপঢৌকন দেও যে, তাহাতে নিৰ্দয়তা প্ৰকাশ পায় না ? সেটা কি জীবহত্যা নহে ? আত্ৰন্ধ তৃণতম্ব পৰ্যন্ত সর্বন্থে ও সর্বত্র জীবনদায়িনী কুওলিনী শক্তি বিরাজ করিভেছেন। বিশ্ববাপী পরমাত্মা অণুতে আছেন, পর্বতেও আছেন। 'গোধ্য, ধব, ধান্ত প্রভৃতি ধাহা ভঁড়া করিয়া, সিদ্ধ করিয়া থাও—ভাহা মাটিতে প্রতিলেই গাছ হইবে, **অভএব বুরিতে হইবে, সে সকলে প্রাণ আছে; তাহাদের প্রাণশক্তি সম্**চ করিয়া নানা থাদ্য দ্রব্য তৈয়ার করিয়া দেবতার তোগ দিলে কোন দোষের হয় না; কেন না, বৃক্ষ লতা গুল্ম, গোধ্ম ত্রীহি থাল্য প্রভৃতি শস্যসকল ত পাঁঠার মতন চেঁচাইতে জানে না, তোমাদের করুণা ও অম্বকম্পা আকর্ষণ করিতে পারে না, তাই অম্বভোগ দোষের নহে, তাহা নিরামিষ ও পশ্রি, আর পাঁঠা ও মাছ মারিয়া ভোগ দিলেই যত দোষ! তত্র এই দ্রাধর্মের, এই ঘাদ থাওয়ার গোঁড়ামির বেজায় নিন্দা করিয়াছেন। যে যাহা থাইয়া ভৃতি বোধ করে, পৃষ্টি লাভ করে, তাহার নিন্দা করার অধিকার ভোমার নাই। তোমার পক্ষে বাহা ভাল, যাহা উপযোগী, তাহা অল্যের পক্ষে ভাল বা উপযোগী না হইতে পারে। এইটুকু বলিয়া তত্র একটা বড় কথা বলিয়াছেন।

তত্ৰ বলেন—হিংদা হইতেই স্বষ্ট ; হিংদা ছাড়া স্বষ্ট হইতেই পাৱে না। ছাবর জন্ম-স্টের যে দিকে তাকাও, সেই দিকেই হিংসার বিকাশ। Biologyর হিদাবে কথাটা সত্য, তত্ত্বের হিদাবেও কথাটা দত্য। এই হিংসা শব্দ হইতে সিংহ শব্দের উদ্ভব। যেখানে দেহ, যেখানে দেহী, ষেখানে শক্তির বিকাশ এবং বিভৃতির অভিব্যঞ্জনা, সেইখানেই হিংসা,—সেইখানেই এক অপরকে চাপিয়া রাখিতে চাহে, দুর্বল জীবদেহের ছারা প্রবল জীব পুষ্ট হইয়া থাকিতে চাহে-সেইখানেই, দেহে দেহে, স্থলে পক্ষে, জীবে জীবে, षढि पढि, शिःमा भिःश्वाल विषामान, आत एकी कूलकु अलिनी भिःश्वाशिनीकाण সিংচরপী হিংসাকে বশে আনিয়া স্টার সামগ্রসা রক্ষা করিতেছেন। এই দিংহবাহিনী মায়ের কোলে যাইতে পারিলে. মায়ের ছেলে হইতে পারিলে. নগ্ন দিগম্বররূপে মাতার চরণে সর্বন্ধ অর্পণ করিতে পারিলে, তবে তেমন সাধক. তেমন মায়েয় চেলে 'অহিংদা পরমো ধর্ম:' এই মহাবাক্যের দার্থকতা দাধন করিতে পারে। নহিলে পাঁঠা ছাড়িয়া কেবল দাস থাইলে অহিংসার পুষ্টি হয় না; মশা ছারপোকা না মারিয়া সামাজিক মহুয়ের সর্বনাশ সাধন করিলে অহিংসার উপচয় ঘটে না। যে ষ্ট্চক্রডেদ করিতে পারিয়াছে, যে रेष्टेरमवीरक नर्वत्र वर्षन कतिरा भातिप्राह्, याशांत्र निस्कृत विनात कि मारे, त्य भा छाणा किছू खात्न ना, क्य नः मात्र भा-भव त्यत्थ, त्यरे प्विश्मा পরম ধর্ম, এই মহাবাক্যের দার্থকতা সম্পাদন করিয়াছে। তম্ম বলেন, ৰাম্বকে বেমন পাইবে, তাহাকে তেমনই ভাবে লইবে, পরে ধীরে ধীরে শাধনার বকষ্ত্রে তাহাকে চোলাই করিয়া তাহার দেহত আত্মশক্তি-

মহাত্বের সারকে বাহির করিয়া মাতৃপদে বিশ্বব্যাপী প্রমাজার দৃষ্ঠিত মিশাইয়া দিবে। প্রবৃত্তিমার্গের উপাসনার মাহুর বেমন, তাহার উপাসনাল পদ্ধতি তেমনই চইবে। বাহার বাহাতে অধিকার, সে তাহা লইয়া ইট্টের আরাধনা করিবে। ইহাতে ভাল মন্দ নাই, নিন্দা খ্যাতি নাই। বাহারা সিদ্ধ সাধক, তাঁহারা সকলেই এই ভাব লইয়া সংসারের সহিত ব্যবহার করেন। বাহারা সাধুসক করিয়াছেন, প্রকৃত সদ্গুরু পাইয়াছেন, তাঁহারা তত্তের এই বিচারের ব্যার্থতা শীকার করিবেনই।

শেষ কথা

গত কুড়ি বৎসর কাল সমাচারপত্রসকলের সহিত সংবদ্ধ হইয়া আমি প্রতি বর্ষে ফুর্গোৎসবের কথা লিখিতেছি। প্রতি বর্ষেই বতগুলি লিখিয়াছি, দবই নৃতন কথায় পূর্ণ করিয়া লিখিবার চেষ্টা করিয়াছি; তথাপি আৰু পর্যস্ত আমার नकन कथा वना हटेन ना। हेहा हाफा उन्न दुवाहेवात बना भे हाति বংসর কাল ভন্তকথা নিয়মিত ব্যাখ্যা করিতেচি। ভন্তের কোটাংশের এক অংশ বলিতে পারিয়াছি কি না সন্দেহ। সেই তল্পের ভাবের ও দাধনার নির্ধাস আমাদের এই চুর্গোৎসবে নিহিত রহিয়াছে; তারে ভারে বালালার ইতিহাস, বান্ধালী জাতির উত্থান পতনের কাহিনী এই উৎসবে লুকান আছে। উহার পূলাপদ্ধতিতে, উহার প্রতিমা নির্মাণে, উহার উৎসব স্থানম্বে এক এক ষুপের উপাধ্যান সুকান আছে। হুর্গোৎসব বুঝিতে পারিলে বাদালা দেশকে ও বালানী জাতিকে বুঝিতে পারা ঘাইবে; উহা বালানীর নিজৰ, বালানীর মনীবা ও প্রতিভা, প্রতিষ্ঠা ও বিশিষ্টতা উহার সাহায্যেই ফুটিয়া উঠিয়াছে। উহার অধ্:পতনে বালালার অধ:পতন, বালালীত্বের অপচয় ঘটিয়াছে। এক বার এই চুর্গোৎস্বকে বুঝিতে পারিলে, তোমার কাছে তোমার আত্মপরিচয় ফুটিয়া উঠিবে, সে পুজা এবং সে উৎসব বুঝিবার চেষ্টা করিবে না কি ? ভাব লইয়া সংসার, ভাব লইয়াই জাতির পুষ্টি এবং অভ্যুদয়, সেই ভাবের ষ্টাসাগর মুর্গোৎসব; সে মুর্গোৎসব ঠিক্ষত বুবিতে পারিলে তুমি নিছেকে নিজে চিনিতে পারিবে, তোমার পিতৃপরিচয় অব্যাহত রাখিবার জন্ত পুরুষকার প্রয়োগ করিতে পারিবে। যে সভ্যতার বিকাশে বাদালার এক দিকে খাম, অভ দিকে খামা, এই ছই নীল কমল ভাবসরোবরে ছটিয়া উঠিরাছিল, সে সভ্যতা নাই বটে, কিছ এমন দিন আসিতেছে, যথন তৃথি, শান্ধি, তৃষ্টি লাভ করিতে হইলে আবার সেই হারানো সভ্যতার অবেষণ করিতে হইবে। তাই বলিতে ইচ্ছা করে,—এক বার দেখ না, এক বার বৃষ না—ভোষার যাহা নিজম্ব ছিল, ভোমার যাহা বিশিষ্টতার শ্লামা ছিল, তাহা এক বার আবার ভলাইয়া বৃষিবার চেটা কর। হয়ত কিছু মলল হইতে পারে, হয়ত কিছু কল্যাণ হইতে পারে।

ছর্গোৎসবের ছুই চারিটা কথা বলিতেই পুথি বাডিয়া গিয়াছে, ছর্গোৎসবের ভাবাংশের সার মার্কণ্ডেয় চণ্ডীর কথা বলিতে পারি নাই। সেও ত এক নিশানে বলিবার নহে। আজ তোমরা গীতা গীতা করিতেছ; সকলেই নিয়মিত গীতা পড় আর নাই পড় গীতার নিষাম ধর্মের দোহাই দিতে তোমরা ছাড় না; নিছাম ধর্মটা যে কি, তাহা সকামী, বিষয়ী, সংসারমায়ামুগ্ধ জীব আমরা কেমন করিয়া বৃঝিব! কিন্ত ছিল এক দিন, যে দিন বাঙ্গালার গ্ৰহে গ্ৰহে নিভ্য চণ্ডী পঠিত হইত; ধনং দেহি, রূপং দেহি, মশো দেহি, ছিবো জহি বলিয়া বান্ধালী সত্যের আদর করিয়া তৃপ্তি লাভ করিত। তথন বান্ধালী অন্ত কাহারও কাছে কিছু চাহিত না; রাজার খারে যাইয়া ধনৈশ্বৰ্য বাক্সা করিত না, অর্থের আকাজ্জায় পূর্ব পরিচয় লোপ করিয়া হাটে মামা হারাইত না, তথন বাশালীর যাহা চাহিবার ছিল, যাহা চাহিতে হইড, তাহা ইষ্ট্রালেবীর কাছেই চাহিত। তথন বান্ধালীর সকল আকাজ্ঞা চণ্ডীর নিড্য পঠনপাঠনেই পূর্ণ ও পরিতৃপ্ত হইত। তাই বান্ধানী তথন বাঁচিতে জ্বানিত, বাঁচিয়া থাকিতেও পারিত। তারাপুরের বামা কেপা এক বার বলিয়াছিলেন --- 'ওরে পাগলা, মা থাকতে কি ছেলে মরে? মায়ের ছেলে হইয়া মায়ের কোলে বদিতে পারিলে, মারে কাহার বাপের সাধ্য! পুরাতন হইলে খোলস বদলাইতে পারে, বংশের ধারা, জাতির ধারা অভুর থাকে। মায়ের ছেলে মরে না।' ভাবের কথা, ভাবের ভাষার ব্যক্ত, কিন্তু কথাটার মধ্যে একটা প্রগাঢ় সভা নিহিত রহিয়াছে। মায়ের ছেলে হইয়া যত দিন আমরা ছিলাম, তত দিন আমরা বাঙ্গালী ছিলাম। মা কোল পাতিয়াই বসিয়া আছেন, বর্ষে বর্ষে এমনই ভাবে কোল ছড়াইয়া ছেলেদের সে ক্রোড়ে ভাকিবার জন্ত আগিতেছেন। এক বার মায়ের ক্রোড়ে উঠ না। উঠিয়া সে ক্রোড়ে আবার विमर्क शांतिल ऋथ शाहरत, शांखि शाहरत, जृश्वि शाहरत, हान्नानिधि चावान बुक्तिया शहरत । त्म शतानिधि कि कान ? मार्याविक खेबान धवर भृत्यानीय

স্থ ও ষতি। এখনও দে দব পুরাতন কথা মনে পড়ে,—তুর্গোৎসবের সামাজিক আমোদ আহলাদ, দজাবতা ও উরাস, কুলাদনাদিপের দে দরল হাসিমাথা মুথে পূজার আয়োজনের আনন্দ—বরণ করিবার শোভা, ভোগ রাঁধিবার আনন্দ,—আর বিজয়ার দিন দে পাঁজরভালা রোদন। 'আবার আসিল মা' বলিয়া মায়ের পায়ে অঞ্চল জড়াইয়া গৃহিণীদের দে রোদন বে দেখিয়াছে, দে তাহার মাধুর্য, তাহার পবিত্রতা কখনই ভূলিতে পারিবে না। আমরা ত মাটির পুতৃল পূজা করিতাম না, জীয়ন্ত মাকে লইয়া কয়েকদিন আমোদ উৎসব করিতাম; তাই বিসর্জনের দিন শতরবাড়ী মেয়ে পাঠাইবার বেদনা গৃহে গৃহে ফুটয়া উঠিত। বিশাসের সে সজীবতা, ভাবের সে মাধুর্য, ভক্তির সে প্রগাড়তা আর পাইব কি মু পাইতে হইলে আবার ত্র্ণোৎসব করিতে হইবে, আবার ভেমনি আগমনীর স্থরে স্থর মিলাইয়া ভাকিতে হইবে—

'ৰায় মা আয়, আমার সতী আয়, আমার কোনে আয়।'

শিবরাত্রি

'ধরাপোইগিমকন্যোমমধেশেক্ষর্তরে।
সর্বভূতান্তরেশার শকরের নমো নমঃ।
ক্রত্যক্তরেশার শতরে শতকাত্মনে।
ক্রতীক্রিরার মহসে শাশতার নমো নমঃ।
ক্রেলক্ষেবিভাগাভ্যামনির্দেশার শস্তবে।
ভবার ভবভূতার তঃখহরে নমোইস্বতে।
ভর্বর্গনিদান্তার সর্বজ্ঞার নমো নমঃ।
আদিমধ্যান্ত-শ্রার নিরন্থাশেষভীতরে।
বেশাত্মনেইবিচিন্ত্যার বিলসচ্চক্রমৌলরে।
কন্দর্প-দর্পনাশার কালহত্রে নমোইস্বতে।

বিবাশনার বিহরত্ব ব্রক্তম্পের্বে।
সরিকাষসমাবত্তপর্দার নমো নমঃ।
তৃষ্টার নিজভন্তানাং ভৃত্তিমৃত্তি প্রদায়িনে।
বিবাসসে নিবাগার বিশ্বশাস্ত্রে নমো নমঃ।
তিষ্তেশ্লভ্তার তিনেতারাদিসভবে।
তিধালাং ধামরুপার জন্মায় নমো নমঃ।

'यिनि পृथिवी, कन, व्यक्ति, वाबु, व्याकान, रख, केनान, ठख ও पूर्व पृष्टिए আবিভূতি; যিনি দর্বভূতের অন্তরে অন্তরাত্মাত্মরূপ বিরাজমান, দেই শঙ্কর দেবকে নমস্বার। যিনি শ্রুতিপ্রতিপাদ্য, যিনি শ্রুতিস্বরূপ, যাহার নানা মুতিতে আবির্ভাব কীতিত হইয়া থাকে, যিনি ইন্দ্রিয়ের অগম্য বস্তু, যিনি প্রকাশস্বরূপ, সেই নিত্য শকর দেবকে পুন: পুন: নমস্কার। যাঁহাকে স্থল বা পুনা বলিয়া নির্দেশ করিতে পারা যায় না, যিনি জগতের মন্ত্রকারী, যাঁহা হইতে বিশ্ব উৎপন্ন হইয়াছে, দেই তৃঃধহারী শক্ষর দেবকে পুনঃ পুনঃ নমস্কার। যিনি তর্কণান্ত্রের আদি প্রবর্তক, যিনি তপস্থার ফল প্রদান করিয়া থাকেন, যিনি **ह** हुवर्ग श्रान मार्थ, ८२ हे मर्वेष्ठ मकत एवरक नमस्रात । वाहात स्नाहि, मध्य ও অস্ত নাই, বাহার শরণ লইলে অশেষ ভীতি নিবারিত হয়, বোগিগণ বাঁহাকে ধ্যান করিয়া থাকেন, সেই মহান নিগুণ শিবকে প্রণাম। যিনি বিশ্বাতা, যাহার কোন প্রকার চিন্তা নাই, যাহার মৌলিদেশে চন্দ্র বিরাজমান, যিনি কলপের দর্প বিনাশ করিয়াছিতেন, যিনি কালভয়নিবারক, সেই শিবকে নমস্কার। যিনি বিষ পান করিয়াছিলেন, যিনি বুবস্কাধির চু, বাঁহার कढ़ीकनात्म शक्ता वाम करतन, त्महे भक्षत त्मवत्क नमस्रात । शिनि मात्राखीख, যিনি বিশুদ্ধান্ত:করণ ব্যক্তির অক্ষরাতারপে প্রকাশ পাইয়া থাকেন, যিনি ত্তিপুরাস্তক এবং পরিপূর্ণ মৃতি, দেই পবিত্রনামা শঙ্করকে নমন্বার। যিনি নিজ ভক্তগণের প্রতি সর্বদা পরিতৃষ্ট, এবং তাহাদিগের ভোগ-মোক্ষপ্রদ, যিনি দিগম্বর, যিনি বিশ্বস্থরপ ভবনে বস্তি বরেন, সেই শিবকে নম্মার। যিনি बच्चा, रिकू, क्रम এই दिम्जित मृत्र कात्रन, यिनि दिनम्रन এবং আদিভূত. যাহাকে আশ্রয় করিয়া স্বর্গ মর্ড পাতাল ত্রিলোক অবস্থিত, যিনি সাধকের জন্মনিবারক, সেই শক্তরকে পুন: পুন: নমস্কার।

আবার শিবচতুদ্নী আদিল এবং গেল। এই বসস্তে রুঞ্চাচতুর্দনীতে শিবের পুজা করিতে হয়। দিনের বেলার্যপূজানহে, পুরারকমের নৈশ

পূজা। রাত্রিকালের চারি প্রহরে চারিটা শিব গড়াইয়া পূজা করিতে হয় ; স্থাত হইতে স্থোপয়ের পূর্বকণ পর্যন্ত পূজা করিতে হয়। পূজার প্রধান অঞ্ नित्रष् উপবাস এবং রাজিজাগরণ। यथन निन পূজা এবং কৃষ্ণাক্ষের পূজা ख्यन विनाटहे हरेरव रेश जानिको शृका। यथन जन्न काजित, नतनाती-निवित्नारम, भूषात्र वावष्टा चाह्न, ज्यन वनित्जरे हरेत रेश जात्रिकी भूषा। **শिवशृकाग्र (करहे जनधिकात्री नाहे ; जाठछाल, बाक्षण भर्वछ मर्वकाछित এवः** সর্ববর্ণের এ পূজায় সমান অধিকার আছে। শিবের প্রতাক, শিবলিঙ্গ স্পর্শ করিবার সকলেরই সমান অধিকার আছে। ব্রাহ্মণ চণ্ডাল পাশাপাশি বসিয়া শিবপুদা করিতে পারেন; ধনী দরিজ সমাট এবং পথের ভিথারী পাশাপাশি বসিয়া শিবপূজা করিবে। শিবমন্দিরে লক্ষা করিতে নাই; অবগুঠন মোচন করিয়া কুললন্দ্রী শিবপূজা করিবেন। সাধারণতঃ শিবপূজায় মন্ত্র নাই, পদ্ধতি नारे; त्याम् त्याम् यम् यम् मराप्तर विद्या नित्यत माथात्र अनाकन गिनित्नरे, मठन्यन विषा वर्षा करितनरे गिरवत शृक्षा कता रहेरव। वर्षा गिरवत পুদায় কোন একটা বাঁধা-ধরা নিয়ম নাই; ব্রাহ্মণ পণ্ডিতে নিঞ্জের তৃপ্তির জন্ম একটা পদ্ধতিক্রমে শিবপূজা করিতে পারেন, ভূতত্তির আসনতত্তি করিয়া মন্ত্রের সাহায্যে শিবপুলা করিতে পারেন, আর মূর্য অস্তাল জাতির কেহ বিনা माज, त्करन यम महादित विनया त्मरे नित्य माथाय कन छानित छाहात পঞ্চার ফল ঠিক তেমনই হইবে। শিবপূজায় পুরোহিত নাই, গুরু নাই, মন্ত্র मारे, मञ्जल नारे; चाह्य किवन शृक्षकत एकि धवः अन्ना। धमन छेनात. मर्रक्रनीन পुषा रकान रहरणत रकान धर्म नाष्ट्र रिलाल खड़ाकि श्रेटर ना।

কেন এমন হইল ? শিবপুজার এত উদারতা শাল্প দেখাইলেন কেন ? উত্তরে বলিতে হইবে যে, শিব যে আমি—আমিই যে শিব। যত জীব তত শিব। আমি পণ্ডিত হই, মূর্ব হই, ত্রাহ্মণ হই, চণ্ডাল হই, হিন্দু হই, মূদলমান হই—আমি ষাহাই এবং যেমনই হই না কেন, আমার তিনি আমারই মতন হইবেন। শিবপুজার শিবের ধ্যান করিবার সময়ে নিজের মাথায় ফুল দিয়া নিজেকে নিজে দেখিতে হয়। আরও একটা কথা আছে। শিব প্রধানতঃ সংহারম্ভি; তাঁগাতে বিশস্প্রতী সংহত হয়, তাঁহাতে সর্বব সক্ষৃতিত হইয়াথাকে। তিনি সর্ববের পরিণাম পরিণতির স্থান সকলের পক্ষে সমান। আশানে বা গোরন্থানে রাজাপ্রজা পণ্ডিতমূর্ব, ত্রাহ্মণশ্ব স্বাই সমান। কেন না, দেহী মাত্রেই পক্ষে একই রক্ষের পরিণতি; পরিণাম সন্ধন্ধে দেহের বাছবিচার

नाहे : बाकात त्रत्वत त्रमन भतिभाम इहेत्व. क्षकात त्रत्वत त्रमनहे भतिभाम व्हेर्द । क्ष्फताः পরিণতির দেবতা, শ্বশানের ইশবের দৃষ্টিতে সবই সমান ; ठांशांत कारक खांकिविहांत बाहे. डेक्टबीह बाहे. बत्रवाती बाहे. ध्वीपतिख নাই। বেমন শ্বশানে সব এক, তেমনই শ্বশানের ঈশবের কাছেও সব এক। পকান্তরে নারায়ণ পালনকর্তা—রক্ষাকর্তা; তাঁহাকে সমাজ রক্ষা করিতে क्टेरन, वर्गविकान वकात्र ताथिएक क्टेरन, व्यक्तिकात व्यक्ताद्व वाहात वाहा প্রাপ্য তাহাকে তাহাই দিতে হইবে; তাই নারায়ণের—বিষ্ণুর পূঞ্জায় কেবল ব্রাহ্মণের অধিকার আছে, দে পুরার একটি নির্দিষ্ট পদ্ধতি আছে; নারায়ণের বিগ্রান স্পর্শ করিবার অধিকার সকল জাতির নাই। আরও একটা মজার কথা चाक । भिरवत श्रुवात भिरवत श्रीम थाहेवात वावशा नाहे ; भिवरक खान দিতে নাই; পঞ্চাশ ব্যঞ্জনসহ অন্তোগ দিতে নাই, দিলেও তাহা কাহাকেও পাইতে নাই। বিনি শ্বশানের দেবত।, তাঁহার ত ভূক্তাবশিষ্ট কিছু থাকিবার कथा नरह, रकन ना, छाहारा दा मर्वत्र बाहेशा मःक्ष हहेराह, छाहा छाणा কিছু নাই, তাঁহার অতীত কিছু পাকিতে পারে না। যিনি সংহারের দেবতা, তাঁহার আবার প্রদাদ কি ? ঘিনি রক্ষাকর্তা, পালনকর্তা, তাঁহারই ভোগরাপ প্রসাদ সম্ভবপর; কারণ ডিনি যে সকলকে বাঁচাইয়া রাখিবেন। निव मकन्राक जाजामार कतिरवन; निर्वाश्य विनर् भातिरवह निर्भूका সার্থক চইল।

আমাদের কোন দেবতারই, কোন ধানগম্য ইট্র দেবতারই একটা শত্ম রূপ নাই। বে দেবতা বে গুণোপেত, যাহা হইতে বে এপর্যের বিকাশ দেখিতে চাহি, তাঁহার রূপণ্ড সেই গুণ বা এপর্যের অচকুল ছইবে। শিব ব্যন 'আমি আছি' এই জানের ভোজক, অগপ্ত দপ্তায়মান কালস্কর্মপ, তথন তাঁহার প্রতীক শিবলিশ; রূপ নাই, দেহ নাই, নেত্রস্কু নাই, ভাব ভনী নাই, প্রবৃত্তি প্রকৃতি নাই—আছে কেবল অফিছের জ্ঞাণক একটা প্রতীক—একটা চিক্ল। সে চিক্ল কিলের গুল সংগ্রের গুত রহস্যের; এই গুত রহস্যে বাহাডে সম্পৃতিত তিনিই অনাদিলিশ মহাদেব। শিব যথন সংহারম্তি কল্প, তথন তাগতে কেবল সংস্কৃতিরই বিকাশ দেখান হইয়া থাকে। আমাদের মৃতিপূলা ভাবের মানচিত্রের পূজা মাত্র। শিবের ধ্যান আর কিছুই নহে, ক্লম্বপটে শিবভাবের মানচিত্র লেখা মাত্র। সেই মানচিত্র যাহার স্কৃত্যে যত ক্ষণ অক্লিড থাকে, তাহার জীবন তত ক্ষণ ধল্ল হয়। প্রথমে তবস্তুতি, অর্থাৎ Word

painting, गत्मत मार्शाया ভাবের আলেখা নিরপণ চেষ্টা মাত্র: ভারার পরে ধানি, অর্থাৎ শক্ষ-আলেখ্য অনুসারে মানস্পটে ভাগবত রূপের নিরূপণ। সেই রূপ দির হইলে, মনে গাঁথিয়া গেলে তাহারই প্রতিমা গড়িয়া বাহিরের দশ জনকে দেখাইতে হয়। সাধারণ লোকে সেই রূপ দেখিয়া উহাকে মনে মনে গাঁথিবার চেষ্টা করে; বাহিরের পট মনে গাঁথিয়া বসিলে, তখন গুবছাতির নিকবে সেই ধ্যানগম্য মৃতিকে কৃষিয়া লইতে হয়। এই চেটার ফলে, সাধারণ সাধকের মনে ভাবোদয় হইতে পারে,—হইয়াও থাকে। এই ভাবোদয়ের সহায়ত। করিবার জন্তই প্রতিমা-পূজা প্রবৃতিত। গত বর্ষে এই শিবরাজি উপলক্ষে শিবধানের ভাবার্থ বুঝাইবার চেটা করিয়াছিলাম; এবার আর छोरात्र भूनक्षकि कतिर ना। दक्षत अहे हुकू भारत व्राथिलाहे शहेर राय, शाधन-পদ্ধতি নির্দেশ বিষয়ে শাস্ত্র যাহা লিখিয়াছেন, তাহার কোনটাই বাজে নতে-নির্থক নহে। আমাদের সাধনশাস্ত্র ইউক্লিডের জ্যামিতির প্রতিজ্ঞা পূরণের পদ্ধতি অনুসারে লিখিত; গে৷ড়ায় আঃতি-নিদ্ধান্তের আরুতি, পরে সেই দিশান্ত বুঝাইবার জন্ম রেথাকিত চিত্রের লিখন, শেষে দেই চিত্র দেথাইয়া দিশ্বান্তের ব্যাখ্যান ও উল্লেষ। সাধন জ্যামিতি বুঝিতে এবং বুরাইতে कानि ना, तम विद्या जुनिया शियाहि वनियाहे था त्यान ठिएक धवर भाव লইয়া এত বিতত্তা, এমন অসংখ্য মতবাদের হৃষ্টি ইয়াছে।

বসন্তকালে শিবচতুর্দশী কেন ? স্থান্টির ক্ষুরণকালে, বখন বৈভভাবে প্রবল প্রকাশ আরম্ভ হইয়াছে, তখন অবৈভতন্তায়ত ব্যাইবার জন্ম, বোরনিশায় চৌকি হাঁকার মতন, গৃহস্বকে সজাগ রাখিবার উদ্দেশ্যেই শিবচতুর্দশী ব্রত্তর বাবহা। বসন্তে জীন আত্মহারা হয়, নিজেকে বিলাইয়া দিতে চাহে, নিজেকে বিলাইয়া দিবার জন্য স্থান্টির সর্বত্বে ছুটাছুটি করিয়া বেড়ায়; যেখানে বেটি মধুর, স্কল্মর, মনোহর, সেইখানেই নিজের মধুময়, স্থাময় আমাকে হরির লুট করিয়া ছড়াইয়া দিতে চাহে এই আত্মবিস্পণের সংরোধ ঘটাইবার জন্য শিবরাত্রির উপবাস। ঘোর নিশাকালে যখন আমি ছাড়া আর কিছুরই অফুভৃতি হয় না, যখন আমি আছি এই জ্ঞানটাই প্রবল থাকে, যখন আমার অন্তিন্ধে আমার স্থান সংস্কৃত্ব থাকে, তখন আমার অভিন্তকে শিবরণ জ্ঞান করিয়া আমার স্বব্র্ব তাহাতেই অর্পন করিতে হয়। আমার কৈব আসজি ব্যাধরণে আমার মেকদগুরণী বিষর্ক্ষের প্রবৃত্তির ভালে বনিয়া আছে, সেই ব্যাধ সারা দিন হিংসা করিয়া, শিকার করিয়া নিজ পুষ্টির জন্য মাংস

সঞ্য করিয়াছে। তাহা প্রবৃত্তির ভালে বুলাইরা রাথিয়াছে। মেকদওরণ विबग्रल व्यथि धरे कानक्षी व्यवानिक निव श्रीकृत तरियाह्न, डाँशांत চারি দিকে কুলকুগুলিনী শক্তি দর্পাকারে বেটত হইয়া বিশ্বরক্ষের উপর জড়াইয়া উঠিয়াছেন। ত্রিগুণাত্মক ত্রিপত্র বিষয়ক্ষকে শোভিত করিয়া আছে। বাহিরে ভীষণ ঝড়---বড়্রিপুর ভূফান-তরকে ভৃষ্টি যেন বিক্লুর, সঞ্চালিত, সদান্দোলিত। সে রাড় দেখিয়া আসজিরপী ব্যাধ ভয়ে সম্কৃচিত; এতটাই ভীত বে, আত্মরকার জন্ম বিব্রত। আমি না থাকিলে, আমার ত কিছুই থাকে না,—আমার প্রবৃত্তি নিবৃত্তি, আমার দয়া মায়া, স্লেহ মমতা, আমার হুপ তু:প, আমার ষ্ড্রিপু, আমার মানবতা—আমার সব যায় বে ! ভয়ে আসন্তি এতটাই সন্ধৃতিত যে, প্রায় আত্মন্থ। তথন ত্রিগুণাত্মক বিষণত্তের সঙ্গে दिংসার পরিণতি সেই সঞ্চিত মাংসের রস, ভিতরে—নীচে—মুলে আত্মারাম শিবের মাথায় পড়িল। অমনি আত্মন্ত্রপ শিবের প্রকাশ। সে শিব বলিয়া উঠিলেন,—'তুমি নাশভয়ে ভীত হইয়াছ, এই যে আমিই নাশের দেবতা, আমাতে তুমি দশ্বিলিত হও, তোমার নাশভয় থাকিবে না। আমিই শেব, আমি ছাড়া আর কিছু নাই, আর কিছু থাকিতে পারে না। ভাই শেষ নাগদকল আমার দ্বাঙ্গে বিজ্ঞতিত। সংসারের বিপরিণামের ফলে বাহা বাকী থাকে, যাহার আর অন্ত পরিণতি নাই, তাহাকেই শেষ বা essence বলে। এই শেষ নাগ-যাহার অন্যত্র ঘাইবার উপায় নাই, এমন সামগ্রী হইতে উংপন্ন। অর্থাৎ কৃষ্টির পর্বে পর্বে, মর্মে মর্মে, মজ্জায় মজ্জায় এই শেষ নাগ বিরাজিত। সংহারের এক মাত্র উপাদান বিষ, দেহ বিষাক্ত না হইলে দেহপাত হয় না। সেই বিষ, সেই নাগের আধার আমার কঠে নিত্য বর্তমান, खाई चामि नौनक्षे। शिशाई रखामात कीवानत चवलक्न. तमहे शिशा इहेर**ख** छेश्भन भिश्ट भाष्ट्र बामात कार्छ युख-भव; बामि छाहारमत हर्म नहेग्रा আসন পাতিয়া বসিয়া আছি। আমি সর্ববর্ণের সমন্বয়ে রঞ্জগিরিবৎ, কিন্ধ যেখানে অজ্ঞেয়তার আধার, সেইখানেই আমি নীললোহিত। ব্যোমমার্গ আমার কেশ, সে কেশের ভটাভারে ত্রিপথগা গঙ্গা—স্টের অসুরাগরুপিণী তরলতরবিণী কুল কুল ধ্বনিতে কেবল ঘুরিয়া বেড়াইতেছেন; ব্যোমপথের नीया नार, व्यायात कठाजारतत्व भीया नारे। स्टिमक्कि-विनामिनी बाराता বামরূপে আমার বামাঙ্গে বিরাজ করিতেছেন। আমাতেই সব, আমিট সকলের সমাপ্তি; তাই আমার ঝাণানবাস। আমি সেই খাণানে শ্বরণে

ছিলাম; তোমার ভরতীত আত্মার কাতর আহ্বানে, তোমার অহ্রাগের প্রবন্ধ সঞ্চালনে আমি শক্তিময় হইয়া জাগিয়া উঠিয়াছি। এস, এস, ক্রোড়ে এস—আমাতে আসিয়া সন্মিলিত হও।'

ইহাই শিবচতুর্দনী। ভয়ের দাহায়ে আত্মার অম্বেদ; আর্তের চেষ্টায় महमा व्याजामर्थन। ভয় किरमत ? প্রবদ বদক্তে স্টের ঘূর্ণাবর্ত দেখিয়া, সেই আবর্তবেশে স্কটের দাগরে ফেনোমির বিকট বিকাশ দেখিয়া আত্মার मरकाछ। এই मरकाछ इटेट छो यायिकाम-निवर्द्ध छेत्यव। कथाय चार्छ-कीरान मत्रन, महरान कीरन। क्रिजार मृद्यु, महिरान नवकीरन। বসস্ত জনমের ঋতু, ভাই সঙ্গে সঙ্গে মরণের ইন্বিডও করিতে হয়। শিবচতুর্দশী সেই মরণের স্পাষ্টর বিপরিণামের ইঙ্গিত মাত্র। এক দিকে নারায়ণ বিভূচ মুরলীধর মৃতিতে বদস্থের অহুরাগরজিম হইয়া মদনোৎসব করিতেছেন: এক হইতে তুই, তুই হইতে বহুতে পরিণত হইতেছেন; হলাদিনীর বিমল বিকাশে রাধা সতী অন্তরাগভরে স্বষ্টর হিন্দোলে তুলিভেছেন; মদনপূজার ধুম লাগিয়া গিয়াছে, অন্ত দিকে মদনাস্তক মহাদেব সংহারমূতির বিকাশ করিয়া, দর্বন্থে আত্মবিন্তার করিয়া দর্বন্ধকে আত্মন্থ করিতেছেন। দিনের বেলার महत्याहरनत नीना. निभाकारन महत्यथरनत महारहरवत नीना। अक हिरक বিকাশ, অভা দিকে সংলাচ। এক দিকে ছ্যাভি, রভি, বিস্তৃতি অন্য দিকে ত্রিলা, সংহতি, স্থতি। স্থায় ও বিনাশের এই প্রহেলিকা বুরাইবার জন্যই শিবচতুর্দনীর ব্রত। ইহা অনস্ত দাগর; যত তুব দিবে, ততই ইহার মহিমা ৰুঝিতে পারিবে।

> 'নমঃ শিবার শাস্তার কারণক্রয়হেতবে। নিবেদরামি চাত্মানং তৃং গতিং পরমেশ্বর ॥ তব তত্বং ন জানামি কীদৃশোহদি মহেশ্বর। যাদৃশ,ত্বং মহাদেব তাদৃশার নমো নমঃ ॥'

তন্তের ঐতিহাসিক মুল্য

তত্ত্বের দিল্লান্তবাক্যের মধ্যে অনেকগুলি কথা সাধারণ ভাবে আমি পাঠকগণকে বলিবার চেটা করিয়াছি। এখন বে ভাবে বে সকল তন্ত্র-গ্রন্থ এ দেশে প্রচলিত আছে, ভাহা হইতে ভব দথা পুঁলিয়া বাহির করা বড়ই কঠিন।

ভষের সংহিতাভাগ এবং উপনিষংভাগ সাধারণো প্রচলিত নাই। শার্মাভিলক. **माकानमञ्ज्ञिनी, दुर्रञ्ज्ञ**मात প্রভৃতি সঙ্কলনগ্রন্থ হঠতেই **তত্ত্ব-ক্**থাসকল ৰুজিয়া বাহির করিতে হয়; তাহা ছাড়া মহানিবাণ তম্ম, কুলার্ণব প্রভৃতি গ্রন্থও আংশিক ভাবে মুদ্রিত ও প্রকাশিত হইরাছে। ইহার উপর যাহার কাছে বেমন পুঁথি আছে, দে তদ্মুসারে স্বীয় বক্তব্য প্রকাশের জন্য সমর্থক বচনপ্রমাণ সংগ্রহ করিয়া দিতে পারে। তন্ত্র গুরুমুখ করিয়াই পড়িতে হয়, ভক্ষপরম্পরা অন্থারে উহার ব্যাখ্যা নানা ভাবে ও রকমে আমাদের দেশে প্রচলিত ছিল। শিবের পঞ্চ মুখ হইতে পাঁচটা আয়ায় নির্গত হইয়াছে, এই পাঁচটা আমায় অহুসারে ভষের পাঁচটা পদ্ধতি এনেশে প্রচলিত ছিল। ভষের निकास्त्रोका वा philosophy উर्व प्राप्त निवक किल। এখন खांत्र नीठिं। পছতি ৰভৰ ভাবে ব্যক্ত নাই; আয়ায় অহুসারে পু'থিসকলের বিভাগ নাই, আয়ায় অফুসারে গুরুপর পারার বিচারও কেহ করে না। রুঞ্চানক আগম-বাগীশের কাল হইতে আমারের বিচার একরকম লোপ পাইয়াছে বলিলেও चकुांक १३८४ ना। ३९८त क्त नामनकालत भूर्व भधक वानानात्र क्वल গুরুণরম্পরা ধরিয়া তা এক দিগের শ্রেণীবিভাগ হইত। ইংরেজের শাসনের পর হুইতে দে পক্ষেত্ত বিষম গোলঘোগ ঘটিয়াছে। তবে তল্পের বিরাট বিশাল ष्मरःशा भूखकत्रामि दिशित हेश यत श्रित शाहना हम्र द्य, वक काल वह তান্ত্রিক ধর্ম বাশালার জাতীয় ধর্ম ছিল, রাজ্যাত্য এবং রাজার ঘারা পরিচালিত ধর্ম ছিল। এই সকল ভন্তপুতকের মধ্যে বাঙ্গালার হুই হাজার বংসরের ইতিহাস লুকান আছে, যুগে যুগে জাতির পদ্ধতি, রীতি নীতির কথা প্রচন্ত্র রহিয়াছে। এই তম্মনাগর মন্থন করিতে পারিলে বান্ধালার বছ লুপ্ত রত্বের উদ্ধার হইতে পারে, বাঙ্গালা ইভিগাদের বহু তম্পারত কোটরে আলোকমালা ফুটিয়া উঠিতে পারে। কেবল তাহাই নহে, ছিল এক দিন, খখন বাদালীর সহিত তিবত ও চীনের, ব্রশ্ব ও তাতারের ঘনিষ্ঠ সমন্ত ছিল। যখন বালালার সিদ্ধ সাধকণণ তিকাতে ও চীনে, খ্যামে ও অন্নামে, জাপানে ও তাতারে ষাইয়া তম্বধর্ম প্রচার করিতেন, সকল দেশের পণ্ডিতগণ বাঙ্গালায় আসিয়া শাধনতত শিক্ষা করিতেন। ছিল এক দিন, যথন বালালীর সহিত তিবাত ও **होनवाशीत्मत्र देववाहिक जानान धानान हमिछ, यथन देनव विवादित धाडाद** বালালী এশিয়ার পূর্বাদকের সকল প্রধান জাতির সহিত ঘনিষ্ঠ সম্বন্ধে সংবদ্ধ ভিল। পৈব বিবাহপদ্ধতিটা রাজা রাম্যোহন রায়ের সময় পর্যন্ত এট বালাল।

নেশে দাবারণ ভাবেই প্রচলিত ছিল। এই শৈব বিবাহের কলে বাদালার বে লাতিবিচারে কডটা গওগোল ঘটিয়ছিল, ভাহা এখন আমরা দহদে শার ব্রিতে পারি না। শৈব বিবাহ ছাড়া, ভরার মেয়ে বিবাহ করা, কামপন্থী রাখা, বাদালার অবস্থাপর লোক মাত্রেরই নিয়মিভ ব্যবহার ছিল। মগ, চীনা ও তিব্বতীয়িদিগের সহিত আমাদের যে কডটা ঘনিষ্ঠতা ছিল, ভাহা আমরা এখন ভ্লিয়া গিয়াছি। পুরাকালের বড় বড় বাদালী ভিব্বতে ও চীনে বাইয়া নিয়মিভ বাদ করিভেন, তিব্বতের ওক হম্-পা প্রমৃত পণ্ডিতগণ বাদালার আসিয়া ঘর-সংসার পাডাইতেন। একে ত বৌদ্ধ ধর্মের প্রভাবে বাদালার আতিবিচার কভকটা লোপ পাইয়াছিল, ভাহার উপর বরেক্রন্থমিতে, উত্তর-বাদালার বক্ষবানী বৌদ্ধদের প্রভাবে সমাজে অনেকটা একাকার হইয়াছিল; ভাহার উপর বৈফবদের ভেক, ভাত্রিকদিগের শৈব বিবাহ এই একাকারে যথেষ্ট সহায়তা করিয়াছিল।

मभाष्ट्रत थरे मकन कथा ज्यात मध्या नुकान चाहि। दशानामनकाम्भ রাজগণ দক্ষিণ দেশ হইতে আসিয়া বাঙ্গালায় রাহ্মণ্য ধর্মের প্রতিষ্ঠার চেটা করিলেও, ডাছের প্রভাব বল্লালের মত রাজাও এডাইতে পারেন নাই; তাহারও একটি চণ্ডালিনী শক্তিরূপে ছিল, তিনিও তম্বসাধনা করিতে উদাসীন ছিলেন না। এই চণ্ডীপুলার প্রকৃত ইতিহাদ উল্বাটিত হইলে বালালার चानक कथा श्राकाण पाठेरव। हडीरक 'शिष्त्र वि' रकन वला हब. रकन চতীপুলার প্রকরণ বান্ধালার ব্যবদায়ী দাধু বেনিয়াদের বারা প্রচলিত ংইয়াছিল, কেন মুকুলরামের চতীতে ব্রাহ্মণের কথা নাই, বেনিয়া-সভাগরের क्थारे बाह्न. উनात डेनारें है। तक, बाधात हुडी तक वार कांधा रहें एक আলিল, এ সকল কথা ঠিকমত ব্বিতে পারিলে বাখালী জাতির একটা ভূপীয ইতিহাস কথা আমরা জানিতে পারিব। তাহার পর ঐতৈতত্তের প্রাতৃত্তাব-कारन वाकानात्र मार्थाकिक एकमन अकट्टी अन्द्रिभान्छ रहेग्राहिन, श्रीभित्रछानक -মহাপ্রভ কেমন করিয়া বৈষ্ণব ও তান্তিকগণের মধ্যে একটা আপোদের ক্ষ্টি করিয়াছিলেন, দে আপোদের ফলে সমাজের কি পারবর্তন ঘটিয়াছিল, ভাচাও আমরা ভাল করিয়া বুঝি নাই। এটিচতত্তের আবিভাবের পূর্বে বাদালার শ্মাঞ্রে আভান্তরীৰ দশা কেমন ছিল, তাঁহার মধুর রদের দাধনাপদ্ভি প্রচারের প্রভাবে বালালায় জাতিসকলের কেমন করিয়া স্থীকরণ হইয়াছিল, फाहारे छ । काम पांत्र का मार्थित कामा माहे । अरत मार्गित वर क्रम्ममारे इस

বান্দণ-রাজ্বংশের প্রভাবে বান্ধালায় ব্রাহ্মণ ধর্ম আবার কেমন করিয়া মাধা ৰাড়া দিয়া উঠিয়াছিল, তখনকার ব্রাহ্মণপণ্ডিত ও কবিগণ কোন্ পথ অবলয়ন করিয়া বান্ধালীর সমাজের উপর ব্রাহ্মণ্যের পালিশ চড়াইয়াছিলেন, সে তত্তাও আমরা বুঝিতে শিখি নাই। কেন চণ্ডীর গান বর্ণকার শিল্পী জাভি বালালায় প্রচার করিয়াছিল, কেন রামপ্রদাদের কালীকীর্তন চাপা পডিয়া ভারতচন্দ্রের অরণামঙ্গল প্রবল হইয়াছিল, কেন শত চেটা সত্ত্বেও মুকুল্বামের **हिंदी है थ दिएन अहिन के किन बार काहि, है हो इंख खरा कहा बाम हो नि ना**। ভম না পড়িলে এ সকল কথা বুঝা ঘাইবে না। ব্রাহ্মণ্য-প্রতিষ্ঠার চেষ্টায় বালালায় অনেক জাল জুয়াচুরি চলিয়াছিল, ঘটক ঠাকুরেরা অনেক সত্যের গোপন করিয়াছেন, স্মার্ত নাটোর ও নদীয়ার ব্রাহ্মণ-রাজাদের প্রভাবে ও চেষ্টায় আরও অনেক গোলমাল ও গোলযোগ স্বতিশাস্ত্রের রূপার তবকে ঢাকা পড়িয়াছে। এই সকল আবরণ খুলিয়া সভ্যের অমুসন্ধান করিতে হইলে ভন্নের আলোচনা করিতে হইবে। বাঙ্গালার গত হুই হাজার বৎসরের প্রকৃত हेजिहान श्राम श्रामन, जीवन्ति बेजिहानिकगलत नाहाया छैशानत আলোচনার প্রয়োজন, এবং নির্ভয়ে সত্য কথা ব্যক্ত করিবার বুকের পাটারও প্রয়োজন; এই তিন প্রয়োজন দিছ না হইলে বাদালী জাতির অতীত ইতিহাস ঠিকমত প্রকাশিত হইবে না, বাঙ্গালার পুরাতন গৌরবের মহিমা আমরা ব্রিয়া উঠিতে পারিব না। ইহা ছাড়া আর একটা কথা আছে। কেন পাঠানগণ বালালায় আসিতে পারিয়াছিলেন, বালালা দেশ তাঁহারা কি ভাবে জয় করিতে পারিয়াছিলেন, বাঙ্গালা জয় করিয়া পাঠানগণ কোন পদ্ধতিক্রমে বাঙ্গালীর অতীত গৌরবের স্মারক চিহ্নদকল মৃছিয়া কেলিডে উদ্যম করিয়াছিল, পাঠানদের উপত্রবে বাদালায় কোন লাতি মুদলমানধর্ম গ্রহণ করিয়াছিল, তাত্মিকগণ দে মুদলমানদের দক্ষে কোন্পথে আপোদ क्तिएक भाविषाहित्वन, भरत औरिहरूतात धर्म প্রচারিত হইলে মুসলমানদের সহিত আমাদের কেমন সম্বন্ধ হইয়াছিল,—এ সকল কণাও জানিতে পারিলে, বাদালী জাতির প্রকৃত ইতিহাদ আমরা বুঝিতে পারিব না। তম্মদাগর মন্থন করিতে না পারিলে, এ সব কোন কথাই আমরা ব্রিতে পারিব না। ইভিহাসের হিসাবেও তব্ৰ অমূল্য সাম্ঞী—অতুস্য এবং অবিতীয়।

একটা উদাহরণ দিয়া ব্যাইব, আমরা তল্পের মাহাত্মা কতটা উপেক। করিয়া থাকি ৷ রাজা রামমোহন রায় বে প্রাশ্ব ধর্ম এ কেশে প্রচার করেন,

তাহ। তম্বধর্মের একটা শাখা মাত্র। মহানির্বাণ তত্ত্বের গোডার করটা উল্লান আদি বান্ধ সমাজের বুনিয়াদপ্তরণ। উহাতে লিখিত ভন্নস্তোত্ত্যকল এখনও আদি সমাজে নিয়মিত পঠিত হয়, উহার দীকাদান-পছতি মহবি দেংস্কেনাথের লীবিতকাল পর্যন্ত আদি সমাজে প্রচলিত ছিল। এমন কি, ঠাকুরবাড়ীর বে বিবাহপদ্ধতি প্রচলিত আছে, ভাষাও মহানিবাণ ভন্তপদ্মত। ইয়ানীং বাঙ্গালায় ত্রাহ্মণ্য প্রভাব বৃদ্ধি পাওয়াতে এবং তান্ত্রিকগণের ব্যবহারদোবে তন্ত্র দর্বসমাজে নিন্দনীয় হওয়াতে রাজা রামমোহন ও মহবি দেবেন্দ্রনাথ মহানির্বাণ তমসমত আদি ত্রাম ধর্মের উপর উপনিষ্দের ধর্মের আবরণ দিয়াভিলেন। माधाताणा উপনিষদের দোহাই দিয়াই আক্ষ ধর্মের প্রচার করা হইত, পরস্ক দীক্ষিত ব্রাক্ষের সাধন বিষয়ে মহানির্বাণ ডল্লের প্রতিই অবলম্বিত হইত। সেই আমি ত্রান্ধ সমাজের উপর কেশবচন্দ্র ও প্রতাপচন্দ্র এটানীর মণলা চডাইয়া ভারতবর্ষীয় আন্ধ্র সমাজের প্রতিষ্ঠা করেন। সেই ভারতবর্ষীয় আন্ধ সমাজের উপরে বিলাস মাধাইয়া সাধারণ সমাজের সৃষ্টি হয়। মহানিবাৰ তল্পের পদ্ধতি হইতে ব্রাহ্ম সমাজ যতটা দরে গিয়ে পড়িয়াছেন, তভটা দেশের लारकत ममर्यक्रमा हाताहेबाएइन.-एएटी छेहा विकालीय आकात बातन করিয়াছে। যাউক সে কথা; আমার বলিবার উদ্দেশ্য এই যে, ত্রাক্ষ ধর্মের প্রচার পর্যান্ত বালালায় যত ধর্ম প্রচারিত হইয়াছে, দে সকলের মধ্যে কোনটাই ভন্নতত্ত্বের গভীর বাহিরে নহে। বাঙ্গালায় যে পাঁচ জন আন্ধণ কালকুক হইতে चानियाहित्नन, उँशिया व प्रत्न देविक धर्म श्रीतिष्ठीय कन चानियाहित्नन। िक्छ छांशामत वर्गना পिएता बान रहा, छांशाता बाहि विक्रिक हिलन ना, তাঁহাদের মধ্যেও তক্সপ্রভাব প্রবিষ্ট ইইয়াছিল। পরে তাঁহাদের বংশধরগৰ राजानाम कृतीन रहेमा एक्षध्य व्यवस्य कतिप्राहित्वन। निकार।विवित्तत्र वोद्ध एव वर्षन वर्ष वर्ष वांत्रांनां प्र लांग भाग नाहे, महक्त्रिंग देशव धर्मत ছাবরণে দে ধর্ম এখনও সজীব আছে। বাঙ্গালীর মেয়েলী ব্রত উৎসবের मार्था भू केत्न अथन्छ दोष 'शव शाख्या यात्र ; छत्त्वत्र मार्था दोष शिषास त्यन ওতপ্রোতভাবে বিরাজ করিতেছে। যে কোন তম্ম খুলিয়া দেখ না, সাধনা ও আরাধনার কাতে জাতিবিচার নাই, কেবল অধিকারবিচার আছে। বলিতে পার, ইহাই ভাষের মূল দিছাত, বৌদগণ এই দিছাত গ্রহণ করিয়াছিলেন शाखा चक्रपः बळवानी ७ कानहळायांनी वोदशत्वत्र देशहे यछ। धहे মহাধানী বৌদ্ধণ আধুনিক ভত্তের উপর প্রবল প্রভাব বিভার করিয়াছিলেন। আধুনিক এমন একথানা ভাষের পুঁথি পাইলাম না, বাহাতে বৌদ্ধ মনীধার প্রভাব দেখিতে পাইলাম না। তবে ভাষের থেকোন পুঁথি পাঠ কর না কেন, ভাহা পাঠ কারলে ব্কা ঘাইবে বে, অতি প্রাতন একটা শক্তিধর্মের ব্নিয়াদের উপর বৌদ্ধ মনীবা একটা নৃতন ধর্মের প্রাণাদ গড়িয়া তুলিয়াছিলেন, পরে নব্য হিন্দুর আহ্বপপ্রভিভা বৌদ্ধের দেই মনীবা-প্রাণাদের উপর এাহ্মণ্যের লেখা গাচ় কার্যা লিখিয়া রাখিয়াছেন। একটু ব্ঝিয়া হিণাব করিয়া ভাষের পুঁথি পাঠ করিলেই ব্ঝা যায়, উহার তবে ভারে বালালার এবং বালালা আভির ইতিহাদ শুকান রহিয়াছে; কারণ, ভাষধ্য আভির হিদাবে বালালারই ধ্য, বালালীর প্রভিভা যেন বাদশ পর্যের মতন ভাষের পত্রে পত্রে আলভেছে; যে দেখিতে জানে, সেই দেখিতে পায়—ভাহারই জীবন ধ্যা হয়।

একটা মন্ত্রার কথা বলিব। বৈষ্ণুব সাহিত্যের কথা ছাডিয়া দিলে. वाकाला माहित्या इस्टी धाता वहित्यह ; अक्टी हखीयकल, अस्टी धर्मम्ल ; রামায়ণ মহাভারত পৌরাণিক কণা, বালালা ভাষায় কতকটা আধুনিক ব্যাপার। রমাই পণ্ডিতের ধর্মকল হইতে ঘনরামের ধর্মকল পর্যন্ত বালালায় যত ধর্মকল প্রচারিত হইয়াছে, সে সকলেরই নায়ক ব্রাহ্মণ বা ক্ষত্রিয় নহে, বেনিয়া সভাগার বা অন্ত কোন মল জাতি। চণ্ডীমন্সলেরও সেই কালকেও ধনপতি সভাগর, দেই ব্যাধ ও ইতর শ্রেণীর কথা। শিবায়ন ও মনসার পানেও ब ব্যাপার। তবে উপযুগির ত্রাক্ষণ কবিগণ এই সকল বিষয়ে কাবাগ্রন্থ লিখিয়া ধীরে ধীরে উহাদের উপর ব্রাহ্মণের ভাব প্রবিট করাইয়াছেন। ভারতচজ্রের অন্ন্রামকল, চ্ঞীর গানের শেষ রাক্ষ্য সংস্করণ। কবিকল্পনের চণ্ডী ব্রাহ্মণ কবির লিখিত হইলেও উহাতে ব্রাহ্মণেতর জাতির মহিমা অধিক লিখিত হইয়াছে, আহ্মণ্য ধর্মের প্রতিষ্ঠার তেমন পারচয় নাই। বালালা সাহিত্য গোড়ায় ঠিক ব্রাহ্মণের সাহিত্য ছিল না; বাঙালা সাহিত্য গোডায় বান্ধণেতর জাতিরই সাহিত্য ছিল, দেশের ইতর জাতির সাহিত্য ও ধর্মের ভাষা ছিল। গোড়ায় ব্রাহ্মণ্যণ সংষ্ঠত ভাষা ও সাহিত্য লইয়া ময় ছিলেন, দেশের জনসাধারণের ভাষা এবং ধর্মের প্রতি তেমন দৃষ্টি রাবিতেন मा। जयम (करन बाचार्गज्य काजि ए। इन वोध्वर्धायनको किन। महायानी मच्छकारयद रक्षमानी अ कामहत्क्यानीरकत नाना माथा छेनमाथात धर्म व्यवस्त ক্রিয়া বাদালার জনসাধারণে পরিতৃপ্ত থাকিত। এই সময়ে বাদালার ভারিক বৌদ্ধানের সহিত তিকাতের ও চীনের বৌদ্ধানের ঘান্ট সম্বন্ধ হিল।

কাৰ্যকুৰ, দাক্ষিণাত্য প্ৰভৃতি দেশ হইতে বে সকল ত্ৰাহ্মণ বালালায় আসিত্বা বাস করিয়াছিলেন, তাঁছারা রাজার আহ্বানে আসিয়াছিলেন, রাজার আহ্রান্ধ বাস করিয়াছিলেন। তাঁহারা বালালার আদিম সমাজের প্রতি দৃষ্টি রাখিতেন না, বালালীর ভাবনা ভাবিতেন না: তাঁহারা নিজের ঘরে বসিয়া যাগ য হোম করিতেন এবং বৈদিক কর্মকাও লইয়া ব্যস্ত থাকিতেন। বাদালায় পাঠান আক্রমণের পর বাদালার কাক্তকুলীয় ব্রাহ্মণ কায়ছের সহিত ধাদ বালালীর ঘনিষ্ঠতর সম্বন্ধ হইতে আরম্ভ করিল। বালালার ব্রাহ্মণগণ ধীরে ভাষ্ত্রিক আচার বাবহার গ্রহণ করিয়া, ভ্রমাধনায় সিদ্ধ সাধক হইরা সমাজের উপর নেতত আরম্ভ করিলেন। তাঁহাদেরই চেষ্টায় বৌদ্ধ তম্ন ক্রমণঃ বাস্থ্যা ভাবে বিষ্ণিত হইতে লাগিল। ক্লফানন্দ, ত্রন্ধানন্দ, ত্রিপুরান্দ প্রভৃতি ভৱের নানাবিধ সকলনগ্রন্থ রচনা করিরা ভবে বর্ণাল্রমধর্মের প্রভাব ফুটাইরা ভূলিলেন। সঙ্গে সঞ্জে ব্রাহ্মণ কবিগণ দেশপ্রচলিত কিছদন্তী ও ধর্মের কথা অবলম্বন করিয়া, পুরাতন ধারার সহিত একটা নুতন কাব্যের ধারা প্রবাহিত कत्रिया मिलान । वाकामी थीरत बीरत जाचना धर्मत अवः ভारवत नामनाधीन हरेशा পिছन। वानामीरक बान्यभागनाशीन कतिरक शूर्वकारनत बान्यभागवरक ভাত্মিক এবং বৌদ্ধ ধর্মের সহিত অনেকটা আপোদ করিতে চইরাছিল! বে আপোদের চিক্ত বালালার মলল ব্যবস্থাগ্রন্থে সকল কাব্যগাধার এখনও পরিকৃট আছে। তবে আধুনিক তরগ্রহে বে এই আপোদের নি। শ্ন অভি রুলাই, ভালা ভরের পাঠক মাত্রেই জানেন। বালালার নানা জাতিব हे जिहान बुँकिए इहेरन एक इहेरज यक मछा- श्राक्त कथा वाहित इहेरत. এত আর কোথাও বঁজিয়া পাভয়া ঘাইবে না।

এইখানে আর একটা কথা বলিব। যথন তান্ত্রিক বৌদ্ধ ধর্ম বালালার প্রবল ছিল, তথনও কিন্ধ রাহ্মণ জাতির প্রাধান্ত ছিল। সে দকল ব্রাহ্মণ বৈদিক আচারভ্রষ্ট ছিলেন, তন্ত্রসাধনার তাঁহারা জাতিবিচার করিতেন না; তাঁহারা চীন তিব্বতে যাইয়া শবরাচার অবলম্বন করিতেন, সে দেশের ভোজা পের গ্রহণ করিতেন। এই দকল ব্রাহ্মণ শক্তি রাখিবার ছলে বছ অস্তান্ত্র-জাতীয়া নারীকে শৈব পদ্ধতিমতে বিবাহ করিয়া ঘর-সংসার চালাইছেন। চঙীধান রামী রজকিনীকে শক্তিরপে গ্রহণ করিয়া, সে কথা গোপন করিতেন না, তক্ষন্ত লক্ষা বোধ করিতেন না। বাহুলী পৌরাণিক বা ব্রাহ্মণগ্রাহ্ম কোন দেবতা নহে; উহা বৌদ্ধ তন্ত্রের দেবতা; সহজিয়া ধর্ম ধান বৌদ্ধ ধর্ম,

লিছাচার্যগণের প্রতিষ্ঠিত বৌদ্ধ ধর্ম। ত্রদ্ধানন্দ গিরি শবং ত্রাশ্বণ হইলেও ভাঁহার হাড়ীজাতীয়া এক রমণী শক্তি ছিল; তিনি এই হাড়ীর বিকে চণ্ডী বলিয়া প্রকাশ করিতেন এবং তাহার সহিত স্বামী-স্তীর সময় প্রকাশ ভাবে রাখিতেন। হাড়ী, ডোম, চণ্ডাল, রঙ্কক, নাপিত প্রভৃতিজাতীয়া নারী না হইলে যেন সেকালের বান্ধণ ভান্ধিকদিগের ভন্নসাধনাই হইত না। তন্তে একটা গল্প প্রচলিত আছে যে, বশিষ্ঠ ঋষি কামরূপে (কেহ বলেন, রামপুর-হাটের কাছে তারাপুরে) তারা আরাধনায় সিদ্ধি লাভ করিয়া প্রকাশ করেন যে, বত জীব, তত শিব, যত নারী, তত শক্তি; অতএব সাধনচক্রে জাতি-বিচার নাই, কেবল অধিকারীর বিচার করিবে। বশিষ্ঠের এই ব্যবস্থা অফুসারে ৰামালায়, বিশেষতঃ পূর্ব ও উত্তরবামালায় তিব্বত ও চীনের, ব্রহ্মের ও মপদেশের বছ নরনারী শৈব বিবাহপদ্ধতিক্রমে বাদালার নানা জাতির সহিত মিলিয়া মিশিয়া গিয়াছে। এই শৈব বিবাহের প্রভাব রঘুনন্দনের শ্বতির প্রচলনের দক্ষে বাকালার আক্ষণ কায়ত্বসুথ উচ্চ জাতিদের মধ্যে चरनकरी मरकाठ लाভ कतियाहिल; भरत महाताल कृष्कारखन ममरत छैश भिष्ठेमभोक **टरे** एक जानक है। जानरे नारेग्राहिन। यारात्रा उद्यमाधना कतिएन. তাঁহারা গোপনে শক্তি রাখিয়া কাজ করিতেন। রাজা রাম্যোহন রায় কিছ সেটকুও গোপন রাখিতে পারেন নাই।

অন্ত দিকে প্রীচৈতত্তের বৈষ্ণব ধর্মের প্রচারের ফলে বাঙ্গালার হীনধান শ্রেণীর বৌদ্ধ ধর্ম বিষ্ণব আকার ধারণ করিয়া আত্মগোপন করিয়াছে। প্রাচ্যবিভামহার্ণব প্রীমান্ নগেন্দ্রনাথ বন্ধ মহাশয় তাঁহার Modern Buddhism বা আধুনিক বৌদ্ধ ধর্ম শীর্ষক গ্রন্থে এ তন্থটা স্পষ্ট করিয়া দিয়াছেন। কেবল হীন্যানী বৌদ্ধ কেন, মহাযানী তাদ্রিক বৌদ্ধদিগের এক শাখা মহাপ্রভু প্রীমরিত্যানন্দের কুপায় বৈষ্ণব ধর্মের আশ্রয়ে আত্মগোপন করিতে পারিয়াছিল। এই যে কর্ডাভন্ধা, কিশোরীভন্ধা প্রভৃতি সাধনার প্রণালী এ দেশে প্রচলিত রহিয়াছে, ইহাদের মধ্যে বৌদ্ধ তাদ্রিক পদ্ধতি এখনও অনেকটা ফুটিয়া আছে। ভারতবর্ধের নানা দেশের বহু সন্ত্যাসীসম্প্রদায়ের মধ্যে এখনও বৌদ্ধ তাদ্রিক পদ্ধতি প্রচলিত আছে; অনেক সম্প্রদায়ে অবলোকিতেশ্বরের পূজা করিয়া সন্ত্রাদ গ্রহণ করিতে হয়। সে অবলোকিতেশ্বর এখন শিবলিকে পরিণত হইয়াছে, পূর্বে বুদ্ধের প্রতিমৃতিই পৃত্বিত হইত। শাস্ত্র বন্ধন,—বিজাতি ব্যতীত, বিশেষতঃ ব্যাদ্ধণ ও ক্ষত্রিয়

ব্যক্তীত অক্ত কোন জাতির সন্ন্যাসে অধিকার নাই। কিছ গরীবদানী, কাণফোড়, নাগা নাগপন্থী, রামানলী প্রভৃতি এমন বহু সন্ন্যাসী-সম্প্রদার জাতিবিচার না করিয়া বাহাকে তাহাকে স্থ-স্থানভূক করিয়া লয়। নাগারা ত পূর্বে ছেলে চুরি করিয়া আনিয়া, সেই সব শিশুকে প্রতিপালন করিয়া নিজেদের দল পূর্ট করিজ,—এখনও করিয়া থাকে। এই হেতু যুক্তপ্রেদেশের পর্বথেণ্টকে শিশু রক্ষা করিবার উদ্দেশ্যে বিশেষ ব্যবস্থা করিতে হইয়াছে। গোড়ীয় বৈক্ষব সম্প্রদায়ের ত কথাই নাই; কথাতেই আছে—জাতি হারাইলেই বৈক্ষব। বালালার ছত্রিশ জাতি সম্পিণ্ডিত হইয়া বালালার বৈক্ষবে পরিণত হইয়াছে। পশ্চমের কবীরপন্থী, নানকপন্থী প্রভৃতি সম্প্রদায়ও নানা জাতির সম্বায়ে স্টে—নানা জাতির সম্মেলনে উদ্ভৃত। বরং বালালায় কুলাচার্যগণ থাকাতে, কুলঙ্কী গ্রন্থসকল থাকাতে অনেক জাতির একটা হিসাব, একটা ইতিহাস পাওয়া যায়; বিহার হইতে পাঞ্জাব পর্যন্ত এই বিরাট্ট দেশে জাতি বিশেষের পরিচয় পাওয়া হুর্ঘট; এমন কি, ব্রাক্ষণের শাখাবিশ্বেরে কোন পরিচয় পাওয়া বায় না—বিশেষ কোন খোঁজ খবর পাওয়া যায় না।

এই नकल कथा এकটু चुताहेग्रा, वात्र वात्र विलवात अकट्टे राज्य आहि। বান্ধালী যেন নিজেকে চিনিবার জনা, জাতির অতীত ইতিহাস ঠিকমত বানিবার জন্য একট উভত হইয়াছে। এই জন্য কেহ বা কুলজী গ্রন্থ সকল র্থাটিতেছেন, কেহ বা তাম্রণাসন খুঁজিতেছেন, কেহ বা শিলালিপির পাঠোদ্ধার করিতেছেন। এ সব ভাল কথা বটে, উত্তম উত্তম বটে; পরন্ধ বালালীকে ঠিকমত চিনিতে হইলে তম্ব না পড়িলে ঠিক পরিচয় জানা ঘাইবে না। তম্ব পাঠের সঙ্গে সঙ্গে বাসালার অতি পুরাতন কাল হইতে ভারতচক্র পর্যন্ত বে বালালায় থাটি সাহিত্য স্ষ্টে হইয়াছিল, তাহার বিলেবণ করিতে হইবে। কারণ, বৈষ্ণব এবং ভাল্লিক ভাষা-সাহিত্যের মধ্যে বাঙ্গালার পুরাত্ত্ব ইভিহাস अत्यक्ती नुकान आहि! तम नुकान कथा वृत्तिष्ठ इहेन एव পृष्टि एउ হইবে: চৈ চন্যভাগবত, চৈতন্য-চরিতামত প্রভৃতি গ্রন্থে তথনকার বান্ধানার অনেকগুলি ছবি আছে, পাষ্ডীদের অনেক মন্ধার মানির কথা আছে। সে সব বাছিয়া বাহির করিতে পারিলে বাঙ্গালীর অনেক বিশ্বত সামাজিক চিত্র দেখিতে পাওয়া যায়। এ সব ব্ঝিতে হইলে, ঠিক জিনিস ঠিক ছান হইতে বাহির করিতে হইলে তাত্রিক আচার পছতি, রীতি নীতি জানা প্রােছন। এই হিসাবেও তব্র বাবালীর পক্ষে অমূল্য গ্রন্থমালা। কাভির

cohesiveness বা সংহতিশক্তি বৃদ্ধির পক্ষে তারের শক্তিধর্ম যে প্রবন্ধ থাকাই উপায়; চণ্ডাল হইতে ব্রাহ্মণ পর্যন্ত বালালার ছব্রিশ জাতিকে এক সত্রে সমভাবে বন্ধন করিতে তন্ত্র যতটা সহায়তা করিয়াছিল, এত আর কোন ধর্মই করে নাই। তন্ত্রের পর প্রীচৈতন্যের বৈষ্ণব ধর্ম অনেকটা কাল করিয়াছিল। এখন সমাজে কোন ধর্মের প্রাবল্য নাই, আছে বিলাস ও একাকার বা নৈরাকারের প্রবৃত্তি। ইহার সাহায্যে Nation building বা বিরাট্ জাতির ক্ষেষ্ট হয় না। আবার তন্ত্রকে জাগাইয়া তুলিতে না পারিলে জাতির হিসাবে আমরা উরত হইতে পারিব না। ইহাই আমার বিশ্বাস।

বাঙলার তক্ত

ইংরেজী শিক্ষার অতিপ্রচারে, ইউরোপীয় সভ্যতার মোহে আমরা আর वर्ष्टरे विश्व इहे ना (कन, एएटमत अवः ममास्कत मिरक एमीत मृष्टि महेता ভাকাইতে ভূলিয়াছিলাম। ইউরোপীয় সভ্যতার মোহে আমরা এডই আত্মহারা হইয়াছিলাম বে, দেশের পুরাতন আচার ব্যবহার, রীতি প্রতি किছ् हे जान विनया त्यांथ इंडेज ना ; विरम्भात, विरम्भातः हेजिताला मकन আচার ব্যবহার উৎকৃষ্ট বলিয়া মনে হইত। আর এই বোধের সঙ্গে সংক্ ভাবিতাম যে. ইউরোপের সামাজিক আচার ব্যবহার আমাদের দেশে প্রচলিত করিতে পারিলে ব্যক্তিগত ভাবে এবং দামাজিক ভাবে আমাদের দক্ষ চু:খ इत इट्टेर्ट । এই মোহের ভার এতই অধিক হইয়াছিল বে, আমাদের মধ্যে অনেকে এমন হইয়া উঠিলেন যে, তাঁহারা দেশকে এবং বালালী সমাজকে লাহেবী চল্পে পরিণত করিতে পাক্ষন আর নাই পাক্ষন, সমাজের দশ জনকে উন্নত উদাহরণ দেখাইবার উদ্বেক্ত নিজেরাই কোরা সাহেব সাজিয়া বসিলেন। (मान बाहा, समीत बाहा जाहा किছू कालत कता खरळाउ-डेर्शक्ड इरेबा बहिन। यक्टरकत भन्न, चलनी चाल्यानातत मधात्र (मानद मकन लारकत पृष्टि वाकानात भूताचन नमारकत প্রতি আরু हे हहेन, है:रत्रकीनवीन बांबू थांकि वांचानौरक हिमिवांत्र (हेंहें। कतिएक माशिरनम । शूर्व रव काशांत्रक विश्व पृष्टि भए नारे, वमन कथा विज्ञा भाव ना। त्मानुका भक्तक्व मृत्यानाथ्यात्वत्र त्थात्रवात्र, विक्रमहत्त्वत्र त्वथनी नविहाननात्र, हेळनात्वत्र त्वत

বিজ্ঞাপে, অক্ষয়চন্দ্রের সন্দর্ভে অনেকের দৃষ্টি এই দিকে নিপভিড হইয়াছিল वर्ते ; भत्र जांदात्रा नाशात्र है: रत्र जीनवीरमत्र एम दहेरा भूषक दहेत्रा পড়িয়াছিলেন; তাঁহাদিগকে কেহ বা নব্য হিন্দু বলিয়া ঠাট্টা করিত, কেহ বা আর্যামি বলিয়া বিজ্ঞপ করিত। স্বদেশী আন্দোলনের পর হইতে এ ভাবটা **प्रात्म किमाह**—नारे विलिख हाल। এখন লোকে বুঝিয়াছে যে, রাজা রামমোহন রায় এবং পণ্ডিত ঈশ্বচন্দ্র বিদ্যাদাগর, এই ছুই জনই বাঙ্গালার খাঁটি এবং স্বদেশী সমাত্র-দংস্কারক ছিলেন। ইহারা উভয়ে পুরাদস্তর দেশীয়তার বেদীর উপর সমাজদংস্কারপদ্ধতি চালাইবার চেষ্টা করিয়াছিলেন। বাকা সব.— (क्नवह्य श्टेर्ड खरतस्त्रनाथ, त्रवीस्त्रनाथ भर्षच हेडेरतारभत्र नकनन्तीम ममाज-শংস্কারক এবং ধর্মপ্রচারক। তোমাদের দেশে, তোমাদের বান্ধালী সমাজে. थीं पि ताकाली नारे कि? श्वीशाधीनजा चाह्न, युवजीविवार चाह्न, विधवा-বিবাহ আছে, ছত্তিশ জাতি এক করিয়া পান ভোজনে একাকার আছে, নিরাকার ঈশবের উপাদনাও আছে। তবে দে দব বাঙ্গালীর গাড়ু গামছার সঙ্গে, কাপড় চাদ্রের সঙ্গে, বেজায় ভার্গাকুলার ভাবের সঙ্গে জড়ান মাখান আছে। সেথানে সেমিজ সেলুকা নাই। হ্যাট্ কোট নাই; রোষ্ট টোষ্ট नारे, कांत्रि कहेंत्वरे नारे, कृष्टि विकृष्टे नारे। चाह्य मान्याचारा, मानमार्ख्या, মুন্তা, মহাপ্রদাদ, খোল করতাল। সে সব খাঁটি বালালার জিনিদ যদি খুঁজিয়া বাহির করিতে চাও, তবে বাঙ্গালীর বৈষ্ণব ধর্ম, সহজিয়া ধর্ম এবং বাঙ্গালার তন্ত্র ও তাদ্রিক ধর্ম বুঝিবার এবং জানিবার চেটা কর। গৌড়ীয় **जञ्ज ७** देवक्षव धर्मत मकन थवत शाहेल वृत्तित. तकभवहक्क हहेत्छ भिवनाण স্থারেজনাথ পর্যান্ত স্বাই পণ্ড শ্রম করিয়াছেন; যাহা দেশে ছিল, তাহাই বিলাতী মোড়কে মুড়িয়া এ দেশে আবার আমদানি করা হইয়াছে।

আসল কথা কি জান, যে ধর্মের—যে সমাজবিন্তাসের উপর তোমাদের এতটা রাগ, এমন জাতকোধ, সে ধর্ম ও সমাজশাসন বালালার দিকি অংশ লোকে মানিয়া চলে না। শ্বতির আচারধর্ম এবং বর্ণাশ্রম প্রতিষ্ঠা বালালার কেবল রাহ্মণ, কায়ম্ব ও বৈদ্য, এই তিন জাতির মধ্যে কতকটা নিবদ্ধ ছিল। অর্থাৎ বাছিক হিলাবে, কয়েকটা বহিরাবরণের হিলাবে শার্ড ধর্ম এ দেশে প্রচলিত ছিল, এখনও আছে। কারণ, বাহারা আফ্রচানিক তাত্মিক বা দীক্ষিত বৈষ্ণব হইতেন, তাঁহারা শ্বতির সকল হতুম মানিতেন না। আফ্রচানিক তাত্মিক, পূর্ণাভিষিক্ত তাত্মিক চক্রে বসিতেন, স্থরা পান করিতেন। শ্বতির

হিসাবে তাঁহার জাতি ধর্ম থাকে কি? দীক্ষিত বৈষ্ণব মহোৎসবে প্রসাদ পাইলে, কীর্তনানন্দে বিভার হইলে তাহার জাতি কুল স্বতির হিসাবে বজার थाक कि ? वाकानात बाकान कायह बाखाई इस देवस्थ्व, नट्ट छ द्यात ভাষ্কি। মহুর হিসাবে, এমন কি, রখনন্দনের হিসাবেও বাদালার কুলীন বান্ধণ, কায়স্থ, বৈদ্য, কাহারও ঠিকমত জাতি নাই। এখন ইংরেজের আমলে ইংরেজী লেখাপড়া শিথিয়া আমরা দর্বকর্মবর্জিত হইয়াছি; আমাদের চক্রে विभिन्ना खन्ना भान कन्ना नाहे, महाव्यमान विनन्ना महामाश्म एडाक्यन नाहे, शक्कास्टत মহোৎসবে প্রসাদ ভোজন নাই, সহজিয়ার সাধনাও নাই। সে স্বেচ্ছাচারের স্থান এখন বিলাতী স্বেচ্ছাচার অধিকার করিয়াছে। চক্রের পরিবর্তে টেবিল হইয়াছে, অপরের পরিবর্তে ডিক্যান্টায় ও ওয়াইনগ্লাস হইয়াছে, মুদ্রার স্থানে রোষ্ট হইয়াছে। পক্ষাস্থরে মালপোয়ার পরিবর্তে কেক থাই, পায়েস প্রসাদের পরিবর্তে পরিজ পান করিয়া থাকি। হেরিডিটি মানিতে হইলে বলিতে হইবে, ব্রমান স্বেচ্ছাচার আকাশ হইতে পড়ে নাই; খাঁটি দেশীয় স্বেচ্ছাচার ও একাকারের পরিবর্তে বিলাতী বা ইউরোপীয় স্বেচ্চাচার স্বীয় প্রভাব বিস্তার করিয়াছে। বাঙ্গালার প্রায় পনের আন। নর নারী কথনই খাঁটি বৈদিক-বর্ণাশ্রমী হিন্দু ছিল না, এখনও নাই। কি জানি কেন, বাধালার মোলায়েম পলি মাটিতে বৈদিক হিন্দুয়ানি কথনই গজায় নাই, বোধ হয় কথনই ঠিকমত গজাইবে না। তাই মাঝে মাঝে বান্ধালায় হিন্দুয়ানির চাষ করিতে হইরাছে; কান্তকুল, মিথিলা, কর্ণাট, লাবিড় প্রভৃতি দেশ হইতে গোঁড়া হিন্দু আনিয়া হিন্দুয়ানির কলমের চারা সাজাইতে হইয়াছে: কিন্তু এমনই মাটির গুণ যে দেই গোড়া হুই তিন শত বৎদরের মধ্যে পাতিতে পরিণত হইয়াছে। বাঙ্গালার হিন্দুও পাতি, মুসলমানও পাতি। বাঙ্গালার দেশীয়তার প্রভাব অপরিহার্য-অনিবার্য।

বালানার বালালীকে ঠিকমত বৃঝিতে হইলে, এই দেশের বৈষ্ণব ধর্ম এবং তদ্ধের ধর্ম বৃঝিতে হইবে। কারণ, বালালী অর্থেক বৈষ্ণব, অর্থেক তান্ত্রিক। তদ্ধ-নাহিত্য পড়িয়া যত দূর বুঝা যায়, ভাহাতে ইহা মনে দৃঢ় বিশ্বাস হয় যে, তদ্ধর্মই বালালার আদিম ধর্ম। বৌদ্ধ যুগে বালালার ও তীরভূজির (আধুনিক ত্রিছত ও মিথিলার) বৌদ্ধগণ মহাযান বৌদ্ধের প্রাবল্য ঘটান এবং সেই মহাযানী বৌদ্ধদের প্রভাবে বদ্ধযানী, কালচক্রযানী প্রভৃতি নানাবিধ ভাত্রিক বৌদ্ধ মত প্রচারিত হয়। এই ভাত্রিক বৌদ্ধ ধর্ম বালালা হইতে

তিব্বতে, চীনে, ত্রন্ধে, ভামে, আনান, কাংঘাভিয়া প্রভৃতি দ্রদ্রাম্বর দেশে প্রচারিত হয়। পরে ভিবতে ও চীনের তান্ত্রিক বৌদ্ধগণ বালালায় আসিতেন এবং ভব্রমত শিক্ষা করিতেন। এখন কথা এই যে, বৌদ্ধ ভব্রধর্ম অভিপুরাতন कान युन जाञ्चिक धर्मन्न रागेष नमस्य, कि अरक्वारत्रहे अकृष्टी नुजन धर्म, जाहा এখনও ছির হয় নাই। আমার মনে হয়, একটা অতি পুরাতন তন্ত্রধর্ম এ দেশে খুব প্রচলিত ছিল; বৌদ্ধ ধর্ম দেই ধর্মের সহিত মিশিয়া প্রবলতর আকার ধারণ করিয়াছিল। তদ্ধের অধিকতর আলোচনা হইলে এ প্রশ্নের মামাংসা পরে হইবে। যাহা হউক, ইহা ঠিক যে, গত হুই হাজার বৎসরকাল বান্দালায় তম্বধৰ্মই প্ৰবল আছে। এখন আমরা ধৰ্মকৰ্মশৃক্ত হইলেও তম্বের আচার ছাড়ি নাই। বাঙ্গালার সকল বড় ভৌমিক ও জমিদারের ঘর তান্ত্রিক ছিল; পরে তাঁহাদের অনেকে গৌডীয় বৈষ্ণব ধর্ম অবলম্বন করিয়াছেন। স্বতরাং বলিতে रम या, তাদ্রিক ধর্মই বালালার ধর্ম, তন্ত্র-দাহিত্যই বালালার মূল দাহিত্য। বাঞ্চালার তন্ত্রধর্মের সঙ্গে বৌদ্ধ তন্ত্রের আচার এবং সিদ্ধান্ত যে অনেকটা মিলান এবং মিশান আছে, লে পক্ষে কোন সন্দেহ নাই। এমন কি, গৌডীয় বৈষ্ণব ধর্মের মূলে ভদ্রের পদ্ধতি অনেক পরিলক্ষিত হয়। গৌড়ীয় বৈষ্ণব ধর্ম যে তান্ত্রিক বৌদ্ধ ধর্মের সহিত আপোষ, ভাহা অভিজ্ঞ মাত্রেই জানেন। প্রাচ্যবিভামহার্ণব শ্রীমান নগেন্দ্রনাথ বস্থ তাঁহার Modern Buddhism গ্রন্থে এ কথাটা সপ্রমাণ করিয়া দিয়াছেন। সহজিয়া ধর্মে যে বৌদ্ধ ধর্মের গন্ধ বেজায় আছে, তাহা তিনিই জানেন, যিনি সহজ্জিয়া এবং কর্তাভন্ধাদিগের कर्यभक्षि प्रिथियार्छन । वाकालात वाकाली वित्रकालहे नाम हिन्दू, किन्ह কর্মে অর্থেক বৌদ্ধ, অর্থেক তাত্ত্রিক। এই হিন্দু নাম বাঙ্গালীকে পাঠানগণ সর্বপ্রথমে দিয়াছিলেন, সেই হিন্দু নামের বন্ধনে বৌদ্ধ, ভান্ধিক এবং বর্ণাশ্রমাচী হিন্দু দপণ্ডিত হইয়া এক জাতি এবং ধর্মাবলম্বীতে পরিণত হইয়াছিল। প্রকৃত প্রস্তাবে বাদালায় এই তিন ধর্মের ফল্প প্রবাহ চিরকালই বহিতেছে, বোধ হয় ভবিশ্বতে চিরকালই বহিবে। এইবার বৃঝিতে হইবে, তান্ত্রিক ধর্মের মূল মিদ্ধান্ত কি ? যে সকল মিদ্ধান্ত সর্ববাদিসমূত, সকল ভ্ৰত্ৰহে গ্ৰাহ্য, আমি ভাহাত্তই কেবল উল্লেখ করিব।

তন্ত্র সাধনার ধর্ম, সমাজ-সংহতির ধর্ম নহে। প্রত্যেক সাধকের প্রাকৃতি বোগ্যতা ব্ঝিয়া, তাহার জন্মকোটী ও বংশগত ধাতৃ ব্ঝিয়া ভাহার অধিকার নিশীত হয় এবং সেই অধিকার অহসারে ভাহার উপবোগী সাধন-প্রতি নিদিষ্ট হইয়া থাকে। প্রত্যেক সাধকের পক্ষে স্বতন্ত্র নিয়ম এবং স্বতন্ত্র ব্যবস্থা স্থির করা হয়।

তান্ত্রিক সাধনার কাল দিনের বেলা নির্দিষ্ট নহে। তান্ত্রিক পূজা পাঠ, ভজন সাধন, সবই রাত্রিকালে করিতে হয়। রাত্রির প্রথম প্রহরের পরে এবং অর্ধোদয় কাল পর্যান্ত তান্ত্রিক সাধনার প্রশস্ত সময়। দিনের বেলায় স্নান, দান ও নিত্যকর্ম ছাড়া সাধনাসম্পর্কিত কোন কাজ করিতে নাই। তবে স্বর্ধগ্রহণের সময়ে, বিশেষ কোন যোগ থাকিলে পুরশ্চরণ ও জপ করার বিধি আছে।

দাধক একা তন্ত্রদাধনা করিবে। তবে গোড়ায় গুরুকে সম্মুখে রাখিয়া দাধনার পদ্ধতি বিহিত আছে। কেবল চক্রে বদিলে, এক অবস্থার বা একরকম যোগাভার ও এক গুরুর শিগ্যসকল এক সঙ্গে ক্রিয়া করিতে পারে। একাস্ত নির্জন স্থান ছাড়া অন্য অন্য কোগাও তন্ত্র-সাধনা করা চলে না। তন্ত্র-সাধনা গোপনে করিতে হইবে; যত গোপনে করিতে পারিবে, ততই ভাল। তন্ত্রের স্পষ্ট উপদেশই আছে যে, গোপয়েৎ মাতৃছারবৎ।

তপ্তের সাধনক্ষেত্রে জাতিবিচার বর্ণবিচার নাই। সিদ্ধির ন্যুনাধিকা অন্থসারে উচ্চ নীচ নির্ণীত হইয়া থাকে! তবে ব্রহ্মানন্দ গিরির ব্যবস্থা এই যে, গৃহী মাত্রেই ব্রাহ্মণ গুরু করিবে; গৃহস্থ, সাধক সম্মাসী বা বিবক্ত পুরুষকে গুরুপদে বরণ করিবে না! কিন্তু এক গুরুর শিক্সগণের মধ্যে জাতিবিচার নাই; সকল শিক্সই সমানভাবে গুরুর প্রসাদে অধিকারী। মোটের উপর সাধন ব্যাপারে তন্ত্র জাতিবিচার করেন না।

তন্ত্র-বিধান-মতে শৈব বিবাহপদ্ধতি সকল জাতিই অবলম্বন করিতে পারে।
এই শৈব বিবাহপদ্ধতি বশিষ্ঠ-সমন্বয়ের ফল। তন্ত্রে আছে যে, বন্ধায় বিশিষ্ঠদেব
কামরূপে তারা আরাধনা করিয়া সিদ্ধি লাভ করেন; তাহার পর তিনি চীনে
ও মহাচীনে পরিভ্রমণ করিতে যান। সে দেশ হইতে ফিরিরা আসিয়া তিনি
প্রচার করেন যে, নারী মাত্রই যথন আত্যা শক্তির অংশরূপিনী, তথন নারীতে
জাতিবিচার ও বর্ণবিচার করিতে নাই। যে নারীতে শক্তি যতটা ক্ষুরিত,
তিনি ততটা শ্রেষ্ঠ ও বরেণ্য। স্কুতরাং তান্ত্রিক সাধক, সকল জাতির এবং
সকল দেশের নারী হইতে নিজ্বনিজ্ব শক্তি (বা পদ্ধী) বাছিয়া লইতে পারেন।
বিবাহের পূর্বে সে, নারীকে পূর্ণাভিষিক্ত করিলে তাহার বীজগত সকল দোষ
দ্বে হয়। পক্ষাস্তরে চীন ও মহাচীনের তান্ত্রিকগণ ভারতবর্ণের আর্থনারীদিগকে

শক্তিরপে গ্রহণ করিতে পারেন। ইহাকেই তান্ত্রিক পরিভাষার বলে রাশির্ক্ত সমন্তর। ইহা বন্ধ পুরাতন সমন্তর; কারণ, বৌদ্ধ মহাবানীয়ের শেড়ার পুরিতে এই সমন্তরের উল্লেখ দেখিতে পাওরা বার। বৌদ্ধ মহাবানী সম্প্রহার ইহার পুর্ব অবলঘন করিয়াছিলেন। এই সমন্তর অহুসারে বালালা হেলে রাজা রামমোহন রারের কাল পর্যন্ত শৈব বিবাহপদ্ধতি প্রচলিত ছিল। এই শৈব বিবাহপদ্ধতির প্রভাবে বালালার সর্বত্ত অসবর্ণবিবাহ-রীতি প্রচলিত ছিল। তেক্ষারী বৈক্ষবদের মধ্যে বেমন অসবর্ণবিবাহ প্রচলিত ছিল, তাত্রিকদের মধ্যে তেমনই ইহার প্রাবল্য ছিল। তাত্রিকগণ গৌড়ীয় বৈক্ষবদের উপর এক চাল চালিয়াছিলেন। মোগল, পাঠান, ইরানী, ইউনানী, চীনা, তিক্ক্তী, তাতারী —বে-কোন দেশের বে-কোন ধর্মালম্বী নারী হউক না, তন্ত্রের নির্দেশ্যত তাহাতে গোটাকরেক লক্ষণ পরিক্ত্রেও।

তয়, সামাজিক ধর্মের প্রতি লক্ষ্য রাথেন না। হিন্দু, মুসলমান, ক্লীয়ান, বৌদ্ধ, জৈন, পাশী—সকল দেশের সকল ধর্মাবলদীই তাদ্ধিক সাধক হুইতে পারেন। সমাজে ও সভায় মুসলমান মুসলমানই থাকিবে, প্রীয়ানই থাকিবে, নিজ নিজ সমাজধর্মের কোন ব্যভায় ঘটাইবে না; অথচ সেঅধিকারী হুইলে, সন্তক্ষ পাইলে তাদ্ধিক সাধনায় দীক্ষিত হুইতে পারিবে। আময়া ছুই চানিটি খুব উচ্চাজের মুসলমান তাদ্ধিক সাধককে দেখিয়াছি; এখনও ছুই তিনটি শিক্ষিত ও পদ্ধ মুসলমান তাদ্ধিকের খবর জানি। দরাব বা, বাহার রচিত গলান্থোত্র বালালার বহু ব্রাহ্মণই নিত্য পাঠ করিয়া থাকেন, তিনি ঘোর তাদ্ধিক ছিলেন। বড় বড় মুসলমান তাদ্ধিক খ্যামাবিষয়ক ভাল ভাল গান রচনা করিয়া গিয়াছেন। এক আম জন প্রীয়ান তাদ্ধিকের খবরও আময়া পাইয়া থাকি।

ভাষের দৃষ্টিতে কোন সাম্প্রী অপবিত্র বা হের নাই। বাহার পক্ষে বাহা উপবাসী, ভাহা ভাহার পক্ষে পবিত্র ও গ্রাহা। বে বাহা ভোজন করে বা ভোজন করিতে ভালবাসে, সে ভাহাই ভাহার ইট্রদেবতাকে ভোগ দিছে পারে। মহাহোম বা বাগে পঞ্চ মহামাংসের মধ্যে পোমাংসও বৃহৎভ্রসারে নিদিট্ট আছে। কোল, ভিল, সাঁওভাল মায়ের সম্প্রে মৃগী এবং শ্কর বলি দিয়া থাকে! ভন্ন বলেন—সাধকের আত্মাই ইট্ট; যিনি বে দেশের মাছ্য, বাহার বেমন আচার-পদ্ধতি, ভাহার ইট্রদেবতারও সেই রক্ষের ভোগ বাল হইবে। তর বলেন,—বে দেশের বেমন আচার, বেমন পান ভোজন প্রচলিত, সে দেশে বাইলে তেমনই আচার ও তেমনই পান ভোজন অবলহন করিলে কোন দোব ঘটবে না। বশিষ্ঠদেব মহাচীনে বাইরা শ্করমাংস ভোজন করিরাছিলেন।

'মন চলা ত কঠোতী মে গলা'—হিন্দীর এই প্রবচনটা ভল্লেরই অনুবাদ মাজ। ভল্ল বলেন, তোমার বেখানে প্রবৃত্তি হৃইবে, সেইখানেই ইট্রমল্ল করিবে। তইতে থাইতে, উঠিতে বিদিতে, বলিতে ফিরিতে সদাসর্বদাই যখন হাতে কোন কাল থাকিবে না, তথনই লগ করিবে। তবে বিশেষ বিশেষ সিদ্ধি লাভ করিতে হইলে বিশেষ বিশেষ পদ্ধতি অবলম্বন করিতে হয়; দেশভেদে সে পদ্ধতির অনেক পরিবর্তনও ঘটে। কিছু ভাল্লিক উপাসনা, লগ ও মানস পূলা সর্বন্ত, সকল সময়ে ও সকল অবস্থায় চলিতে পারে। কেবল বিধিমত জপ করিতে হুইলে নিশাকালেই করিতে হুইবে। কারণ, নিশাকালই তল্পাধনার প্রশন্ত কাল।

ইহাই হইল তত্ত্বের মূল কয়টা কথা। ইহার পর উপাসনাতব্বের কথা। সে কথার অনেক ইন্দিত পূর্বে বহু সম্বর্জে করিয়াছি। পরে ভাহার পুনকলেও করিব।